ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

প্রশ্নোপনিষৎ।

(শ্রুতি, শাঙ্করভাষ্য ও বঙ্গানুবাদ-সমেত।)

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সাচ্চিদানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং "দর্শনশাস্ত্রাদি" প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(যোড়াসাঁকো; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট; কলিকাতা।)

কলিকাতা।

যোড়াসাঁকো; শিবকৃষ্ণ দাঁর লেন, ৭ নং ভবনে জ্যোতিষপ্রকাশ-যন্ত্রে
শ্রীগোপালচন্দ্র ঘোষাল-কর্ত্তৃক মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৬, চৈত্র।

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

প্রশ্নোপনিষৎ।

অথ প্রথমঃ প্রশ্নঃ।

॥ ওঁ ॥ নমঃ পরমাত্মনে ॥ ওঁ হরিঃ ওঁ ॥

ওঁ ॥ সুকেশা চ ভারদ্বাজঃ শৈব্যশ্চ সত্যকামঃ সৌর্য্যায়ণী চ গার্গ্যঃ কৌশল্যশ্চাশ্বলায়নোভার্গবোবৈদর্ভিঃ

অথর্ব্ববেদীয়প্রশ্নোপনিষদ্ভাষ্যম্।

ওঁ ॥ নমঃ পরমাত্মনে নমঃ ॥ মন্ত্রোক্তস্যার্থস্য বিস্তরানুবাদীদং ব্রাহ্মণমারভ্যতে। ঋষিপ্রশ্নপ্রতিবচনাখ্যায়িকা তু বিদ্যাস্তুতয়ে এবং সম্বৎসরব্রহ্মচর্য্যসংবাসাদিযুক্তৈস্তপোযুক্তৈর্গ্রাহ্যা পিপ্পলাদাদিবৎ সর্ব্বজ্ঞকল্পৈরাচার্য্যৈর্ব্বক্তব্যা চ। ন সা যেন কেনচিদিতি বিদ্যাং স্তৌতি। ব্রহ্মচর্য্যাদিসাধনসূচনাচ্চ তৎ কর্ত্তব্যতা স্যাৎ ॥

সুকেশা চ নামতঃ ভরদ্বাজস্যাপত্যং ভারদ্বাজঃ। শৈব্যশ্চ শিবেরপত্যং শৈব্যঃ সত্যকামো নামতঃ। সৌর্য্যায়ণী সূর্য্যস্যাপত্যং সৌর্য্যস্তস্যাপত্যং সৌর্য্যায়ণিশ্ছান্দসঃ সৌর্য্যায়ণীতি গার্গ্যঃ গর্গগোত্রোৎপন্নঃ। কৌশল্যশ্চ

ভরদ্বাজের পুত্র সুকেশা, শিবির পুত্র সত্যকাম, সৌর্য্যের পুত্র গার্গ্য, অশ্বলের পুত্র কৌশল্য, ভৃগুর পুত্র বৈদর্ভী ও

কবন্ধী কাত্যায়নস্তে হৈতে ব্রহ্মপরা ব্রহ্মনিষ্ঠাঃ পরং ব্রহ্মান্বেষমাণা এষ হ বৈ তৎসর্ব্বং বক্ষ্যতীতি তে হ সমিৎপাণয়ো ভগবন্তং পিপ্পলাদমুপসন্নাঃ ॥ ১ ॥

তান্ হ স ঋষিরুবাচ ভূয় এব তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া

নামতঃ অশ্বলস্যাপত্যমাশ্বলায়নঃ। ভার্গবো ভৃগোর্গোত্রাপত্যং ভার্গবঃ বৈদর্ভির্বিদর্ভে প্রভবঃ। কবন্ধী নামতঃ কত্যস্যাপত্যং কাত্যায়নঃ। বিদ্যমানপ্রপিতমহো যস্য সঃ। যুবার্থপ্রত্যয়ঃ তে হৈতে ব্রহ্মপরা অপরং ব্রহ্মপরত্বেন গতাস্তদনুষ্ঠাননিষ্ঠাশ্চ ব্রহ্মনিষ্ঠাঃ পরং ব্রহ্মান্বেষমাণাঃ কিন্তৎ। যন্নিত্যং বিজ্ঞেয়মিতি তৎ প্রাপ্ত্যর্থং যথাকামং যতিষ্যাম ইত্যেবং তদন্বেষণং কুর্ব্বন্তস্তদধিগমায় এষ হ বৈ তৎসর্ব্বং বক্ষ্যতীত্যাচার্য্যমুপজগ্মুঃ। কথম্ তে হ সমিৎপাণয়ঃ সমিদ্ভারগৃহীতহস্তাঃ সন্তো ভগবন্তং পূজাবন্তং পিপ্পলাদমাচার্য্যমুপসন্না উপজগ্মুঃ ॥ ১ ॥

তানেবমুপগতান্ হ স কিল ঋষিরুবাচ ভূয়ঃ পুনরেব যদ্যপি পূর্ব্বে তপস্বিন এব তপসেন্দ্রিয়সংযমেন তথাপীহ বিশেষতো ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া

কত্যের পুত্র কবন্ধী, ইহারা সকলেই ব্রহ্মপরায়ণ ছিলেন। কিন্তু একদা সকলে ব্রহ্মতত্ত্বানুসন্ধানে কৃতসঙ্কল্প হইয়া "ইনি আমাদিগকে ব্রহ্মতত্ত্ব উপদেশ করিবেন" এইরূপ স্থির করিয়া ব্রহ্মবিজ্ঞানলাভার্থ সমিদ্ভারগ্রহণপূর্ব্বক আচার্য্যপ্রবর ভগবান্ পিপ্পলাদ ঋষির নিকট উপস্থিত হইলেন এবং যথাবিধি সম্মানপুরঃসর ব্রহ্মবিদ্যা জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

তখন ঋষিবর পিপ্পলাদ ভারদ্বাজ-শুকেশাপ্রভৃতি শিষ্যবর্গকে ব্রহ্মবিজ্ঞান লাভে সমুৎসুক দেখিয়া কহিলেন, হে শিষ্যগণ! তোমরা পুর্ব্বে তপস্বী ছিলে বটে, কিন্তু পুনর্ব্বার তোমাদিগকে তপস্যাচরণ করিতে হইবে, অতএব একবৎসরকাল সবিশেষ যত্নসহকারে শ্রদ্ধাসমম্বিত হইয়া ব্রহ্মচর্য্য অবলম্বন-

সংবৎসরং সংবৎস্যথ যথাকামং প্রশ্নান্ পৃচ্ছথ যদি বিজ্ঞাস্যামঃ সর্ব্বং হ বো বক্ষ্যাম ইতি ॥ ২ ॥

অথ কবন্ধী কাত্যায়ন উপেত্য পপ্রচ্ছ। ভগবন্ কুতো হ বা ইমাঃ প্রজাঃ প্রজায়ন্ত ইতি ॥ ৩ ॥

চাস্তিক্যবুদ্ধ্যাদরবন্তঃ সংবৎসরং কালং সংবৎস্যথ সমগ্গুরুশুশ্রূষাপরাঃ সন্তো বৎস্যথ। ততো যথাকামং যো যস্য কামস্তমনতিক্রম্য যদ্বিষয়ে যস্য জিজ্ঞাসা তদ্বিষয়ান্ প্রশ্নান্ পৃচ্ছথ। যদি তদ্যুষ্মৎপৃষ্টং বিজ্ঞাস্যামঃ। অনুদ্ধতত্বপ্রদর্শনার্থো যদিশব্দো নাজ্ঞানসংশয়ার্থঃ। প্রশ্ননির্ণয়াদবসীয়তে সর্ব্বং হ বো বঃ পৃষ্টং বক্ষ্যাম ইতি ॥ ২ ॥

অথ সংবৎসরাদূর্দ্ধং কবন্ধী কাত্যায়ন উপেত্যাগত্য পপ্রচ্ছ পৃষ্টবান্। হে ভগবন্ কুতঃ কস্মাদ্ধ বৈ ইমা ব্রাহ্মণাদ্যাঃ প্রজাঃ প্রজায়ন্তে উৎপদ্যন্তে। অপরবিদ্যাকর্ম্মণোঃ সমুচ্চিতাসমুচ্চিতযোর্যৎ কার্য্যং যা গতিস্তদ্বক্তব্যমিতি তদর্থোঽয়ং প্রশ্নঃ ॥ ৩ ॥

পুর্ব্বক গুরুশুশ্রূষাতৎপর হইয়া থাক, পরে আমার নিকট আগমন করিয়া যাহার যে জিজ্ঞাস্য থাকে, তাহা প্রশ্ন করিও। যদি তোমাদিগের প্রশ্নের উত্তর আমার অবিদিত থাকে, তাহাহইলে অবশ্যই আমি তোমাদিগের সেই সকল প্রশ্নের যথার্থ উত্তর প্রদান করিব ॥ ২ ॥

অনন্তর কাত্যায়ন-কবন্ধী পিপ্পলাদ ঋষির উপদেশানুসারে একবৎসরকাল গুরুশুশ্রূষণাপুর্ব্বক ব্রহ্মচর্য্য সমাপন করিয়া পুনর্ব্বার আচার্য্যপ্রবর পিপ্পলাদমুনির নিকট উপস্থিত হইলেন এবং গুরুদেবকে যথাবিধি সৎকার করিয়া জিজ্ঞাসা করিলেন, ভগবন্! কিরূপে এই ব্রাহ্মণাদি প্রজা উৎপন্ন হইতেছে, তাহা আমাদিগের নিকট সবিশেষ বর্ণন করুন ॥ ৩ ॥

তস্মৈ স হোবাচ প্রজাকামো বৈ প্রজাপতিঃ স তপো-হতপ্যত স তপস্তপ্ত্বা স মিথুনমুৎপাদয়তে। রয়িঞ্চ প্রাণ-ঞ্চেত্যেতৌ মে বহুধা প্রজাঃ করিষ্যত ইতি ॥ ৪ ॥

আদিত্যো হ বৈ প্রাণো রয়িরেব চন্দ্রমা রয়ির্বা এতৎ সর্ব্বং যন্মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ তস্মান্মূর্ত্তিরেব রয়িঃ ॥ ৫ ॥

তস্মা এবং পৃষ্টবতে স হোবাচ। তদপাকরণায়াহ। প্রজাকামঃ প্রজা আত্মনঃ সিসৃক্ষুর্বৈ প্রজাপতিঃ সর্ব্বাত্মা সন্ জগৎ স্রক্ষ্যামীত্যেবং বিজ্ঞান-বান্ যথোক্তকারী তদ্ভাবভাবিতঃ কল্পাদৌ নির্ব্বৃতো হিরণ্যগর্ভস্সৃজ্য-মানানাং প্রজানাং স্থাবরজঙ্গমানাং পতিঃ সন্ জন্মান্তরভাবিতং জ্ঞানং শ্রুতিপ্রকাশিতার্থবিষয়ং তপোহন্বালোচয়দতপ্যত। অথ তু স এবং তপ-স্তপ্ত্বা শ্রৌতং জ্ঞানমন্বালোচ্য সৃষ্টিসাধনভূতং মৈথুনমুৎপাদয়তে মিথুনং দ্বন্দ্বমুৎপাদিতবান্। রয়িঞ্চ সোমমন্নং প্রাণঞ্চাগ্নিমত্তারমেতাবগ্নীসোমাব-ত্ত্রাদ্যভূতৌ মে মম বহুধাহনেকধা প্রজাঃ করিষ্যত ইত্যেবং সঞ্চিন্ত্যাণ্ডোৎ-পত্তিক্রমেণ সূর্য্যাচন্দ্রমসাবকল্পয়ৎ॥ ৪ ॥

তত্রাদিত্যো হ বৈ প্রাণোহত্তা অগ্নিঃ। রয়িরেব চন্দ্রমাঃ। রয়িরেবান্নং

মহর্ষি পিপ্পলাদ কাত্যায়ন-কবন্ধীর প্রশ্ন শ্রবণ করিয়া কহি-লেন, কল্পাদিসময়ে প্রজাপতি প্রজাসৃষ্টিকামনায় শ্রৌতজ্ঞানা-লোচনারূপ তপস্যাচরণ করিতে লাগিলেন। অনন্তর শ্রৌত-জ্ঞান আলোচনা করিয়া সৃষ্টির সাধনীভূত মিথুন, অর্থাৎ রয়ি ও প্রাণ, (চন্দ্রসূর্য্য) উৎপাদন করিয়া সেই চন্দ্রাদিত্যসাধ্য, সংবৎসর, অয়ন, মাস, পক্ষ, দিন, রাত্রি প্রভৃতি এবং বৎ-সরাদিকালসাধ্য ব্রীহিপ্রভৃতি অন্ন, অন্নসাধ্য রেতঃ ও রেতঃ সাধ্য প্রজা সৃষ্টি হইবে, এইরূপে চন্দ্র সূর্য্য ইহারা বহুবিধ প্রজা সৃষ্টি করিবে; ইহা নিশ্চয় করিয়া প্রথমে চন্দ্র ও সূর্য্য উৎপাদান করিলেন॥ ৪ ॥

শ্রুতি স্বয়ংই রয়ি ও প্রাণশব্দের ব্যাখ্যা করিতেছেন।—

অথাদিত্য উদয়দ্‌যৎ প্রাচীং দিশং প্রবিশতি তেন প্রাচ্যান্ প্রাণান্ রশ্মিষু সন্নিধত্তে। যদ্দক্ষিণাং যৎ প্রতীচীং

সোম এব। তদেতদেকমত্তা চান্নঞ্চ প্রজাপতিরেকং তু মিথুনম্। গুণ-প্রধানকৃতো ভেদঃ কথম্। রয়ির্ব্বৈ অন্নং বৈ এতৎ সর্ব্বং কিন্তদ্‌যন্মূর্ত্তঞ্চ স্থূলঞ্চ অমূর্ত্তঞ্চ সূক্ষ্মঞ্চ মূর্ত্তামূর্ত্তে অত্রান্নরূপে রয়িরেব। তস্মাৎ প্রবিভক্তা-দমূর্ত্তাদ্‌যদন্যন্মূর্ত্তরূপং মূর্ত্তিঃ সৈব রয়িরমূর্ত্তং অন্নাদ্যমানত্বাৎ॥ ৫॥

তথাঽমূর্ত্তোঽপি প্রাণোঽত্তা সর্ব্বমেব যচ্চাদ্যম্। কথং অথ আদিত্য উদয়ন্ উদ্গচ্ছন্ যৎ প্রাচীং দিশং প্রবিশতি তেন তৎ প্রাচীং দিশং স্বপ্র-কাশেন প্রবিশতি ব্যাপ্নোতি। তেন স্বাত্মব্যাপ্ত্যা সর্ব্বাংস্তৎস্থান্ প্রাণান্ প্রাচ্যানন্তর্ভূতান্ রশ্মিষু স্বাত্মাবভাসরূপেষু ব্যাপ্তিমৎসু ব্যাপ্তত্বাৎ প্রাণিনঃ সন্নিধত্তে সন্নিবেশয়তি আত্মভূতান্ করোতীত্যর্থঃ। তথৈব যৎ প্রবিশতি

আদিত্যই প্রাণ, এই প্রাণই ভোক্তা অগ্নি। রয়িশব্দের অর্থ চন্দ্রমাঃ, ইহাই অন্ন। অতএব রয়ি ও প্রাণ ইহাদিগের একের অর্থ অন্ন ও অপরের অর্থ ভোক্তা। সুতরাং মূর্ত্ত, অমূর্ত্ত, স্থূল ও সূক্ষ্ম সমুদায়ই রয়ি। প্রজাপতি প্রথমে রয়ি ও প্রাণ এই মিথুন সৃষ্টি করিয়া পরে মূর্ত্তামূর্ত্তাদি বিভাগ করিয়া সমুদায় প্রজা সৃষ্টি করিয়াছেন॥ ৫॥

যদিও প্রাণ অমূর্ত্ত, তথাপি সেই প্রাণই সর্ব্বময়। পূর্ব্ব-শ্রুতিতে উক্ত হইয়াছে যে, প্রাণই আদিত্য, এই আদিত্য উদিত হইয়া পূর্ব্বদিকে প্রবেশ করেন, অর্থাৎ স্বকীয় দীপ্তিদ্বারা সেই পূর্ব্বদিগকে ব্যাপ্ত করেন এবং তত্রত্য সকল প্রাণিকে স্বীয় রশ্মিমধ্যে ধারণ করিয়া আত্মস্বরূপে প্রকাশ করেন। এইরূপে যখন দক্ষিণদিকে প্রবেশ করেন, তখন দক্ষিণদিক প্রকাশ করিয়া তত্রস্থ প্রাণী সকলকে, যখন পশ্চিমদিকে প্রবেশ করেন, তখন পশ্চিমদিককে প্রকাশ করিয়া পশ্চিমদিগ্‌বর্ত্তী

যদুদীচীং যদধো যদূর্দ্ধং যদন্তরা দিশো যৎ সর্ব্বং প্রকাশয়তি তেন সর্ব্বান্ প্রাণান্ রশ্মিষু সন্নিধত্তে॥ ৬॥

স এষ বৈশ্বানরো বিশ্বরূপঃ প্রাণোঽগ্নিরুদয়তে। তদেতদৃচাভ্যুক্তম্॥ ৭॥

দক্ষিণাং যৎ প্রতীচীং যদুদীচীমধ ঊর্দ্ধং যৎ প্রবিশতি যচ্চান্তরা দিশঃ কোণদিশোঽবান্তরদিশো যচ্চান্যৎ সর্ব্বং প্রকাশয়তি তেন স্বপ্রকাশব্যাপ্ত্যা সর্ব্বান্ সর্ব্বদিক্‌স্থান্ প্রাণান্ রশ্মিষু সন্নিধত্তে॥ ৬॥

স এষোঽত্তা প্রাণো বৈশ্বানরঃ সর্ব্বাত্মা বিশ্বরূপো বিশ্বাত্মত্বাচ্চ প্রাণোঽগ্নিশ্চ স এবাত্তোদয়তে উদগচ্ছতি প্রত্যহং সর্ব্বা দিশ আত্মসাৎ কুর্ব্বন্। তদেতদুক্তং বস্তু ঋচা মন্ত্রেণাপ্যভ্যুক্তম্॥ ৭॥

প্রাণীদিগকে, যখন উত্তরদিকে প্রবেশ করেন, তখন সেই দিককে প্রকাশ করিয়া উত্তরস্থিত প্রাণী সকলকে, যখন ঊর্দ্ধদিকে প্রবেশ করেন, তখন ঊর্দ্ধদিককে প্রকাশ করিয়া তত্রস্থ প্রাণিসকলকে এবং যখন অধোদিকে প্রবেশ করেন, তখন অধোদিককে প্রকাশ করিয়া অধোবর্ত্তী প্রাণীকে আত্মভূত করিয়া থাকেন। আর যখন অগ্নি, নৈঋত, বায়ু ও ঈশান এই কোণচতুষ্টয়ে প্রবেশ করেন, তখন সেই সকল কোণকে প্রকাশ করিয়া তত্তৎ কোণবর্ত্তী প্রাণিগণকে আত্মস্বরূপ করেন; সুতরাং আদিত্যস্বরূপ প্রাণই যে সর্ব্বময়, তাহা প্রতিপন্ন হইল॥ ৬॥

এই প্রাণই বৈশ্বানর অর্থাৎ সমস্ত জীবস্বরূপ এবং সকল নর, অর্থাৎ জীবই ইহার অন্তর্গত। ইনি বিশ্বরূপী, এই প্রপঞ্চ বিশ্বই সেই প্রাণস্বরূপ, অর্থাৎ এই অনন্ত ব্রহ্মাণ্ডই প্রাণরূপী আদিত্যের মাহাত্ম্য সন্দেহ নাই। এই বৈশ্বানর প্রাণময়

বিশ্বরূপং হরিণং জাতবেদসং পরায়ণং জ্যোতিরেকং তপন্তম্। সহস্ররশ্মিঃ শতধা বর্ত্তমানঃ প্রাণঃ প্রজানামুদয়ত্যেষ সূর্য্যঃ ॥ ৮ ॥

সংবৎসরো বৈ প্রজাপতিস্তস্যায়নে দক্ষিণঞ্চোত্তরঞ্চ। তদ্‌যে হ বৈ তদিষ্টাপূর্ত্তে কৃতমিত্যুপাসতে। তে চান্দ্র-

---

বিশ্বরূপং সর্ব্বরূপং হরিণং রশ্মিমন্তং জাতবেদ সং জাতপ্রজ্ঞানং পরায়ণং সর্ব্বপ্রাণাশ্রয়ং জ্যোতিরেকং সর্ব্বপ্রাণিনাং চক্ষুর্ভূতমদ্বিতীয়ং তপন্তং তাপক্রিয়াং কুর্ব্বাণং স্বাত্মানং সূর্য্যং সূরয়ো বিজ্ঞাতবন্তো ব্রহ্মবিদঃ। কোঽসৌ য বিজ্ঞাতবন্তঃ। সহস্ররশ্মিরনেকরশ্মিঃ শতধা অনেকধা প্রাণিভেদেন বর্ত্তমানঃ প্রজানামুদয়ত্যেষ সূর্য্যঃ ॥ ৮ ॥

যশ্চাসৌ চন্দ্রমা মূর্ত্তিরন্নমমূর্ত্তিশ্চ প্রাণোঽত্তাদিত্যস্তদেতদেকমেতন্মিথুনং কথং সর্ব্বং প্রজাঃ করিষ্যত ইতি। উচ্যতে তদেব। কালঃ সংবৎসরো বৈ প্রজাপতিস্তন্নির্ব্বর্ত্ত্যত্বাৎ সংবৎসরস্য। চন্দ্রাদিত্যনির্ব্বর্ত্ত্যতিথ্যহোরাত্রসমুদায়ো হি সংবৎসরস্তদনন্যত্বাদ্রয়িপ্রাণস্তন্মিথুনাত্মক এবেত্যুচ্যতে তৎ কথং

সর্ব্বভোক্তা অগ্নিই আদিত্যরূপে প্রকাশ পাইতেছেন। ইনিই প্রতিদিন আত্মপ্রভাদ্বারা সকলদিক প্রকাশ করিতেছেন। পরন্তু ইহাই উক্ত শ্রুতিতে উক্ত হইয়াছে ॥ ৭ ॥

এই যে সূর্য্য উদিত হইতেছেন, ইনি বিশ্বরূপী ও রশ্মিজালে পরিবৃত। ইহার রশ্মিই সর্ব্বত্র পরিব্যাপ্ত রহিয়াছে। ইনি সর্ব্বজ্ঞানময় ও সকলের আশ্রয়, জ্যোতির্ম্ময় অর্থাৎ সর্ব্বপ্রাণীর চক্ষুঃস্বরূপ ও অদ্বিতীয়। এই সূর্য্য জগতের সর্ব্বত্র তাপক্রিয়া সাধন করিতেছেন। ইনি অসংখ্যরশ্মিযুক্ত এবং অনন্ত প্রাণিরূপে বর্ত্তমান আছেন এবং এই সূর্য্যই সকলের প্রাণভূত ॥ ৮ ॥

চন্দ্র ও সূর্য্য ইহারাই সংবৎসরাদিদ্বারা সমস্ত প্রজা সৃষ্টি করিতেছেন। সংবৎসরাত্মক কালও প্রজাপতি, যেহেতু চন্দ্র

মসমেব লোকমভিজয়ন্তে। ত এব পুনরাবর্ত্তন্তে তস্মা-
দেতে ঋষয়ঃ প্রজাকামা দক্ষিণং প্রতিপদ্যন্তে। এষ হ বৈ
রয়ির্যঃ পিতৃযাণঃ ॥ ৯ ॥

তস্য সংবৎসরস্য প্রজাপতেরয়নে মার্গৌ দ্বৌ দক্ষিণং চোত্তরঞ্চ। দ্বে প্রসিদ্ধে হ্যয়নে ষণ্মাসলক্ষণে যাভ্যাং দক্ষিণেনোত্তরেণ চ যাতি সবিতা কেবল-কর্ম্মিণাং জ্ঞানসংযুক্তকর্ম্মবতাঞ্চ লোকান্ বিদধৎ। কথং তত্র চ ব্রাহ্ম-ণাদিষু যে বৈ তদুপাসত ইতি ক্রিয়াবিশেষণো দ্বিতীয়স্তচ্ছব্দঃ। ইষ্টঞ্চ পূর্ত্তঞ্চ ইষ্টাপূর্ত্তে ইত্যাদি কৃতমেবোপাসতে নাকৃতং নিত্যং তে চান্দ্রমসং চন্দ্রমসি ভবং প্রজাপতের্ম্মিথুনাত্মকস্যাংশং রয়িমন্নভূতং লোকমভিজয়ন্তে কৃতরূপত্বাচ্চান্দ্রমসস্য। তএব চ কৃতক্ষয়াৎ পুনরাবর্ত্তন্তে ইমং লোকং হীন-তরং বা বিশন্তীতি হ্যুক্তম্। যস্মাদেবং প্রজাপতিমন্নাত্মকং ফলত্বেনাভি-নির্ব্বর্ত্তয়ন্তি চন্দ্রমিষ্টাপূর্ত্তকর্ম্মণা ঋষয়ঃ স্বর্গদ্রষ্টারঃ প্রজাকামাঃ প্রজার্থিনো গৃহস্থাঃ। তস্মাৎ স্বকৃতমেব দক্ষিণং দক্ষিণায়নোপলক্ষিতং চন্দ্রং প্রতি-পদ্যন্তে। এষ হ বৈ রয়িমন্নং যঃ পিতৃযাণঃ পিতৃযাণোপলক্ষিতশ্চন্দ্রঃ ॥ ৯ ॥

ও সূর্য্য ইহারাই সম্বৎসরকে সম্পাদিত করিয়াছেন। তিথি, দিন, রাত্রি, উদয় ও অস্ত সমুদায়ই সম্বৎসরের অন্তর্নিবিষ্ট। দক্ষিণায়ন ও উত্তরায়ণ এই দুইটি তাহার মার্গ। সূর্য্যদেব এই মার্গদ্বয়ে গমনাগমন করিয়া লোক সকল সৃষ্টি করিতেছেন। যাঁহারা অগ্নিহোত্র, তপস্যা, সত্য, বেদানুষ্ঠান, অতিথিসেবা, বৈশ্বদেবার্চ্চন প্রভৃতি ইষ্টাখ্য কর্ম্ম ও বাপী, কূপ, তড়াগাদি পূর্ত্তখ্যযাগের উপাসনা করেন, তাঁহারা দক্ষিণমার্গোপলক্ষিত চন্দ্রলোক জয় করিতে পারেন, পুনর্ব্বার কৃতপুণ্যের ক্ষয় হইলে সংসারে প্রত্যাবর্ত্তন করেন, অথবা ইতোঽধিক হীনতর লোকেও প্রবেশ করিয়া থাকেন। যেহেতু এইরূপে অন্নাত্মক প্রজাপতিস্বরূপ চন্দ্র ইষ্টাপূর্ত্তাদি কর্ম্মদ্বারা প্রতিনিবর্ত্তিত

অথোত্তরেণ তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া বিদ্যয়াত্মান-মন্বিষ্যাদিত্যমভিজয়ন্তে এতদ্বৈ প্রাণানামায়তনমেতদমৃত-

---

অথোত্তরেণায়নেন। প্রাজাপত্যং প্রাণমত্তারমাদিত্যমভিজয়ন্তে। কেন তপসা ইন্দ্রিয়জয়েন বিশেষতো ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া বিদ্যয়া চ প্রজাপত্যাত্ম-বিষয়য়াত্মনং প্রাণং সূর্য্যং জগতস্তস্থুষশ্চান্বিষ্যাহমস্মীতি বিদিত্বাদিত্যমভি-জয়ন্তেঽভিপ্রাপ্নুবন্তি এতদ্বৈ আয়তনং সর্ব্বপ্রাণানাং সামান্যমায়তনমাশ্রয়ঃ এতদমৃতমবিনাশি অভয়ং অতএব ভয়বর্জ্জিতং ন চন্দ্রবৎ ক্ষয়বৃদ্ধিভয়-বদেতৎ পরায়ণং পরাগতির্ব্বিদ্যাবতাং কর্ম্মিণাঞ্চ জ্ঞানবতামেতস্মান্ন পুনরাবর্ত্তন্তে যথেতরে কেবলকর্ম্মিণ ইতি যস্মাদেষোঽবিদুষাং নিরোধ-

---

হয়েন, অতএব ঋষিরা স্বর্গ দর্শনকরিয়াও প্রজাকামনায় গৃহস্থ হইয়াছেন; ইত্যাদিরূপে প্রজাসৃষ্টিই রয়িশব্দের অর্থ এবং ইহাকেই পিতৃযাণ বলা যায়॥ ৯॥

ইন্দ্রিয়সংযমনাদিরূপ তপস্যা, বিশেষরূপ ব্রহ্মচর্য্য, শ্রদ্ধা অর্থাৎ ঈশ্বরে দৃঢ় অনুরাগ ও বিদ্যাদ্বারা জগতের স্থাপনকর্ত্তা ভোক্তা প্রাণাত্মক সূর্য্যকে "অহমস্মি" এইরূপে জানিয়া আদি-ত্যকে প্রাপ্ত হয়। এই আদিত্যই সর্ব্বপ্রাণের আশ্রয়, অবি-নাশী ও ভয়বর্জ্জিত। চন্দ্রমার ন্যায় ইহার ক্ষয় ও বৃদ্ধি নাই। এই আদিত্যই জ্ঞানী ও কর্ম্মিদিগের একমাত্র আশ্রয়। জ্ঞানীরা ইহাহইতে প্রতিনিবৃত্ত হয় না, কেবল কর্ম্মমার্গীরাই নিবৃত্ত হইয়া থাকে। অতএব এই আদিত্য অজ্ঞানী কর্ম্মি-দিগের নিরোধস্বরূপ। এইক্ষণ ইহাই প্রতিপন্ন হইতেছে যে, সংবৎসরই প্রজাপতি, চন্দ্র দক্ষিণায়ন ও সূর্য্য উত্তরায়ণ, অর্থাৎ সংসার ও মোক্ষধাম। দক্ষিণায়নে (সংসারে) যাহারা আবদ্ধ থাকে, তাহারা চন্দ্রের ন্যায় ক্ষয় ও বৃদ্ধিপ্রাপ্ত হয়, আর যাহারা উত্তরায়নে (মোক্ষমার্গে) অনুসরণ করে, তাহারা মুক্তিপদ

মভয়মেতৎ পরায়ণমেতস্মান্ন পুনরাবর্ত্তন্ত ইত্যেষ নিরোধ-স্তদেষ শ্লোকঃ ॥ ১০ ॥

পঞ্চপাদং পিতরং দ্বাদশাকৃতিং দিব আহুঃ পরে অর্দ্ধে

আদিত্যাদ্বিনিরুদ্ধা অবিদ্বাংসো নৈতে সংবৎসরমাদিত্যমাত্মানং প্রাণমভি-প্রাপ্নুবন্তি। স হি সংবৎসরঃ কালাত্মাঽবিদুষাং নিরোধঃ। তত্তত্রাস্মিন্নর্থ এষ শ্লোকো মন্ত্রঃ ॥ ১০ ॥

পঞ্চপাদং পঞ্চর্ত্তবঃ পাদা ইবাস্য সংবৎসরাত্মন আদিত্যস্য তৈরসৌ পাদৈরিবর্ত্তুভির্ব্বর্ত্ততে। হেমন্তশিশিরাবেকীকৃত্যেয়ং কল্পনা। পিতরং সর্ব্বস্য জনয়িতৃত্বাৎ পিতৃত্বং তস্য দ্বাদশমাসা ঋতবোঽবয়বা আকরণং বা অবয়বিকরণমস্য দ্বাদশমাসৈস্তং দ্বাদশকৃতিং দিবঃ ক লোকাৎ পরে উর্দ্ধে উর্দ্ধস্থানে তৃতীয়স্যাং দিবীত্যর্থঃ। পুরীষিণং পুরীষবন্তমুদকবন্তমাহুঃ। কালবিদঃ। বিচক্ষণং নিপুণং সর্ব্বজ্ঞং সপ্তচক্রে সপ্তহয়রূপে চক্রে সততং

পায়। কর্ম্মীরা কর্ম্মদ্বারা নানাপ্রকার লোক প্রাপ্ত হয় এবং জ্ঞানানুসন্ধান করিয়া পরমাত্মতত্ত্ব জানিতে পারে। অতএব ইহাদ্বারা জানা যাইতেছে যে, কর্ম্মদ্বারাই প্রজাসৃষ্টি হইয়া থাকে ॥ ১০ ॥

সম্বৎসরাত্মক আদিত্যদেব পঞ্চপাদ, অর্থাৎ পঞ্চঋতু * ইহার পঞ্চপাদস্বরূপ। ইনি সর্ব্বলোকের জনক, অতএব এই আদিত্য জগৎপিতা। দ্বাদশমাস ইহার অবয়ব, অর্থাৎ দ্বাদশমাসদ্বারা দ্বাদশাকারে প্রকাশ পাইয়া থাকেন। ইনি আকাশলোকের উর্দ্ধে অবস্থান করেন। কালবিৎ ঋষিগণ ইহাঁকে উদকবান্ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। অন্যান্য ঋষিরা বলিয়া থাকেন, ইনি বিচক্ষণ, অর্থাৎ সর্ব্বকার্য্যে কুশল ও সর্ব্বজ্ঞ। ইনি সপ্তাশ্ব-চক্রে সতত পরিভ্রমণ করিতেছেন, ছয় ঋতু ঐ চক্রের অর্গল।

---

* বৈদান্তিকেরা হেমন্ত ও শিশির এই ঋতুদ্বয়কে এক ঋতু বলিয়া গণ্য করেন; সুতরাং তাহাদিগের মতে ঋতুর সংখ্যা পাঁচ।

পুরীষিণম্। অথেমে অন্য উপরে বিচক্ষণং সপ্তচক্রে ষড়র আহুরর্পিতমিতি ॥ ১১ ॥

মাসো বৈ প্রজাপতিস্তস্য কৃষ্ণপক্ষ এব রয়িশুক্লঃ প্রাণস্তস্মাদেতে ঋষয়ঃ শুক্ল ইষ্টিং কুর্ব্বন্তীতর ইতরস্মিন্ ॥ ১২ ॥

গতিকালাত্মনি ষড়রে ষড়্‌ঋতুমতি আহুঃ সর্ব্বমিদং জগৎ কথয়ন্তি। অর্পিতমরা ইব রথনাভৌ নিবিষ্টমিতি। যদি পঞ্চপাদো দ্বাদশাকৃতির্যদি সপ্তচক্রঃ ষডরঃ সর্ব্বথাপি সংবৎসরঃ কালাত্মা প্রজাপতিশ্চন্দ্রাদিত্যলক্ষণেঽপি জগতঃ কারণম্॥ ১১ ॥

যস্মিন্নিদং শ্রিতং বিশ্বং স এব প্রজাপতিঃ সংবৎসরাখ্যঃ স্বাবয়বে মাসে কৃৎস্নঃ পরিসমাপ্যতে। মাসো বৈ প্রজাপতির্যথোক্তলক্ষণ এব। মিথুনাত্মকস্তস্য মাসাত্মনঃ প্রজাপতেরেকো ভাগঃ কৃষ্ণপক্ষো রয়িরন্নং চন্দ্রমা অপরো ভাগঃ। শুক্লঃ শুক্লপক্ষঃ প্রাণ আদিত্যোঽত্তাগ্নির্যস্মাচ্ছুক্লপক্ষাত্মানং

যেমন রথচক্রের নাভিতে অর্গল নিবিষ্ট আছে, সেইরূপ ছয় ঋতু সেই সপ্তাশ্বচক্রের নাভিতে অর্পিত রহিয়াছে। যদিও পঞ্চপাদ, দ্বাদশাকৃতি, সপ্তচক্র ও ষড়র্গলবিশিষ্ট এই সম্বৎসর কালাত্মক এবং প্রজাপতি ও চন্দ্রাদিত্যস্বরূপ বটে, তথাপি উক্তরূপ সম্বৎসর ও চন্দ্রাদিত্যলক্ষণ প্রজাপতি, ইহারাই জগৎকারণ তাহার সন্দেহ নাই ॥ ১১ ॥

যাহাতে এই বিশ্ব সমাশ্রিত আছে, সেই সম্বৎসরাখ্য প্রজাপতির অবয়বে মাস সকল পরিসমাপ্ত হইয়াছে। সম্বৎসরের অবয়বীভূত মাস সকলও প্রজাপতি। এই মাসাত্মক প্রজাপতি মিথুনাত্মক, অর্থাৎ উভয়পক্ষাত্মক। ইহার এক ভাগ কৃষ্ণপক্ষ অর্থাৎ অন্ন ও অপর ভাগ শুক্লপক্ষই প্রাণ-অত্তা। এই কৃষ্ণপক্ষই অন্নস্বরূপ চন্দ্রমাঃ এবং অপর ভাগ শুক্লপক্ষ প্রাণস্বরূপ আদিত্য, ইহাই ভোক্তা অগ্নি। যেহেতু শুক্লপক্ষাত্মক প্রাণকে

অহোরাত্রো বৈ প্রজাপতিস্তস্যাহরেব প্রাণো রাত্রিরেব

প্রাণং সর্ব্বমেব পশ্যন্তি তস্মাৎ প্রাণদর্শিন এতে ঋষয়ঃ কৃষ্ণপক্ষেঽপীষ্টং যাগং কুর্ব্বন্তঃ শুক্লপক্ষ এব কুর্ব্বন্তি প্রাণব্যতিরেকেণ কৃষ্ণপক্ষস্তৈর্ন দৃশ্যতে যস্মাদিতরে তু প্রাণং ন পশ্যন্তীত্যদর্শনলক্ষণং কৃষ্ণাত্মানমেব পশ্যন্তি। ইতরদিরস্মিন্ কৃষ্ণপক্ষ এব কুর্ব্বন্তি শুক্লে কুর্ব্বন্তোঽপি ॥ ১২ ॥

সোঽপি মাসাত্মা প্রজাপতিঃ স্বাবয়বেঽহোরাত্রে পরিসমাপ্যতে। পূর্ব্ববৎ। তস্যাপ্যহরেব প্রাণোঽত্তাগ্নীরাত্রিরেব রয়িঃ পূর্ব্ববৎ প্রাণমহরাত্মানং বৈ এতে প্রস্কন্দন্তি নির্গময়ন্তি শোষয়ন্তি বা স্বাত্মনো বিচ্ছিদ্যাঽপনয়ন্তি। কে যে দিবাঽহনি রত্যা রতিকারণভূতয়া সহ স্ত্রিয়া সংযুজ্যন্তে মিথুনমৈথুমাচরন্তি মূঢ়াঃ। যত এবং তস্মাত্তন্ন কর্ত্তব্যমিতি প্রতিষেধঃ

সর্ব্বময় দর্শন করে, অতএব সেই প্রাণদর্শী ঋষিগণ কৃষ্ণপক্ষে ইষ্টযাগ করিয়াও শুক্লপক্ষে কর্ত্তৃত্বলাভ করিয়া থাকে। প্রাণ ব্যতিরেকে কখনও দর্শন সম্ভব হয় না, অতএব কৃষ্ণপক্ষও শুক্লপক্ষস্বরূপ, সুতরাং কৃষ্ণপক্ষের কৃত কার্য্যও শুক্লপক্ষের কৃতরূপে পরিণত হয়। যাহারা প্রাণকে সর্ব্বময় বলিয়া জানে না, সেই সকল অজ্ঞানীরা কৃষ্ণপক্ষত্ব প্রাপ্ত হয়, অর্থাৎ আত্মজ্ঞানপরাঙ্মুখ ব্যক্তিরা সর্ব্বদা সংসারে অবরুদ্ধ থাকে ॥ ১২ ॥

পূর্ব্বশ্রুতিতে যে মাসাত্মকপ্রজাপতি উক্ত হইয়াছে, তাহাও দিবারাত্রিরূপ মিথুনাত্মক ও অবয়ববিশিষ্ট। ইহার এক অবয়ব দিবা ও অন্য অবয়ব রাত্রি। দিবাই ইহার প্রাণ এবং ভোক্তা অগ্নিস্বরূপ। আর রাত্রি অন্নময় চন্দ্রমাস্বরূপ। এই দিবা ও রাত্রি উভয়ই আত্মা হইতে প্রাণকে বিচ্ছিন্ন করিয়া অপনীত করে। যাহারা দিবাতে রতিসম্ভোগের সুখাভিলাষে স্ত্রীর সহিত মিলিত হইয়া মৈথুন আচরণ করে, তাহারা নিতান্ত মূঢ়, কারণ তাহারা স্বীয় প্রাণকে ক্ষয় করে। অতএব

রয়িঃ প্রাণং বা এতে প্রস্কন্দন্তি। যে দিবা রত্যা সংযুজ্যন্তে ব্রহ্মচর্য্যমেব তদ্যদ্রাত্রৌ রত্যা সংযুজ্যন্তে ॥ ১৩ ॥

অন্নং বৈ প্রজাপতিস্ততো হ বৈ তদ্রেতস্তস্মাদিমাঃ প্রজাঃ প্রজায়ন্ত ইতি ॥ ১৪ ॥

তদ্যে হ তৎ প্রজাপতিব্রতং চরন্তি তে মিথুনমুৎপাদ-

প্রাসঙ্গিকঃ। যদ্রাত্রৌ সংযুজ্যন্তে রত্যা ঋতৌ ব্রহ্মচর্য্যমেব তদিতি প্রশস্তত্বাদৃতৌ ভার্য্যাগমনং কর্ত্তব্যমিতি। অয়মপি প্রাসঙ্গিকো বিধিঃ। প্রকৃতন্তূচ্যতে সোঽহোরাত্রাত্মকঃ প্রজাপতির্ব্রীহিযবাদ্যন্নাত্মনাব্যবস্থিতঃ ॥১৩॥

এবং ক্রমেণাহোরাত্রঃ প্রজাপতিরন্নে বিপরিণম্যতে অন্নং বৈ প্রজাপতিঃ। কথম্। ততস্তস্মাদ্ধবৈ রেতো নৃবীজং তৎ প্রজাকারণং তস্মাদ্যোষিতি সিক্তাদিমা মনুষ্যাদিলক্ষণাঃ প্রজাঃ প্রজায়ন্তে যৎপৃষ্টং কুতো হ বৈ প্রজাঃ প্রজায়ন্ত ইতি। তদেবং চন্দ্রাদিত্যমিথুনাদিক্রমেণাহোরাত্রান্তেনান্নরেতোদ্বারেণেমাঃ প্রজাঃ প্রজায়ন্ত ইতি নির্ণীতম্ ॥ ১৪ ॥

তত্রৈবং সতি যে গৃহস্থা হ বৈ ইতি প্রসিদ্ধস্মরণার্থৌ নিপাতৌ।

দিবাতে রমণীসহযোগ পরিত্যাগ করিয়া ব্রহ্মচর্য্য আশ্রয় করিবে। আর ঋতুকালে রাত্রিতে স্ত্রীসম্ভোগও ব্রহ্মচর্য্য তুল্য। এইরূপ দোষাদোষ বিবেচনা করিয়া দিবারাত্রির কর্ত্তব্যকার্য্য যথানিয়মে সাধন করিলেই প্রজা উৎপন্ন হয়; সুতরাং দিবা ও রাত্রি উভয়ই প্রজাসৃষ্টির কারণ ॥ ১৩ ॥

পূর্ব্বপূর্ব্ব শ্রুতিতে সম্বৎরাদি কালের প্রজাপতিত্ব প্রতিপাদিত হইয়াছে, এইক্ষণ ব্রীহিপ্রভৃতি অন্নেরও প্রজাপতিত্ব প্রতিপাদন করিতেছেন।—অন্নই প্রজাপতি, যেহেতু ব্রীহিপ্রভৃতি অন্ন হইতেই রেতঃ সমুৎপন্ন হয় এবং সেই রেতঃ হইতেই প্রজার উৎপত্তি হইয়াছে। অতএব জানা যাইতেছে যে, চন্দ্র, আদিত্য, সম্বৎসর, অয়ন, ঋতু, মাস, পক্ষ, অহোরাত্র এই সকলই প্রজাসৃষ্টির কারণ ॥ ১৪ ॥

য়ন্তে। তেষামেবৈষ ব্রহ্মলোকো যেষাং তপো ব্রহ্মচর্য্যং যেষু সত্যং প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥

তেষামসৌ বিরজো ব্রহ্মলোকো ন যেষু জিহ্মমনৃতং ন মায়া চেতি ॥ ১৬ ॥

ইতি প্রথমঃ প্রশ্নঃ ॥ ১ ॥

তৎপ্রজাপতেব্র্বতম্। ঋতৌ ভার্য্যাগমনং চরন্তি কুর্ব্বন্তি তেষাং দৃষ্টফলমিদম্। কিম্। তে মিথুনং পুত্রং দুহিতরঞ্চোৎপাদয়ন্তে। অদৃষ্টঞ্চ ফলমিষ্টাপূর্ত্তদত্তকারিণাং তেষামেব। এষ যশ্চান্দ্রমসো ব্রহ্মলোকঃ পিতৃযাণলক্ষণো যেষাং তপঃ স্নাতকব্রতাদীনি ব্রহ্মচর্য্যম্। ঋতাবন্যত্র মৈথুনাসমাচরণং ব্রহ্মচর্য্যম্। যেষু চ সত্যমনৃতবর্জ্জনং প্রতিষ্ঠিতমব্যভিচারিতয়া বর্ত্ততে ॥ ১৫ ॥

যস্তু পুনরাদিত্যোপলক্ষিত উত্তরায়ণঃ প্রাণাত্মভাবো বিরজঃ শুদ্ধো ন চন্দ্রব্রহ্মলোকবদ্রজস্বলো বৃদ্ধিক্ষয়াদিযুক্তোঽসৌ। কেষাং তেষামিত্যুচ্যতে। যথা গৃহস্থানামনেকবিরুদ্ধসংব্যবহারপ্রয়োজনবত্ত্বাজ্জিহ্মং কৌটিল্যং বক্রভাবোঽবশ্যম্ভাবি। তথা ন যেষু জিহ্মম্। যথা চ গৃহস্থানাং ক্রীড়াদি-

---

যে সকল গৃহস্থ প্রজাপতিব্রত, অর্থাৎ ঋতুকালে ভার্য্যাগমনাদি আচরণ করেন, তাঁহারা মিথুন অর্থাৎ পুত্রকন্যা উৎপাদন করিতে পারেন ; ইহা প্রাজাপত্যব্রতের দৃষ্ট ফল। যাঁহারা ইষ্টাপূর্ত্তাদি অদৃষ্টফলজনক প্রজাপতিব্রত করেন, তাঁহারা ব্রহ্মলোকপ্রাপ্ত হইয়া থাকেন। আর যাঁহারা ব্রহ্মচর্য্য ও স্নাতকব্রতাদি তপস্যাচরণ করেন এবং যে সকল ব্যক্তিতে সর্ব্বদা সত্যপ্রতিষ্ঠিত আছে, তাঁহারাও ব্রহ্মলোকে গমন করেন ॥ ১৫ ॥

যাহাদিগের কৌটিল্য, মিথ্যা ও মায়া বিদ্যমান নাই, তাহাদিগের পক্ষেই এই বিরজ ব্রহ্মলোক প্রাপ্তি হইয়া থাকে।

নিমিত্তমনৃতমবর্জনীয়ং তথা ন যেষু তত্তথা মায়া গৃহস্থানামিব ন যেষু বিদ্যতে। মায়ানাম বহিরন্যথাত্মানং প্রকাশ্যান্যথৈব কার্য্যং করোতি সা মায়া মিথ্যাচাররূপা। মায়েত্যেবমাদয়ো দোষা যেষধিকারিষু ব্রহ্মচারিবানপ্রস্থভিক্ষুষু নিমিত্তাভাবান্ন বিদ্যন্তে তৎসাধনানুরূপেণৈব তেষামসৌ বিরজো ব্রহ্মলোক ইত্যেষা জ্ঞানযুক্তকর্ম্মবতাং গতিঃ। পূর্ব্বোক্তস্তু ব্রহ্মলোকঃ কেবলকর্ম্মিণাং চন্দ্রলোক ইতি ॥ ১৬ ॥

ইতি প্রথমঃ প্রশ্নভাষ্যং সমাপ্তম্ ॥ ১ ॥

যাহা আদিত্যোপলক্ষিত প্রাণময়, তাহা বিরজ ও বিশুদ্ধ। চন্দ্রোপলক্ষিত লোকের ন্যায় উর্জ্জস্বল ও বৃদ্ধিক্ষয়াদিযুক্ত নহে। যেমন গ্রহস্থদিগের বিরুদ্ধ ব্যবহার প্রয়োজনপ্রযুক্ত কৌটিল্যভাব থাকে, সেইরূপ কৌটিল্যভাব যাহাদিগের নাই এবং গৃহস্থদিগের ন্যায় যাহারা ক্রীড়াদি নিমিত্ত মিথ্যাবর্জ্জিত, গৃহস্থগণ যেরূপ মায়াবদ্ধ, যাহারা সেইরূপ মায়াবদ্ধ নহে, সেই সকল ব্যক্তিরাই ব্রহ্মলোকের অধিকারী ॥ ১৬ ॥

ইতি প্রথমপ্রশ্ন সমাপ্ত ॥ ১ ॥

অথ দ্বিতীয়ঃ প্রশ্নঃ ।

অথ হৈনং ভার্গবো বৈদর্ভিঃ পপ্রচ্ছ । ভগবন্! কত্যেব দেবা প্রজাং বিধারয়ন্তে কতর এতৎ প্রকাশয়ন্তে কঃ পুনরেষাং বরিষ্ঠ ইতি ॥ ১ ॥

অথ দ্বিতীয়প্রশ্নভাষ্যং ।

প্রাণোঽত্তা প্রজাপতিরিত্যুক্তম্। তস্য প্রজাপতিত্বমত্তৃত্বঞ্চাস্মিঞ্ছরীরেঽবধারয়িতব্যমিত্যয়ং প্রশ্ন আরভ্যতে। অথানন্তরং হ কিলৈনং ভার্গবো বৈদর্ভিঃ পপ্রচ্ছ। হে ভগবন্! কত্যেব দেবাঃ প্রজাং শরীরলক্ষণাং বিধারয়ন্তে বিশেষেণ ধারয়ন্তে। কতরে বুদ্ধীন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়বিভক্তানামেতৎ প্রকাশনং স্বমাহাত্ম্যপ্রখ্যাপনং প্রকাশয়ন্তে। কোঽসৌ পুনরেষাং বরিষ্ঠঃ প্রধানঃ কার্য্যকারণলক্ষণানামিতি ॥ ১ ॥

প্রথম প্রশ্নে উক্ত হইয়াছে যে, প্রাণই ভোক্তা ও প্রজাপতি। এক্ষণে এই শরীরেই সেই প্রাণের প্রজাপতিত্ব ও ভোক্তৃত্ব অবধারণ করিতে হইবে। ইহাই এই দ্বিতীয় প্রশ্নে বিবৃত হইবে।—অনন্তর ভৃগুতনয় বৈদর্ভি ঋষিপ্রবর পিপ্পলাদকে জিজ্ঞাসা করিলেন, ভগবন্! এই জগতে কোন্ কোন্ দেবতা শরীরী প্রজা ধারণকরিতেছেন এবং কোন্ দেবতাই বা বাক্ পাণি প্রভৃতি কর্ম্মেন্দ্রিয় ও চক্ষু-কর্ণ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয়ের প্রকাশ করিতেছেন; আর যে সকল দেবতারা উক্ত কার্য্য সকল সাধন করিতেছেন, তাঁহাদিগের মধ্যে কোন দেবতাই বা সর্ব্বপ্রধান? তাহা আমাদিগের নিকট সবিস্তর বর্ণন করিয়া আমাদিগের সমুৎসুক চিত্তের অভিলাষ পুর্ণ করুন ॥ ১ ॥

তস্মৈ স হোবাচাকাশো হ বা এষ দেবো বায়ুরগ্নিরাপঃ পৃথিবী বাঙ্মনশ্চক্ষুঃ শ্রোত্রঞ্চ। তে প্রকাশ্যাভিবদন্তি বয়মেতদ্বাণমবষ্টভ্য বিধারয়ামঃ ॥ ২ ॥

এবং পৃষ্টবতে তস্মৈ স হোবাচ। আকাশো হ বা এষ দেবো বায়ুরগ্নিরাপঃ পৃথিবীত্যেতানি পঞ্চমহাভূতানি শরীরারম্ভকাণি বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রমিত্যাদীনি কর্ম্মেন্দ্রিয়বুদ্ধীন্দ্রিয়াণি চ শরীরং ধারয়ন্তে। তন্মধ্যে কর্ম্মেন্দ্রিয়বুদ্ধীন্দ্রিয়াণি শরীরে স্বমাহাত্ম্যখ্যাপনং প্রকাশয়ন্তে। কার্য্যলক্ষণাঃ করণলক্ষণাশ্চ তে দেবা আত্মনো মাহাত্ম্যং প্রকাশ্যাভিবদন্তি স্পর্দ্ধমানাঃ শ্রেষ্ঠতায়ৈ। কথং বদন্তি। বয়মেতদ্বাণং শরীরং কার্য্যকারণসঙ্ঘাতমবষ্টভ্য প্রাসাদমিব স্তম্ভাদয়োঽবিশিথিলীকৃত্য বিধারয়ামো বিস্পষ্টং ধারয়ামঃ। ময়ৈবৈকেনায়ং সঙ্ঘাতো ধ্রিয়ত ইত্যেকৈকস্যাভিপ্রায়ঃ ॥ ২ ॥

এইরূপে ভৃগুনন্দন বৈদর্ভি পিপ্পলাদমুনির নিকট প্রশ্ন করিলে, তখন ঋষিবর পিপ্পলাদ তাহাকে কহিলেন, আকাশ, বায়ু, অগ্নি, জল ও পৃথিবী এই পঞ্চ (দেবতা) মহাভূতই শরীরের উৎপত্তিতে কারণ। বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই সকল কর্ম্মেন্দ্রিয় ও চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ এই সকল জ্ঞানেন্দ্রিয় এই সমুদায়ই উক্ত পঞ্চ মহাভূত হইতে উৎপন্ন হয় এবং তাহাতেই শরীর জন্মিয়া থাকে। এই জগতে আকাশাদি পঞ্চ মহাভূত কারণ এবং বাক্পাণি প্রভৃতি ইন্দ্রিয় ও শরীর ইহারা কার্য্য। আকাশপ্রভৃতি দেবতারা শরীরোৎপাদনরূপ স্বস্ব মাহাত্ম্যপ্রকাশ করিয়া আপন আপন প্রাধান্য স্থাপনার্থ পরস্পরের প্রতি স্পর্দ্ধাপুরঃসর প্রত্যেকেই বলিয়া থাকেন, আমিই এই কার্য্যকারণ সংযোজনা করিয়া অতিকুৎসিত দেশান্তরগমনক্ষম বিনাশশীল এই সমস্ত শরীর ধারণ করিতেছি ॥ ২ ॥

তান্ বরিষ্ঠঃ প্রাণ উবাচ। মা মোহমাপদ্যথাঽহমেবৈতৎ পঞ্চধাত্মানং প্রবিভজ্যৈতদ্বাণমবষ্টভ্য বিধারয়ামীতি॥ ৩॥

তেঽশ্রদ্দধানা বভূবুঃ সোঽভিমানাদূর্দ্ধমুৎক্রামত ইব তস্মিন্নুৎক্রামত্যথেতরে সর্ব্ব এবোৎক্রামন্তে তস্মিংশ্চ

তানেবমভিমানবতো বরিষ্ঠঃ প্রাণো মুখ্য উবাচোক্তবান্। মা মৈবং মোহমাপদ্যথ অবিবেকতয়াঽভিমানং মা কুরুত। যস্মাদহমেবৈতদ্ বাণমবষ্টভ্য বিধারয়ামি পঞ্চধাত্মানং প্রবিভজ্য প্রাণাদিবৃত্তিভেদং স্বস্য কৃত্বা বিধারয়ামীতি॥ ৩॥

ইত্যুক্তবতি চাস্মিংস্তেঽশ্রদ্দধানা অপ্রত্যয়বন্তো বভূবুঃ কথমেতদেবমিতি। স চ প্রাণঃ তেষামশ্রদ্দধানতামালক্ষ্যাভিমানাদূর্দ্ধমুৎক্রামত ইবোৎক্রামতি ইবেদমুৎক্রান্তবানিব সরোষান্নিরপেক্ষস্তস্মিন্নুৎক্রামতি যদ্বৃত্তং তদ্দৃষ্টান্তেন প্রত্যক্ষীকরোতি। তস্মিন্নুৎক্রামতি সতি অথানন্তরমেবেতরে

সর্ব্বশ্রেষ্ঠ প্রাণ অভিমানী ইন্দ্রিয়দিগকে কহিলেন, তোমরা অবিবেকের বশীভূত হইয়া বৃথা অভিমান করিও না। তোমাদিগের মধ্যে কেহই কিছু করিতে পারে না, আমিই এই শরীর ধারণ করিতেছি। তোমরা কেন "আমি কর্ত্তা, আমি কর্ত্তা" বলিয়া পরস্পর স্পর্দ্ধা করিয়া মুগ্ধের ন্যায় উচ্চৈঃস্বরে বাগ্বিতণ্ডা করিতেছ? কেবল আমিই আপনাকে পঞ্চধা বিভক্ত করিয়া শরীরধারণ করিতেছি। ৩॥

প্রাণ ইন্দ্রিয়গণকে এইরূপ বলিলে তাহারা সকলেই নিতান্ত বিরক্ত হইয়া উঠিল, কেহই প্রাণের কথায় প্রত্যয় করিল না। প্রাণও ইন্দ্রিয়গণকে অবিশ্বস্ত দেখিয়া অভিমান প্রকাশপূর্ব্বক নিরপেক্ষ হইয়া সরোষে দৃষ্টান্তপ্রদর্শন করিয়া আপন উক্ত বিষয়ে প্রত্যক্ষপ্রমাণ দর্শাইতে লাগিলেন। অনন্তর ইন্দ্রিয়-

প্রতিষ্ঠমানে সর্ব্বএব প্রাতিষ্ঠন্তে। তদ্‌যথা মক্ষিকা মধু-
কররাজানমুৎক্রামন্তং সর্ব্বাএবোৎক্রামন্তে তস্মিংশ্চ
প্রতিষ্ঠমানে সর্ব্বা এব প্রাতিষ্ঠন্ত এবং বাঙ্মনশ্চক্ষুঃ শ্রোত্রঞ্চ
তে প্রীতাঃ প্রাণং স্তুন্বন্তি ॥ ৪ ॥

সর্ব্ব এব প্রাণাশ্চক্ষুরাদয় উৎক্রামন্তে উৎক্রামন্তি উচ্চক্রমুঃ। তস্মিংশ্চ প্রাণে
প্রতিষ্ঠমানে তূষ্ণীং ভবত্যনুৎক্রামতি সতি সর্ব্ব এব প্রতিষ্ঠন্তে তূষ্ণীং ব্যব-
স্থিতা অভূবন্। তদ্‌যথা লোকে মক্ষিকা মধুকরাঃ স্বরাজানং মধুকর-
রাজানমুৎক্রামন্তং প্রতি সর্ব্বা এবোৎক্রামন্তে তস্মিংশ্চ প্রতিষ্ঠমানে সর্ব্বা
এব প্রতিষ্ঠন্তে প্রতিষ্ঠন্তি। যথাঽয়ং দৃষ্টান্ত এবং বাঙ্‌মনশ্চক্ষুঃশ্রোত্রঞ্চেত্যা-
দয়স্ত উৎসৃজ্যাশ্রদ্দধানতাং বুদ্ধা প্রাণমাহাত্ম্যং প্রীতাঃ প্রাণং স্তবন্তি ॥ ৪ ॥

গণ প্রাণের সগর্ব্ব ব্যাপার দেখিয়া চক্ষুরাদি সকলেই আপন
আপন ক্ষমতা প্রকাশের উপক্রমে প্রবৃত্ত হইলেন। প্রাণ
তাহাদিগের উপক্রম দেখিয়া স্বয়ং নিশ্চেষ্ট হইলেন। কিন্তু প্রাণ
নিশ্চেষ্ট হইলে পর, আর কোন ইন্দ্রিয়ও কোন ব্যাপার সাধন
করিতে সমর্থ হইলেন না। প্রাণ নিশ্চেষ্টতা আশ্রয় করিলে
সকলেই নিশ্চেষ্ট হইয়া পড়িলেন। যেমন মধুমক্ষিকা সকল
আপনাদিগের রাজা, অর্থাৎ প্রধান মক্ষিকাকে কোন ব্যাপারের
উপক্রম করিতে দেখিলে, সকল মক্ষিকাই সেই ব্যাপারে
প্রবৃত্ত হয় এবং যখন মধুকররাজ স্থৈর্য্য অবলম্বন করেন, তখন
সকলেই নিস্তব্ধ হইয়া থাকে; সেইরূপ প্রাণের ব্যাপারেই
সকল ইন্দ্রিয় আপন আপন কার্য্য করে এবং প্রাণ স্থির হইলে
সকল ইন্দ্রিয়কেই স্থৈর্য্য আশ্রয় করিতে হয়। এই সকল
দেখিয়া বাক্য, মনঃ, চক্ষুঃ, কর্ণপ্রভৃতি সকলেই প্রাণের প্রতি
সন্তুষ্ট হইয়া সেই প্রাণকেই স্তব করিতে লাগিলেন। আর
তাঁহারা তখন ইহাও জানিতে পারিলেন যে, আমাদিগের কোন

এষোঽগ্নিস্তপত্যেষ সূর্য্য এষ পর্জ্জন্যো মঘবানেষ বায়ু-
রেষ পৃথিবী রয়ির্দ্দেবঃ সদসচ্চামৃতঞ্চ যৎ ॥ ৫ ॥

অরা ইব রথনাভৌ প্রাণে সর্ব্বং প্রতিষ্ঠিতম্। ঋচো
যজূংষি সামানি যজ্ঞঃ ক্ষত্রং ব্রহ্ম চ ॥ ৬ ॥

কথমেষ প্রাণোঽগ্নিঃ সংস্তপতি জ্বলতি। তথৈষ সূর্য্যঃ সন্ প্রকাশতে। তথৈষ পর্জ্জন্যঃ সন্ বর্ষতি। কিঞ্চ মঘবানিন্দ্রঃ সন্ প্রজাঃ পালয়তি জিঘাংসত্যসুররক্ষাংসি। এষ বায়ুরাবহপ্রবাহাদিভেদঃ। কিঞ্চৈষ পৃথিবী রয়ির্দ্দেবঃ সর্ব্বস্য জগতঃ সন্ মূর্ত্তমসদমূর্ত্তঞ্চামৃতঞ্চ যদ্দেবানাং স্থিতিকারণং কিঞ্চ বহুনা ॥ ৫ ॥

অরা ইব রথনাভৌ শ্রদ্ধাদিনামান্তং সর্ব্বং শরীরং স্থিতিকালে প্রাণে প্রতিষ্ঠিতম্। তথা ঋচো যজূংষি সামানীতি ত্রিবিধা মন্ত্রাস্তৎসাধ্যশ্চ যজ্ঞঃ

ক্ষমতাই নাই। প্রাণই আমাদিগের কর্ত্তা, প্রাণের মাহাত্ম্য আশ্রয় করিয়াই আমরা স্বস্ব শক্তি প্রকাশ করিয়া থাকি, অতএব আমাদিগের গর্ব্ব বৃথা ॥ ৪ ॥

এই প্রাণই অগ্নিরূপে পাকক্রিয়া সাধন করিতেছেন, এই প্রাণই সূর্য্য হইয়া জগতে তাপপ্রদান করিতেছেন, ইনিই মেঘরূপ ধারণ করিয়া বারিবর্ষণ করেন, এই প্রাণই ইন্দ্ররূপী হইয়া প্রজাপালন করিতেছেন, ইনিই বায়ুরূপগ্রহণ করিয়া মেঘ ও জ্যোতির্ম্মণ্ডল বহন করিতেছেন, ইনিই পৃথিবীরূপে স্থাবরজঙ্গম অনন্তপদার্থ ধারণ করিতেছেন, ইনিই চন্দ্ররূপ পরিগ্রহ করিয়া জগতের পোষণক্রিয়াসাধন করিতেছেন। আর অধিক কি, এই প্রাণই সৎ, অসৎ, মূর্ত্ত, অমূর্ত্ত, স্থূল ও সূক্ষ্মস্বরূপ। এই প্রাণই জগতের ও দেবতাদিগেরও স্থিতির কারণ ॥ ৫ ॥

যেমন রথচক্রের নাভিমধ্যে অর্গল প্রবিষ্ট হইয়া সেই

প্রজাপতিশ্চরসি গর্ভে ত্বমেব প্রতিজায়সে। তুভ্যং প্রাণঃ প্রজাস্ত্বিমা বলিং হরন্তি যঃ প্রাণৈঃ প্রতিতিষ্ঠসি ॥৭॥

ক্ষত্রঞ্চ সর্ব্বস্য পালয়িতৃ ব্রহ্ম চ যজ্ঞাদিকর্ম্মকর্ত্তৃত্বেঽধিকৃতঞ্চৈবৈষ প্রাণঃ সর্ব্বম্ ॥ ৬ ॥

কিঞ্চ যঃ প্রজাপতিরপি স ত্বমেব গর্ভে চরসি পিতুর্ম্মাতুশ্চ প্রতি প্রতি-রূপঃ সন্ প্রতিজায়সে প্রজাপতিত্বাদেব প্রাগেব সিদ্ধং তব মাতৃপিতৃত্বং সর্ব্বদেহদেহ্যাকৃতিচ্ছন্ন একঃ প্রাণঃ সর্ব্বাত্মাসীত্যর্থঃ। তুভ্যং ত্বদর্থায় ইমা মনুষ্যাদ্যাঃ প্রজাহেতুঃ প্রাণশ্চক্ষুরাদিদ্বারৈর্ব্বলিং হরন্তি। যস্ত্বং প্রাণৈ-শ্চক্ষুরাদিভিঃ সহ প্রতিতিষ্ঠসি সর্ব্বশরীরেষতস্তুভ্যং বলিং হরন্তীতি যুক্তম্। ভোক্তা হি যস্ত্বং তবৈবান্যৎ সর্ব্বং ভোজ্যম্ ॥ ৭ ॥

চক্রেক প্রতিষ্ঠিত করিয়া রাখে, সেইরূপ স্থিতিকালে এই প্রাণেতেই সর্ব্বশরীর অবস্থিত থাকে এবং ঋক্, যজুঃ ও সাম এই ত্রিবিধ মন্ত্র, সেই মন্ত্রত্রয়সাধ্য যজ্ঞ, পৃথিবীস্থ প্রজাবর্গের পালনকর্ত্তা ক্ষত্রিয় ও যজ্ঞাদিসম্পাদনকারী ব্রাহ্মণ সকলই প্রাণস্বরূপ; সুতরাং সমুদায় পদার্থই প্রাণে প্রতিষ্ঠিত আছে, ইহা প্রতিপন্ন হইল। এইরূপে ইন্দ্রিয়গণ প্রাণের স্তব করি-তেছেন ॥ ৬ ॥

ইন্দ্রিয়গণ পুনর্ব্বার প্রাণের স্তব করিতে লাগিলেন। তুমিই প্রজাপতিরূপে গর্ভে প্রবেশ কর, অর্থাৎ পিতার রেতঃ-স্বরূপ ধারণ করিয়া মাতৃগর্ভে সঞ্চরণ করিয়া থাক এবং তুমিই পিতৃমাতৃস্বরূপ। সকল দেহ ও দেহী তোমারই আকৃতি-বিশেষ, তুমিই পিতৃমাতৃরূপে উৎপন্ন হইয়া পুনর্ব্বার সেই পিতামাতা হইতে উৎপন্ন হইয়া থাকে। হে প্রাণ! তোমার কার্য্যসাধনের নিমিত্ত এই সকল প্রজা রহিয়াছে। চক্ষুরাদি ইন্দ্রিয় তোমারই কার্য্যসাধন করিয়া থাকে এবং তুমিই প্রাণ-রূপে প্রতিষ্ঠিত হইয়া সর্ব্বকার্য্য সাধন করিতেছ ॥ ৭ ॥

দেবানামসি বহ্নিতমঃ পিতৃণাং প্রথমা স্বধা। ঋষীণাঞ্চরিতং সত্যমথর্ব্বাঙ্গিরসামসি ॥ ৮ ॥

ইন্দ্রস্ত্বং প্রাণ তেজসা রুদ্রোঽসি পরিরক্ষিতা। ত্বমন্তরিক্ষে চরসি সূর্য্যস্ত্বং জ্যোতিষাম্পতিঃ ॥ ৯ ॥

কিঞ্চ দেবানামিন্দ্রাদীনামসি ভবসি ত্বং বহ্নিতমঃ হবিষাং প্রাপয়িতৃতমঃ পিতৃণাং নান্দীমুখে শ্রাদ্ধে যা পিতৃভ্যো দীয়তে স্বধাঽন্নং সা দেবপ্রদানমপেক্ষ্য প্রথমা ভবতি। তস্যা অপি পিতৃভ্যঃ প্রাপয়িতা ত্বমেবেত্যর্থঃ। কিঞ্চ ঋষীণাং চক্ষুরাদীনাং প্রাণানামঙ্গিরসামঙ্গিরসভূতানামথর্ব্বণাং তেষামেব প্রাণো বাঽথর্ব্বা ইতি শ্রুতেঃ। চরিতং চেষ্টিতং সত্যমবিতথং দেহধারণাদ্যপকারলক্ষণং ত্বমেবাসি ॥ ৮ ॥

কিঞ্চেন্দ্রঃ পরমেশ্বরস্ত্বং হে প্রাণ তেজসা বীর্য্যেণ। রুদ্রোঽসি হরন্ জগৎ। স্থিতৌ চ পরি সমন্তাদ্রক্ষিতা পালয়িতা পরিরক্ষিতা ত্বমেকো

পুনর্ব্বার ইন্দ্রিয়গণ প্রাণকে বলিতেছেন, হে প্রাণ! তুমি ইন্দ্রাদিদেবগণের সম্বন্ধে বহ্নিস্বরূপ, অর্থাৎ প্রজাবর্গ দেবতাদিগের উদ্দেশে আহুতি প্রদান করিলে তুমি সেই হোমীয় ঘৃত বহন করিয়া দেবগণের তৃপ্তিসাধন কর এবং পিতৃগণের পক্ষে তুমি স্বধাস্বরূপ, অর্থাৎ শ্রাদ্ধকালে পিতৃলোককে উদ্দেশ করিয়া স্বধাশব্দ উল্লেখে যে অন্নপ্রদান করে, তুমি সেই অন্ন পিতৃলোকদিগকে অর্পণ করিয়া থাক। তুমি চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয় ও অন্যান্য অঙ্গসকলের কার্য্যসাধন কর, তোমার অভাবে চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয় অকর্ম্মণ্য হইয়া পড়ে এবং অন্যান্য অঙ্গসকলও শুষ্ক হইয়া যায়। অতএব তুমিই প্রধান ॥ ৮ ॥

হে প্রাণ! তুমিই পরমেশ্বর এবং তেজেতে ইন্দ্রস্বরূপ, তুমি স্বীয় বীর্য্যপ্রভাবে রুদ্ররূপ ধারণ করিয়া অবসানকালে এই

যদা ত্বমভিবর্ষস্যথেমাঃ প্রাণ তে প্রজাঃ। আনন্দরূপাস্তিষ্ঠন্তি কামায়ান্নং ভবিষ্যতীতি ॥ ১০ ॥

জগতঃ সৌম্যেন রূপেণ। ত্বমন্তরিক্ষেঽজস্রং চরসি উদয়াস্তময়াভ্যাং সূর্য্যস্ত্বমেব চ সর্ব্বেষাং জ্যোতিষাম্পতিঃ ॥ ৯ ॥

যদা পর্জ্জন্যো ভূত্বাভিবর্ষসি ত্বং অথ তদান্নং প্রাপ্যেমাঃ প্রজাঃ প্রাণ তে প্রাণচেষ্টাং কুর্ব্বন্তীত্যর্থঃ। অথবা প্রাণ তে তবেমাঃ প্রজাঃ স্বাত্মভূতাস্ত্বদন্নসংবর্দ্ধিতাস্ত্বদভিবর্ষণদর্শনমাত্রেণ চানন্দরূপাঃ সুখং প্রাপ্তা ইব সত্যস্তিষ্ঠন্তি। কামায় ইচ্ছাতোঽন্নং ভবিষ্যতীত্যেবমভিপ্রায়ঃ ॥ ১০ ॥

অনন্ত জগতের সংহার করিতেছ, তুমিই বিষ্ণুরূপ পরিগ্রহ করিয়া এই পরিদৃশ্যমান জগতের সর্ব্বত্র স্থাবর, জঙ্গম, স্থূল, সূক্ষ্ম মূর্ত্ত, অমূর্ত্ত সকল পদার্থ পান করিয়া থাক, তুমি ভিন্ন পরিরক্ষণকর্ত্তা আর নাই। হে প্রাণ! তুমিই নিয়ত আকাশমার্গে সঞ্চরণ করিতেছ, তুমিই উদয়াস্তগামী সূর্য্য এবং তুমিই অনন্ত জ্যোতিষ্কমণ্ডলের অধীশ্বর। তোমার প্রভা গ্রহণ করিয়াই জ্যোতিষ্কগণ তেজস্বী হইয়াছেন ॥ ৯॥

হে প্রাণ! যখন তুমি মেঘরূপ ধারণ করিয়া বারিবর্ষণ করিতে থাক, তখনই প্রজাবর্গ আপন আপন আহারীয় অন্নলাভ করিয়া প্রাণযাত্রা নির্ব্বাহ করে। তোমার মেঘরূপ হইতে ক্ষিতিতলে বারিবর্ষণ হইলেই পৃথিবীতে অন্ন উৎপন্ন হয় এবং সেই অন্নদ্বারা প্রজাগণ জীবিত থাকে। হে প্রাণ! তোমার এই সকল প্রজা তোমার প্রদত্ত অন্নদ্বারা সংবর্দ্ধিত হইয়া তোমার বারিবর্ষণ দর্শনে আনন্দ অনুভব করে এবং সেই আনন্দে আনন্দিত হইয়াই বর্ত্তমান আছে ॥ ১০॥

ব্রাত্যস্ত্বং প্রাণৈকঋষিরত্তা বিশ্বস্য সৎপতিঃ। বয়মাদ্যস্য দাতারঃ পিতা ত্বং মাতরিশ্বনঃ ॥ ১১ ॥

যা তে তনূর্ব্বাচি প্রতিষ্ঠিতা যা শ্রোত্রে যা চ চক্ষুষি। যা চ মনসি সন্ততা শিবাং তাং কুরু মোৎক্রমীঃ ॥ ১২ ॥

কিঞ্চ প্রথমজত্বাদন্যস্য সংস্কর্ত্তুরভাবাদসংস্কৃতো ব্রাত্যস্ত্বং স্বভাবত এব শুদ্ধ ইত্যভিপ্রায়ঃ। হে প্রাণ এক ঋষিস্ত্বমাথর্ব্বণানাং প্রসিদ্ধ একর্ষি-নামাঽগ্নিঃ সন্নত্তা সর্ব্বহবিষাম্। ত্বমেব বিশ্বস্য সর্ব্বস্য সতো বিদ্যমানস্য পতিঃ সৎপতিঃ সাধুর্ব্বা পতিঃ সৎপতিঃ। বয়ং পুনরাদ্যস্য তবাদনীয়স্য হবিষো দাতারঃ। ত্বং পিতা মাতরিশ্বনোঽস্মাকম্। অথবা মাতরিশ্বনো বায়োস্ত্বম্। অতশ্চ সর্ব্বস্যৈব জগতঃ পিতৃত্বং সিদ্ধম্॥ ১১ ॥

কিং বহুনা যা তে ত্বদীয়া তনূর্ব্বাচি প্রতিষ্ঠিতা বক্তৃত্বেন বদনচেষ্টাং কুর্ব্বতী। যা শ্রোত্রে যা চ চক্ষুষি যা মনসি সঙ্কল্পাদিব্যাপারেণ সন্ততা

হে প্রাণ! তুমি সকলের আদিতে উৎপন্ন হইয়াছ, সুতরাং তোমার সংস্কারকর্ত্তা আর কেহ নাই, তথাপি তুমি সংস্কারাভাবদোষে দূষিত না হইয়া স্বভাবতই শুদ্ধভাবে বিদ্য-মান আছ। হে প্রাণ! তুমিই অথর্ব্ববেদপ্রসিদ্ধ একঋষিনামা অগ্নির স্বরূপ পরিগ্রহ করিয়া সর্ব্বপ্রকার হোমীয়দ্রব্য ভক্ষণ করিয়া থাক। তুমিই এই বিদ্যমান পদার্থসকলের অধিপতি এবং সাধুগণের অদ্বিতীয় অধীশ্বর। আমরা কেবল তোমাকে হোমীয়দ্রব্য প্রদান করিয়া থাকি, তদ্ভিন্ন আমাদিগের অন্য কোন ক্ষমতাই নাই। তুমিই জগৎপ্রাণভূত বায়ুরও পিতা; সুতরাং আমাদিগের সকলেরও পিতা তুমি ॥ ১১ ॥

হে প্রাণ! তোমার যে অপানরূপা তনু বাক্যেতে, ব্যান-রূপা তনু কর্ণেতে, প্রাণরূপা তনু চক্ষুতে এবং সমানরূপা তনু মনেতে প্রতিষ্ঠিত আছে, তুমি সেই সকল তনুর কল্যাণসাধন

প্রাণস্যেদং বশে সর্ব্বং ত্রিদিবে যৎ প্রতিষ্ঠিতম্।
মাতেব পুত্রান্ রক্ষস্ব শ্রীশ্চ প্রজ্ঞাঞ্চ বিধেহি ন ইতি ॥১৩॥

ইতি দ্বিতীয়প্রশ্নঃ ॥ ২ ॥

সমনুগতা তনূস্তাং শিবাং শান্তাং কুরু মোৎক্রমীরুৎক্রমণেনাশিবাং মাকার্ষী-রিত্যর্থঃ ॥ ১২ ॥

কিং বহুনা অস্মিঁল্লোকে প্রাণস্যৈব বশে সর্ব্বমিদং যৎকিঞ্চিদুপভোগ-জাতং ত্রিদিবে তৃতীয়স্যাং দিবি চ যৎ প্রতিষ্ঠিতং দেবাদ্যুপভোগলক্ষণং তস্যাপি প্রাণ এব ঈশিতা রক্ষিতা। অতো মাতেব পুত্রানস্মান্রক্ষস্ব পাল-য়স্ব। ত্বন্নিমিত্তা হি ব্রাহ্ম্যঃ ক্ষাত্রিয়াশ্চ শ্রিয়স্তাস্ত্ব শ্রীশ্চ প্রজ্ঞা চ ত্বৎস্থিতি-

---

কর। তোমার অপানরূপ শরীর বাক্যেতে প্রতিষ্ঠিত হইয়া বাক্যকথনশক্তি, ব্যানরূপ শরীর কর্ণেতে প্রতিষ্ঠিত হইয়া শ্রবণশক্তি, প্রাণরূপ শরীর চক্ষুতে প্রতিষ্ঠিত হইয়া দর্শন-শক্তি এবং সমানরূপ শরীর মনেতে প্রতিষ্ঠিত হইয়া মানসিক শক্তিপ্রদান করিতেছে, অতএব সেই সকল শরীরকে কার্য্যক্ষম করিয়া রাখ ॥ ১২ ॥

হে প্রাণ! তোমার মাহাত্ম্য আর অধিক কি বর্ণন করিব? এই পৃথিবীতে সমুদায় পদার্থই প্রাণের বশীভূত হইয়া আছে এবং উপভোগযোগ্য যে সকল পদার্থ, তাহাও প্রাণের অধীন। কেবল পৃথিবীস্থ কেন? স্বীয় সমুদায় দ্রব্যেরও অধীশ্বর প্রাণ। স্বর্গপুরে দেবগণ যে সকল বস্তু উপভোগ করেন, তাহাও প্রাণের বশীভূত। অতএব হে প্রাণ! তুমিই সকলের কর্ত্তা। যেমন মাতা পুত্রগণকে পালন করেন, সেইরূপ তুমিও প্রজা-বর্গ রক্ষা কর। ব্রাহ্মণগণ ও ক্ষত্রিয়গণ যে সকল সম্পদ্লাভ

নিমিত্তাং বিধেহি নো বিধৎস্বেত্যর্থঃ। ইত্যেবং সর্ব্বাত্মনা যো বাগাদিভিঃ প্রাণৈঃ স্তুত্যা গমিতমহিমানঃ স প্রজাপতিরেবেত্যবধৃতম্॥ ১৩॥

ইতি দ্বিতীয়প্রশ্নভাষ্যম্॥ ২॥

করে, তাহাও তোমার প্রদত্ত, অতএব আমাদিগকে উৎকৃষ্ট সম্পদ্ ও প্রকৃষ্টজ্ঞান প্রদান কর॥ ১৩॥

ইতি দ্বিতীয়প্রশ্ন॥ ২॥

অথ তৃতীয়ঃ প্রশ্নঃ।

অথ হৈনং কৌশল্যশ্চাশ্বলায়নঃ পপ্রচ্ছ। ভগবন্ কুত এষ প্রাণো জায়তে কথমায়াত্যস্মিঞ্ছরীর আত্মানং বা প্রবিভজ্য কথং প্রাতিষ্ঠতে কেনোৎক্রমতে কথং বাহ্যমভিধত্তে কথমধ্যাত্মমিতি ॥ ১ ॥

অথ হৈনং কৌশল্যশ্চাশ্বলায়নঃ পপ্রচ্ছ। প্রাণৈর্হ্যেবং নির্দ্ধারিততত্ত্ব উপলব্ধমহিমাঽপি সংহতত্বাৎ স্যাদস্য কার্য্যত্বমতঃ পৃচ্ছামি। ভগবন্ কুতঃ কস্মাৎ কারণাদেষ যথাবধৃতঃ প্রাণো জায়তে। জাতশ্চ কথং কেন বৃত্তিবিশেষেণায়াত্যস্মিঞ্ছরীরে। কিন্নিমিত্তকমস্য শরীরগ্রহণমিত্যর্থঃ। প্রবিষ্টশ্চ শরীরে আত্মানং বা প্রবিভজ্য প্রবিভাগং কৃত্বা কথং কেন প্রকারেণ প্রাতিষ্ঠতে প্রতিতিষ্ঠতি। কেন বা বৃত্তিবিশেষেণাস্মাচ্ছরীরাদুৎক্রমতে

পূর্ব্বোক্তপ্রকারে প্রাণের প্রজাপতিত্ব ও ভোক্তৃত্ব নির্দ্ধারণ করিয়া এইক্ষণ সেই প্রাণের উৎপত্তি নির্দ্ধারণপূর্ব্বক তাহার উপাসনা নিরূপণকামনায় পুনর্ব্বার পিপ্পলাদঋষির নিকট প্রশ্ন করিতেছেন।—অনন্তর অশ্বলের পুত্র কৌশল্য জিজ্ঞাসা করিলেন, ভগবন্! কি কারণে পূর্ব্বোক্ত প্রাণের উৎপত্তি হয়, উৎপন্ন প্রাণ কিরূপেই এই শরীরে প্রবেশ করেন, কিনিমিত্তই প্রাণ এই শরীরে আগমন করেন, আর শরীরপ্রবিষ্ট প্রাণ কিরূপেই বা আত্মাকে বিভাগ করিয়া প্রতিষ্ঠিত আছে, কোন্ কোন্ বৃত্তিবিশেষদ্বারা প্রাণ এই শরীরে প্রভুত্ব করে, কিরূপে প্রাণ বাহ্যবিষয় ধারণ করে এবং কি প্রকারেই বা অধ্যাত্মবিষয় গ্রহণ করিয়া থাকে? ঋষিবর! এই সমুদায়

তস্মৈ স হোবাচাতিপ্রশ্নান্ পৃচ্ছসি ব্রহ্মিষ্ঠোঽসীতি তস্মাত্তেঽহং ব্রবীমি ॥ ২ ॥

আত্মন এষ প্রাণো জায়তে। যথৈষা পুরুষেচ্ছায়ৈ-তস্মিন্নেতদাততং মনোকৃতেনায়াত্যস্মিঞ্ছরীরে ॥ ৩ ॥

উৎক্রামতি। কথং বাহ্যমধিভূতমধিদৈবঞ্চাভিধত্তে ধারয়তি। কথমধ্যাত্মমিতি ধারয়তীতি শেষঃ ॥ ১ ॥

ইত্যেবং পৃষ্টস্তস্মৈ স হোবাচার্য্যঃ। প্রাণ এব তাবদ্দুর্ব্বিজ্ঞেয়ত্বাদ্বিষমপ্রশ্নার্হস্তস্যাপি জন্মাদি ত্বং পৃচ্ছস্যতোঽতিপ্রশ্নান্ পৃচ্ছসি। ব্রহ্মিষ্ঠোঽসীত্যতিশয়েন ত্বং ব্রহ্মবিদতস্তুষ্টোঽহং তস্মাত্তে তুভ্যং প্রব্রবীমি যৎপৃষ্টং শৃণু ॥ ২ ॥

আত্মনঃ পরস্মাৎ পুরুষাদক্ষরাৎ সত্যাদেবৈষ উক্তঃ প্রাণো জায়তে। কথমিত্যত্র দৃষ্টান্তঃ। যথা লোকে এষা পুরুষে শিরঃ পাণ্যাদিলক্ষণে নিমিত্তে ছায়া নৈমিত্তিকী জায়তে তদ্বদেতস্মিন্ ব্রহ্মণ্যেতৎপ্রাণাখ্যং

প্রশ্নের সদুত্তরপ্রদান করিয়া আমাদিগের কৌতূহলাক্রান্ত চিত্তকে পরিতৃপ্ত করুন্ ॥ ১ ॥

কৌশল্য পিপ্পলাদঋষির নিকট এইরূপ প্রশ্ন করিলে পিপ্পলাদ তাঁহাকে বলিলেন, প্রাণই অতিদুর্জ্ঞেয় পদার্থ; বিশেষতঃ তাহার তত্ত্বানুসন্ধান অতিদুরূহ ব্যাপার, অতএব তুমি অতি-বিষম প্রশ্ন করিতেছ। তোমার এইরূপ দুর্জ্ঞেয় বিষয় পরিজ্ঞানে যেরূপ আগ্রহ দেখিতেছি, তাহাতে তুমি যে ব্রহ্মজ্ঞানী, তাহাই সবিশেষ প্রতিপন্ন হইতেছে। অতএব এইক্ষণ আমি তোমার প্রশ্নের সদুত্তর বলিতেছি, শ্রবণ কর ॥ ২ ॥

অক্ষর সনাতন পরমাত্মপুরুষ (আত্মা) হইতে প্রাণের উৎপত্তি হয়। যেমন হস্তপদাদিলক্ষণান্বিত ছায়া পুরুষ হইতে উৎ-

যথা সম্রাড়েবাধিকৃতান্ বিনিযুঙ্‌ক্তে। এতান্ গ্রামা-নেতান্ গ্রামানধিতিষ্ঠস্বেত্যেবমেবৈষ প্রাণঃ। ইতরান্ প্রাণান্ পৃথক্ পৃথগেব সন্নিধত্তে॥ ৪॥

ছায়াস্থানীয়মনৃতরূপং তত্ত্বং সত্যে পুরুষে আততং সমর্পিতমিত্যেতৎ। ছায়ৈব দেহে মনোকৃতেন মনঃকৃতেন মনঃ সঙ্কল্পেচ্ছাদিনিষ্পন্নকর্ম্মনিমিত্তে-নেত্যেতদ্বক্ষ্যতি হি পুণ্যেন পুণ্যমিত্যাদি। তদেব সক্তঃ সহকর্ম্মণেতি চ শ্রুত্যন্তরাৎ। আয়াত্যাগচ্ছত্যস্মিঞ্ছরীরে॥ ৩॥

যথা যেন প্রকারেণ লোকে রাজা সম্রাড়েব গ্রামাদিষ্বধিকৃতান্বি-নিযুঙ্‌ক্তে। কথম্ এতান্ গ্রামানেতান্ গ্রামানধিতিষ্ঠস্বেতি। এবমেব

পন্ন হয় এবং সেই ছায়া পুরুষেতেই সমর্পিত থাকে। সেইরূপ এই প্রাণও পরমাত্মপুরুষ হইতে উৎপন্ন হয় এবং সেই আত্মা-তেই বিলয় পায়। এই প্রাণ মনের সঙ্কল্পের বশীভূত হইয়াই শরীরে আগমন করে। (অন্যান্যশ্রুতিতেও লিখিত আছে যে প্রাণ কর্ম্মজন্যভোগে আসক্ত হইয়াই শরীর পরিগ্রহ করিয়া থাকে। প্রাণের মানসিক সঙ্কল্প হইলেই নানাপ্রকার কর্ম্ম করে এবং সেই সকল পুণ্যাপুণ্যকর্ম্মের ফলভোগার্থ শরীরে আগমন করে)॥ ৩॥

যেমন সম্রাট্ আপন অধিকারমধ্যে অধিকৃত লোকসকল নিযুক্ত করেন, অর্থাৎ "তুমি এই গ্রামে এবং তুমি অমুকগ্রামে প্রতিষ্ঠিত হইয়া স্বস্ব অধিকৃত গ্রামের শাসন কর" এইরূপে পৃথক্ পৃথক্ গ্রামে শাসনকর্ত্তা নিযুক্ত করেন। সেইরূপে প্রাণই বিভাগ করিয়া পৃথক্ পৃথক্ কার্য্যে নিযুক্ত করেন। (যেমন রাজ্যমধ্যে সম্রাটই প্রধান, সেইরূপ দেহমধ্যে প্রাণই মুখ্যকর্ত্তা। যেমন সম্রাটের আজ্ঞানুসারে অধিকারে নিযুক্ত লোকসকল স্বস্ব কার্য্যসম্পাদন করে, সেইরূপ চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয় প্রাণের

পায়ূপস্থেঽপানং চক্ষুঃশ্রোত্রে মুখনাসিকাভ্যাং প্রাণঃ স্বয়ং প্রাতিষ্ঠতে মধ্যে তু সমানঃ। এষ হ্যেতদ্ধুতমন্নং সমন্নয়তি তস্মাদেতাঃ সপ্তার্চ্চিষো ভবন্তি ॥ ৫ ॥

যথা দৃষ্টান্তঃ। এষ মুখ্যঃ প্রাণ ইতরান্ প্রাণাংশ্চক্ষুরাদীনাত্মভেদাংশ্চ পৃথক্ পৃথগেব যথাস্থানং সন্নিধত্তে বিনিযুঙ্‌ক্তে ॥ ৪ ॥

তত্র বিভাগঃ পায়ূপস্থে পায়ুশ্চ উপস্থশ্চ পায়ূপস্থং তস্মিন্। অপানমাত্মভেদং মূত্রপুরীষাদ্যপনয়নং কুর্ব্বংস্তিষ্ঠতি সন্নিধত্তে। তথা চক্ষুঃশ্রোত্রে চক্ষুশ্চ শ্রোত্রঞ্চ চক্ষুঃশ্রোত্রং তস্মিংশ্চক্ষুঃশ্রোত্রে। মুখনাসিকাভ্যাঞ্চ মুখঞ্চ নাসিকা চ মুখনাসিকে তাভ্যাং মুখনাসিকাভ্যাঞ্চ নির্গচ্ছন্ প্রাণঃ স্বয়ং সম্রাট্‌স্থানীয়ঃ প্রাতিষ্ঠতে প্রতিতিষ্ঠতি। মধ্যে তু প্রাণাপানয়োঃ স্থানয়োর্নাভ্যাম্। সমানমশিতং পীতঞ্চ সমং নয়তীতি সমানঃ। এষ হি যস্মাদ্‌যদেতদ্ধুতং ভুক্তং পীতঞ্চাত্মাগ্নৌ প্রক্ষিপ্তমন্নং সমং নয়তি তস্মাদশিতপীতেন্ধনাদগ্নেরৌদর্য্যাদ্ধৃদয়দেশাদেতাঃ সপ্তসংখ্যাকা অর্চ্চিষো দীপ্তয়ো নির্গ-

---

আজ্ঞাবশবর্ত্তী হইয়া স্বস্ব স্থানে অবস্থানপূর্ব্বক আপন আপন কার্য্যসাধন করিয়া থাকে) ॥ ৪ ॥

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে, প্রাণ আপনাকে বিভাগ করিয়া পৃথক্ পৃথক্ কার্য্যে নিযুক্ত করিয়া থাকে। এই শ্রুতিতে প্রাণ আপনার কোন্ কোন্ অংশ কোন্ কোন্ স্থানে সংস্থাপন করেন, তাহাই প্রকাশ করিতেছেন।—প্রাণের নিয়মানুসারে অপানবায়ু মূত্র ও পুরীষনিঃসারণার্থ উপস্থ ও গুহ্যস্থানে অবস্থিতি করিতেছেন। প্রাণ স্বয়ং চক্ষুঃ ও কর্ণে অবস্থান করিয়া মুখ ও নাসিকাদ্বারা নির্গমনাগমন করিয়া থাকেন। এই প্রাণই সম্রাট্‌স্থানীয়। প্রাণ ও অপান এই উভয়ের মধ্যে নাভিদেশে সমানবায়ু অবস্থান করে, ইনি ভুক্ত অন্নাদি ও পীতজলাদির সমতাসাধন করেন। এই ভুক্ত অন্ন ও পীত-

হৃদি হ্যেষ আত্মা। অত্রৈতদেকশতং নাড়ীনাং তাসাং শতং শতমেকৈকস্যাং দ্বাসপ্ততির্দ্বাসপ্ততিঃ প্রতিশাখানাড়ী-সহস্রাণি ভবন্ত্যাস্থ ব্যানশ্চরতি ॥ ৬ ॥

চ্ছন্ত্যো ভবন্তি শীর্ষণ্যঃ। প্রাণদ্বারা দর্শনশ্রবণাদিলক্ষণরূপাদিবিষয়প্রকাশ ইত্যভিপ্রায়ঃ ॥ ৫ ॥

হৃদি হ্যেষ ইতি পুণ্ডরীকাকারমাংসপিণ্ডপরিচ্ছিন্নে হৃদয়াকাশে এষ আত্মা আত্মসংযুক্তো লিঙ্গাত্মা জীবাত্মেত্যর্থঃ। অত্রাস্মিন্ হৃদয়ে এতদেকশত-মেকোত্তরশতং সংখ্যয়া প্রধাননাড়ীনাং ভবতীতি। তাসাং শতং শত-মেকৈকস্যাং প্রধাননাড্যাং ভেদাঃ। পুনরপি দ্বাসপ্ততির্দ্বাসপ্ততির্দ্বে দ্বে সহস্রেঽধিকসপ্ততিশ্চ সহস্রাণি। সহস্রাণাং দ্বাসপ্ততিঃ প্রতিশাখানাড়ী-সহস্রাণি প্রতি প্রতিনাড়ীশতসংখ্যয়া প্রধাননাড়ীনাং সহস্রাণি ভবন্তি। আস্থ নাড়ীষু ব্যানো বায়ুশ্চরতি। ব্যানো ব্যাপনাৎ। আদিত্যাদিব রশ্ময়ো

জল হৃদয়দেশস্থিত অগ্নির কাষ্ঠস্বরূপ। হৃদয়গত অগ্নি উক্তরূপ কাষ্ঠদ্বারা প্রজ্বলিত হয়, এইজন্য মস্তকোপরি সেই অগ্নির সপ্ত-জ্বালা নির্গত হইয়া থাকে। তাহাতেই শ্রবণদর্শনাদিক্রিয়া হইয়া থাকে ॥ ৫ ॥

পুণ্ডরীকসদৃশ মাংসপিণ্ডপরিচ্ছিন্ন হৃদয়াকাশে জীবাত্মা প্রতিষ্ঠিত আছেন। এই হৃদয়েতে একাধিকশত নাড়ী আছে। ইহারাই সর্ব্বপ্রধান নাড়ী। এই একাধিকশত নাড়ীর প্রত্যে-কেই দ্বিসপ্ততি সহস্র (৭২০০০) শাখানাড়ীসম্বন্ধ রহি-য়াছে। এই সকল নাড়ীর মধ্যে ব্যানবায়ু সঞ্চরণ করে। যেমন আদিত্যরশ্মি ভুবনব্যাপী, সেইরূপ ব্যানবায়ু সর্ব্বশরীর ব্যাপিয়া রহিয়াছে; এইনিমিত্ত এই বায়ুকে ব্যানবায়ু বলে। হৃদয়দেশ হইতে যে সকল নাড়ী বহির্গত হইয়া সর্ব্বশরীর পরিব্যাপ্ত করিয়াছে, ব্যানবায়ু ঐ সকল নাড়ীদ্বারা শরীরের

অথৈকয়োর্দ্ধ উদানঃ পুণ্যেন পুণ্যং লোকং নয়তি পাপেন পাপমুভাভ্যামেব মনুষ্যলোকম্ ॥ ৭ ॥

আদিত্যো হ বৈ বাহ্যঃ প্রাণ উদয়ত্যেষ হ্যেনং চাক্ষুষং

হৃদয়াৎ সর্ব্বতো গামিনীভির্নাড়ীভিঃ সর্ব্বদেহং সংব্যাপ্য ব্যানো বর্ত্ততে। সন্ধিস্কন্ধমর্ম্মদেশেষু বিশেষেণ প্রাণাপানবৃত্ত্যোশ্চ মধ্য উদ্ভূতবৃত্তিবীর্য্যবৎ কর্ম্মকর্ত্তা ভবতি ॥ ৬ ॥

অথ যা তু তত্রৈকশতানাং নাড়ীনাং মধ্যে ঊর্দ্ধগা সুষুম্না নাড়ী তয়ৈকয়োর্দ্ধঃ সন্নুদানো বায়ুরাপাদতলমস্তকবৃত্তিঃ সঞ্চরন্ পুণ্যেন কর্ম্মণা শাস্ত্রবিহিতেন পুণ্যং লোকং দেবাদিস্থানলক্ষণং নয়তি প্রাপয়তি। পাপেন তদ্বিপরীতেন পাপং নরকং তির্য্যগ্‌যোন্যাদিলক্ষণম্। উভাভ্যাং সমপ্রধানাভ্যাং পুণ্যপাপাভ্যামেব মনুষ্যলোকং নয়তীত্যনুবর্ত্ততে ॥ ৭ ॥

আদিত্যো হ বৈ প্রসিদ্ধো হ্যধিদৈবতং বাহ্যঃ প্রাণঃ স এষ উদয়ত্যুদ্গচ্ছতি। এষ হ্যেনমাধ্যাত্মিকং চক্ষুষি ভবং চাক্ষুষং প্রাণং প্রকাশেনানু-

---

সর্ব্বস্থানে সঞ্চরণ করিয়া থাকে। সন্ধি, স্কন্ধ, মর্ম্মস্থানেও ব্যানবায়ুর গতি হয়, বিশেষতঃ প্রাণ ও অপানবায়ুর মধ্যে ব্যানবায়ুরও গমন হয় ॥ ৬ ॥

পূর্ব্বোক্ত একাধিকশত নাড়ীর মধ্যে যে ঊর্দ্ধগত একটি নাড়ী আছে, তাহার নাম সুষুম্না নাড়ী। ঐ নাড়ীর মধ্যদিয়া উদানবায়ু ঊর্দ্ধে গমন করে এবং এই উদানবায়ুই পুণ্যাপুণ্য কর্ম্মদ্বারা উত্তমাধম লোকপ্রদান করিয়া থাকে। শাস্ত্রবিহিত পুণ্যকর্ম্মদ্বারা মনুষ্যকে দেবলোকাদি উত্তম স্থান প্রদান করে এবং গর্হিতকার্য্যের অনুষ্ঠানরূপ পাপকর্ম্মদ্বারা তির্য্যগ্‌যোনিপ্রভৃতি অধোগতি প্রদান করিয়া থাকে। পুণ্যাপুণ্য উভয় কর্ম্মদ্বারা মনুষ্যলোকে লইয়া যায় ॥ ৭ ॥

এই যে প্রসিদ্ধ আদিত্যদেব উদিত হইতেছেন, ইনি বাহ্য-

প্রাণমনুগৃহ্লানঃ। পৃথিব্যাং যা দেবতা সৈষা পুরুষস্যা-পানমবষ্টভ্যান্তরা যদাকাশঃ স সমানো বায়ুর্ব্যানঃ ॥ ৮ ॥

তেজো হ বৈ উদানস্তস্মাদুপশান্ততেজাঃ। পুনর্ভব-'মিন্দ্রিয়ৈর্ম্মনসি সম্পদ্যমানৈঃ ॥ ৯ ॥

গৃহ্লানো রূপোপলব্ধৌ চক্ষুষ আলোকং কুর্ব্বন্নিত্যর্থঃ। তথা পৃথিব্যামভি-মানিনী যা দেবতা প্রসিদ্ধা সৈষা পুরুষস্যাপানবৃত্তিমবষ্টভ্যাকৃষ্য বশীকৃত্যাধ এবাপকর্ষণেনানুগ্রহং কুর্ব্বতী বর্ত্তত ইত্যর্থঃ। অন্যথা হি শরীরং গুরুত্বাৎ পতেৎ সাবকাশে বোদ্গচ্ছেৎ। যদেতদন্তরা মধ্যে দ্যাবাপৃথিব্যোর্য আকাশস্তৎস্থো বায়ুরাকাশ উচ্যতে। মঞ্চস্থবৎ স সমানঃ সমানমনুগৃহ্লানো বর্ত্তত ইত্যর্থঃ। সমানস্যান্তরাকাশস্থত্বসামান্যাৎ সামান্যেন চ যো বাহ্যো বায়ুঃ স ব্যাপ্তিসামান্যাদ্ব্যানো ব্যানমনুগৃহ্লানো বর্ত্তত ইত্যভিপ্রায়ঃ ॥ ৮ ॥

যদ্বাহ্যং হ বৈ প্রসিদ্ধং সামান্যং তেজস্তচ্ছরীরে উদানং বায়ুমনুগৃহ্লাতি স্বেন প্রকাশেনেত্যভিপ্রায়ঃ। যস্মাত্তেজোভাবো বাহ্যতেজোঽনুগৃহীত

প্রাণ। এই আদিত্যই স্বীয় প্রকাশদ্বারা আধ্যাত্মিক চাক্ষুষ-রূপ গ্রহণকরিয়া চক্ষুর আলোকপ্রদান করেন। যিনি পৃথিবীর অভিমানী প্রসিদ্ধ দেবতা, তিনি পুরুষের অপানবৃত্তি স্তব্ধীভূত করিয়া অধোদেশ হইতে আকর্ষণপূর্ব্বক জীবের প্রতি বিশেষ অনুগ্রহ করিয়া বর্ত্তমান আছেন। এই আকর্ষণেই জীবের শরীর স্থিরতর থাকে। অন্যথা শরীরের গুরুত্ববশতঃ পতিত হইতে পারে। সমানবায়ু শরীরের সাম্যাবস্থা প্রদান করিয়া শরীরধারণরূপ অনুগ্রহ করে। অন্যথা উদানবায়ুর ঊর্দ্ধ-আকর্ষণে শরীরের ঊর্দ্ধগতি এবং অপানবায়ুর অধঃ-আক-র্ষণে শরীরের অধোগতি হইবার সম্ভাবনা ॥ ৮ ॥

উদানবায়ু স্বীয় প্রকাশদ্বারা বাহ্য সামান্য তেজকে শরীরে আনয়ন করে। ঐ তেজঃ যখন উপশান্ত, অর্থাৎ ক্ষীণায়ু হয়,

যচ্চিত্তস্তেনৈষ প্রাণমায়াতি প্রাণস্তেজসা যুক্তঃ। সহাত্মনা যথা সঙ্কল্পিতং লোকং নয়তি ॥ ১০ ॥

উৎক্রান্তিকর্ত্তা তস্মাদ্‌যদা লৌকিকঃ পুরুষ উপশান্ততেজা ভবতি। উপশান্তং স্বাভাবিকং তেজো যস্য সঃ। তদা তং ক্ষীণায়ুষং মুমূর্ষুং বিদ্যাৎ। স পুনর্ভবং শরীরান্তরং প্রতিপদ্যতে। কথম্ সহেন্দ্রিয়ৈর্ম্মনসি সম্পদ্যমানৈঃ প্রবিশদ্ভির্ব্বাগাদিভিঃ ॥ ৯ ॥

মরণকালে যচ্চিত্তো ভবতি তেনৈষ জীবঃ চিত্তেন সঙ্কল্পেনেন্দ্রিয়ৈঃ সহ প্রাণং মুখ্যপ্রাণবৃত্তিমায়াতি। মরণকালে ক্ষীণেন্দ্রিয়বৃত্তিঃ সন্মুখ্যয়া প্রাণবৃত্ত্যৈবাবতিষ্ঠত ইত্যর্থঃ। তদা হি বদন্তি জ্ঞাতয় উচ্ছসিতি জীবতীতি।

তখনই সেই পুরুষকে মুমূর্ষু বলিয়া জানিবে। উক্ত বাহ্যতেজঃ একশরীরে প্রবিষ্ট হইয়া উপশান্ত হইলে পুনর্ব্বার শরীরান্তর পরিগ্রহপূর্ব্বক ইন্দ্রিয়াদির সহিত মিলিত হইয়া কার্য্যকারী হয়। (উক্তরূপে প্রাণ, অপান, সমান, উদান, ব্যানাত্মক মুখ্যপ্রাণের অনুগ্রহেই আধ্যাত্মিক প্রাণবৃত্তি সম্পন্ন হয়। উক্ত মুখ্যপ্রাণই আদিত্য, অগ্নি, আকাশ, বায়ু ও তেজোরূপী হইয়া বাহ্যকার্য্যসম্পাদন করে; সুতরাং প্রাণই বাহ্য ও আধ্যাত্মিককার্য্য সম্পাদনপূর্ব্বক শরীর ধারণ করিতেছে। শ্রুত্যন্তরপ্রমাণে জানা যায় যে, সেই প্রাণই চক্ষুঃ, সেই অপানই বাক্য, সেই ব্যানই শ্রোত্র, সেই সমানই মনঃ, সেই উদানই শ্বাসপ্রশ্বাসরূপী; সুতরাং উক্ত প্রাণই চক্ষুরাদির কার্য্যসাধনরূপ অনুগ্রহদ্বারা বাহ্য ও আধ্যাত্মিক কার্য্যসাধন করিতেছে) ॥ ৯ ॥

মরণকালে চিত্ত যেরূপ থাকে, জীব সেই চিত্তদ্বারা ইন্দ্রিয় ও সঙ্কল্পের সহিত সেইরূপ প্রাণ প্রাপ্ত হয়, অর্থাৎ মরণসময়ে ইন্দ্রিয়বৃত্তিসকল ক্ষীণ হইলে জীব প্রাণের মুখ্যবৃত্তিতে অবস্থিত হয়। তখন সেই প্রাণ উদানবৃত্তির সহিত যুক্ত হইয়া থাকে।

য এবং বিদ্বান্ প্রাণং বেদ। ন হাস্য প্রজা হীয়তে-ঽমৃতো ভবতি তদেষ শ্লোকঃ ॥ ১১ ॥

স চ প্রাণস্তেজসো দানবৃত্ত্যা যুক্তঃ সন্ সহাত্মনা স্বামিনা ভোক্ত্রা স এব-মুদানবৃত্ত্যৈব যুক্তঃ প্রাণস্তং ভোক্তারং পুণ্যপাপকর্ম্মবশাদ্‌যথাসঙ্কল্পিতং যথা-ঽভিপ্রেতলোকং নয়তি প্রাপয়তি ॥ ১০ ॥

যঃ কশ্চিদেবং বিদ্বান্ যথোক্তবিশেষণৈর্ব্বিশিষ্টমুৎপত্ত্যাদিভিঃ প্রাণং বেদ জানাতি তস্যেদং ফলমৈহিকমামুষ্মিকঞ্চোচ্যতে। ন হাস্য নৈবাস্য বিদুষঃ প্রজাঃ পুত্রপৌত্রাদিলক্ষণা হীয়তে হীয়ন্তে ছিদ্যন্তে। পতিতে চ শরীরে প্রাণসাযুজ্যতয়াঽমৃতোঽমরণধর্ম্মা ভবতি তদেতস্মিন্নর্থে সঙ্ক্ষেপাভি-ধায়ক এষ শ্লোকো মন্ত্রো ভবতি ॥ ১১ ॥

তাহাতেই ভোক্তা প্রাণের পুণ্যপাপকর্ম্মবশতঃ সংকল্পানু-সারে যথাভিপ্রেত লোক প্রাপ্ত হয়। (প্রাণ আত্মার সহিত মিলিত হইলে যখন যেরূপ সঙ্কল্প করে, তখন সেইরূপ লোক-প্রাপ্তি হয়) ॥ ১০ ॥

যে কোন ব্যক্তি উক্তরূপে উৎপত্তিপ্রভৃতি দ্বারা প্রাণকে জানিতে পারেন, তাঁহার উক্তরূপ ঐহিক ও পারত্রিক ফল-ভোগ হইয়া থাকে। সেই ব্যক্তির কখন পুত্রপৌত্রাদি প্রজা ক্ষীণ হয় না, অর্থাৎ প্রাণই মনঃকৃত ধর্ম্মাধর্ম্মাদিদ্বারা শরীর-গ্রহণ করে, আপনাকে পঞ্চধা বিভক্ত করিয়া শরীর উৎপাদন করে, পায়ু ও উপস্থাতে অপানস্বরূপ, চক্ষুঃ ও শ্রোত্রেতে প্রাণস্বরূপ, নাভিতে সমানস্বরূপ, নাড়ীসমূহে ব্যানস্বরূপ, সুষু-ম্নাতে উদানস্বরূপ স্থাপন করে। এইরূপে প্রাণাপানাদিস্বরূপ এবং বাহ্য পৃথিব্যাদিদ্বারা প্রাণই আধ্যাত্মিক ও বাহ্য শরীর-ধারণ করে, ইত্যাদিরূপে প্রাণকে জানিতে পারিলে শরী-

উৎপত্তিমায়তিং স্থানং বিভুত্বঞ্চৈব পঞ্চধা। অধ্যাত্মঞ্চৈব প্রাণস্য বিজ্ঞায়ামৃতমশ্নুতে বিজ্ঞায়ামৃতমশ্নুত ইতি॥ ১২॥

ইতি তৃতীয়ঃ প্রশ্নঃ॥ ৩॥

উৎপত্তিপরমাত্মনঃ প্রাণস্যায়তিমাগমনং মনোকৃতেন মনঃকৃতেন নাস্মিঞ্ছরীরে স্থানং স্থিতিঞ্চ পায়ূপস্থাদিস্থানেষু বিভুত্বং চ স্বাম্যমেব সম্রাড়িব প্রাণবৃত্তিভেদানাং পঞ্চধা স্থাপনম্। বাহ্যমাদিত্যাদিরূপেণাধ্যাত্মঞ্চৈব চক্ষুরাদ্যাকারেণাবস্থানং বিজ্ঞায়ৈবং প্রাণমমৃতমশ্নুত ইতি। বিজ্ঞায়ামৃতমশ্নুত ইতি দ্বির্ব্বচনং প্রশ্নার্থপরিসমাপ্ত্যর্থম্॥ ১২॥

ইতি তৃতীয়প্রশ্নভাষ্যম্॥ ৩॥

রের পতন হইলেও প্রাণের সাযুজ্যবশতঃ অমরণধর্ম্ম প্রাপ্ত হয়॥ ১১॥

উক্তরূপে প্রাণের উৎপত্তি, প্রাণের আগমন ও সঙ্কল্পবশতঃ শরীরে অবস্থান, পায়ু উপস্থপ্রভৃতি স্থানে বিভুত্ব, অর্থাৎ রাজা যেমন প্রজাবর্গের প্রতি *আধিপত্য করিয়া থাকেন, প্রাণও সেইরূপ পায়ুপস্থপ্রভৃতি ইন্দ্রিয়ের প্রতি প্রভুত্ব করে, ইত্যাদি প্রাণের কার্য্য। এক প্রাণেরই পঞ্চপ্রকারে বাহ্য ও আদিত্যাদিরূপে ও আধ্যাত্মিক চক্ষুরূপে অবস্থান ইত্যাদিসমুদায় জানিয়া প্রাণ অমৃতত্ব প্রাপ্ত হয়॥ ১২॥

ইতি তৃতীয়প্রশ্ন॥ ৩॥

অথ চতুর্থঃ প্রশ্নঃ।

·অথ হৈনং সৌর্য্যায়ণো গার্গ্যঃ পপ্রচ্ছ। ভগবন্নেতস্মিন্

অথ হৈনং সৌর্য্যায়ণো গার্গ্যঃ পপ্রচ্ছ প্রশ্নত্রয়েণাপরবিদ্যাগোচরং সর্ব্বং পরিসমাপ্য সংসারং ব্যাকৃতবিষয়ং সাধ্যসাধনলক্ষণমনিত্যম্। অথেদানীমসাধনলক্ষণমপ্রাণমমনোগোচরমতীন্দ্রিয়মবিষয়ং শিবং শান্তমবিকৃতমক্ষরং সত্যং পরবিদ্যাগম্যং পুরুষাখ্যং সবাহ্যাভ্যান্তরমজং বক্তব্যমিত্যুত্তরং প্রশ্নত্রয়মারভ্যতে। তত্র সুদীপ্তাদিবাগ্নের্যস্মাৎ পরাদক্ষরাৎ সর্ব্বে ভাবা বিস্ফুলিঙ্গা ইব জায়ন্তে তত্রৈবাপি যন্তীত্যুক্তম্। দ্বিতীয়ে মুণ্ডকে কে তে সর্ব্বভাবা অক্ষরাদ্বিভজ্যন্তে। কথং বা বিভক্তাঃ সন্তস্তত্রৈবাপি যন্তি। কিং লক্ষণং বা তদক্ষরমিতি। এতদ্বিবক্ষয়াঽধুনা প্রশ্নানুদ্ভাবয়তি। ভগবন্নেতস্মিন্ পুরুষে শিরঃপাণ্যাদিমতি কানি করণানি স্বপন্তি স্বাপং কুর্ব্বন্তি

শিষ্যগণ পরবিদ্যাগতিশ্রবণে বিরক্ত হইয়া প্রাণবিদ্যাদ্বারা চিত্তের একাগ্রতা সাধিত হইলে শুদ্ধচিত্ত শমদমাদিসাধনচতুষ্টয়সম্পন্ন মুখ্যাধিকারীর পরবিদ্যা উৎপত্তির নিমিত্ত প্রশ্ন করিতেছেন। অনন্তর সৌর্য্যের পুত্র গার্গ্য জিজ্ঞাসা করিলেন, মহাত্মন্! ইতিপূর্ব্বে প্রশ্নত্রয়ের উত্তরপ্রসঙ্গে অপরবিদ্যার গোচরীভূত সাধ্যসাধনলক্ষণ অনিত্যসংসার বিস্তাররূপে বর্ণিত হইয়াছে, এইক্ষণ কারণাতীত, অপ্রাণ, অবাঙ্‌মনসগোচর, অতীন্দ্রিয়, অবিষয়, সর্ব্বমঙ্গলময়, শান্ত, অবিকৃত, অক্ষয়, পরবিদ্যার বিষয়ীভূত, বাহ্যাভ্যন্তরবর্ত্তী, সনাতন পুরুষ বলিতে হইবে। যেমন সুদীপ্ত অগ্নি হইতে অনন্ত বিস্ফুলিঙ্গ বহির্গত হয়, সেইরূপ

পুরুষে কানি স্বপন্তি কান্যস্মিন্ জাগ্রতি কতর এষ দেবঃ

স্বব্যাপারাদুপরমন্তে। কানি চাস্মিন্ জাগ্রতি জাগরণমনিদ্রাবস্থাব্যাপারং কুর্ব্বন্তি। স্বব্যাপারান্ কুর্ব্বন্তীত্যর্থঃ। কতরঃ কার্য্যকারণলক্ষণানাং য এষ দেবঃ স্বপ্নান্ পশ্যতি। স্বপ্নো নাম জাগ্রদ্দর্শনান্নিবৃত্তস্য জাগ্রদ্বদন্তঃ-শরীরে যদ্দর্শনম্। তৎ কিং কার্য্যলক্ষণেন দেবেন নির্ব্বর্ত্ত্যতে কিং বা করণলক্ষণেন কেনচিদিত্যভিপ্রায়ঃ। উপরতে চ জাগ্রৎস্বপ্নব্যাপারে যৎ প্রসন্নং নিরায়াসলক্ষণমনাবাধং সুখং কস্যৈতদ্ভবতি। তস্মিন্ কালে জাগ্রৎ-স্বপ্নব্যাপারাদুপরতাঃ সন্তঃ কস্মিন্ উ সর্ব্বে সম্যগেকীভূতাঃ সম্প্রতিষ্ঠিতাঃ। মধুনি রসবৎসমুদ্রং প্রবিষ্টনদ্যাদিবচ্চ বিবেকানর্হাঃ প্রতিষ্ঠিতা ভবন্তি সঙ্গতাঃ সম্প্রতিষ্ঠিতা ভবন্তীত্যর্থঃ। নমু ন্যস্তদাত্রাদিকরণবৎ স্বব্যাপারাদুপর-তানি পৃথক্ পৃথগেব স্বাত্মন্যবতিষ্ঠন্ত ইত্যেতদ্যুক্তং কুতঃ প্রাপ্তিঃ সুষুপ্ত-পুরুষাণাং করণানাং কস্মিংশ্চিদেকীভাবগমনাশঙ্কায়াঃ। প্রষ্টুঃ যুক্তৈব-

---

পশমঃ শিবোঽদ্বৈতঃ সংবৃত এবং যথোক্তবিজ্ঞানবতা প্রযুক্ত ওঙ্কারস্ত্রিমাত্রাস্ত্রিপাদঃ। আত্মৈব সংবিশত্যাত্মনা স্বেনৈব স্বং পারমার্থিকমাত্মানং য এবং বেদ। পরমার্থদর্শিনাং ব্রহ্মবিদাং তৃতীয়ং বীজভাবং দগ্ধ্বাত্মানং প্রবিষ্ট ইতি ন পুনর্জ্জায়তে তুরীয়স্যাবীজত্বাৎ। ন হি রজ্জুসর্পয়োর্ব্বিবেকে রজ্জ্বাং প্রবিষ্টঃ সর্পো বুদ্ধিসংস্কারাৎ পুনঃ পূর্ব্ববত্তদ্বিবেকিনামুত্থাস্যতি। মন্দমধ্যমধিয়াস্তু প্রতিপন্নসাধকভাবানাং সন্মার্গগামিনাং সন্ন্যাসিনাং মাত্রাণাং পাদানাঞ্চ কৢপ্তসামান্যবিদাং যথা বদুপাস্যমান ওঙ্কারো ব্রহ্মপ্রতিপত্তয়ে আলম্বনী ভবতি। তথা চ বক্ষ্যতি। আশ্রমাস্ত্রিবিধা হীনা ইত্যাদি ॥ ১২ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদ-শিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ মাণ্ডুক্যোপনিষন্মূলমন্ত্রভাষ্যম্ সমাপ্তম্ ॥

স্বরূপ এবং অদ্বৈত, তাঁহার দ্বিতীয় কেহ নাই। এই পরমাত্মা স্বয়ং আত্মাতে প্রবেশ করিয়া আছেন। যাঁহারা এইরূপে সেই পরমাত্মাকে জানিতে পারেন, সেই সকল পরমার্থদর্শী ব্রহ্মবিজ্ঞানবিদ্ সাধকগণ এই সংসার দগ্ধ করিবার নিমত্ত আত্মাতে প্রবিষ্ট হয়। পরন্তু তাহাদিগের আর জন্মপরিগ্রহ হয় না ॥ ১২ ॥

ইতি অথর্ব্ববেদীয় মাণ্ডূক্যোপনিষদ্ মূলমন্ত্রের ভাষ্যার্থ সম্পূর্ণ ॥

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

শ্রীগৌড়পাদাচার্য্যকৃতমাণ্ডূক্যোপনিষ-দর্থাবিষ্করণরূপকারিকাবতারণম্।

প্রথমপ্রকরণং।

॥ ওঁ ॥ নমঃ পরমাত্মনে ॥ ওঁ হরিঃ ওঁ ॥

বহিঃপ্রজ্ঞো বিভুর্ব্বিশ্বো হ্যন্তঃপ্রজ্ঞস্তু তৈজসঃ।
ঘনপ্রজ্ঞস্তথা প্রাজ্ঞ এক এব ত্রিধা স্মৃতঃ ॥ ১ ॥

শ্রীগৌড়পাদীয়কারিকায়া ভাষ্যম্।

অত্রৈতস্মিন্ যথোক্তেঽর্থে এতে শ্লোকা ভবন্তি। বহিঃপ্রজ্ঞ ইতি। পর্য্যায়েণ ত্রিস্থানত্বাৎ সোঽহমিতি স্মৃত্যা প্রতিসন্ধানাচ্চ স্থানত্রয়ব্যতিরিক্তত্বমেকত্বং শুদ্ধত্বমসঙ্গত্বঞ্চ সিদ্ধমিত্যভিপ্রায়ঃ। মহামৎস্যাদিদৃষ্টান্তশ্রুতেঃ ॥১॥

বহিঃপ্রজ্ঞ বৈশ্বানর, অন্তঃপ্রজ্ঞ তৈজস ও ঘনপ্রজ্ঞ প্রাজ্ঞপুরুষ, এক আত্মাই এই ত্রিধা বিভক্ত হইয়াছেন। বৈশ্বানর জাগরণস্থানীয়, তৈজসপুরুষ স্বপ্নস্থানীয় এবং প্রাজ্ঞপুরুষ সুষুপ্তিস্থানীয়। পরমাত্মা এই স্থানত্রয়ব্যাপী পুরুষত্রয় হইতে অতিরিক্ত; সুতরাং তিনি শুদ্ধ, অসঙ্গ ও অদ্বিতীয় ইহাই প্রতিপন্ন হইল। তাঁহার রাগদ্বেষাদি কোনরূপ মলসম্পর্ক নাই। যেমন অতি বলবান্ তিমিমৎস্য মহানদীর স্রোতোমধ্যে সঞ্চরণ করে, কিন্তু তাহাতে সেই নদীকূলস্থিত কোন দোষ বা গুণ সেই তিমিতে আসক্ত

দক্ষিণাক্ষিমুখে বিশ্বো মনস্যন্তশ্চ তৈজসঃ।

জাগরিতাবস্থায়ামেব বিশ্বাদীনাং ত্রয়াণামনুভবপ্রদর্শনার্থোঽয়ং শ্লোকঃ। দক্ষিণাক্ষীতি। দক্ষিণমক্ষ্যেব মুখং তস্মিন্ প্রাধান্যেন দ্রষ্টা স্থূলানাং বিশ্বোঽনুভূয়তে। ইন্ধো হ বৈ নামৈষ যোঽয়ং দক্ষণেক্ষন্ পুরুষ ইতি শ্রুতেঃ। ইন্ধো দীপ্তিগুণো বৈশ্বানর আদিত্যান্তর্গতো বৈরাজ আত্মা চক্ষুষি চ দ্রষ্টা একঃ। নম্বন্যো হিরণ্যগর্ভঃ ক্ষেত্রজ্ঞো দক্ষিণেঽ-ক্ষিণ্যক্ষ্ণোর্নিয়ন্তা দ্রষ্টা চান্যো দেহস্বামী ন স্বতো ভেদানভ্যুপগমাৎ। একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ় ইতি শ্রুতেঃ। ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত। অবিভক্তঞ্চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতমিতি স্মৃতেঃ। সর্ব্বেষু করণেষ্ববিশেষেঽপি দক্ষিণাক্ষিণ্যুপলব্ধিপাটবদর্শনাত্তত্র বিশেষেণ নির্দ্দেশো বিশ্বস্য। দক্ষিণাক্ষিগতা রূপং দৃষ্ট্বা নিমীলিতাক্ষস্তদেব স্মরন্ মনস্যন্তঃ স্বপ্ন ইব তদেব বাসনারূপাভিব্যক্তং পশ্যতি। যথাঽত্র তথা স্বপ্নে। অতো মনস্যন্তস্তু তৈজসাপি বিশ্ব এব। আকাশে চ হৃদি স্মরণাখ্যব্যাপারোপরমে প্রাজ্ঞ একীভূতো ঘনপ্রজ্ঞ এব ভবতি। মনো-ব্যাপারাভাবাৎ। দর্শনস্মরণ এব হি মনঃস্পন্দিতে তদভাবে হৃদ্যেবা-বিশেষেণ প্রাণাত্মনাবস্থানম্। প্রাণো হ্যেবৈতান্ সর্ব্বান্ সংবৃঙ্‌ক্ত ইতি শ্রুতেঃ। তৈজসো হিরণ্যগর্ভো মনঃস্থত্বাৎ। লিঙ্গং মনঃ মনোময়োঽয়ং পুরুষ ইত্যাদিশ্রুতিভ্যঃ। নন্থ ব্যাকৃতঃ প্রাণঃ সুষুপ্তে তদাত্মকানি কর-

---

হইতে পারে না। যেমন শ্যেনাদিপক্ষী আকাশমার্গে সঞ্চরণ করে, কিন্তু কখনও তাহারা সেই আকাশ হইতে ভ্রষ্ট হয় না; সেইরূপ আত্মা ক্রমতঃ স্থানত্রয় সঞ্চরণ করিয়াও কোনরূপে সেই সেই স্থানে আশক্ত হয়েন না॥ ১॥

জাগরণাবস্থাতেও বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ এই ত্রয়ের অনুভব প্রদর্শন করিতেছেন।—ওঙ্কাররূপী ব্রহ্মের দক্ষিণাক্ষিমুখে বৈশ্বানর, মনে তৈজস এবং হৃদয়াকাশে প্রাজ্ঞ বিদ্যমান আছেন। এই ত্রিবিধ পুরুষই সেই ওঙ্কাররূপী ব্রহ্মময় পুরুষের দেহেতে অবস্থিতি করিতে-ছেন। (এই বৈশ্বানরপুরুষই সেই স্থূলভূতের দ্রষ্টা, অতএব সহজেই তাঁহার

আকাশেচ হৃদি প্রাজ্ঞস্ত্রিধা দেহে ব্যবস্থিতঃ ॥ ২ ॥

ণানি ভবন্তি কথমব্যাকৃততা। নৈষ দোষঃ অব্যাকৃতস্য দেশকাল-বিশেষাভাবাৎ। যদ্যপি প্রাণাভিমানে সতি ব্যাকৃততৈব প্রাণস্য তথাপি পিণ্ডপরিচ্ছিন্নবিশেষাভিমাননিরোধঃ প্রাণে ভবতীত্যব্যাকৃত এব প্রাণঃ সুষুপ্তে পরিচ্ছিন্নাভিমানবতাম্। যথা প্রাণলয়ে পরিচ্ছিন্নাভিমানিনাং প্রাণো ব্যাকৃতস্তথা প্রাণাভিমানিনোঽপ্যবিশেষাপত্তাবব্যাকৃততা সমানা প্রসববীজাত্মকত্বঞ্চ তদধ্যক্ষশ্চৈকোঽব্যাকৃতাবস্থঃ। পরিচ্ছিন্নাভিমানিনা-মধ্যক্ষাণাঞ্চ তেনৈকত্বমিতি পূর্ব্বোক্তং বিশেষণমেকীভূতঃ প্রজ্ঞানঘন ইত্যা-দ্যুপপন্নম্। তস্মিন্নেতস্মিন্নুক্তহেতুত্বাচ্চ কথং প্রাণশব্দত্বমব্যাকৃতস্য। প্রাণবন্ধনং হি সোম্য মন ইতি শ্রুতেঃ। নন্বু তত্র সদেব সোম্যেতি প্রকৃতং সদ্ব্রহ্ম প্রাণশব্দবাচ্যম্। নৈষ দোষঃ। বীজাত্মকত্বাভ্যুপগমাৎ সতঃ যদ্যপি সদ্ব্রহ্ম প্রাণশব্দবাচ্যং তত্র তথাপি জীবপ্রসবং বীজাত্মকত্ব-মপরিত্যজ্যৈব প্রাণশব্দত্বং সতঃ সচ্ছব্দবাচ্যতা চ। যদি নির্ব্বীজরূপং বিবক্ষিতং ব্রহ্মাঽভবিষ্যৎ নেতি নেতি যতো বাচো নিবর্ত্তন্তে অন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদিত্যবক্ষ্যৎ। ন সত্তন্নাসদুচ্যত ইতি স্মৃতেঃ। নির্ব্বীজতয়ৈব চেৎ সতি লীনানাং সম্পন্নানাং সুষুপ্তপ্রলয়যোঃ পুনরুত্থা-নানুপপত্তিঃ স্যাৎ। মুক্তানাঞ্চ পুনরুৎপত্তিপ্রসঙ্গঃ। বীজাভাবাবিশেষাৎ। জ্ঞানদাহ্যবীজাভাবে চ জ্ঞানানর্থক্যপ্রসঙ্গঃ। তস্মাৎ সবীজত্বাভ্যুপগমনে-নৈব সতঃ প্রাণত্বব্যপদেশঃ সর্ব্বশ্রুতিষু চ কারণত্বব্যপদেশঃ। অত এবা-ক্ষরাৎ পরতঃ পরঃ। সবাহ্যাভ্যন্তরো হ্যজঃ। যতো বাচো নিবর্ত্তন্তে। নেতি নেতীত্যাদিনা বীজবত্তাপনয়নেন ব্যপদেশঃ। তামবীজাবস্থাং তস্যৈব প্রাজ্ঞশব্দবাচ্যস্য তুরীয়ত্বেন দেহাদিসম্বন্ধরহিতাং পারমার্থিকীং পৃথগ্বক্ষ্যতি। বীজাবস্থাপি ন কিঞ্চিদবেদিষমিত্যুত্থিতস্য প্রত্যয়দর্শনা-দ্দেহেঽনুভূয়ত এবেতি ত্রিধা দেহে ব্যবস্থিত ইত্যুচ্যতে ॥ ২ ॥

অনুভব হইতেছে। সকলপ্রকার ইন্দ্রিয় অবিশেষ হইলেও দক্ষিণ-চক্ষুর জ্ঞানসাধনে পটুতাহেতু দক্ষিণচক্ষুরূপে বিশেষ প্রদর্শন করি-য়াছেন। দক্ষিণচক্ষুঃস্থিত বৈশ্বানর রূপসকল দর্শন করিয়া নিমীলিতাক্ষ

বিশ্বো হি স্থূলভুঙ্‌নিত্যং তৈজসঃ প্রবিবিক্তভুক্।
আনন্দভুক্ তথা প্রাজ্ঞস্ত্রিধা ভোগং নিবোধত ॥ ৩ ॥
স্থূলং তর্পয়তে বিশ্বং প্রবিবিক্তস্তু তৈজসম্।
আনন্দশ্চ তথা প্রাজ্ঞং ত্রিধা তৃপ্তিং নিবোধত ॥ ৪ ॥
ত্রিষু ধামসু যদ্ভোজ্যং ভোক্তা যশ্চ প্রকীর্ত্তিতঃ।

উক্তার্থৌ শ্লোকৌ ॥ ৩ ॥ ৪ ॥

ত্রিষু ধামসু জাগ্রদাদিষু স্থূলপ্রবিবিক্তানন্দাখ্যং ভোজ্যমেকং ত্রিধা ভূতম্। যশ্চ বিশ্বতৈজসপ্রাজ্ঞাখ্যো ভোক্তৈকঃ সোঽহমিত্যেকত্বেন প্রতিসন্ধানাৎ দ্রষ্টৃত্বাবিশেষাচ্চ প্রকীর্ত্তিতঃ। যো বেদৈতদুভয়ং ভোজ্য-

---

হইলেও মনে মনে বাসনার অনুরূপ স্মরণ হয়, ইহাই মনোগত তৈজস-পুরুষের কার্য্য। যখন স্মরণাখ্য মানসিকব্যাপার নিবৃত্ত হয়, তখন সেই হৃদয়াকাশগত প্রাজ্ঞ একীভূত হইয়া ঘনপ্রজ্ঞ হয়েন। মনঃ-স্পন্দিত হইলেই দর্শন ও স্মরণ হয়, সেই মনঃস্পন্দনের অভাব হইলেই হৃদয়াকাশে অবিশেষে প্রাণরূপে অবস্থান হয় ॥ ২ ॥

পূর্ব্বকারিকাতে বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞের দেহাবস্থান প্রদর্শন করিয়া এই শ্লোকে সেই বৈশ্বানরাদির ত্রিবিধভোগ দেখাইতেছেন।—বৈশ্বানরপুরুষ স্থূলভোক্তা ইনি বিষয়ভোগ করিয়া থাকেন, তৈজসপুরুষ প্রবিবিক্তভুক্, অর্থাৎ বাসনামাত্র ভোগ করেন এবং প্রাজ্ঞপুরুষ আনন্দ-ভোগ করেন। অতএব ওঙ্কাররূপী ব্রহ্মের ত্রিবিধভোগ অনুমিত হইল ॥৩॥

পূর্ব্বকারিকাতে ত্রিবিধভোগ প্রদর্শন করিয়া এইক্ষণ সেই ভোগজন্য ত্রিবিধ তৃপ্তি নিরূপণ করিতেছেন।—বৈশ্বানরপুরুষের বিষয়ভোগে তৃপ্তি হয়, তৈজসপুরুষের তৃপ্তি বাসনাভোগজন্য এবং আনন্দভোগে প্রাজ্ঞের তৃপ্তি হইয়া থাকে; এইরূপে ত্রিবিধ তৃপ্তি জানিবে ॥ ৪ ॥

জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই স্থানত্রয়ে স্থূল, প্রবিবিক্ত ও আনন্দ এই ত্রিবিধ ভোজ্য এবং বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ এই ত্রিবিধ ভোক্তা উক্ত

বেদৈতদুভয়ং যস্তু সভুঞ্জানো ন লিপ্যতে ॥ ৫ ॥
প্রভবঃ সর্ব্বভাবানাং সতামিতি বিনিশ্চয়ঃ।

ভোক্তৃতয়াঽনেকধা ভিন্নং স ভুঞ্জানো ন লিপ্যতে। ভোজ্যস্য সর্ব্বস্যৈকস্য ভোক্তুর্ভোজ্যত্বাৎ। ন হি যস্য যো বিষয়ঃ স তেন হীয়তে বর্দ্ধতে বা। ন হ্যগ্নিঃ স্ববিষয়ং দগ্ধ্বা কাষ্ঠাদি তদ্বৎ ॥ ৫ ॥

সতাং বিদ্যমানানাং স্বেনাবিদ্যাকৃতনামরূপমায়াস্বরূপেণ সর্ব্বভাবানাং বিশ্বতৈজসপ্রাজ্ঞভেদানাং প্রভব উৎপত্তিঃ। বক্ষ্যতি চ। বন্ধ্যাপুত্রো ন তত্ত্বেন মায়য়া বাপি জায়ত ইতি। যদি হ্যসতামেব জন্ম স্যাদ্ব্রহ্মণো ব্যবহার্য্যস্য গ্রহণদ্বারাভাবাদসত্ত্বপ্রসঙ্গঃ। দৃষ্টঞ্চ রজ্জুসর্পাদীনামবিদ্যাকৃতমায়াবীজোৎপন্নানাং রজ্জ্বাদ্যাত্মনা সত্ত্বম্। ন হি নিরাস্পদা রজ্জুসর্পমৃগতৃষ্ণিকাদয়ঃ কচিদুপলভ্যন্তে কেনচিৎ। যথা রজ্জ্বাং প্রাক্ সর্পোৎপত্তেঃ রজ্জ্বাত্মনা সর্পঃ সন্নেবাসীৎ। এবং সর্ব্বভাবানামুৎপত্তেঃ প্রাক্প্রাণবীজাত্মনৈব সত্ত্বমিতি। অতঃ শ্রুতিরপি বক্তি ব্রহ্মৈবেদমাত্মৈবেদমগ্র আসীদিতি। সর্ব্বং জনয়তি প্রাণশ্চেতোংঽশূনংশব ইব রবেশ্চিদা-

---

হইয়াছে। উক্ত ভোজ্যত্রয়ও ত্রিবিধ ভোক্তা এবং এই ভোজ্য ও ভোক্তা উভয়ই এক। যে ব্যক্তি এই উভয়ের ঐক্যজ্ঞান করে, সেই ব্যক্তি কোন বিষয়ে লিপ্ত হয় না এবং (উক্ত ত্রিবিধ ভোজ্যেরই ভোগকর্ত্তা এক) যে বস্তু যাহার ভোজ্য সেই বস্তুভোগে ভোক্তার কোন হ্রাস বৃদ্ধিও হয় না। যেমন অগ্নিকাষ্ঠাদি দগ্ধ করে বটে, কিন্তু তাহাতে অগ্নির কোন ইতরবিশেষ হয় না, সেইরূপ ভোগকর্ত্তা স্ব স্ব বিষয়ভোগ করিলেও তাহাতে তাহার কোন বৈষম্য হইতে পারে না ॥ ৫ ॥

বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ এই ত্রিবিধ পুরুষের মধ্যে প্রাজ্ঞই বিশ্বের কারণ, অতএব এইক্ষণ এই সংশয় হইতে পারে যে, তিনি কি সদ্বস্তুর, অথবা অসদ্বস্তুরকারণ? এই সংশয়ের নিরাকরণার্থ বলিতেছেন।—সেই প্রাজ্ঞই বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞপ্রভৃতি সতের কারণ, তাঁহার মায়াতেই বৈশ্বানরাদি সর্ব্বভাবের উৎপত্তি হইয়াছে, তাঁহার সৃষ্টি ভ্রান্তিমাত্র; যথার্থ

সর্ব্বং জনয়তি প্রাণশ্চেতোংহশূন্ পুরুষঃ পৃথক্ ॥ ৬ ॥
বিভূতিং প্রসবন্ত্বন্যে মন্যন্তে সৃষ্টিচিন্তকাঃ।
স্বপ্নমায়াস্বরূপেতি সৃষ্টিরন্যৈর্ব্বিকল্পিতা ॥ ৭ ॥

স্বকস্য পুরুষস্য চেতোরূপা জলার্কসমাঃ প্রাজ্ঞতৈজসবিশ্বভেদেন দেবতির্য্যগাদিদেহভেদেষু বিভাব্যমানাশ্চেতোংহশবো যে তান্ পুরুষঃ পৃথগ্বিষয়ভাববিলক্ষণানগ্নিবিস্ফুলিঙ্গবৎ সলক্ষণান্ জলার্কবচ্চ জীবলক্ষণাংস্বিতরান্ সর্ব্বভাবান্ প্রাণবীজাত্মা জনয়তি যথোর্ণনাভিঃ। যথাগ্নের্ব্বিস্ফুলিঙ্গা ইত্যাদি শ্রুতেঃ ॥ ৬ ॥

বিভূতির্ব্বিস্তার ঈশ্বরস্য সৃষ্টিরিতি সৃষ্টিচিন্তকা মন্যন্তে ন তু পরমার্থচিন্তকানাং সৃষ্টাবাদর ইত্যর্থঃ। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়ত ইত্যাদিশ্রুতেঃ। ন হি মায়াবিনঃ সূত্রমাকাশে নিঃক্ষিপ্যতে ন তদায়ুধমারুহ্য চক্ষুর্গোচরতামতীত্য যুদ্ধেন খণ্ডশশ্ছিন্নং পতিতং পুনরুত্থিতঞ্চ পশ্যতাং তৎকৃতমায়াদি সতত্ত্বচিন্তায়ামাদরো ভবিষ্যতি। তথৈবায়ং মায়াবিনঃ সূত্রপ্রসারণসমঃ সুষুপ্তস্বপ্নাদিবিকাসস্তদারূঢ়মায়াবিসমঞ্চ তৎস্থপ্রাজ্ঞতৈজসাদিঃ সূত্রতদারূঢ়াভ্যামন্যঃ পরমার্থমায়াবী। স এব ভূমিষ্ঠো মায়াচ্ছন্নোংহদৃশ্যমান এব স্থিতো যথা তথা তুরীয়াখ্যং পরমার্থতত্ত্বম্। অতস্তচ্চিন্তায়ামেবাদরো মুমুক্ষূণামার্য্যাণাং ন নিষ্প্রয়োজনায়াং সৃষ্টাবাদর ইতি। অতঃ সৃষ্টিচিন্তকানামেবৈতে বিকল্পা ইত্যাহ স্বপ্নমায়াস্বরূপেতি। স্বপ্নস্বরূপা চেতি ॥ ৭ ॥

নহে। মায়ার আশ্রয়ে সৃষ্টি হইয়া থাকে। যেমন "বন্ধ্যার পুত্র" ইহা কেবল ভ্রান্তিভিন্ন যথার্থ নহে; সেইরূপ প্রাজ্ঞপুরুষ পৃথক্ পৃথক্‌রূপে প্রাণচিত্তপ্রভৃতি বীজরূপে সৃষ্টি করিয়াছেন ॥ ৬ ॥

অন্যান্য সৃষ্টিবিচারতৎপর পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, এই সৃষ্টি কেবল তাঁহার মাহাত্ম্য বিস্তারমাত্র। অন্যান্য সৃষ্টিবাদীরা এই সৃষ্টিকে স্বপ্ন ও মায়াস্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। যাঁহারা পরমার্থচিন্তক তাঁহাদিগের সৃষ্টিবিষয়ে আদর নাই। পরমার্থচিন্তকপণ্ডিতগণ কেবল ঈশ্বরের,

ইচ্ছামাত্রং প্রভোঃ সৃষ্টিরিতি সৃষ্টৌ বিনিশ্চিতাঃ।
কালাৎ প্রসূতিং ভূতানাং মন্যন্তে কালচিন্তকাঃ ॥ ৮ ॥
ভোগার্থং সৃষ্টিরিত্যন্যে ক্রীড়ার্থমিতি চাপরে।
দেবস্যৈষ স্বভাবোঽয়মাপ্তকামস্য কা স্পৃহা ॥ ৯ ॥

ইচ্ছামাত্রং প্রভোঃ সত্যসঙ্কল্পত্বাৎসৃষ্টির্ঘটাদিঃ সঙ্কল্পনামাত্রং ন সঙ্কল্পনাতিরিক্তং কালাদেব সৃষ্টিরিতি কেচিৎ ॥ ৮ ॥

ভোগার্থং ক্রীড়ার্থমিতি চান্যে সৃষ্টিং মন্যন্তে। অনয়োঃ পক্ষয়োর্দূষণং দেবস্যৈব স্বভাবোঽয়মিতি। দেবস্য স্বভাবপক্ষমাশ্রিত্য সর্ব্বেষাং বা পক্ষাণামাপ্তকামস্য কা স্পৃহেতি ॥ ৯ ॥

স্বরূপ নির্ণয়ে তৎপর থাকেন, সৃষ্টি বিচার করা তাঁহাদিগের উদ্দেশ্য নহে। কেবল যাঁহারা সৃষ্টিচিন্তক, তাঁহারাই এই সৃষ্টিবিষয়ে নানারূপ কল্পনা করিয়া থাকেন ॥ ৭ ॥

অন্যান্য বাদীরা বলিয়া থাকেন যে, প্রভুর ইচ্ছামাত্রই সৃষ্টি হইয়া থাকে। যাঁহারা কালচিন্তক, অর্থাৎ জ্যোতির্ব্বিদ, তাঁহারা বলিয়া থাকেন যে, কালক্রমে সৃষ্টি হইয়া থাকে। অতএব সৃষ্টিবিষয়ে কোন কারণ নাই, কালে সমুদায় পদার্থ আপনিই উৎপন্ন হইয়া থাকে। সমস্ত কারণ বিদ্যমান থাকিলেও কুম্ভকারের ইচ্ছা না হইলে ঘটের উৎপত্তি হয় না এবং যখন সেই কুম্ভকারের ইচ্ছা হয়, তখনই ঘটের উৎপত্তি হইয়া থাকে। এইস্থলে যেমন কুম্ভকারের ইচ্ছাই কারণ, সেইরূপ ঈশ্বরের ইচ্ছাই এই জগৎসৃষ্টির প্রতি কারণ বলিয়া প্রতিপন্ন হইতেছে ॥ ৮ ॥

অপরাপর সৃষ্টিবাদীরা বলিয়া থাকেন যে, ভোগের নিমিত্ত অথবা ক্রীড়ার্থ ঈশ্বর এই জগৎসৃষ্টি করিয়াছেন, ইহা সুসঙ্গত পক্ষ নহে; যেহেতু প্রাপ্তকামীর কোনরূপ স্পৃহা নাই। পরমেশ্বর সর্ব্বপ্রকারে পূর্ণকামী, সুতরাং তিনি স্পৃহাবিহীন। অতএব তিনি যে আপন ভোগার্থ, কিম্বা ক্রীড়ারনিমিত্ত সৃষ্টি করিয়াছেন, ইহা সম্ভবপর নহে। অপরাপর বাদীরা বলিয়া থাকেন যে, উৎপাদন করাই পরমেশ্বরের স্বভাব, তাহাতে কোন

নিবৃত্তেঃ সর্ব্বদুঃখানামীশানঃ প্রভুরব্যয়ঃ।
অদ্বৈতঃ সর্ব্বভাবানাং দেবস্তুর্য্যো বিভুঃ স্মৃতঃ॥ ১০॥
কার্য্যকারণবদ্ধৌ তাবিষ্যেতে বিশ্বতৈজসৌ।

অত্রৈতে শ্লোকা ভবন্তি॥ প্রাজ্ঞতৈজসবিশ্বলক্ষণানাং সর্ব্বদুঃখানাং নিবৃত্তেরীশানস্তুরীয় আত্মা। ঈশান ইত্যস্য পদস্য ব্যাখ্যানং প্রভুরিতি। দুঃখনিবৃত্তিং-প্রতি প্রভুর্ভবতীত্যর্থঃ। তদ্বিজ্ঞাননিমিত্তত্বাদ্দুঃখনিবৃত্তেঃ। অব্যয়ো ন ব্যেতি স্বরূপান্ন ব্যভিচরতীতি যাবৎ। এতৎকুতঃ। যস্মাদদ্বৈতঃ সর্ব্বভাবানাং রজ্জুসর্পবন্মৃষাত্বাৎস এষ দেবো দ্যোতনাত্তুরীয়শ্চতুর্থো বিভুর্ব্যাপী স্মৃতঃ॥ ১০॥

বিশ্বাদীনাং সামান্যবিশেষভাবো নিরূপ্যতে তুর্য্যযাথাত্ম্যাবধারণার্থম্।

কারণ নাই। তিনি আপন স্বভাববশতঃই উৎপাদন করিতেছেন, ইত্যাদি নানাপ্রকার উৎপাদনের কারণ উক্ত হইয়াছে। কিন্তু ঐরূপ সৃষ্টি যুক্তিযুক্তবোধ হয় না, কেবল সেই পরমাত্মার মায়াই সৃষ্টির কারণ বলিয়া প্রতিপন্ন হইতেছে। অতএব ঈশ্বর মায়াময় হইয়া এই অনন্তব্রহ্মাণ্ড উৎপাদন করিয়াছেন॥ ৯॥

যিনি ওঙ্কাররূপী পরব্রহ্মের চতুর্থপাদস্বরূপ পরমাত্মা, তিনি সর্ব্বপ্রকার দুঃখনিবৃত্তির প্রভু এবং সেই পরমাত্মাই বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ ইহাদিগের সর্ব্বপ্রকার দুঃখনিবারণ করেন, অর্থাৎ সেই পরমাত্মার পরিজ্ঞান হইলেই সর্ব্বপ্রকার দুঃখনিবৃত্তি হইয়া থাকে। তিনি অব্যয়, কখনও তাঁহার স্বরূপের অন্যথাভাব হয় না, সেই পরমাত্মা সর্ব্বদা একরূপই থাকেন। যেহেতু তিনি সর্ব্বভাবের অদ্বৈত। যেমন রজ্জুতে সর্পভ্রম হয়, কিন্তু কোনরূপেও সেই রজ্জুকে সর্প বলিয়া স্বীকার করা যায় না। সেইরূপ জগৎকেও সত্যজ্ঞান করা যাইতে পারে না, কেবল সেই পরমাত্মাই সত্যরূপে প্রকাশ পাইয়া থাকেন এবং এই পরমাত্মাই চতুর্থপাদ বলিয়া উক্ত হইয়াছেন॥ ১০॥

তুরীয়পাদস্বরূপ পরমাত্মার স্বরূপ নির্ণয়ার্থ বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ

প্রাজ্ঞঃ কারণবদ্ধস্তু দ্বৌ তৌ তুর্য্যে ন সিধ্যতঃ ॥ ১১ ॥
নাত্মানং নাপরাংশ্চৈব ন সত্যং নাপি চাঽনৃতম্।
প্রাজ্ঞঃ কিঞ্চন সংবেত্তি তুর্য্যং তৎ সর্ব্বদৃক্ সদা ॥১২॥

কার্য্যং ক্রিয়ত ইতি ফলভাবঃ। কারণং করোতীতি বীজভাবঃ। তত্ত্বাগ্রহণান্যথাগ্রহণাভ্যাং বীজফলভাবাভ্যাং তৌ যথোক্তৌ বিশ্বতৈজসৌ বদ্ধৌ সংগৃহীতাবিষ্যেতে। প্রাজ্ঞস্তু বীজভাবেনৈব বদ্ধঃ। তত্ত্বাপ্রতিবোধমাত্রমেব হি বীজং প্রাজ্ঞত্বেনিমিত্তম্। ততো দ্বৌ তৌ বীজফলভাবৌ তত্ত্বাগ্রহণান্যথাগ্রহণে তুর্য্যে ন সিধ্যতো ন বিদ্যেতে ন সম্ভবত ইত্যর্থঃ ॥ ১১ ॥

কথং পুনঃ কারণবদ্ধত্বং প্রাজ্ঞস্য তুরীয়ে বা তত্ত্বাগ্রহণান্যথাগ্রহণলক্ষণৌ বন্ধৌ ন সিধ্যত ইতি। যস্মাদাত্মবিলক্ষণমবিদ্যাবীজপ্রভূতং বাহ্যং দ্বৈতং প্রাজ্ঞো ন কিঞ্চন সংবেত্তি যথা বিশ্বতৈজসৌ ততশ্চাসৌ তত্ত্বাগ্রহণেন তমসা অন্যথাগ্রহণবীজভূতেন বদ্ধো ভবতি। যস্মাত্তুরীয়ং তৎসর্ব্বদৃক্ সদা তুরীয়াদন্যস্যাভাবাৎসর্ব্বদা সদেবেতি। সর্ব্বঞ্চ তদ্দৃক্চেতি সর্ব্বদৃক্তস্মান্ন-তত্ত্বাগ্রহণলক্ষণং বীজম্। তত্র তৎপ্রসূতস্যান্যথাগ্রহণস্যাপ্যত এবাভাবো ন হি সবিতরি সদা প্রকাশাত্মকে তদ্বিরুদ্ধমপ্রকাশনং অন্যথা প্রকাশনং বা সম্ভবতি। ন হি দ্রষ্টুর্দৃষ্টের্ব্বিপরিলোপো বিদ্যত ইতি শ্রুতেঃ। অথবা জাগ্রৎস্বপ্নয়োঃ সর্ব্বভূতাবস্থঃ সর্ব্ববস্তুদৃগাভাসস্তুরীয় এবেতি সর্ব্বদৃক্ সদা। নান্যদতোঽস্তি দ্রষ্টৃ ইত্যাদিশ্রুতেঃ ॥ ১২ ॥

ইহাদিগের সামান্য বিশেষভাব নিরূপণ করিতেছেন।—বৈশ্বানরাদির অবান্তর বিশেষ নিরূপণদ্বারা সেই পরমাত্মপরিজ্ঞান হইয়া থাকে। বৈশ্বানর ও তৈজস ইহারা কার্য্যকারণভাবে আবদ্ধ আছেন এবং প্রাজ্ঞও কারণরূপে সম্বদ্ধ রহিয়াছেন। কিন্তু তুরীয়পরমাত্মাতে বীজভাব অথবা ফলভাব কিছুই নাই, অর্থাৎ তিনি কার্য্যকারণভাববিহীন ॥ ১১॥

কিরূপে প্রাজ্ঞ কারণবদ্ধ এবং কেনই বা তুরীয়ব্রহ্ম কার্য্যকারণভাববিহীন, তাহাই নিরূপণ করিতেছেন।—প্রাজ্ঞ আত্মা, পর, সত্য ও মিথ্যা কিছুই জানেন না; কিন্তু তুরীয়পরমাত্মা সর্ব্বদা সর্ব্ববিষয় জানিতে পারেন,

দ্বৈতস্যাগ্রহণং তুল্যমুভয়োঃ প্রাজ্ঞতুর্য্যয়োঃ।
বীজনিদ্রাযুতঃ প্রাজ্ঞঃ সা চ তুর্য্যে ন বিদ্যতে ॥ ১৩ ॥

নিমিত্তান্তরপ্রাপ্তাশঙ্কানিবৃত্ত্যর্থোঽয়ং শ্লোকঃ। কথং দ্বৈতাগ্রহণস্য তুল্যত্বাৎকারণবন্ধত্বং প্রাজ্ঞস্যৈব ন তুরীয়স্যেতি প্রাপ্তাশঙ্কা নিবর্ত্ত্যতে। যস্মাদ্বীজনিদ্রাযুতস্তত্ত্বাপ্রতিবোধো নিদ্রা। সৈব চ বিশেষপ্রতিবোধপ্রসবস্য বীজং। সা বীজনিদ্রা। তয়া যুতঃ প্রাজ্ঞঃ সদা দৃক্স্বভাবত্বাত্তত্ত্বাপ্রতিবোধলক্ষণা নিদ্রা তুরীয়ে ন বিদ্যতে। অতো ন কারণবন্ধস্তস্মিন্নিত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

যেহেতু তিনি সর্ব্বদা সর্ব্বপদার্থ দর্শন করিয়া থাকেন। যিনি সর্ব্বদৃক্ তাঁহার কোন পদার্থই অগোচর থাকে না। যেমন জগৎপ্রকাশক সূর্য্য সর্ব্বদা সকল পদার্থ প্রকাশ করিয়া থাকেন, তাঁহার কখনও অপ্রকাশের সম্ভব নাই। সেইরূপ তুরীয়ব্রহ্মও সর্ব্বদ্রষ্টা, অতএব তাঁহার কদাচ সেই দৃষ্টির বিলোপ হয় না ॥ ১২ ॥

অনুমানাদি কোন নিমিত্ত বশতঃ যদি সেই তুরীয়ব্রহ্মেতে কারণাবদ্ধ শঙ্কা হয়, এই শ্লোকে তাহাই নিবারণ করিতেছেন, অর্থাৎ দ্বৈতজ্ঞানের তুল্যত্বহেতু কেবল প্রাজ্ঞেতেই বা কারণবদ্ধ কেন এবং সেই তুরীয় ব্রহ্মেতেই কারণবদ্ধত্ব নাই কেন? এইরূপ উপস্থিত আশঙ্কার নিবৃত্তি হইবে।—যেমন তুরীয়ব্রহ্মের দ্বৈতজ্ঞান হয় না, সেইরূপ প্রাজ্ঞেরও দ্বৈতজ্ঞানের সম্ভব নাই। অতএব যদিও উভয়ই কারণবদ্ধ হইতে পারেন, কিন্তু প্রাজ্ঞ বীজনিদ্রাযুক্ত এবং তুরীয়ব্রহ্মের সেই বীজ নিদ্রা নাই। প্রাজ্ঞ তত্ত্বের অপ্রতিবোধরূপ নিদ্রায় অভিভূত আছেন, অতএব তাঁহার বিশেষরূপ প্রতিবোধ হইতে পারে না, কিন্তু তুরীয়ব্রহ্মে সেই অপ্রতিবোধরূপ নিদ্রা নাই, সুতরাং তাহার বিশেষ প্রতিবোধের কোনরূপ প্রতিবন্ধকও নাই। অতএব প্রাজ্ঞই কারণবদ্ধ এবং তুরীয়ব্রহ্ম কারণবদ্ধ নহেন; সুতরাং পূর্ব্বোক্ত আশঙ্কার নিবৃত্তি হইল ॥ ১৩ ॥

স্বপ্ননিদ্রাযুতাবাদ্যৌ প্রাজ্ঞস্ত্বস্বপ্ননিদ্রয়া।
ন নিদ্রাং নৈব চ স্বপ্নং তুর্য্যে পশ্যন্তি নিশ্চিতাঃ॥ ১৪ ॥
অন্যথা গৃহ্নতঃ স্বপ্নো নিদ্রাতত্ত্বমজানতঃ।

স্বপ্নোঽন্যথাগ্রহণং সর্প ইব রজ্জ্বাং। নিদ্রোক্তা তত্ত্বাপ্রতিবোধলক্ষণং তম ইতি। তাভ্যাং স্বপ্ননিদ্রাভ্যাং যুক্তৌ বিশ্বতৈজসৌ। অতস্তৌ কার্য্যকারণবদ্ধাবিত্যুক্তৌ। প্রাজ্ঞস্তু স্বপ্নবর্জ্জিতঃ কেবলয়ৈব নিদ্রয়া যুত ইতি কারণবদ্ধ ইত্যুক্তম্। নোভয়ং পশ্যন্তি তুরীয়ে নিশ্চিতা ব্রহ্মবিদো বিরুদ্ধত্বাৎসবিতরীব তমঃ। অতো ন কার্য্যকারণবদ্ধ ইত্যুক্তস্তুরীয়ঃ॥ ১৪ ॥

কদা তুরীয়ে নিশ্চিতো ভবতীত্যুচ্যতে। স্বপ্নজাগরিতয়োরন্যথা রজ্জ্বাং সর্প ইব গৃহ্নতস্তত্ত্বং স্বপ্নো ভবতি। নিদ্রাতত্ত্বমজানতস্তিস্ষবস্থাসু তুল্যা। স্বপ্ননিদ্রয়োস্তুল্যত্বাদ্বিশ্বতৈজসয়োরেকরাশিত্বম্। অন্যথাগ্রহণাৎ প্রাধান্যাচ্চ গুণভূতা নিদ্রেতি তস্মিন্ বিপর্য্যাসঃ স্বপ্নঃ। তৃতীয়ে তু স্থানে তত্ত্বা-

---

পূর্ব্বে উক্ত হইয়াছে যে, বৈশ্বানর ও তৈজসপুরুষ কার্য্যকারণবদ্ধ এবং প্রাজ্ঞ কারণবদ্ধ, এই শ্লোকে উক্ত কার্য্যকারণবদ্ধের বিশেষ বিবরণ করিতেছেন।—যেমন রজ্জুতে সর্পের ভ্রান্তি হয়, সেইরূপ এক পদার্থে অন্যপ্রকার জ্ঞানের নাম স্বপ্ন এবং তত্ত্বের অপ্রতিবোধই নিদ্রা। বৈশ্বানর ও তৈজস এই উভয়ই স্বপ্ন ও নিদ্রাযুক্ত, অতএব সেই বৈশ্বানর ও তৈজস ইহারা কার্য্যকারণবদ্ধ। প্রাজ্ঞের স্বপ্ন নাই, কিন্তু কেবল নিদ্রাদ্বারা অভিভূত, এইনিমিত্ত সেই প্রাজ্ঞ কারণবদ্ধ। কিন্তু তুরীয়ব্রহ্মে স্বপ্নও নাই এবং নিদ্রাও নাই, অতএব তিনি কার্য্যকারণবদ্ধও নহেন এবং কারণবদ্ধও নহেন। যেমন সূর্য্যেতে অন্ধকারের সম্ভব নাই, সেইরূপ তুরীয়ব্রহ্মে স্বপ্ন ও নিদ্রা নাই, অতএব তাঁহাকে কার্য্যকারণবদ্ধ, অথবা কারণবদ্ধ বলা যায় না॥ ১৪ ॥

কখন বা স্বপ্ন হয় এবং কখনই বা নিদ্রা হয়, এই আশঙ্কায় বলিতেছেন।—যেমন রজ্জুতে সর্পভ্রম হইলে, রজ্জুকে রজ্জু বলিয়া গ্রহণ করিতে পারে না, সেইরূপ যখন স্বপ্ন ও জাগরণ এই উভয়ের তত্ত্বগ্রহণ করিতে

বিপর্য্যাসে তয়োঃ ক্ষীণে তুরীয়ং পদমশ্নুতে ॥ ১৫ ॥
অনাদিমায়য়া সুপ্তো যদা জীবঃ প্রবুধ্যতে।

জ্ঞানলক্ষণা নিদ্রৈব কেবলা বিপর্য্যাসঃ। অতস্তয়োঃ কার্য্যকারণস্থানয়ো-রন্যথাগ্রহণাগ্রহণলক্ষণবিপর্য্যাসে কার্য্যকারণবন্ধরূপে পরমার্থতত্ত্বপ্রতি-বোধতঃ ক্ষীণে তুরীয়ে পদমশ্নুতে তদোভয়লক্ষণং বন্ধরূপং তত্রাপশ্যন্ তুরীয়ে নিশ্চিতো ভবতীত্যর্থঃ ॥ ১৫ ॥

যোঽয়ং সংসারী জীবঃ স উভয়লক্ষণেন তত্ত্বাপ্রতিবোধরূপেণ বীজা-ত্মনা অন্যথাগ্রহণলক্ষণেন চানাদিকালপ্রবৃত্তেন মায়ালক্ষণেন স্বপ্নেন মমায়ং পিতা পুত্রোঽয়ং নপ্তা ক্ষেত্রং পশবোঽহমেষাং স্বামী সুখী দুঃখী ক্ষয়িতো-ঽহমনেন বর্দ্ধিতশ্চানেনেত্যেবংপ্রকারান্ স্বপ্নান্ স্থানদ্বয়েঽপি পশ্যন্ সুপ্তো যদা বেদান্তার্থতত্ত্বাভিজ্ঞেন পরমকারুণিকেন গুরুণা নাস্যেবং ত্বং হেতু-ফলাত্মকঃ কিন্তু তত্ত্বমসীতি প্রতিবোধ্যমানো যদা তদৈবং প্রতিবুধ্যতে। কথং নাস্মিন্ বাহ্যমাভ্যন্তরং বা জন্মাদিভাববিকারোঽস্ত্যতোঽজং সবাহ্যা-

---

পারে না, তখনই স্বপ্ন হইয়া থাকে এবং যখন জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই অবস্থাত্রয়ের তত্ত্বনির্ণয় করিতে পারে না এবং অবস্থাত্রয়ই তুল্যরূপে জ্ঞান হয়, তখনই নিদ্রা হইয়া থাকে। স্বপ্ন ও নিদ্রা এই উভয়ের বিপর্য্যাস ক্ষীণ হইলেই তুরীয়পাদ নিশ্চিত হইয়া থাকে। স্বপ্ন ও নিদ্রা এই উভ-য়ের তুল্যত্বহেতু বৈশ্বানর ও তৈজস এই উভয়েরও একত্ববোধ হয়। যখন পরমার্থতত্ত্বের প্রতিবোধ হইয়া কার্য্যকারণ সম্বন্ধক্ষয় প্রাপ্ত হয়, তখনই সেই তুরীয়ব্রহ্মে নিশ্চয় জ্ঞান হইয়া থাকে ॥ ১৫ ॥

কখন তত্ত্বজ্ঞানের কারণীভূত সংসারের সত্যত্ব জ্ঞানের ক্ষয় হইয়া সেই তুরীয়ব্রহ্মতত্ত্ব প্রকাশ পায়? এই আশঙ্কায় বলিতেছেন।—সংসারী জীব যখন অনাদিমায়াদ্বারা প্রসুপ্ত হইয়া পরে প্রতিবোধ প্রাপ্ত হয় তখনই অজ, অনিদ্র, অস্বপ্ন ও অদ্বৈত তুরীয়ব্রহ্মকে জানিতে পারে। যখন জীব সংসারে থাকে, তখন অনাদিমায়াস্বরূপ স্বপ্ন অর্থাৎ আমা পিতা, আমার পুত্র, আমার নপ্তা, (নাতি) আমার ক্ষেত্র, আমা

অজমনিদ্রমস্বপ্নমদ্বৈতং বুধ্যতে তদা ॥ ১৬ ॥
প্রপঞ্চো যদি বিদ্যেত নিবর্ত্তেত ন সংশয়ঃ।

ভ্যন্তরসর্ব্বভাববিকারবর্জ্জিতমিত্যর্থঃ। যস্মাজ্জন্মাদিকারণভূতং নাস্মিন্ন-বিদ্যাতমোবীজং নিদ্রা বিদ্যত ইত্যনিদ্রম্। অনিদ্রং হি তত্তুরীয়মত এবাস্বপ্নম্। তন্নিমিত্তত্বা দন্যথা গ্রহণস্য। যস্মাচ্চানিদ্রস্বপ্নং তস্মাদজমদ্বৈতং তুরীয়মাত্মানং বুধ্যতে তদা ॥ ১৬ ॥

প্রপঞ্চনিবৃত্ত্যা চেৎপ্রতিবুধ্যতেঽনিবৃত্তে প্রপঞ্চে কথমদ্বৈতমিতি। উচ্যতে। সত্যমেবং স্যাৎপ্রপঞ্চো যদি বিদ্যেত রজ্জ্বাং সর্প ইব কল্পিতত্বাৎ ন তু স বিদ্যতে বিদ্যমানশ্চেন্নিবর্ত্তেত ন সংশয়ঃ। ন হি রজ্জ্বাং ভ্রান্তি-বুদ্ধ্যা কল্পিতঃ সর্পো বিদ্যমানঃ সন্ বিবেকতো নিবৃত্তঃ। নৈব মায়া মায়া-

---

পশু, আমি পুত্রাদির স্বামী, আমি সুখী, আমি দুঃখী; আমি ইহাদিগের ক্ষয়ে ক্ষীণ হই এবং আমি ইহাদিগের বৃদ্ধিতে বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকি, ইত্যাদি স্বপ্ন দর্শনকরত জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় সুষুপ্ত থাকে, অর্থাৎ উক্ত পুত্রকলত্রাদির মায়াদ্বারা সমাচ্ছন্ন হইয়া তত্ত্বপর্য্যা-লোচনা করিতে পারে না। পরে যখন বেদান্ততত্ত্বপারদর্শী পরমহিতৈষী করুণাময় গুরু পুত্রাদির অসারত্ব প্রমাণীকৃত করিয়া "তত্ত্বমসি" ইত্যাদি বাক্যদ্বারা সেই সংসারীকে প্রতিবোধিত করেন, তখনই সেই সংসারী জীব প্রতিবোধিত হয় এবং সেই তুরীয়ব্রহ্মকে জানিতে পারে। সেই তুরীয়ব্রহ্মের কোনরূপ বাহ্য, কিম্বা আন্তরিক বিকার স্বরূপ জন্মাদি হয় না ॥ ১৬ ॥

প্রপঞ্চ নিবৃত্ত হইলেই চিৎ প্রতিবোধিত হয়, কিন্তু প্রপঞ্চের নিবৃত্তি না হইলে কিরূপে দ্বৈতনিবৃত্তি হইতে পারে, এই আশঙ্কায় বলিতে-ছেন।—যাবৎ প্রপঞ্চ নিবৃত্ত না হয়, অর্থাৎ সংসারের মায়া পরিত্যাগ না হয়, তাবৎ সংশয় নিবৃত্ত হয় না। সংশয় নিবৃত্তি না হইলে দ্বৈত ও অদ্বৈত ইহার একতর নিশ্চয় হয়না। এই প্রপঞ্চ মায়ার কার্য্য, বাস্তবিক সেই প্রাজ্ঞ অদ্বৈত; তিনি কোনবিষয়ে প্রবৃত্ত বা নিবৃত্ত নহেন। যেমন

মায়ামাত্রমিদং দ্বৈতমদ্বৈতং পরমার্থতঃ ॥ ১৭ ॥
বিকল্পো বিনিবর্ত্তেত কল্পিতো যদি কেনচিৎ।
উপদেশাদয়ং বাদো জ্ঞাতে দ্বৈতং ন বিদ্যতে ॥ ১৮ ॥

বিনা প্রযুক্তা তদ্দর্শিনাং চক্ষুর্ব্বন্ধাপগমে বিদ্যমানা সতী নিবৃত্তা। তথেদং প্রপঞ্চাখ্যং মায়ামাত্রং দ্বৈতং রজ্জুবন্মায়াবিবচ্চাদ্বৈতং পরমার্থতস্তস্মান্ন কশ্চিৎপ্রপঞ্চঃ প্রবৃত্তো বাস্তীত্যভিপ্রায়ঃ ॥ ১৭ ॥

নম্বু শাস্তা শাস্ত্রং শিষ্য ইতি বিকল্পঃ কথং নির্ব্বৃত্ত ইত্যুচ্যতে। বিকল্পো বিনিবর্ত্তেত যদি কেনচিৎকল্পিতঃ স্যাৎ। যথাঽয়ং প্রপঞ্চো মায়ারজ্জুসর্পবত্তথাঽয়ং শিষ্যাদিভেদবিকল্পোঽপি প্রাক্ প্রতিবোধাদেবোপদেশনিমিত্তোঽত উপদেশাদয়ং বাদঃ শিষ্যঃ শাস্তা শাস্ত্রমিত্যুপদেশকার্য্যে তু জ্ঞানে নির্ব্বৃত্তে জ্ঞাতে পরমার্থতত্ত্বে দ্বৈতং ন বিদ্যতে ॥ ১৮ ॥

রজ্জুতে ভ্রান্তিবুদ্ধিদ্বারা সর্পজ্ঞান হয় বটে, কিন্তু বিশেষরূপ বিবেচনা করিয়া দেখিলে সেই ভ্রান্তির নিবৃত্তি এবং সর্পজ্ঞান অন্তরিত হইয়া প্রকৃত রজ্জুজ্ঞান হইয়া থাকে। সেইরূপ মায়া নিবারণপূর্ব্বক বিবেচনা করিয়া দেখিলে তিনি কালত্রয়েই প্রপঞ্চের সম্বন্ধবিহীন, এইরূপ জ্ঞান হইলেই অদ্বৈতজ্ঞান হইবে। এইক্ষণ প্রতীয়মান হইতেছে যে, এই প্রপঞ্চের কালত্রয়ে সত্বা নাই, কেবল সেই পরমাত্মাই কালত্রয়ে বিদ্যমান আছেন ॥১৭॥

প্রকারান্তরে অদ্বৈতজ্ঞানের অনুপপত্তি আশঙ্কা নিবারণ করিতেছেন।—যদি বল, উপদেশক গুরু, শাস্ত্র ও শিষ্য এই সকল পৃথক্ পৃথক্ দেখা যাইতেছে, অতএব অদ্বৈতজ্ঞান কিরূপে হইতে পারে? শিষ্যাদির পার্থক্যবশতঃ দ্বৈতজ্ঞানই হইতেছে, তথাপি যেমন রজ্জুতে বৃথা সর্পজ্ঞান হয়; সেইরূপ এই প্রপঞ্চমায়া কল্পিত, বাস্তবিক সত্য নহে। যাবৎ মায়া বিদ্যমান থাকে, তাবৎ এই প্রপঞ্চ সত্য বলিয়া বোধ হয়, আবার যখন সেই মায়া অন্তরিত হয়, তখন এই প্রপঞ্চে অসত্যজ্ঞান হইয়া অদ্বৈতজ্ঞান হয়। এইরূপ যাবৎ গুরুর উপদেশদ্বারা তত্ত্বজ্ঞান না হয়, তাবৎ এই গুরু, ইহা উপদেশকশাস্ত্র এবং আমি শিষ্য ইত্যাদি দ্বৈতজ্ঞান থাকে, পরে যখন

বিশ্বস্যাত্ববিবক্ষায়ামাদিসামান্যমুৎকটম্।
মাত্রাসম্প্রতিপত্তৌ স্যাদাপ্তিসামান্যমেব চ ॥ ১৯ ॥
তৈজসস্যোত্ববিজ্ঞানে উৎকর্ষো দৃশ্যতে স্ফুটম্।
মাত্রাসম্প্রতিপত্তৌ স্যাদুভয়ত্বং তথাবিধম্ ॥ ২০ ॥

অত্রৈতে শ্লোকা মন্ত্রা ভবন্তি। বিশ্বস্যাত্বমকারমাত্রত্বং যদা বিবক্ষ্যতে তদাদিত্বসামান্যমুক্তন্যায়েনোৎকটমুদ্ভূতং দৃশ্যত ইত্যর্থঃ। অত্ববিবক্ষায়ামিত্যস্য ব্যাখ্যানং মাত্রাসম্প্রতিপত্তাবিতি। বিশ্বস্যাকারমাত্রত্বং যদা সম্প্রতিপদ্যত ইত্যর্থঃ। আপ্তিসামান্যমেব চোৎকটমিত্যনুবর্ত্ততে চ শব্দাৎ ॥ ১৯ ॥

তৈজসস্যোত্ববিজ্ঞানে উকারত্ববিবক্ষায়ামুৎকর্ষো দৃশ্যতে স্ফটং স্পষ্ট ইত্যর্থঃ। উভয়ত্বঞ্চ স্ফুটমেবেতি। পূর্ব্ববৎসর্ব্বম্ ॥ ২০ ॥

গুরুর উপদেশদ্বারা তত্ত্বজ্ঞান হয়, তখন গুরু, শাস্ত্র ও শিষ্য ইত্যাদি পৃথক্ জ্ঞান থাকে না এবং অদ্বৈতজ্ঞানের কোন হানিও নাই ॥ ১৮ ॥

ওঙ্কারের পাদ ও মাত্রা ইহাদিগের যে একত্ব উপনিষৎভাগের মূলশ্রুতিতে উক্ত আছে, এই শ্লোকে সেই মাত্রা ও পাদের একত্ব সবিশেষ প্রতিপাদিত হইতেছে।—বৈশ্বানরপুরুষকে যে অকার মাত্রা ও প্রথমপাদস্বরূপ বলা হইয়াছে তাহাতেই জানা যায় যে, তিনিই আদিরূপে উদ্ভূত হয়েন। আর যখন সেই বৈশ্বানরকে মাত্রাস্বরূপে বলা যায়, তখনই বৈশ্বানর সর্ব্বময়ত্বরূপে পরিজ্ঞাত হইয়া থাকেন। সেই বৈশ্বানরপুরুষ সকলের আদি এবং সর্ব্বময়, ইহাই প্রতিপন্ন হইল ॥ ১৯ ॥

পূর্ব্বশ্লোকে প্রথমমাত্রা ও প্রথমপাদের ঐক্য প্রদর্শন করিয়াছেন, এইক্ষণ উকারস্বরূপ দ্বিতীয়মাত্রা ও দ্বিতীয়পাদের ঐক্য প্রতিপাদন করিতেছেন।—উকার ওঙ্কারের দ্বিতীয়মাত্রা এবং তৈজসপুরুষ দ্বিতীয়পাদ, এই দ্বিতীয়মাত্রা ও দ্বিতীয়পাদ উভয়ই এক। যখন এইরূপে মাত্রা ও পাদের ঐক্যজ্ঞান হইবে, তখনই তাঁহার উৎকর্ষ সুস্পষ্ট দৃশ্য হয়। উকার-

মকারভাবে প্রাজ্ঞস্য মানসামান্যমুৎকটম্।
মাত্রাসম্প্রতিপত্তৌ তু লয়সামান্যমেব চ ॥ ২১ ॥
ত্রিষু ধামসু যত্তুল্যং সামান্যং বেত্তি নিশ্চিতঃ।
সম্পূজ্যঃ সর্ব্বভূতানাং বন্দ্যশ্চৈব মহামুনিঃ ॥ ২২ ॥
অকারো নয়তে বিশ্বমুকারশ্চাপি তৈজসম্।

মকারত্বে প্রাজ্ঞস্য মিতিলয়াবুৎকৃষ্টে সামান্য ইত্যর্থঃ ॥ ২১ ॥

যথোক্তস্থানত্রয়ে তুল্যমুক্তং সামান্যং বেত্ত্যেবমেবৈতদিতি নিশ্চিতো যঃ সম্পূজ্যো বন্দ্যশ্চ ব্রহ্মবিল্লোকে ভবতি ॥ ২২ ॥

যথোক্তৈঃ সামান্যৈরাত্মপাদানাং মাত্রাভিঃ সহৈকত্বং কৃত্বা যথোক্তোঙ্কারং প্রতিপদ্য যো ধ্যায়ীত তমকারো নয়তে বিশ্বং প্রাপয়তি অকারা-

---

স্বরূপ দ্বিতীয়মাত্রার সম্যক্‌জ্ঞান হইলেই আদি ও মধ্য এই উভয়জ্ঞান হইবে ॥ ২০ ॥

শ্রুতিতে যে মকারস্বরূপ ওঙ্কারের তৃতীয়মাত্রা ও প্রাজ্ঞের একত্ব কথিত হইয়াছে, এই শ্লোকে তাহাই প্রকাশ করিতেছেন।—ওঙ্কারের তৃতীয়মাত্রা মকার এবং তৃতীয়পাদ প্রাজ্ঞ, এই উভয়ের ঐক্যজ্ঞান হইলেই সেই প্রাজ্ঞ-পুরুষে যে সকলের পরিমাণ ও লয় হয়, ইহাই পরিজ্ঞাত হইবে। সেই পুরুষই জগতের লয়সাধন করেন এবং সেই মাত্রার সম্যক্‌প্রকার পরিজ্ঞান হইলে লয়সামান্য জ্ঞান হইবে ॥ ২১ ॥

পূর্ব্ব পূর্ব্ব শ্লোকে বৈশ্বানর তৈজস ও প্রাজ্ঞ এই পাদত্রয়ের সহিত ক্রমতঃ অকার, উকার ও মকার এই মাত্রাত্রয়ের একত্ব প্রতিপাদন করিয়া এইক্ষণ সেই ঐক্যজ্ঞানের ফল নিরূপণ করিতেছেন।—জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই অবস্থাত্রয়, বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ এই পাদত্রয় এবং অকার, উকার ও মকার এই মাত্রাত্রয় এই সকলকে যে ব্যক্তি এক বলিয়া জানিতে পারেন, সেই ব্যক্তি সর্ব্বভূতের পূজ্য এবং সকলের বন্দনীয় মহামুনিতুল্য হইয়া থাকেন ॥ ২২ ॥

ওঙ্কারের প্রথমমাত্রা অকার বৈশ্বানর, দ্বিতীয়মাত্রা উকার তৈজস,

মকারশ্চ পুনঃ প্রাজ্ঞং নামাত্রে বিদ্যতে গতিঃ ॥ ২৩ ॥
ওঙ্কারং পাদশো বিদ্যাৎ পাদা মাত্রা ন সংশয়ঃ।
ওঙ্কারং পাদশোজ্জ্ঞাত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ২৪ ॥

লম্বনোঙ্কারং বিদ্বান্ বৈশ্বানরো ভবতীত্যর্থঃ। তথোকারস্তৈজসম্। মকারশ্চাপি পুনঃ প্রাজ্ঞঞ্চশব্দান্নয়ত ইত্যনুবর্ত্ততে। ক্ষীণে তু মকারে বীজভাবক্ষয়াদমাত্রে ওঙ্কারে গতির্ন বিদ্যতে ক্বচিদিত্যর্থঃ ॥ ২৩ ॥

পূর্ব্ববদত্রৈতে শ্লোকা ভবন্তি। যথোক্তৈঃ সামান্যৈঃ পাদা এব মাত্রা মাত্রাশ্চ পাদাস্তস্মাংদোঙ্কারং পাদশো বিদ্যাদিত্যর্থঃ। এবমোঙ্কারে জ্ঞাতে দৃষ্টার্থমদৃষ্টার্থং বা ন কিঞ্চিৎপ্রয়োজনং চিন্তয়েৎকৃতার্থত্বাদিত্যর্থঃ ॥ ২৪ ॥

এবং তৃতীয়মাত্রা মকার প্রাজ্ঞ, এইরূপে অকারাদিমাত্রার সহিত বৈশ্বানরাদিপাদের ঐক্যজ্ঞান করিয়া ধ্যান করিবে। তাহাহইলেই যে প্রথমমাত্রা অকারস্বরূপ প্রথমপাদ বৈশ্বানর বিশ্বব্যাপ্ত, দ্বিতীয়মাত্রা উকারস্বরূপ দ্বিতীয়পাদ তৈজসের উৎকর্ষ এবং তৃতীয়মাত্রা মকারস্বরূপ তৃতীয়পাদ প্রাজ্ঞে পরিণাম ও লয় হয়, ইহা জানিতে পারিবে; কিন্তু যিনি অমাত্র পরমাত্মা, তুরীয়ব্রহ্ম, তিনি অবগতির অবিষয়। যেমন প্রথমমাত্রা অকারের ধ্যান করিলে বৈশ্বানরপ্রাপ্তি, সেইরূপ দ্বিতীয়মাত্রা উকারের ধ্যান করিলে তৈজসপ্রাপ্তি এবং তৃতীয়মাত্রা মকারের ধ্যান করিলে প্রাজ্ঞপ্রাপ্তি হয়। পরে এই বৈশ্বানরাদির পরিজ্ঞান হইয়া সেই পরমাত্মাতে বুদ্ধির অবস্থান হয়, কিন্তু এই পরমাত্মাকে কেহ কোনরূপ মানাদিদ্বারা পরিচ্ছিন্ন করিতে পারে না ॥ ২৩ ॥

ওঙ্কারের পাদ ও মাত্রা এই সকল জানিবে, অর্থাৎ পাদই মাত্রা ও মাত্রাই পাদ, এইরূপে অভিন্নজ্ঞান করিয়া ওঙ্কারকে ধ্যান করিবে। ওঙ্কারের মাত্রা ও পাদের ঐক্যজ্ঞান সিদ্ধ হইয়া সম্যক্‌প্রকারে ওঙ্কারের স্বরূপ পরিজ্ঞান হইলে তাহার চিন্তনীয় আর কিছুই থাকে না। তখন সেই ব্যক্তি কৃতার্থ হইয়া থাকে এবং দৃষ্ট বা অদৃষ্ট কোনবিষয়েই তাহার প্রয়োজন থাকে না। পরন্তু তখন তাঁহার সেই ওঙ্কারেই সর্ব্বপ্রয়োজন পর্য্যবসিত হইয়া যায় ॥ ২৪ ॥

যুঞ্জীত প্রণবে চেতঃ প্রণবো ব্রহ্ম নির্ভয়ম্।
প্রণবে নিত্যযুক্তস্য ন ভয়ং বিদ্যতে ক্বচিৎ॥ ২৫॥
প্রণবো হ্যপরং ব্রহ্ম প্রণবশ্চ পরঃ স্মৃতঃ।

যুঞ্জীত সমাদধ্যাৎ যথা ব্যাখ্যাতে পরমার্থরূপে প্রণবে চেতো মনো যস্মাৎপ্রণবো ব্রহ্ম নির্ভয়ম্। ন হি তত্র সদা যুক্তস্য ভয়ং বিদ্যতে ক্বচিদ্বিদ্বান্ন বিভেতি কুতশ্চনেতি শ্রুতেঃ॥ ২৫॥

পরাপরে ব্রহ্মণি প্রণবঃ পরমার্থতঃ ক্ষীণেষু মাত্রাপাদেষু পর এবাত্মা ব্রহ্মেতি ন পূর্ব্বং কারণমস্য বিদ্যত ইত্যপূর্ব্বঃ। নাস্যান্তরং ভিন্নজাতীয়ং

ইতিপূর্ব্বে যাহারা প্রণবানুসন্ধানে কুশল, অর্থাৎ ওঙ্কারের পাদ, মাত্রা-প্রভৃতি অনুসন্ধান করিতে পারে, তাহারা কিরূপে ওঙ্কারের ধ্যান করিবে এবং সেই ধ্যানে কিরূপ ফল ফলিবে, তাহা বর্ণিত হইয়াছে পরন্তু যাহারা সেইরূপে প্রণবের মাত্রাপাদাদি অনুসন্ধান করিতে অক্ষম, তাহারা কিরূপে প্রণবের ধ্যান করিবে, তাহাই এইক্ষণ বলিতেছেন।—যাহারা প্রণবের মাত্রাদি অনুসন্ধানে অক্ষম, তাহারা প্রণবে চিত্ত সমর্পণ করিবে অর্থাৎ অনন্যচিত্তে সেই প্রণবের ধ্যান করিবে। সেই প্রণবই পরব্রহ্ম ও নির্ভয়, যাহারা সেই প্রণবেতে সর্ব্বপ্রকারে চিত্ত সমর্পণ করিতে পারে, তাহাদিগের কোন স্থলেও ভয় থাকে না, তাহারা সর্ব্বত্র অভয়চিত্তে বিচরণ করিতে পারে॥ ২৫॥

যাহারা মন্দ ও মধ্যমাধিকারী, তাহারা কিরূপে প্রণবের ধ্যান করিবে, তাহা নিরূপণ করিতেছেন।—প্রণব অপর ব্রহ্ম, অর্থাৎ মাত্রা ও পাদসমন্বিত। যখন প্রণবের মাত্রা ও পাদ ক্ষীণ হয়, তখনই তাঁহাকে পরব্রহ্ম বলিয়া জ্ঞান করিবে। তাঁহার কোন কারণ নাই, অতএব সেই প্রণব অপূর্ব্ব, তাঁহার ভিন্ন জাতীয় আর কিছুই নাই, এইনিমিত্ত সেই প্রণব অনন্ত, অর্থাৎ প্রণবই সর্ব্বময় এবং বাহ্যে ও তাঁহার ভিন্ন কেহ নাই, এইহেতু তিনি অবাহ্য। যেমন সৈন্ধবপিণ্ড বাহ্যে ও অন্তরে সৈন্ধব ভিন্ন আর কিছুই নাই, সেই পিণ্ড কেবল সৈন্ধবময়। সেইরূপ প্রণব অন্তরে ও বাহ্যে সর্ব্ব-

অপূর্ব্বোঽনন্তরো বাহ্যো ন পরঃ প্রণবোঽব্যয়ঃ ॥ ২৬ ॥
সর্ব্বস্য প্রণবো হ্যাদির্ম্মধ্যমান্তস্তথৈব চ।
এবং হি প্রণবং জ্ঞাত্বা ব্যশ্নুতে তদনন্তরম্ ॥ ২৭ ॥
প্রণবং হীশ্বরং বিদ্যাৎসর্ব্বস্য হৃদি সংস্থিতম্।

কিঞ্চিদ্বিদ্যত ইত্যনন্তরঃ। তথা বাহ্যমন্যন্ন বিদ্যত ইত্যবাহ্যঃ। অপরং কার্য্যমস্য ন বিদ্যত ইত্যনপরঃ। স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ সৈন্ধবঘনবদি-ত্যর্থঃ ॥ ২৬ ॥

আদিমধ্যান্তা উৎপত্তিস্থিতিপ্রলয়াঃ। সর্ব্বস্যৈব মায়াহস্তিরজ্জুসর্প-মৃগতৃষ্ণিকাস্বপ্নাদিবদুৎপদ্যমানস্য বিয়দাদিপ্রপঞ্চস্য যথা মায়াব্যাদয়ঃ। এবং হি প্রণবমাত্মানং মায়াব্যাদিস্থানীয়ং জ্ঞাত্বা তৎক্ষণাদেব তদাত্মভাবং ব্যশ্নুত ইত্যর্থঃ ॥ ২৭ ॥

সর্ব্বপ্রাণিজাতস্য স্মৃতিপ্রত্যয়াস্পদে হৃদয়ে স্থিতমীশ্বরং প্রণবং বিদ্যাৎ-

---

ময়, তদ্ভিন্ন আর কিছুই নাই। তাঁহার অপর কিছুই কার্য্য নাই, এই-নিমিত্ত সেই প্রণবকে অনপর বলিয়া জ্ঞান করিবে। এইরূপ মধ্যম ও অধমাধিকারীরা প্রণবকে ব্রহ্মজ্ঞান করিয়া ধ্যান করিবে, তাহাহইলেই তাহাদিগের ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞান হইতে পারে ॥ ২৬ ॥

প্রণব হইতেই অখণ্ডব্রহ্মাণ্ডের উৎপত্তি, স্থিতি ও প্রলয় হইতেছে। এই জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয় সকলই প্রণবের অধীন। এইরূপে প্রণবকে জানিয়া ধ্যান করিলেই সাধক কৃতকৃত্য হইতে পারে। প্রণব-ধ্যান করিলেই তত্ত্বজ্ঞান হইয়া থাকে, এবং এই জ্ঞানই মুক্তির আদি কারণ, তত্ত্বজ্ঞান ভিন্ন মুক্তির আর উপায় নাই। অতএব ব্রহ্মরূপে প্রণবের ধ্যান করিলেই তৎক্ষণাৎ ব্রহ্মবিজ্ঞান আবির্ভূত হইয়া মুক্তিপ্রদান করে ॥ ২৭ ॥

প্রণবই ঈশ্বর, তিনি সকলের হৃদয়ে বিদ্যমান আছেন এবং এই ওঙ্কা-রই সর্ব্বব্যাপী, এইরূপে সুধীব্যক্তি ব্রহ্মজ্ঞান প্রণবের ধ্যান করিলে আর তিনি কোনরূপ শোকে পরিতপ্ত হয়েন না। যেমন আকাশ সর্ব্বব্যাপী, সেইরূপ প্রণবও জগদ্ব্যাপী। এইরূপে প্রণবের মাহাত্ম্য পরিজ্ঞাত হইলে সংসারী ব্যক্তিরও সংসারনিবৃত্ত হইয়া যায়। অতএব তখন তাহার আর

সর্ব্বব্যাপিনমোঙ্কারং মত্বা ধীরো ন শোচতি ॥ ২৮ ॥
অমাত্রোঽনন্তমাত্রশ্চ দ্বৈতস্যোপশমঃ শিবঃ।
ওঙ্কারো বিদিতো যেন স মুনির্নেতরোজনঃ ॥ ২৯ ॥
ইতি মাণ্ডূক্যোপনিষদর্থাবিষ্করণপরায়াং গৌড়পাদীয়
কারিকায়াং প্রথমমাগমপ্রকরণম্ ॥১॥

সর্ব্বব্যাপিনং ব্যোমবদোঙ্কারমাত্মানমসংসারিণং ধীরো বুদ্ধিমান্ মত্বা ন শোচতি। শোকনিমিত্তানুপপত্তেঃ। তরতি শোকমাত্মবিদিতিশ্রুতিভ্যঃ ॥২৮॥

অমাত্রস্তুরীয় ওঙ্কারো মীয়তেঽনয়েতি মাত্রাপরিচ্ছিত্তিঃ সা অনন্তা যস্য সোঽনন্তমাত্রঃ। নৈতাবত্ত্বমস্য পরিচ্ছেত্তুং শক্যত ইত্যর্থঃ। সর্ব্বদ্বৈতোপশমত্বাদেব শিবঃ। ওঙ্কারো যথা ব্যাখ্যাতো বিদিতো যেন স পরমার্থতত্ত্বস্য মননান্মুনিঃ। নেতরো জনঃ শাস্ত্রবিদপীত্যর্থঃ ॥ ২৯ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শঙ্করভগবতঃ কৃতাবাগমশাস্ত্রবিবরণে গৌড়পাদীয়কারিকাসহিতমাণ্ডূক্যোপনিষদ্ভাষ্যে প্রথমমাগমপ্রকরণং সম্পূর্ণম্ ॥ ১ ॥

শোকের কোন কারণ থাকে না, সুতরাং প্রণবধ্যায়ীর শোকের সম্ভব নাই। শ্রুতিতে জানা যায় যে, "আত্মবিদ্ পণ্ডিত শোক হইতে পরিত্রাণ পাইয়া থাকেন" ॥ ২৮ ॥

সেই ওঙ্কার মাত্রাহীন তুরীয়ব্রহ্ম এবং তিনি অনন্তমাত্র অর্থাৎ কেহ তাঁহাকে পরিমাণাদিদ্বারা পরিচ্ছেদ করিতে পারে না। তাঁহার সর্ব্বপ্রকার দ্বৈতশান্তি হইয়াছে, তিনি সর্ব্বমঙ্গলময়, যে ব্যক্তি এই ওঙ্কারের স্বরূপ জানিতে পারেন, তিনি যথার্থ মুনি এবং সেই ব্যক্তি মননদ্বারা সর্ব্ববিষয় জানিতে পারেন। শাস্ত্রবিদ্‌গণ যথার্থ মুনি নহেন, কারণ তাঁহাদিগের মননশক্তি নাই ॥ ২৯ ॥

ইতি কারিকায়াং প্রথমমাগমপ্রকরণ ॥ ১ ॥

অথ গৌড়পাদীয়কারিকায়া বৈতথ্যাখ্যং দ্বিতীয়ং প্রকরণং।

বৈতথ্যং সর্ব্বভাবানাং স্বপ্ন আহুর্ম্মনীষিণঃ।
অন্তঃস্থানাত্তু ভাবানাং সংবৃতত্বেন হেতুনা ॥ ১ ॥

ওঁ ॥ জ্ঞাতে দ্বৈতং ন বিদ্যত ইত্যুক্তম্। একমেবাদ্বিতীয়মিত্যাদি-শ্রুতিভ্যঃ। আগমমাত্রং তত্তত্রোপপত্ত্যাপি দ্বৈতস্য বৈতথ্যং শক্যতে-ঽবধারয়িতুমিতি দ্বিতীয়ং প্রকরণমারভ্যতে। বৈতথ্যমিত্যাদিনা। বিতথস্য ভাবো বৈতথ্যং অসত্যত্বমিত্যর্থঃ। কস্য সর্ব্বেষাং বাহ্যাধ্যাত্মিকানাং ভাবানাং পদার্থানাং স্বপ্ন উপলভ্যমানানামাহুঃ কথয়ন্তি মনীষিণঃ প্রমাণ-কুশলাঃ। বৈতথ্যে হেতুমাহ। অন্তঃস্থানাৎ। অন্তঃশরীরস্য মধ্যে স্থানং যেষাম্। তত্র হি ভাবা উপলভ্যন্তে পর্ব্বতহস্ত্যাদয়ো ন বহিঃ শরীরাৎ। তস্মাত্তে বিতথা ভবিতুমর্হন্তি। নন্বপবরকাদ্যন্তরুপলভ্যমানৈর্ঘটাদি-ভিরনৈকান্তিকো হেতুরিত্যাশঙ্ক্যাহ। সংবৃতত্বেন হেতুনেতি। অন্তঃ সংবৃত-স্থানাদিত্যর্থঃ। ন হ্যন্তঃ সংবৃতে দেহান্তর্নাড়ীষু পর্ব্বতহস্ত্যাদীনাং ভাবো-ঽস্তি। নহি দেহে পর্ব্বতোঽস্তি ॥ ১ ॥

ব্রহ্মতত্ত্বপরিজ্ঞান হইলে দ্বৈতজ্ঞান থাকে না, যেহেতু শ্রুতিপ্রমাণে জানা যায় যে, সেই পরব্রহ্ম এক, তাঁহার দ্বিতীয় নাই; এইরূপে প্রথমপ্রক-রণে পরব্রহ্মের অদ্বৈতত্ব প্রতিপাদন করিয়াছেন। দ্বৈতজ্ঞান অদ্বৈত-জ্ঞানের বিরোধী, যাবৎ দ্বৈতজ্ঞান থাকে, তাবৎ অদ্বৈতজ্ঞান হয় না। অত-এব দ্বৈতজ্ঞানের বিষয়ীভূত সর্ব্বপ্রকার বিষয়ের মিথ্যাত্ব প্রতিপাদনার্থ দ্বিতীয়প্রকরণ আরম্ভ করিতেছেন।—এই দ্বিতীয়প্রকরণে সর্ব্বভাবের মিথ্যাত্ব প্রতিপাদিত হইবে। ব্রহ্মাতিরিক্ত পদার্থের মিথ্যাত্ব পরিজ্ঞান হইলেই অদ্বৈতজ্ঞান সমুৎপন্ন হইয়া থাকে। পণ্ডিতগণ বাহ্য ও আন্ত-রিক সকলপ্রকার পদার্থকে মিথ্যা বলিয়া কীর্ত্তন করেন। কেবল বিদ্ব-

অদীর্ঘত্বাচ্চ কালস্য গত্বা দেশান্ন পশ্যতি।
প্রতিবুদ্ধশ্চ বৈ সর্ব্বস্তস্মিন্ দেশে ন বিদ্যতে ॥ ২ ॥

স্বপ্নদৃশ্যানাং ভাবানামন্তঃ সংবৃতস্থানমিত্যেতদসিদ্ধম্। যস্মাৎপ্রাচ্যেষু সুপ্ত উদক্ স্বপ্নান্ পশ্যন্নিব দৃশ্যতে ইত্যেতদাশঙ্ক্যাহ। ন দেহাদ্বহির্দ্দেশান্তরং গত্বা স্বপ্নান্ পশ্যতি। যস্মাৎসুপ্তমাত্র এব দেহদেশাদ্যোজনশতান্তরিতে মাসমাত্রপ্রাপ্যে দেশে স্বপ্নান্ পশ্যন্নিব দৃশ্যতে। নচ তদ্দেশপ্রাপ্তেরাগমনস্য চ দীর্ঘঃ কালোঽস্তি। অতো দীর্ঘত্বাচ্চকালস্য ন স্বপ্নদৃগ্দেশান্তরং গচ্ছতি। কিঞ্চ প্রতিবুদ্ধশ্চ বৈ সর্ব্বঃ স্বপ্নদৃক্ স্বপ্নদর্শনদেশে ন বিদ্যতে। যদি চ স্বপ্নে দেশান্তরং গচ্ছেৎ যস্মিন্ দেশে স্বপ্নান্ পশ্যেৎ তত্রৈব প্রতিবুধ্যেত। নচৈতদস্তি। রাত্রৌ সুপ্তোঽহনি ইব ভাবান্ পশ্যতি বহুভিঃ সঙ্গতো যৈশ্চ সঙ্গতো ভবতি তৈর্গৃহ্যেত। নচ গৃহ্যতে। গৃহীতশ্চেৎ ত্বামদ্য তত্রোপলব্ধবন্তো বয়মিতি ব্রূয়ুঃ। নচৈতদস্তি। তস্মান্ন দেশান্তরং গচ্ছতি স্বপ্নে ॥ ২ ॥

ভজন বাক্যই যে মিথ্যাত্বের কারণ, এমত নহে; যুক্তিদ্বারাও সর্ব্বভাবের মিথ্যাত্বপরিজ্ঞান হইতে পারে। যেহেতু সকল পদার্থেরই অন্তর্গতস্থান আছে এবং বাহ্যেও আবরণ আছে, অতএব যে সকল পদার্থ নানারূপধারী, তাহারা স্বপ্নদৃষ্টপদার্থের ন্যায় অনিত্য ॥ ১ ॥

দেহের বহির্ভাগে দেশান্তর গমন করিয়াও কেহ স্বপ্নদর্শন করে না। সুপ্ত হইলে যেস্থানে শয়ন করিয়া থাকে, তাহাহইতে যোজনান্তর স্থিত অথবা মাসমাত্র লভ্যপ্রদেশে স্বপ্নদর্শন হয়। পরন্তু যেস্থানে শয়ান ছিল, সেইস্থান হইতে দেশান্তরে গমন করিয়া পুনর্ব্বার আগমন করিতে পারে, এমত দীর্ঘকালও নাই। অতএব কালের সঙ্কীর্ণতাবশতঃ স্বপ্নদর্শনকারী ব্যক্তি যে দেশান্তরে গমন করিয়াছিল, তাহাও সম্ভব নহে এবং যখন সেই ব্যক্তি জাগরিত হয়, তখন সে স্বপ্নদর্শনপ্রদেশে থাকে না, যাহারা স্বপ্নদর্শনকালে যেদেশে গিয়াছিল, সেই দেশেও জাগরিত হয় না; কিন্তু যেখানে শয়ন করিয়া স্বপ্নদর্শন করে, সেইস্থানেই জাগরিত হয় এবং

অভাবশ্চ রথাদীনাং শ্রূয়তে ন্যায়পূর্ব্বকম্‌।
বৈতথ্যং তেন বৈ প্রাপ্তং স্বপ্ন আহুঃ প্রকাশিতম্‌॥ ৩॥
অন্তঃস্থানাত্তু ভেদানাং তস্মাজ্জাগরিতে স্মৃতম্‌।

ইতশ্চ স্বপ্নদৃশ্যা ভাবা বিতথাঃ। যতো অভাবশ্চৈব রথাদীনাং স্বপ্নদৃশ্যানাং শ্রূয়তে ন্যায়পূর্ব্বকং যুক্তিতঃ শ্রুতৌ ন তত্র রথা ইত্যত্র তেনান্তঃস্থানসংবৃতত্বাদিহেতুনা প্রাপ্তং বৈতথ্যং তদনুবাদিন্যা শ্রুত্যা স্বপ্নে স্বয়ং জ্যোতিষ্ট্বপ্রতিপাদনপরয়া প্রকাশিতমাহুর্ব্রহ্মবিদঃ॥ ৩॥

জাগ্রদ্দৃশ্যানাং ভাবানাং বৈতথ্যমিতি প্রতিজ্ঞাদৃশ্যত্বাদিতি হেতুঃ স্বপ্নদৃশ্যভাববদিতিদৃষ্টান্তঃ। যথা তত্র স্বপ্নে দৃশ্যানাং ভাবানাং বৈতথ্যং তথা জাগরিতেঽপি দৃশ্যত্বমবশিষ্টমিতি হেতুপনয়ঃ। তস্মাজ্জাগরিতেঽপি বৈতথ্যং

রাত্রিতে শয়ন করিয়াও দিবা স্বপ্নদর্শন হয়। যখন রাত্রিতে শয়ন করিয়া স্বপ্নদর্শন হয়, তখন বোধ হয় যে, আমি দিবাতে বিদ্যমান থাকিয়া কার্য্য করিতেছি। অতএব স্বপ্নদৃশ্যপদার্থ যে মিথ্যা, তাহা সবিশেষ প্রতিপন্ন হইল॥ ২॥

স্বপ্নদৃশ্যপদার্থের মিথ্যাত্ব বিষয়ে প্রমাণান্তর প্রদর্শন করিতেছেন।— স্বপ্নদৃশ্যপদার্থসমুদায়ই অসত্য। যেহেতু যেখানে রথগতি নাই ও পন্থা নাই সেই স্থানেও স্বপ্নদর্শন হইয়া থাকে। অতএব স্বপ্নে যে সকল পদার্থকে সত্য বলিয়া বোধ হয়, সেই সকলই মিথ্যা বলিয়া প্রতিপন্ন হইতেছে। যে যুক্তিতে স্বপ্নদৃশ্যপদার্থ সকল অসত্য বলিয়া প্রতিপন্ন হইল, সেই যুক্তিদ্বারা জাগ্রৎপদার্থেরও মিথ্যাত্বপ্রতিপাদিত হইয়া থাকে। যাহারা তত্ত্বজ্ঞ ও প্রমাণকুশল, সেই সকল বিদ্বর্গ বলিয়া থাকেন যে, স্বপ্নদৃশ্য পদার্থের ন্যায় এই জগৎও অসত্য॥ ৩॥

যে যুক্তিতে স্বপ্নস্থপদার্থসকলের অনিত্যত্ব প্রমাণীকৃত হইল, সেই যুক্তিদ্বারা জাগ্রৎপদার্থ সকলেরও অনিত্যত্ব প্রতিপন্ন হইবে। অন্তঃস্থ-পদার্থ সকল সংবৃতহেতু জাগ্রদ্দৃশ্যপদার্থ হইতে স্বপ্নদৃশ্যপদার্থের বিভিন্নতা জানা যায়। যোগ্যদেশাদির অভাবপ্রযুক্ত স্বপ্নদৃশ্যপদার্থের মিথ্যাত্ব

যথা তত্র তথা স্বপ্নে সংবৃতত্বেন ভিদ্যতে ॥ ৪ ॥
স্বপ্নজাগরিতে স্থানে হ্যেকমাহুর্ম্মনীষিণঃ।
ভেদানাং হি সমত্বেন প্রসিদ্ধেনৈব হেতুনা ॥ ৫ ॥
আদাবন্তে চ যন্নাস্তি বর্ত্তমানেঽপি তত্তথা।
বিতথৈঃ সদৃশাঃ সন্তোঽবিতথা ইব লক্ষিতাঃ ॥ ৬ ॥

স্বৃতমিতি নিগমনম্। অন্তঃস্থানাৎসংবৃতত্বেন স্বপ্নপ্রদৃশ্যানাং ভাবানাং জাগ্রদ্দৃশ্যেভ্যো ভেদঃ। দৃশ্যত্বমসত্যত্বঞ্চাবশিষ্টমুভয়ত্র ॥ ৪ ॥

প্রসিদ্ধেনৈব ভেদানাং গ্রাহ্যগ্রাহকত্বেন হেতুনা সমত্বেন স্বপ্নজাগরিত-স্থানয়োরেকত্বমাহ। বিবেকিন ইতি। পূর্ব্বপ্রমাণসিদ্ধস্যৈব ফলম্ ॥ ৫ ॥

ইতশ্চ বৈতথ্যং জাগ্রদ্দৃশ্যানাং ভেদানামাদ্যন্তয়োরভাবাৎ যদাদাবন্তে চ নাস্তি বস্তু মৃগতৃষ্ণিকাদি তন্মধ্যেঽপি নাস্তীতি নিশ্চিতং লোকে। তথেমে জাগ্রদ্দৃশ্যা ভেদাঃ। আদ্যন্তয়োরভাবাদ্বিতথৈরেব মৃগতৃষ্ণিকা-দিভিঃ সদৃশত্বাদ্বিতথা এব তথাঽপ্যবিতথা ইব লক্ষিতা মূঢ়ৈরনাত্ম-বিদ্ভিঃ ॥ ৬ ॥

সুস্পষ্ট প্রতীয়মান হয় এবং জাগ্রদ্দৃশ্যপদার্থের উচিত দেশাদির সদ্ভাবপ্রযুক্ত তাহার মিথ্যাত্ব অব্যক্ত, অর্থাৎ সূক্ষ্মানুসন্ধান করিয়া না দেখিলে জাগরিত পদার্থের মিথ্যাত্ব সহজে প্রতীয়মান হয় না ॥ ৪ ॥

পূর্ব্বোক্ত যুক্তিতে প্রতীয়মান হইয়াছে যে, যেমন স্বপ্নদৃশ্যপদার্থ মিথ্যা, সেইরূপ জাগরিতপদার্থও মিথ্যা; সুতরাং স্বপ্ন ও জাগরণের তুল্যত্ব সিদ্ধ হইতেছে। অতএব তত্ত্ববিৎপণ্ডিতগণ স্বপ্ন ও জাগরণকে এক বলিয়া থাকেন। স্বপ্ন ও জাগরিতপদার্থ গ্রাহ্যগ্রাহকস্বরূপে বিভিন্ন বটে, কিন্তু উভয়েরই মিথ্যাত্বরূপে তুল্যত্ব প্রসিদ্ধ, ইহাই বিবেকিদিগের অভিমত। পূর্ব্বেও এই বিষয়টী প্রমাণীকৃত হইয়াছে ॥ ৫ ॥

জাগ্রদ্দৃশ্যপদার্থের মিথ্যাত্ববিষয়ে প্রমাণান্তর প্রদর্শন করিতেছেন।— যদি জাগ্রদ্দৃশ্যপদার্থসকল মিথ্যাত্বরূপে স্বপ্নদৃশ্যপদার্থের সহিত সমান বলিয়া প্রতিপন্ন হইল, তাহাহইলে "এই ঘট, এই পট" ইত্যাদি ব্যবহার,

সপ্রয়োজনতা তেষাং স্বপ্নে বিপ্রতিপদ্যতে।
তস্মাদাদ্যন্তবত্ত্বেন মিথ্যৈব খলু তে স্মৃতাঃ॥ ৭॥

স্বপ্নদৃশ্যবজ্জাগরিতদৃশ্যানামপ্যসত্ত্বমিতি যদুক্তং তদযুক্তম্। যস্মাজ্জাগ্রদ্দৃশ্যা অন্নপানবাহনাদয়ঃ ক্ষুৎপিপাসাদিনিবৃত্তিং কুর্ব্বন্তঃ। গমনাগমনাদিকার্য্যঞ্চ সপ্রয়োজনা দৃষ্টাঃ নতু স্বপ্নদৃশ্যানাং তদস্তি তস্মাৎ স্বপ্নদৃশ্যবজ্জাগ্রদ্দৃশ্যানামসত্ত্বং মনোরথমাত্রমিতি। তত্র কস্মাদযস্মাৎ সপ্রয়োজনতা দৃষ্টা যা অন্নপানাদীনাং সা স্বপ্নে বিপ্রতিপদ্যতে। জাগরিতে হি ভুক্ত্বা পীত্বা চাতৃপ্তো বিনিবর্ত্তিততৃট্ সুপ্তমাত্র এব ক্ষুৎপিপাসাদ্যার্ত্তমহোরাত্রোষিতমভুক্তবন্তমাত্মানং মন্যতে। যথা স্বপ্নে ভুক্ত্বা পীত্বা চাতৃপ্তোত্থিতস্তথা। তস্মাজ্জাগ্রদ্দৃশ্যানাং স্বপ্নেঽপি বিপ্রতিপত্তির্দৃষ্টা। অতো মন্যামহে তেষামপ্যসত্ত্বং স্বপ্নদৃশ্যবদনাশঙ্কনীয়মিতি। তস্মাদাদ্যন্তবত্ত্বমুভয়ত্র সমানমিতি মিথ্যৈব খলু তে স্মৃতাঃ॥ ৭॥

কিরূপে হইতে পারে? এই আশঙ্কায় বলিতেছেন।—যে সকল পদার্থ আদিতে ছিল না, পরেও থাকিবে না এবং বর্ত্তমানকালেও নাই, সেই সকল কালত্রয়ে অসৎ পদার্থ যে মিথ্যা বলিয়া প্রতিপাদিত হইবে, তাহা অসম্ভব নহে॥ ৬॥

স্বপ্নদৃশ্য পদার্থের ন্যায় জাগ্রদ্দৃশ্য পদার্থ যে অসত্য বলিয়া উক্ত হইয়াছে, তাহা যুক্তিযুক্ত নহে। যেহেতু অন্নপান বাহনাদি জাগ্রদ্দৃশ্য পদার্থ সকল ক্ষুৎপিপাসাদি নিবৃত্তি করে এবং গমনাগমনাদি কার্য্যসাধন করিয়া থাকে। ইহা সকলেই প্রত্যক্ষ করিতেছেন। অন্ন ভোজন করিলে ক্ষুধা নিবৃত্তি হয়, জল পানদ্বারা পিপাসা বারণ হইয়া থাকে এবং বাহনদ্বারা গমনাগমনাদি কার্য্য সাধিত হয়, তবে আর জাগ্রদ্দৃশ্য পদার্থকে কিরূপে অসত্য বলা যাইতে পারে? স্বপ্ন দৃশ্যপদার্থের উক্ত প্রকার কার্য্যসাধনতা শক্তি নাই, সুতরাং তাহাকে অসত্য বলা যাইতে পারে। কিন্তু জাগ্রদ্দৃশ্য পদার্থের সর্ব্বদা প্রয়োজন দেখা যায়, অতএব তাহাকে অসত্য বলা যায় না। জাগ্রৎকালে অন্নপানাদির যে প্রয়োজন দেখা

অপূর্ব্বং স্থানিধর্ম্মো হি যথাস্বর্গনিবাসিনাম্।
তানয়ং প্রেক্ষতে গত্বা যথৈবেহ সুশিক্ষিতঃ ॥ ৮ ॥

স্বপ্নজাগ্রদ্ভেদয়োঃ সমত্বাজ্জাগ্রদ্ভেদানামসত্ত্বমিতি যদুক্তং তদসৎ। কস্মাৎ। দৃষ্টান্তস্যাসিদ্ধত্বাৎ। কথং নহি জাগ্রদ্দৃষ্টা এবৈতে ভেদাঃ স্বপ্নে দৃশ্যন্তে কিন্তর্হি অপূর্ব্বং স্বপ্নে পশ্যতি চতুর্দ্দন্তগজমারূঢ়মষ্টভুজমাত্মানং মন্যতে। অন্যদপ্যেবং প্রকারমপূর্ব্বং পশ্যতি স্বপ্নে। তন্নান্যেনাসতাসমমিতি সদেবতো দৃষ্টান্তোঽসিদ্ধস্তস্মাৎস্বপ্নবজ্জাগরিতস্যাসত্ত্বমিত্যযুক্তম্। তন্ন স্বপ্নে দৃষ্টমপূর্ব্বং যন্মন্যসে ন তত্তু স্বতঃ সিদ্ধম্। কিন্তর্হি অপূর্ব্বঃ স্থানিধর্ম্মো হি স্থানিনো দ্রষ্টুরেব হি স্বপ্নস্থানবতো ধর্ম্মঃ। যথা স্বর্গনিবাসিনা-

---

যায়, তাহা স্বপ্নকালে সম্ভবে না। জাগ্রদবস্থাতে ভোজন ও পানীয়দ্বারা ক্ষুধা পিপাসার নিবৃত্তি করিয়া প্রসুপ্তমাত্রই আপনাকে ক্ষুধা পিপাসায় পীড়িত ও অহোরাত্র উপবাসী জ্ঞান করে এবং স্বপ্নকালে ভোজন পানদ্বারা পরিতৃপ্ত হইয়া উত্থিতমাত্রই আপনাকে ক্ষুধার্ত্ত বলিয়া জ্ঞান করে, অতএব জাগ্রৎকালের দৃশ্য পদার্থ সকল যে স্বপ্নকালে বিপরীত ভাবাপন্ন এবং স্বপ্নদৃশ্য পদার্থ সকল জাগ্রৎকালে বিপ্রতিপন্ন হয়, তাহা সবিশেষ প্রতিপন্ন হইল; এক্ষণে জানা যাইতেছে যে, স্বপ্ন দৃশ্য পদার্থের ন্যায় জাগ্রদৃশ্য পদার্থের অসত্যত্ব আশঙ্কাও হইতে পারে না। অতএব স্বপ্ন দৃশ্য পদার্থই মিথ্যা, ইহাই প্রতিপন্ন হইতেছে; সুতরাং স্বপ্নদৃশ্য ও জাগ্রদ্দৃশ্য উভয়ই তুল্য বলিয়া প্রতীত হইতেছে ॥ ৭ ॥

পূর্ব্ব শ্লোকে উক্ত হইয়াছে যে, স্বপ্নদৃশ্য ও জাগ্রদ্দৃশ্য উভয় পদার্থই তুল্য, অর্থাৎ যেমন স্বপ্নদৃশ্য পদার্থ অসৎ, সেইরূপ জাগ্রদ্দৃশ্য পদার্থও অসত্য, কিন্তু ইহা যুক্তিসিদ্ধ বলিয়া প্রতীতি হয় না, যেহেতু যে দৃষ্টান্ত প্রদর্শন করিয়া জাগ্রদ্দৃশ্য পদার্থের অসত্যত্ব আশঙ্কা করিয়াছ, তাহাই অসিদ্ধ হইতেছে। স্বপ্নদৃষ্টপদার্থমাত্রকে অসত্য বলা যায় না; কারণ কখন কখন জাগ্রদ্দৃষ্টপদার্থেরও স্বপ্ন দর্শন হইয়া থাকে। কিন্তু স্বপ্নে

মিন্দ্রাদীনাং সহস্রাক্ষত্বাদি তথা স্বপ্নদৃশোঽপূর্ব্বোঽয়ং ধর্ম্মঃ। ন স্বতঃ সিদ্ধো দ্রষ্টুঃ স্বরূপবৎ। তানেবং প্রকাশনপূর্ব্বান্ স্বচিত্তবিকল্পানয়ং স্থানো স্বপ্নদৃক্ স্বপ্নস্থানং গত্বা প্রেক্ষতে। যথৈবেহ লোকে সুশিক্ষিতো দেশান্তরমার্গস্তেন মার্গেণ দেশান্তরং গত্বা তান্ পদার্থান্ পশ্যতি তদ্বৎ। তস্মাদ্যথা স্থানি-ধর্ম্মাণাং রজ্জুসর্পমৃগতৃষ্ণিকাদীনামসত্ত্বং তথা স্বপ্নদৃশ্যানামপূর্ব্বাণাং স্থানি-ধর্ম্মত্বমেবেত্যসত্ত্বং অতো ন স্বপ্নদৃষ্টান্তস্যাসিদ্ধত্বম্ ॥ ৮ ॥

কালে নানাপ্রকার অপূর্ব্ব দর্শন হয়। স্বপ্নকালে "আমি চতুর্দ্দন্তগজে আরূঢ় হইয়া আছি এবং আমি অষ্টভুজধারী হইয়াছি" এইরূপ জ্ঞান হইয়া থাকে; ইত্যাদি প্রকারে নানারূপ স্বপ্ন দর্শন হইয়া থাকে, অতএব অন্য অসদ্বস্তুর ন্যায় স্বপ্ন দৃশ্য পদার্থমাত্রকে অসৎ বলা যায় না, সুতরাং দৃষ্টান্ত অসিদ্ধহেতু "স্বপ্নদৃশ্য পদার্থের ন্যায় জাগ্রদৃশ্য পদার্থ অসত্য" এই কথা অযুক্ত। স্বপ্নকালে যে সকল অপূর্ব্ব পদার্থ দর্শন হয় বলিয়া জ্ঞান করিতেছ, তাহা স্বতঃসিদ্ধপদার্থ নহে, উহা স্বপ্নদ্রষ্টার ধর্ম্মবিশেষ। যেমন স্বর্গবাসী ইন্দ্রাদির ধর্ম্ম সহস্রাক্ষত্বাদি, সেইরূপ অপূর্ব্ব স্বপ্নদর্শন ও স্বপ্নদর্শন কর্ত্তার ধর্ম্ম, বাস্তবিক স্বতঃসিদ্ধ ধর্ম্ম নহে। অথাপি স্বপ্ন-দর্শনকারী ব্যক্তি যে উক্তরূপে প্রকাশমান স্বপ্ন দর্শন করে, উহা কেবল চিত্তের বিকল্পমাত্র। স্বপ্নদ্রষ্টা পুরুষ স্বপ্নস্থানে গমন করিলেই ঐরূপ অপূর্ব্ব পদার্থ সকল দর্শন করে; যেরূপ অবস্থা সর্ব্বদা ভাবনা করে, স্বপ্ন-কালে তাহাই দর্শন হয়। যেমন সুশিক্ষিতমার্গ আশ্রয় করিয়া দেশান্তরে গমন করিলে সেই দেশস্থ পদার্থ সকল দর্শন করিয়া থাকে, সেইরূপ অভ্যস্ত পদার্থ সকলই স্বপ্নকালে দেখা যায়। অতএব যেমন স্থান বিশেষে সর্পকে রজ্জু বলিয়া জ্ঞান হয় এবং মরীচিকাকালে স্থলেতে জলজ্ঞান হয়, কিন্তু ঐ সর্প ও জল প্রকৃত সর্প বা জল নহে, কেবল স্থান বিশেষের ধর্ম্ম-বশতই ঐরূপ সর্প ও জল বলিয়া জ্ঞান হইয়া থাকে, সেইরূপ স্বপ্ন দৃষ্ট অপূর্ব্বপদার্থ সকলও স্বপ্নদ্রষ্টা পুরুষের ধর্ম্ম, অতএব তাহা সৎ নহে ॥ ৮ ॥

স্বপ্নবৃত্তাবপি ত্বন্তশ্চেতসা কল্পিতন্ত্বসৎ।
বহিশ্চেতোগৃহীতং সদ্দৃষ্টং বৈতথ্যমেতয়োঃ ॥ ৯ ॥
জাগ্রদ্বৃত্তাবপি ত্বন্তশ্চেতসা কল্পিতন্ত্বসৎ।
বহিশ্চেতো গৃহীতং সদ্যুক্তং বৈতথ্যমেতয়োঃ ॥ ১০ ॥

অপূর্ব্বত্বাশঙ্কাং নিরাকৃত্য স্বপ্নদৃষ্টান্তস্য পুনঃ স্বপ্নতুল্যতাং জাগ্রদ্ভেদানাং প্রপঞ্চয়ন্নাহ। স্বপ্নবৃত্তাবপি স্বপ্নস্থানেঽপ্যন্তশ্চেতসা মনোরথসঙ্কল্পিতমসৎ। সঙ্কল্পানন্তরসমকালমেবাদর্শনাত্তত্রৈব স্বপ্নে বহিশ্চেতসা গৃহীতং চক্ষুরাদি-দ্বারেণোপলব্ধং ঘটাদি সদিত্যেবমসত্যমিতি নিশ্চিতেঽপি সদসদ্বিভাগো দৃষ্টঃ। উভয়োরপ্যন্তর্ব্বহিশ্চেতঃ কল্পিতয়োর্ব্বৈতথ্যমেব দৃষ্টম্ ॥ ৯ ॥

সদসতোর্ব্বৈতথ্যং যুক্তম্। অন্তর্ব্বহিশ্চেতঃ কল্পিতত্বাবিশেষাদিতি ব্যাখ্যাতমন্যৎ ॥ ১০ ॥

স্বপ্নকালেও যে সকল বস্তু মনে মনে চিন্তা করা যায়, সেই সকল পদার্থ অসৎ, যেহেতু যাবৎ মনে মনে চিন্তা করা যায়, তাবৎই সেই সকলকে সৎ বলিয়া বোধ হয়, কিন্তু যখন সেই চিন্তার অভাব হয়, তখন আর সেই সঙ্কল্পিত পদার্থের দর্শন হয় না। আর যখন চক্ষুরাদি বহিরিন্দ্রিয়দ্বারা ঘটপটাদি যে সকল পদার্থ লাভ করা যায়, তখন সেই সকল ঘট পটাদিকে সৎ বলিয়া বোধ হয়। যদি স্বপ্নকালেও এইরূপে সৎ ও অসদ্বিভাগ দৃষ্ট হয় বটে, কিন্তু প্রকৃতপক্ষে স্বপ্নকালে মনঃকল্পিত ও বাহ্য চক্ষুরাদিদ্বারা লব্ধ উভয়বিধ পদার্থই অসৎ। অতএব স্বপ্ন দৃষ্টপদার্থমাত্রই অসৎ বলিয়া প্রতীতি হইতেছে; সুতরাং স্বপ্ন দৃষ্টান্তদ্বারা কোন কার্য্যসাধন হইতে পারে না ॥ ৯ ॥

জাগ্রৎকালেও যে সকল বস্তু মনে মনে ভাবনা করা যায়, সেই সকল পদার্থ অসৎ। যেহেতু যতকাল মনে মনে ভাবনা করা যায়, তাবৎকালই সেই ভাবিত পদার্থ সকল সৎ বলিয়া বোধ হয়, কিন্তু যখন সেই ভাবনা অন্তর্হিত হয়, তখন আর সেই চিন্তিত পদার্থের দর্শন হয় না এবং চক্ষুঃ প্রভৃতি বহিরিন্দ্রিয়দ্বারা ঘটপটাদি যে সকল পদার্থ লাভ করা যায়, সেই

উভয়োরপি বৈতথ্যং ভেদানাং স্থানয়োর্যদি।
ক এতান্ বুধ্যতে ভেদান্ কো বৈ তেষাং বিকল্পকঃ ॥১১॥
কল্পয়ত্যাত্মনাত্মানমাত্মদেবঃ স্বমায়য়া।
স এব বুধ্যতে ভেদানিতি বেদান্তনিশ্চয়ঃ ॥ ১২ ॥

চোদকশ্চাহ। স্বপ্নজাগ্রৎস্থানয়োর্ভেদানাং যদি বৈতথ্যং ক এতানন্ত-র্বহিশ্চেতঃ কল্পিতান্ বুধ্যতে। কো বৈ তেষাং বিকল্পকঃ। স্মৃতিজ্ঞানয়োঃ ক আলম্ব ইত্যভিপ্রায়ঃ। ন চেন্নিরাত্মবাদ ইষ্টঃ ॥ ১১ ॥

স্বয়ং স্বমায়য়া স্বমাত্মানমাত্মা দেব আত্মন্যেব বক্ষ্যমাণং ভেদাকারং কল্পয়তি রজ্জ্বাদাবিব সর্পাদীন্। স্বয়মেব চ তান্ বুধ্যতে ভেদান্ তদ্বদেবে-ত্যেবং বেদান্তনিশ্চয়ঃ। নাহন্যোহস্তি জ্ঞানস্মৃত্যাশ্রয়ঃ। নচ নিরাস্পদে এব জ্ঞান স্মৃতী বৈনাশিকানামিবেত্যভিপ্রায়ঃ ॥ ১২ ॥

সকল ঘটপটাদিকে সৎ বলিয়া বোধ হয়। যদি জাগরণকালেও এইরূপে সৎ ও অসদ্বিভাগ দৃষ্ট হয় বটে, কিন্তু বাস্তবিক জাগ্রৎকালেও মনঃ কল্পিত ও বাহ্য চক্ষুরাদিদ্বারা গ্রাহ্য উভয় প্রকার পদার্থই অসৎ। অতএব জাগ্র-দৃষ্ট পদার্থও অসৎ বলিয়া প্রতীতি হইতেছে ॥ ১০ ॥

যদি স্বপ্নদৃশ্য ও জাগ্রদৃশ্য উভয়বিধ পদার্থই অসত্য বলিয়া প্রতিপন্ন হইল, তবে অন্তঃকল্পিত ও বহিরিন্দ্রিয় গ্রাহ্য এইসকল পদার্থ কে জানিবে? এই সকল পদার্থের বিকল্পই বা কি? অর্থাৎ অন্তশ্চিত্তকল্পিত ও বহি-রিন্দ্রিয়গ্রাহ্য এই উভয়বিধ পদার্থের কোন নির্ম্মাণ কর্ত্তা থাকে না এবং স্মৃতি ও জ্ঞানের বিষয়ই বা কি হইবে? যদি সকল পদার্থই মিথ্যা হইল, তবে কাহাকে আশ্রয় করিয়া স্মরণ ও জ্ঞান হইবে, পরন্তু কর্ত্তৃকর্ম্ম ব্যবহারেও বিরোধ হয়। যদি কর্ত্তা কর্ম্ম ইচ্ছা না কর, তাহাহইলে নিরাত্মবাদই ইষ্ট হইতে পারে ॥ ১১ ॥

পূর্ব্বশ্লোকে যে কর্ত্তৃকর্ম্মবিরোধ হয় বলিয়া উক্ত হইয়াছে, এই শ্লোকে সেই কর্ত্তৃকর্ম্ম বিরোধ ভঞ্জন করিতেছেন।—আত্মা স্বয়ংই আত্মাকে কল্পনা করেন, তিনি কোনরূপ কারণাদির সাহায্য অপেক্ষা করেন না। আত্মা

বিকারোত্যপরান্ ভাবানন্তশ্চিত্তে ব্যবস্থিতান্।
নিয়তাংশ্চ বহিশ্চিত্ত এবং কল্পয়তে প্রভুঃ॥ ১৩॥

সঙ্কল্পয়ন্ কেন প্রকারেণ কল্পয়তীত্যুচ্যতে। বিকরোতি নানা করোত্যপরান্ লৌকিকান্ ভাবান্ পদার্থান্ শব্দাদীনন্যাংশ্চান্তশ্চিত্তে বাসনারূপেণ ব্যবস্থিতানব্যাকৃতান্নিয়তাংশ্চ পৃথ্ব্যাদীন্ অনিয়তাংশ্চ কল্পনাকালান্ বহিশ্চিত্তঃ সন্। তথাঽন্তশ্চিত্তো মনোরথাদি লক্ষণানিত্যেবং কল্পয়তি। প্রভুরীশ্বর আত্মেত্যর্থঃ॥ ১৩॥

আপন মায়াবলে আপনাকে কল্পনা করিয়া থাকেন। সকল পদার্থ মিথ্যা হইলেও মায়াদ্বারাই কর্ত্তৃকর্ম্ম ব্যবহারের সিদ্ধি আছে; সুতরাং বিরোধের সম্ভব নিবারিত হইল। সেই আত্মাই সকলের ভেদ জানিতে পারেন; এখন আর জ্ঞাতা ও জ্ঞেয় বিরোধ রহিল না। এক অদ্বিতীয় আত্মাতেই সর্ব্বপ্রকার ব্যবস্থা কল্পিত আছে, ইহাই বেদান্তশাস্ত্রের নিশ্চয়। যেমন ঘটকর্ত্তা কুম্ভকারই সেই ঘটের অধিষ্ঠাতা, অন্য মৃত্তিকাদি সেই ঘটের অধিষ্ঠাতা নহে। সেইরূপ আত্মাই জ্ঞান ও স্মৃতির আশ্রয়, আত্মা ভিন্ন জ্ঞান ও স্মৃতির আশ্রয় আর কেহ নাই। যেমন ঘটাদি নির্ম্মাণকালে একমাত্র মৃত্তিকাই সেই ঘটের উপাদান, সেইরূপ আত্মাই আত্মার উপাদান; তদ্ভিন্ন অন্য উপাদান নাই। যেমন ঘটকারী কুম্ভকারের পক্ষে ভূতল অধিকরণ হয়, সেইরূপ আত্মাই আত্মার অধিকরণ। আত্মা মায়াদ্বারাই জগৎ নির্ম্মাণ করেন। যিনি জগৎকর্ত্তা ও জগতের প্রমাতা তিনি ভিন্ন জ্ঞান ও স্মৃতির আশ্রয় আর কেহ নাই। ১২॥

পূর্ব্বশ্লোকে উক্ত হইয়াছে যে, আত্মা মায়াদ্বারা জগৎ কল্পনা করেন, এই শ্লোকে সেই জগৎ কল্পনারক্রম বর্ণিত হইয়াছে।—বিভু আত্মা সর্ব্বপ্রকার লৌকিকপদার্থ সকল কল্পনা করেন, নিয়ত ও অনিয়ত সকল প্রকার পদার্থ সেই আত্মার কল্পিত। তাঁহার চিত্তে বাসনা হইলে অব্যক্ত শব্দাদি এবং ব্যক্তরূপে ব্যবহারযোগ্য পৃথিব্যাদি কল্পিত হয়। যেমন লোকে কুলাল ও তন্তুবায় ঘট ও বস্ত্রনির্ম্মাণ করিতে ইচ্ছা করিয়া কিরূপে

চিত্তকালা হি যেঽন্তস্তু দ্বয়কালাশ্চ যে বহিঃ।
কল্পিতা এব তে সর্ব্বে বিশেষো নান্যহেতুকঃ ॥ ১৪ ॥

স্বপ্নবচ্চিত্তপরিকল্পিতং সর্ব্বমিত্যেতদাশঙ্কতে। যস্মাচ্চিত্তপরিকল্পিতৈ-র্ম্মনোরথাদিলক্ষণৈশ্চিত্তপরিচ্ছেদ্যৈর্ব্বৈলক্ষণ্যাৎ বাহ্যানামন্যোঽন্যপরি-চ্ছেদ্যত্বমিতি সা ন যুক্তা আশঙ্কা। চিত্তকালা হি যেঽন্তস্তু চিত্তপরিচ্ছেদ্যাঃ চিত্তকালব্যতিরেকেণ পরিচ্ছেদকঃ কালো যেষাং তে চিত্তকালাঃ। কল্পনা-নান্যকাল এবোপলভ্যন্ত ইত্যর্থঃ। দ্বয়কালাশ্চ ভেদকালা অন্যোন্যপরি-চ্ছেদ্যাঃ। যথা গোদোহনমাস্তে যাবদাস্তে তাবদ্গাং দোগ্ধি যাবদ্গাং দোগ্ধি

কার্য্য করিলে লোকের ব্যবহারযোগ্য ঘট ও বস্ত্র প্রস্তুত হইতে পারে, তাহা মনে মনে কল্পনা করিয়া পরে লোকের ব্যবহারযোগ্য ঘট ও বস্ত্রনির্ম্মাণ করিয়া থাকে। সেইরূপ আদিকর্ত্তা জগদীশ্বর বাসনারূপে সকল পদার্থ কল্পনা করিয়া পশ্চাৎ নামরূপাদি বিশিষ্ট এবং লৌকিক ব্যবহারের উপ-যুক্ত ব্যক্তীভূত পৃথিব্যাদি সৃষ্টি করিয়াছেন ॥ ১৩ ॥

চিত্তপরিকল্পিত পদার্থ সকল স্বপ্নবৎ অচিরস্থায়ী, কল্পনা কালপর্য্যন্তই কল্পিত পদার্থের বিদ্যমানতা দেখা যায়, যখন সেই কল্পনার নিবৃত্তি হয়, তখন আর সেই কল্পিত পদার্থ সকল থাকে না, কিন্তু জাগ্রৎ পদার্থ সকল কল্পনা কালের অতীতাবস্থাতেও বিদ্যমান থাকে; সুতরাং কল্পিত পদার্থ সকল মিথ্যা বলিয়া আশঙ্কা হইতেছে। কিন্তু এই আশঙ্কা হইতে পারে না, যেহেতু কল্পনা কালে যে সকল পদার্থ মনেতে বর্ত্তমান থাকে, আর কল্পনার পূর্ব্বাপর কালে যে সকল পদার্থের স্মরণ হইয়া ব্যবহার যোগ্য রূপে দৃষ্ট হয়, সেই সকল পদার্থও কল্পিত হইলে মিথ্যা বলিয়া জ্ঞান হয়। যেমন স্বপ্নকালে দৃশ্যমান পদার্থও কল্পিত হইয়া মিথ্যা হয়, সেইরূপ জাগরণকালে দৃষ্ট পদার্থ সকলও কল্পিত হইলে মিথ্যা হইয়া থাকে, সুতরাং এখনও কল্পিত পদার্থ মিথ্যা, কি সত্য, তাহা নির্দ্ধারিত হইতেছে না। এই বিষয়ের হেতু এই যে,—চিত্ত পরিকল্পিত পদার্থ সকল কেবল মনে মনেই থাকে, বাহ্য পদার্থ সকল পরস্পর বিভিন্ন, অতএব পূর্ব্বোক্ত আশঙ্কা নিবা-

অব্যক্তা এব যেঽন্তস্তু স্ফুটা এব চ যে বহিঃ।
কল্পিতা এব তে সর্ব্বে বিশেষস্ত্বিন্দ্রিয়ান্তরে ॥ ১৫ ॥

তাবদাস্তে। তাবানয়মেতাবান্ স ইতি পরস্পরপরিচ্ছেদকত্বং বাহ্যানাং ভেদানাং তে দ্বয়কালা অন্তশ্চিত্তকালা বাহ্যাশ্চ দ্বয়কালাঃ কল্পিতা এব তে সর্ব্বে ন বাহ্যো কালদ্বয়ত্ববিশেষঃ কল্পিতত্বব্যতিরেকেণান্যহেতুকঃ। অত্রাপি হি স্বপ্নদৃষ্টান্তো ভবত্যেব ॥ ১৪ ॥

যদ্যপ্যন্তরব্যক্তত্বং ভাবানাং মনোবাসনামাত্রাভিব্যক্তানাং স্ফুটত্বং বা বহিশ্চক্ষুরাদীন্দ্রিয়ান্তরে বিশেষঃ। নাসৌ ভেদানামস্তিত্বকৃতঃ স্বপ্নেঽপি তথা দর্শনাৎ। কিন্তর্হীন্দ্রিয়ান্তরকৃত এবাতঃ কল্পিতা এব। জাগ্রদ্ভাবা অপি স্বপ্নভাববদিতি সিদ্ধম্ ॥ ১৫ ॥

ন্নিত হইল। যেমন যাবৎ গোদোহন থাকে, তাবৎ দোগ্ধা পুরুষও থাকে; যাবৎ সেই দোগ্ধা পুরুষ থাকে, তাবৎ গোদোহন হয় এবং যাবৎকাল গোদোহন করে, তাবৎকাল দোগ্ধা পুরুষও থাকে, সেইরূপ যাবৎ মানসিক কল্পনা থাকে, তাবৎ সেই কল্পিত পদার্থও থাকে। গোদোহনের অবসান হইলে যেমন সেই দোগ্ধা পুরুষ চলিয়া যায়, সেইরূপ চিত্ত পরিকল্পনার অভাব হইলেই সেই সকল কল্পিত পদার্থেও অন্তর্হৃত হইয়া যায় ॥ ১৪ ॥

যদি স্বপ্নও জাগরিত পদার্থের মিথ্যাত্ব প্রমাণীকৃত হইল, তাহাহইলে ব্যক্তাব্যক্তভেদে কোন বিভাগ থাকে না; সুতরাং সকল পদার্থই মিথ্যাত্বরূপে প্রতিপন্ন হইতেছে। যে সকল পদার্থ কেবল মনেতে বর্ত্তমান থাকে, সেই সকল মনঃকল্পিত পদার্থ অব্যক্ত এবং যে সকল পদার্থ বহিরিন্দ্রিয়গ্রাহ্য, সেই সকল পদার্থ ব্যক্ত, অতএব মনঃকল্পিত পদার্থ সকল মিথ্যা এবং বহিরিন্দ্রিয়গ্রাহ্য পদার্থ সকল মিথ্যা কি অমিথ্যা কিছুই উপযুক্ত হয় না। যেহেতু মিথ্যাভূত পদার্থের ব্যক্তত্ব প্রতীয়মান হয়, অতএব যে সকল বস্তু মনঃকল্পিত এবং যে যে পদার্থ বহিরিন্দ্রিয় গ্রাহ্য, উভয়বিধ পদার্থই কল্পিত। কেবল ব্যক্ত ও অব্যক্ত এইমাত্র প্রভেদ, ইহার বিশেষ ইন্দ্রিয়দ্বারা পরিজ্ঞাত হয় ॥ ১৫ ॥

জীবং কল্পয়তে পূর্ব্বং ততো ভাবান্ পৃথগ্বিধান্।
বাহ্যানাধ্যাত্মিকাংশ্চৈব যথাবিদ্যস্তথাস্মৃতিঃ॥ ১৬॥

বাহ্যাধ্যাত্মিকানাং ভাবানামিতরেতরনিমিত্তনৈমিত্তিকতয়া কল্পনায়াঃ কিং মূলমিতি উচ্যতে। জীবং হেতুফলাত্মকমহং করোমি মম সুখদুঃখে ইত্যেবং লক্ষণম্। অনেনৈবং লক্ষণ এব শুদ্ধে আত্মনি রজ্জ্বামিব সর্পং কল্পয়তে পূর্ব্বম্। ততস্তাদর্থেন ক্রিয়াকারকফলভেদেন প্রাণাদীন্নানাবিধান্ ভাবান্ বাহ্যানাধ্যাত্মিকাংশ্চৈব কল্পয়তে। তত্র কল্পনায়াং কো হেতুরিত্যুচ্যতে। যোঽসৌ স্বয়ং কল্পিতো জীবঃ সর্ব্বকল্পনায়ামধিকৃতঃ স যথাবিদ্যো-

---

পূর্ব্ব পূর্ব্বশ্লোকার্থে জানা যাইতেছে যে, সর্ব্ব পদার্থই পরিকল্পিত, কিন্তু কিরূপে সর্ব্বপ্রকার কল্পনা হইয়াছে, এই শ্লোকে তাহাই নিরূপণ করিতেছেন।—আত্মা স্বীয়মায়াবশে সর্ব্বপ্রকার কল্পনা করণাভিপ্রায়ে প্রথমতঃ জীব কল্পনা করেন। পরন্তু শ্রুতিপ্রমাণেও জানা যায় যে, আত্মা সর্ব্বাগ্রে জীব সৃষ্টি করিয়া তাহাতে প্রবেশ করিয়াছিলেন। অনন্তর সেই জীবদ্বারা নানাবিধ পদার্থ সৃষ্টি করিয়াছেন। সেই জীবের জ্ঞান ও স্মৃতির বৈষম্যবশতঃ সৃষ্ট পদার্থ সকলেরও বৈষম্য হইয়াছে। বাহ্য ও আধ্যাত্মিক সকল প্রকার পদার্থই আত্মার সৃষ্ট। যে সকল পদার্থ সাধ্য সাধন রূপে অবস্থিত, সেই সকল পদার্থই বাহ্য এবং সুখ, দুঃখ, রাগ, দ্বেষ ইত্যাদি পদার্থ সকল আধ্যাত্মিক। ঐ সকল পদার্থেরও পরস্পর নিমিত্ত নৈমিত্তিকভাব আছে। বাহ্য পদার্থ সকলকে হেতু করিয়া আধ্যাত্মিক পদার্থ সকল প্রবৃত্ত হয়, আবার সেই সকল আধ্যাত্মিক পদার্থ সকলকে নিমিত্ত করিয়াও অন্যান্য পদার্থ সকল উৎপন্ন হয়। এইরূপে পরস্পর নিমিত্ত নৈমিত্তিকভাবই কল্পনার মূল বলা যায়, যেহেতু অকারণে কোন কল্পনাই হইতে পারে না। ইহাদ্বারা প্রতীতি হইতেছে যে, জীবই কল্পনার মূল কারণ; কারণ "আমি করিতেছি, আমার সুখ এবং দুঃখ" ইত্যাদি জ্ঞান জীবেরই হইয়া থাকে। আত্মা পরিশুদ্ধ, কোনরূপেও তাহার হেতু

যাদৃশী বিদ্যা বিজ্ঞানমস্তোতি যথাবিদ্যস্তথাবিধৈব স্মৃতিস্তস্তোতি তথাস্মৃতির্ভবতি স ইতি। অতো হেতুকল্পনাবিজ্ঞানাৎ ফলবিজ্ঞানং ততো হেতুফলস্মৃতিস্ততস্তদ্বিজ্ঞানতদর্থক্রিয়াকারকতৎফলভেদবিজ্ঞানানি। তেভ্যস্তৎ স্মৃতেশ্চ পুনস্তদ্বিজ্ঞানানি তেভ্যস্তৎস্মৃতিস্তৎস্মৃতেশ্চ পুনস্তজ্জ্ঞানানীত্যেবং বাহ্যামাধ্যাত্মিকাংশ্চেতরেতরনিমিত্তনৈমিত্তিকভাবেনানেকধা কল্পয়তে॥ ১৬॥

ফল ভাব নাই, কিন্তু জীব যে সকল কল্পনা করে, আত্মাই তাহাদিগের অধিষ্ঠানভূত। যেমন রজ্জুতে সর্পরূপে পরিকল্পনা হয়; সেইরূপ পরিশুদ্ধ আত্মাতেও জীবকর্তৃক কল্পনার অধিষ্ঠানত্ব আরোপিত হয়। জীব কল্পিত হইয়া প্রাণাদি নানাবিধ বাহ্য ও আধ্যাত্মিক ভাব কল্পনা করে। যদিও জীবই কল্পনা সকলের মূল কারণ; তথাপি বিশেষ কারণ ব্যতিরেকে তাঁহার কল্পনা সম্ভব হয় না। সেই জীবের যেরূপ বিদ্যা ও যেরূপ স্মৃতি, সেই রূপই কল্পনা হইয়া থাকে। এইক্ষণ ইহাই প্রতিপন্ন হইতেছে যে, যেহেতু কল্পনাবিজ্ঞান হইতেই ফলবিজ্ঞান হইয়া থাকে। অন্নভোজন ও জলপানাদিদ্বারাই লোকের তৃপ্তি হয়, পরন্তু অন্নপানাদির উপভোগ না করিলে কখনও তৃপ্তি হয় না, অতএব ভোজনাদিই তৃপ্তির প্রতি কারণ বলিয়া স্থিরীকৃত হইতেছে এবং সেই তৃপ্তি হইতে সন্তোষরূপ ফল হইয়া থাকে; এইরূপ কল্পনায় বিজ্ঞান হয়। এই প্রকারে হেতু ফলের বিজ্ঞান হইলে তৎপর দিবস সেই হেতু ফলের স্মরণ হয়, অর্থাৎ অন্নপানাদিদ্বারা তৃপ্তি এবং সেই তৃপ্তিদ্বারা যে সন্তোষ হইয়াছিল, তাহা মনে মনে অনুভূত হইতে থাকে। তৎপর সেই ফল সাধনের সমানজাতীয় কার্য্যে কর্ত্তব্যতা বিজ্ঞান হয়, অনন্তর অভিলষিত অন্নাদি সাধনার্থ পাকাদি ক্রিয়া করিতে ইচ্ছা হইয়া থাকে, পরে সেই পাক ক্রিয়ার হেতুভূত তণ্ডুলাদি সংগ্রহ এবং সেই সকল তণ্ডুলাদি পাক নিষ্পত্তির পরিজ্ঞান হইয়া থাকে, অনন্তর সেই সকলের স্মরণ হইয়া পূর্ব্বোক্তপ্রকার কার্য্যবিজ্ঞান হয়। এই রূপে বাহ্য ও আধ্যাত্মিক পদার্থ সকল পরস্পর নিমিত্তনৈমিত্তিকভাবে উপলব্ধ হইয়া থাকে। ১৬।

অনিশ্চিতা যথা রজ্জুরন্ধকারে বিকল্পিতা।
সর্পধারাদিভির্ভাবৈস্তদ্বদাত্মা বিকল্পিতঃ॥ ১৭॥

তত্র জীবকল্পনা সর্ব্বকল্পনামূলমিত্যুক্তং সৈব জীবকল্পনা কিং নিমিত্তেতি দৃষ্টান্তেন প্রতিপাদয়তি। যথা লোকে স্বেন রূপেণানিশ্চিতানবধারিতা এবমেবেতি রজ্জুর্মন্দান্ধকারে কিং সর্প উদকধারা দণ্ড ইতি বানেকধা বিকল্পিতা ভবতি পূর্ব্বং স্বরূপানিশ্চয়নিমিত্তম্। যদি হি পূর্ব্বমেব রজ্জুঃ স্বরূপেণ নিশ্চিতা স্যাৎ ন সর্পাদিবিকল্পোঽভবিষ্যৎ। ন যথা স্বহস্তাঙ্গুল্যাদিষু এষ দৃষ্টান্তস্তদ্বেতুফলাদিসংসারধর্ম্মানর্থবিলক্ষণতয়া স্বেন বিশুদ্ধবিজ্ঞপ্তি-মাত্রসত্তাদ্বয়রূপেণানিশ্চিতত্বাৎজীবপ্রাণাদ্যনন্তভাবভেদৈরাত্মা বিকল্পিত-ইত্যেষ সর্ব্বোপনিষদাং সিদ্ধান্তঃ॥ ১৭॥

পূর্ব্ব পূর্ব্ব শ্লোকে যত প্রকার কল্পনা উক্ত হইয়াছে, তাহাদিগের মধ্যে জীবকল্পনাই সর্ব্বপ্রকার কল্পনার মূলীভূত। সেই জীবকল্পনা কি নিমিত্তে হয়? দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক তাহাই প্রতিপাদন করিতেছেন।—যেমন লোকে মন্দ মন্দ অন্ধকারমধ্যে প্রকৃতরূপ নিশ্চয় করিতে না পারিয়া রজ্জু দর্শন করিলে সর্প, কি জলধারা, অথবা দণ্ড ইত্যাদি নানাপ্রকার বিকল্প তাদের মনোমধ্যে উদিত হয়। (পূর্ব্বস্বরূপ নিশ্চয় না হওয়াই উক্ত নানাপ্রকার বিকল্পের নিমিত্ত; যদি পূর্ব্বেই রজ্জুরূপে জ্ঞান হইত, তাহাহইলে আর সর্পাদি নানাপ্রাকার বিকল্প হইত না।) সেইরূপ আত্মার স্বরূপপরিজ্ঞান না হওয়াই আত্মবিষয়ে নানাপ্রকার বিকল্পের নিমিত্ত হইয়া থাকে। যদি প্রকৃতরূপে আত্মার স্বরূপপরিজ্ঞান হইত, তবে কোন বিকল্পই থাকিত না। যেমন কোন ব্যক্তির হস্তাদি অবয়ব সকল পরিজ্ঞাত আছে; সুতরাং তাহাতে সর্পাদিকল্পনা হয় না, সেইরূপ পুরোবর্ত্তী রজ্জুতে যথার্থ রজ্জু বলিয়া নিশ্চয় হইলে তাহাতে সর্পাদি বিকল্প হইতে পারে না। বিশুদ্ধ জ্ঞানময় সত্তাস্বরূপ অদ্বয়রূপ আত্মার পরিজ্ঞান না হওয়াতেই জীবপ্রাণাদি অনন্তপ্রকারে আত্মার পরিকল্পনা হইয়া থাকে। অতএব আত্মস্বরূপের অপরিজ্ঞানই জীবকল্পনার কারণ বলিয়া প্রতিপন্ন হইল॥ ১৭॥

নিশ্চিতায়াং যথা রজ্জ্বাং বিকল্পো বিনিবর্ত্ততে।
রজ্জুরেবেতি চাদ্বৈতং তদ্বদাত্মবিনিশ্চয়ঃ॥ ১৮॥
প্রাণাদিভিরনন্তৈশ্চ ভাবৈরেতৈর্ব্বিকল্পিতঃ।
মায়ৈষা তস্য দেবস্য যয়া সম্মোহিতঃ স্বয়ম্॥ ১৯॥

রজ্জুরেবেতি নিশ্চয়ে সর্ব্ববিকল্পনিবৃত্তৌ রজ্জুরেবেতি চাদ্বৈতং যথা তথা নেতি নেতীতি সর্ব্বসংসারধর্ম্মশূন্যপ্রতিপাদকশাস্ত্রজনিতবিজ্ঞানসূর্য্যালোককৃতাত্মবিনিশ্চয়ঃ। আত্মৈবেশঃ সর্ব্বং অপূর্ব্বোনপরোনন্তরোবাহ্যঃ সবাহ্যাভ্যন্তরো হ্যজোজরোমরোমৃতোময় এবাদ্বয় ইতি॥ ১৮॥

যদ্যাত্মৈক এবেতি নিশ্চয়ঃ কথং প্রাণাদিভিরনন্তৈর্ভাবৈরেতৈঃ সংসারলক্ষণৈর্ব্বিকল্পিত ইতি। উচ্যতে শৃণু মায়ৈষা তস্যাত্মনো দেবস্য।

যেমন এইটি রজ্জু, এইরূপ নিশ্চয় জ্ঞান হইলে রজ্জুতে সর্ব্বপ্রকার বিকল্পের নিবৃত্তি হইয়া রজ্জুজ্ঞানই দৃঢ়ীভূত হয়, সেইরূপ তন্নতন্নরূপে সাংসারিক তাবৎ বস্তুর প্রতি আত্মত্ব জ্ঞান নিবৃত্ত হইয়া আত্মজ্ঞানপ্রতিপাদক শাস্ত্রের আলোচনাজনিত জ্ঞানময় সূর্য্যের আলোকে আত্মত্ব দর্শনে আত্মজ্ঞান নিশ্চিত হইয়া থাকে। তখন এই আত্মা সর্ব্বময়, অপূর্ব্ব, অনপর, অনন্তর, অবাহ্য অথচ বাহ্য, অভ্যন্তরবর্ত্তী, অজ, অজর, অমর, অমৃত, অভয় এবং অদ্বয় এইরূপে আত্মার পরিজ্ঞান হয়। অবিদ্যাদ্বারাই আত্মার জীবপ্রাণাদিরূপ নানাপ্রকার কল্পনা হইয়া থাকে। এই অবিদ্যার নিবৃত্তি হইলেই অদ্বয় আত্মস্বরূপের পরিজ্ঞান হয়॥ ১৮॥

পূর্ব্বশ্লোকে আত্মা অদ্বয় বলিয়া উক্ত হইয়াছে, এইক্ষণ যদি আত্মাকে অদ্বয় বলিয়াই স্বীকার কর, তাহাহইলে এই সংসারে প্রাণাদি অনন্ত ভাবের পরিকল্পনা কি প্রকারে সম্ভবিতে পারে? ইহার উত্তর এই যে,—সেই আত্মার মায়াই এই সংসারে প্রাণাদি অনন্তভাবের কল্পনা করিয়া থাকে। সেই অনন্ত শক্তির মায়ায় অনন্ত শক্তি দেখা যায়। যেমন এই আকাশ স্বভাবতঃ নির্ম্মল, কিন্তু মায়াদ্বারা সেই আকাশকে কুসুমপলাশে পরিশোভিত তরুগণে পরিপূর্ণ বলিয়া বোধ হয়। সেইরূপ আত্মা

প্রাণা ইতি প্রাণবিদো ভূতানীতি চ তদ্বিদঃ।
গুণা ইতি গুণবিদস্তত্ত্বানীতি চ তদ্বিদঃ ॥ ২০ ॥

যথা মায়াং বিনা বিহিতমায়াগগনমতিবিমলং কুসুমিতৈঃ সপলাশৈস্তরু-ভিরাকীর্ণমিব করোতি তথেয়মপি দেবস্য মায়া যয়াঽয়ং স্বয়মপি মোহিতো ভবতি। মম মায়া দুরত্যয়েত্যুক্তম্ ॥ ১৯ ॥

প্রাণঃ প্রাজ্ঞো বীজাত্মা তৎকার্য্যভেদা হীতরে স্থিত্যন্তাঃ। অন্যে চ

অদ্বিতীয় হইলেও তাঁহার মায়াই এই সংসারকে প্রাণাদি অনন্ত ভাবে কল্পিত করে। এমন কি, তিনি স্বয়ংও এই মায়ার আক্রমণে বিমোহিত হইয়া থাকেন। স্বয়ং ভগবান্ বলিয়াছেন যে, আমার মায়া দুরতিক্রম্য, কেহই এই মায়ার হস্ত হইতে বিমুক্তি পাইতে পারেন না। সকলকেই মায়ার বশীভূত হইতে হয়, মায়া করিতে না পারে, এমন কার্য্যই নাই; সুতরাং মায়া বলেই প্রাণাদি অনন্ত ভাবের কল্পনা হয়, ইহাই প্রতিপন্ন হইতেছে ॥ ১৯ ॥

মায়া যে প্রাণাদি অনন্ত ভাবরূপে আত্মাকে কল্পনা করে, সেই প্রাণা-দির কতিপয় উদাহরণ প্রদর্শন করিতেছেন।—যাঁহারা প্রাণবাদী বৈশে-ষিক, তাঁহারা হিরণ্যগর্ভাখ্য প্রাণকেই আত্মা বলিয়া স্বীকার করেন, ইহা কেবল কল্পনামাত্র। হিরণ্যগর্ভই যে জগতের কারণ, তদ্বিষয়ে কোন প্রমাণ নাই। অপরাপর ব্যক্তিগণ অর্থাৎ যাঁহারা ভূতবাদী, তাঁহারা ক্ষিতি, জল, তেজঃ ও বায়ু এই ভূতচতুষ্টয়কে আত্মা বলিয়া কল্পনা করেন। ভূতবাদীরা বলিয়া থাকেন যে, ক্ষিত্যাদি ভূতচতুষ্টয়ই জগতের কারণ। ইহাও সৎপক্ষ নহে, কারণ ক্ষিত্যাদি ভূতসকল জড়পদার্থ, তাহারা স্বতঃসিদ্ধ হইয়া কোন কার্য্যই করিতে পারে না, অতএব ভূত সকলকে জগৎকর্ত্তা বলিয়া স্বীকার করা যুক্তিসিদ্ধ নহে। সাংখ্যবাদিরা সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়কে জগৎকারণ আত্মা বলিয়া কল্পনা করেন, তাঁহারা বলিয়া থাকেন যে, গুণত্রয়ের সাম্যাবস্থাতেই জগতের উৎপত্তি হয়, এই মতও অসঙ্গত। যদি গুণত্রয়ের সাম্যাবস্থাতে জগতের উৎপত্তি স্বীকার কর, তাহাহইলে প্রলয়

পাদা ইতি পাদবিদো বিষয়া ইতি চ তদ্বিদঃ।
লোকা ইতি লোকবিদো দেবা ইতি চ তদ্বিদঃ ॥ ২১ ॥

স্বীকার করিতে পার না। যদি বল, সাম্যাবস্থার ভঙ্গ হইলেই প্রলয় হইতে পারে, কিন্তু সেই গুণত্রয়ের বৈষম্যাবস্থা কে করিবে? অতএব গুণত্রয়কে আত্মা বলা যায় না। যাহারা শৈব, তাঁহারা আত্মা, বিদ্যা ও শিব এই তত্ত্বত্রয়কে জগৎকারণ পরমাত্মা বলিয়া কল্পনা করেন। তত্ত্ববাদী শৈবগণ বলিয়া থাকেন যে, তত্ত্বত্রয় হইতেই এই অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি হইয়াছে; এই কথাও সুসঙ্গত নহে। যদি আত্মাকে পৃথক্ স্বীকার কর, তাহাহইলে শিব ঘটাদির ন্যায় জড়পদার্থ এবং আত্মার সহিত শিবের অভেদ স্বীকার করিলে তত্ত্বত্রয়ের বিরোধ হয়। অতএব তত্ত্বত্রয়কে আত্মা বলা যায় না ॥২০॥

যাঁহারা শিবাদিকে পরমাত্মার অংশ বলিয়া স্বীকার করেন, তাঁহারা পরমাত্মার পাদস্বরূপ শিবাদিকে পরমাত্মা বলিয়া কল্পনা করেন, কিন্তু পরমাত্মা নিরংশ, অতএব উক্ত মত গ্রাহ্য নহে। বাৎস্যায়ন প্রভৃতি বিষয়বাদিরা শব্দাদি বিষয়কে পরমাত্মা বলিয়া স্বীকার করেন, এইমতও সৎ বলিয়া বোধ হয় না, যেহেতু বিষয়ের নিন্দাশ্রবণ আছে। বিষয়ের নিন্দা বিষয়ে প্রবাদ আছে যে, বিষ ও বিষয় এই উভয়ের অতিশয় প্রভেদ দেখা যায়, বিষকে ভক্ষণ করিলেই সেই বিষ ভোক্তাকে বিনাশ করে, কিন্তু বিষয়কে স্মরণ করিলেও সেই বিষয় স্মরণ-কর্তাকে বিনষ্ট করিয়া থাকে; সুতরাং বিষয় যে বিষ হইতেও অধিক অনিষ্টসাধন করে, তাহাই প্রতিপন্ন হইল। অতএব বিষয়কে পরমাত্মা বলা যায় না। পৌরাণিকেরা বলিয়া থাকেন যে,—ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়ই পরমাত্মা, ইহাও কল্পনামাত্র, প্রকৃতপক্ষে ভূরাদিলোকত্রয় পরমাত্মা নহে। ভূরাদি লোকত্রয়কে পরমাত্মা বলিলে তাঁহার অনন্তত্ব স্বীকার করিতে পারে না এবং পরমাত্মার স্বাতন্ত্র্যও অসিদ্ধ হইতে পারে। অনেকে অগ্নি, ইন্দ্র প্রভৃতি দেবগণকে আত্মা বলিয়া স্বীকার করেন। তাঁহারা বলেন, দেবগণ যেমন আপন আপন অভিলষিত ফল প্রদান করিয়া থাকেন, ঈশ্বর তাহা দিতে পারেন না; অতএব দেবগণই পরমাত্মা। এইমতও কল্পনামাত্র, যেহেতু দেবগণ যে

বেদা ইতি চ বেদবিদো যজ্ঞা ইতি চ তদ্বিদঃ।
ভোক্তেতি চ ভোক্তৃবিদো-ভোজ্যমিতি চ তদ্বিদঃ ॥২২॥

ফল প্রদান করেন, তাহাও আমাদিগের যত্ন সাপেক্ষ। আমরা দেবগণের আরাধনা না করিলে তাঁহারা কোন ফলপ্রদান করিতে পারেন না। যাহারা তাঁহাদিগের উপাসনা করে, তাহাদিগের অপেক্ষা দেবগণের বিশেষ ভাব আছে। যদি তাঁহারা স্বয়ংই ফলপ্রদান করিতেন, তবে তাঁহাদিগের উপাসনা বিফল হইত। বিশেষতঃ যাহারা সেই দেবগণের ভক্ত, তাহাদিগেরই বিশেষ প্রতিপত্তি দেখা যায়। অতএব দেবগণকে আত্মা বলিয়া স্বীকার করা অযুক্ত ॥ ২১ ॥

যাঁহারা বেদবিদ্, তাঁহারা ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয়কে জগৎকারণ পরমাত্মা বলিয়া মানেন। এইমতও সুসঙ্গত বলিয়া বোধ হয় না, কারণ বেদ সকল লৌকিকবর্ণ ব্যতিরিক্ত আর কিছুই নহে। যথাক্রমে বিন্যস্তবর্ণ সকলকে বেদ বলা যায়, ক্রমপরিপ্রাপ্ত উচ্চারিত বর্ণ স্বরূপ বেদেতে পরমার্থরূপ আত্মার পরিকল্পনা যুক্তিযুক্ত হয় না। বৌধায়ন প্রভৃতি যাজ্ঞিকগণ অগ্নিষ্টোমাদি যজ্ঞকে পরমাত্মা বলিয়া স্বীকার করেন, এই মতও অসঙ্গত, কারণ দ্রব্য, দেবতা ও দান এই সমুদায় নিয়াই যজ্ঞ হয়, দেবতাকে উদ্দেশ করিয়া দ্রব্যত্যাগের নাম যজ্ঞ। এইরূপ বিবেচনা করিয়া দেখিলে যজ্ঞের অনাত্মত্ব বোধ হইবে। যে সকল পদার্থ লইয়া যজ্ঞ হয়, সেই সমুদায় বস্তুই অনিত্য, অতএব যজ্ঞের আত্মত্ব সম্ভব হয় না। সাংখ্যেরা বলিয়া থাকেন, যিনি ভোক্তা তিনিই আত্মা, জগৎকর্ত্তা পরমাত্মা নহেন, অতএব সাংখ্যেরা ভোক্তাকেই আত্মা বলিয়া স্বীকার করিয়া থাকেন। এই মতও সৎ নহে, কারণ বিক্রিয়াকেই ভোগ বলিয়া স্বীকার করা যায়; সুতরাং ভোগকর্ত্তাও অনিত্য হইতে পারে। যদি ভোগই অনিত্য হইল, তবে ভোগকর্ত্তাও যে অনিত্য হইবে, তাহা অসম্ভব নহে। অতএব ভোক্তাকে যাঁহারা আত্মা বলিয়া স্বীকার করেন, তাঁহারা নিশ্চয়ই ভ্রান্ত। সূপকারগণ ভোজ্য বস্তুকে আত্মা বলিয়া থাকেন, ইহাও অযুক্ত পক্ষ। কারণ মধুরাদি রসপূর্ণ ব্যঞ্জনও ভোজ্য

সূক্ষ্ম ইতি সূক্ষ্মবিদঃ স্থূল ইতি চ তদ্বিদঃ।
মূর্ত্ত ইতি মূর্ত্তবিদো অমূর্ত্ত ইতি চ তদ্বিদঃ ॥ ২৩ ॥

র্ব্বে লৌকিকাঃ সর্ব্বপ্রাণিপরিকল্পিতা ভেদা রজ্জ্বামিব সর্পাদয়ঃ তচ্ছূন্যে

স্তু বটে, কিন্তু সর্ব্বদাই তাহার অন্যথাভাব দৃষ্ট হয়। ব্যঞ্জন পাকের প্রথ-াবস্থায় যেরূপ থাকে, চরমাবস্থায় সেইরূপ থাকে না, তখন ভাবান্তর প্রাপ্ত হয় এবং ঐ ব্যঞ্জন সময়ান্তরে বিস্বাদযুক্ত হইয়া থাকে, কখনও তাহার এক রূপ থাকে না, এইরূপ সময় সময় পরিবর্ত্তনশীল পদার্থকে পর-াত্মা বলিয়া স্বীকার করা নিতান্ত অসঙ্গত ॥ ২২ ॥

কোন কোন মতাবলম্বীরা আত্মাকে সূক্ষ্ম বলিয়া স্বীকার করেন, তাহারা বলিয়া থাকেন যে, আত্মা সূক্ষ্ম অর্থাৎ অণুপরিমাণবিশিষ্ট। এই মতও অসৎ বলিয়া জানিবে, কারণ পরমাত্মার সূক্ষ্মত্ব স্বীকার করিলে, একদা অনন্ত শরীরে সেই আত্মার অধিষ্ঠান অসম্ভব। অতএব আত্মাকে সূক্ষ্ম বলা যাইতে পারে না। লৌকিক ব্যবহারে 'আমি স্থূল দেহবান্" সকলেরই এইরূপ প্রতীতি হইয়া থাকে, লৌকিক ব্যবহারবাদীরা আত্মাকে স্থূল বলিয়া স্বীকার করে, এই মতও অযৌক্তিক, স্থূল পদার্থকে আত্মা বলিলে মৃত ও সুষুপ্ত ব্যক্তিরও চৈতন্য স্বীকার করিতে হয়। তাহাদিগেরও স্থূল দেহ বর্ত্তমান আছে, কিন্তু কোন ব্যক্তিরও মৃতাবস্থায় চৈতন্য দেখা যায় না। অতএব দেহাদি স্থূল পদার্থকে আত্মা বলিয়া জ্ঞান করা যায় না। আগমিকেরা বলিয়া থাকেন, ত্রিশূলাদিধারী মহেশ্বর এবং চক্রাদিধারী বিষ্ণু প্রভৃতি মূর্ত্তিমান দেবতারাই পরমাত্মা এবং তাঁহারাই অখণ্ড জগতের কর্ত্তা। এই মতও ভ্রান্তিসঙ্কুল; যেহেতু আমাদিগের শরীরের ন্যায় হরবিষ্ণ্বাদিরও শরীর পাঞ্চভৌতিক। তাহারা সেই পাঞ্চভৌতিক দেহ দ্বারাই নানাপ্রকার লীলা করনা করেন। পাঞ্চভৌতিক দেহমাত্রই অনিত্য আমাদিগের দেহ যেমন অনিত্য সেইরূপ বিষ্ণু প্রভৃতির দেহও অনিত্য, অতএব মূর্ত্তিমান শিব, বিষ্ণু প্রভৃতিকে পরমাত্মা বলিতে পারা যায় না। যাহারা শূন্যবাদী, তাঁহারা

কাল ইতি কালবিদো দিশ ইতি চ তদ্বিদঃ।
বাদা ইতি বাদবিদো ভুবনানীতি তদ্বিদঃ ॥ ২৪ ॥

পরমাত্মাকে সর্ব্বপ্রকার আকারবিহীন, নিঃস্বভাব, শূন্যময় বলিয়া স্বীকার করেন; কিন্তু এই মতও কল্পনামাত্র। বাস্তবিক পরমাত্মা নিঃস্বভাব ও শূন্য-স্বরূপ নহেন। "আত্মা নিঃস্বভাব" কদাচ এইরূপ প্রতীতি হয় না, অতএব পরমাত্মা অমূর্ত্ত হইতে পারেন না ॥ ২৩ ॥

জ্যোতির্ব্বিদ পণ্ডিতগণ কালকে পরমাত্মা বলিয়া স্বীকার করেন। এই কথা সর্ব্বথা অসঙ্গত; কালকে এক বলিলে মুহূর্ত্ত দণ্ডাদি ব্যবহার হইতে পারে না এবং সেই কালকে নানা বলিয়া স্বীকার করিলে আত্মারও নানাত্ব কল্পনা করিতে হয়। উদয়কাল ও অস্তকাল ইত্যাদিরূপে কালের নানাত্ব স্পষ্ট প্রতীয়মান হইতেছে, অতএব কালকে পরমাত্মা বলিয়া স্বীকার করা যায় না। যাঁহারা স্বরোদয়বেত্তা, তাঁহারা দিক্‌কে পরমাত্মা কহেন। এই মতও ভ্রান্ত; যেহেতু উত্তর পূর্ব্বাদিভেদে দিকের নানাত্ব ব্যবহার হইয়া থাকে, অতএব দিগ্বাদী স্বরোদয়বেত্তাদিগেরও পরাজয় দেখা যায়, অর্থাৎ দিক্‌কে আত্মা বলিয়া স্বীকার করা অসঙ্গত বোধ হইতেছে। যাঁহারা ধাতুবাদী ও মন্ত্রবাদী, তাঁহারা ধাতু ও মন্ত্রকেই পরমাত্মা বলিয়া থাকেন। এ মতও প্রকৃত সিদ্ধান্ত নহে, কারণ ধাতু ও মন্ত্র উভয়ই নানাপ্রকার দেখা যায়। তাম্রাদি ধাতুতে কখনও কনকত্বাদির সম্ভব হয় না এবং মন্ত্রকেও সারভূত বলা যায় না, যেহেতু কালদষ্ট ব্যক্তিকে কখনও মন্ত্রবলে জীবিত করা যায় না এবং অকাল দষ্ট ব্যক্তি স্বয়ংই উত্থিত হয়, অতএব মন্ত্রেরও কোনরূপ বিশেষ শক্তি নাই; সুতরাং ধাতু ও মন্ত্র সারভূত বস্তু বলিয়া প্রতীতি হয় না। যাঁহারা ভুবনকোষবাদী, তাঁহারা চতুর্দ্দশভুবনকে সারভূত বস্তু বলিয়া জ্ঞান করেন, ভুবনকোষবাদি-দিগের এই মতও অসৎ বলিয়া বোধ হইতেছে, কারণ সেই সকল ভুবন কেহ কখন দর্শন করে নাই এবং কখন এই সকল ভুবন হইতে তাহা-দিগের দর্শন হয় না, অতএব পরস্পর তাহাদিগের বিরোধ আছে। এক

মন ইতি মনোবিদো বুদ্ধিরিতি চ তদ্বিদঃ।
চিত্তমিতি চিত্তবিদো ধর্ম্মাধর্ম্মৌ চ তদ্বিদঃ ॥ ২৫ ॥

ভুবনে থাকিয়া যদি কেহ অন্য ভুবনকে জানিতে না পারে; তবে ভুবনই যে সারভূত বস্তু, এ কথা অগ্রাহ্য বোধ হয় ॥ ২৪ ॥

লৌকিক তত্ত্ববাদীরা মনকে আত্মা বলিয়া জানেন, এই মতও ভ্রান্তি-সঙ্কুল। কারণ মনের স্বাতন্ত্র্য থাকিলে ক্লেশের অনুভব হইতে পারে না এবং স্বতন্ত্রতা স্বীকার না করিলে ঘটপটাদির ন্যায় অনাত্মস্বরূপই হইল। তবে আর মনকে আত্মা বলিয়া স্বীকার করা যায় না। যেমন প্রদীপ প্রকাশের কারণমাত্র, কিন্তু সেই প্রকাশের ফলভোগী নহে; সেইরূপ মনও সুখ দুঃখাদির কারণ বটে, কিন্তু সুখাদির ভোক্তা নহে, অতএব মনকে আত্মা বলা যায় না। বৌদ্ধেরা বুদ্ধিকে আত্মা বলিয়া জ্ঞান করেন, বৌদ্ধদিগের এই মতও নিশ্চয় ভ্রান্ত, বুদ্ধিকে আত্মা জ্ঞান করিলে সুষুপ্তি-কালে বুদ্ধি থাকে না, কিন্তু তখনও আত্মার অসত্তা হয় না। যদি বুদ্ধিই আত্মা হইত, তবে সুষুপ্তিকালেও তাহার বিদ্যমানতা থাকিত; সুতরাং বুদ্ধিকে আত্মজ্ঞান করা নিতান্ত অজ্ঞের কার্য্য। অপরাপর বাদীরা বাহ্য আকারশূন্য জ্ঞানময় চিত্তকে আত্মা বলিয়া স্বীকার করেন। পূর্ব্বোক্ত হেতু স্মরণ করিলে চিত্তবাদীর এই মতও ভ্রম সঙ্কুল বলিয়া প্রত্যয় হইবে, অর্থাৎ সুষুপ্তিকালে চিত্তের অবর্ত্তমানতাপ্রযুক্ত চিত্তকে আত্মা বলিয়া স্বীকার করা যায় না। মীমাংসকেরা বলিয়া থাকেন যে, বিধি নিষেধ জন্য ধর্ম্মাধর্ম্মই পরমাত্মা, বিধিবাক্য পালন করিলে যে ধর্ম্ম হয় এবং সেই বিধি লঙ্ঘন করিলে যে অধর্ম্ম হয়, এই ধর্ম্মাধর্ম্মই লোকের শুভাশুভ ফল বিধান করে, অতএব ধর্ম্মাধর্ম্মই আত্মা, ইহাই মীমাংসকদিগের মত। কিন্তু এই মতও সৎ নহে, যেহেতু দেশকাল ভেদে ধর্ম্মাধর্ম্মেরও বিপ্রতিপত্তি দেখা যায়। এক দেশেতে যাহা ধর্ম্ম বলিয়া জ্ঞান করে, অন্য দেশে তাহা অধর্ম্ম মধ্যে পরিগণিত হয় এবং এক সময়ে যাহাকে ধর্ম্ম বলিয়া স্বীকার করিয়া আদর করে, অন্য সময়ে তাহাকে নরকের নিদানভূত অধর্ম্ম জ্ঞানে পরি-

পঞ্চবিংশক ইত্যেকে ষড়্বিংশ ইতি চাপরে।
একত্রিংশক ইত্যাহুরনন্ত ইতি চাপরে ॥ ২৬ ॥

ত্যাগ করে, অতএব ধর্ম্মাধর্ম্মকে আত্মা বলিয়া স্বীকার করা কেবল ভ্রান্তির কার্য্য ॥ ২৫ ॥

সাংখ্যমতাবলম্বীরা "প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চতন্মাত্র, চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ বিষয়, মনঃ এবং পুরুষ এই পঞ্চবিংশতি বস্তুকেই পরমাত্মস্বরূপে নির্ণয় করিয়া থাকেন, কিন্তু এই সাংখ্যমতও কল্পনামাত্র। যদি উক্ত মতই যথার্থ হয়, তাহাহইলে পঞ্চবিশংতি বিশেষণ ব্যর্থ হয়। পরমাত্মা কখনও পঞ্চবিংশতি অবয়ব বিশিষ্ট নহেন, অতএব পূর্ব্বোক্ত পঞ্চবিংশতি পদার্থকে পরমাত্মা বলিয়া স্বীকার করা অবিধেয়। পাতঞ্জল মতে উক্ত পঞ্চবিংশতি এবং ঈশ্বর এই ষড়্বিংশতিকে পরমাত্মা বলিয়া নির্দ্দেশ করেন, ইহাও অযৌক্তিক মত বলিয়া বোধ হইতেছে। যেহেতু ঈশ্বরও পুরুষের অন্তর্গত, পুরুষের অতিরিক্ত ঈশ্বরত্বের উপপত্তি প্রমাণবিরুদ্ধ। যিনি পুরুষ, তিনিই ঈশ্বর, কেহই পুরুষ ভিন্ন ঈশ্বরকে অতিরিক্ত স্বীকার করেন না, অতএব ষড়্-বিংশতিবাদিদিগের মত যুক্তিযুক্ত নহে। বিশেষতঃ পুরুষাতিরিক্ত ঈশ্বর স্বীকার করিলে ঘটাদিরন্যায় অনীশ্বরত্ব প্রতিপত্তি হইতে পারে। পাশুপত-গণ পূর্ব্বোক্ত ষড়্বিংশতি এবং রাগ, অবিদ্যা, নিয়তি, কালকলা ও মায়া এই একত্রিংশৎ পদার্থকে পরমার্থ বলিয়া স্বীকার করেন। এইরূপ পাশুপত-দিগের উক্তিও অলীক বলিয়া বোধ হইতেছে, কারণ রাগ ও অবিদ্যা এই উভয়ই ক্লেশস্বরূপ হইলেও তাহাদিগের যেমন অবান্তর বিভেদ আছে, অর্থাৎ রাগ ও অবিদ্যা ইহারা পরস্পর বিভিন্ন, সেইরূপ অস্মদাদি সকল পদার্থের অবান্তর বিভেদ আছে; সুতরাং অসংখ্য পদার্থ স্বীকার করিতে হয়। কেহ কেহ বলেন, এই জগতে অনন্ত পদার্থ আছে, অতএব পরমাত্মা সেই অনন্ত পদার্থ স্বরূপ। এইকথাও অগ্রাহ্য, যেহেতু জগতে

লোকান্ লোকবিদঃ প্রাহুরাশ্রমা ইতি তদ্বিদঃ।
স্ত্রীপুংনপুংসকং লৈঙ্গাঃ পরাপরমথাপরে ॥ ২৭ ॥

আত্মানাত্মস্বরূপানিশ্চয়হেতোরবিদ্যয়া কল্পিতা ইতি পিণ্ডীকৃতোঽর্থঃ।

অনন্ত পদার্থ স্বীকার করিলে বাদিগণের বিবাদই হইতে থাকিল। অজ্ঞ লোকেরা অজ্ঞান বশতই পরস্পর বিবাদ করিয়া থাকে, অতএব অজ্ঞানই বিবাদের মূল কারণ বলিয়া জানা যায়। যদি পদার্থের ইয়ত্তা না হয়, তবে সেই অজ্ঞান থাকিয়া গেল, অতএব ইহাতে কোনরূপেও পরমাত্মতত্ত্ব নির্ণয় হইতে পারে না; সুতরাং অনন্ত পদার্থ বাদীরা পরাজিত হইল ॥২৬॥

"লৌকিক বাদীরা বলিয়া থাকেন, লোকানুরঞ্জনই প্রকৃত তত্ত্ব। লোক সকলের সন্তোষ সম্পাদন করিতে পারিলেই পরমাত্মতত্ত্ব পরিজ্ঞান হয়। লৌকিক বাদিদিগের এই মতও অভ্রান্ত নহে, কারণ এই জগতে অসংখ্য লোক আছে, তাহাদিগের প্রত্যেকেরই অভিরুচি পৃথক্, অতএব সকলের সন্তোষসাধনকরা ঈশ্বরেরও অসাধ্য। অতএব লোকানুরঞ্জন বাদিদিগের মত নিতান্তই ভ্রম সঙ্কুল বলিয়া বোধ হইতেছে। দক্ষপ্রভৃতিরা আশ্রমকেই পরমার্থ বলিয়া সমর্থন করেন। এই পক্ষও অসৎ, যেহেতু আশ্রম শব্দের অর্থ প্রবেশ; সুতরাং শূদ্রাদিরও আশ্রম সম্ভব আছে। জাতির নির্ণয় করা সকলেরই দুঃসাধ্য এবং জাতির মূলই আশ্রম, তাহারও ইয়ত্তা করা অসম্ভব। আর আমি শূদ্র ইত্যাদি জাতি সংস্কার দেহগত ধর্ম্ম, তাহার পারলৌকিক সম্বন্ধ সম্ভব হয় না; সুতরাং অসঙ্গ আত্মারও আশ্রমের সম্ভব হইতে পারে না, অতএব আশ্রমবাদিদিগের মত অনাদরণীয় বলিয়া বোধ হইতেছে। ব্যাকরণসিদ্ধান্তবেত্তারা স্ত্রী, পুং ও নপুংসক শব্দসকলকে পরমার্থরূপে বর্ণন করিয়া থাকেন। বৈয়াকরণদিগের এই মতও অযুক্ত। যেহেতু স্ত্রীলিঙ্গপ্রভৃতি শব্দের স্বভাব, সুতরাং সর্ব্বাদি শব্দের ত্রিলিঙ্গযোগ সম্ভবিতে পারে না; অতএব স্ত্রীলিঙ্গ প্রভৃতিকে পরমার্থ বলিয়া স্বীকার করা যায় না। অপরাপর কোন কোন বাদীরা পরাপররূপে ব্রহ্মকে দ্বিবিধরূপে কল্পনা করেন, তাহা;

সৃষ্টিরিতি সৃষ্টিবিদো লয় ইতি চ তদ্বিদঃ।
স্থিতিরিতি স্থিতিবিদঃ সর্ব্বেচেহ তু সর্ব্বদা ॥ ২৮ ॥
যং ভাবং দর্শয়েদ্যস্য তং ভাবং স তু পশ্যতি।
তঞ্চাবতি স ভূত্বাসৌ তদ্গ্রহঃ সমুপৈতি তম্ ॥ ২৯ ॥

প্রাণাদিশ্লোকানাং প্রত্যেকং পদার্থব্যাখ্যানে ফল্গুপ্রয়োজনত্বাদ্যত্নো ন কৃতঃ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥

কিং বহুনা প্রাণাদীনামন্যতমমুক্তমনুক্তং বাঽন্যং যং ভাবং পদার্থং দর্শয়েদ্যস্যাচার্য্যোঽন্যো বাপ্তপ্ত ইদমেব তত্ত্বমিতি স তং ভাবমাত্মভূতং পশ্যত্যয়মহমিতি বা মমেতি তঞ্চ দ্রষ্টারং সভাবোঽবতি যো দর্শিতো ভাবো স ভূত্বা রক্ষতি। স্বেনাত্মনা সর্ব্বতো নিরুণদ্ধি। তস্মিন্ গ্রহস্তদ্-

---

দিগের মতে পরব্রহ্ম ও অপর ব্রহ্ম স্বীকৃত হয়, কিন্তু এই মতও সৎ নহে। ব্রহ্ম কখনও পরিছিন্ন হইতে পারে না, প্রকৃতপক্ষে ব্রহ্ম অপরিচ্ছিন্ন, অতএব পরাপর ব্রহ্মবাদিদিগের মত যুক্তিসিদ্ধ নহে ॥ ২৭ ॥

পৌরাণিকেরা সৃষ্টি, স্থিতি ও প্রলয়কে প্রকৃত তত্ত্ব বলিয়া স্বীকার করেন, কিন্তু এই মতও কল্পনামাত্র, কারণ যে বস্তু বিদ্যমান আছে, তাহার উৎপত্তি নাই এবং যে বস্তু অসৎ তাহারাও প্রলয় অসম্ভব; অতএব পৌরাণিকদিগের মত অপসিদ্ধান্ত বলিয়া বোধ হইতেছে। এইরূপে কতিপয় কল্পনামাত্র উক্ত হইল, এই প্রকার অনেকানেক কল্পনা অনুক্ত আছে। সেই সমুদয়েরই অধিষ্ঠাতা পরমাত্মা, পরমাত্মাতে রূপ কল্পিত হয়, কিন্তু পরমাত্মা কখন কল্পিত হয়েন না ॥ ২৮ ॥

আর বহু উদাহরণ প্রদর্শন নিষ্প্রয়োজন। প্রাণাদি যে সকল পদার্থ উক্ত হইয়াছে ও অন্যান্য যাহা যাহা অনুক্ত রহিয়াছে তাহাদিগের মধ্যে যে যে পদার্থকে "ইদমেব তত্ত্বং" বলিয়া যাহার গুরু যেরূপ উপদেশ করিয়াছেন, তিনি সেইরূপেই সেই সকল পদার্থকে আত্মস্বরূপে অবলোকন করুন। যাহার যাহার যে যে ভাব প্রদর্শিত হইল, সেই সেই ভাব তাহাদিগকে রক্ষা করে। আর "ইদমেব তত্ত্বং" এইরূপে যাহার যে ভাবের অভি-

এতৈরেষোঽপৃথগ্‌ভাবৈঃ পৃথগেবেতি লক্ষিতঃ।
এবং যো বেদ তত্ত্বেন কল্পয়েৎ সোঽবিশঙ্কিতঃ॥ ৩০॥

গ্রহস্তদভিনিবেশঃ। ইদমেব তত্ত্বমিতি স তং গৃহীতারমুপৈতি। তস্যাত্মভাবং নিগচ্ছতীত্যর্থঃ॥ ২৯॥

এতৈঃ প্রাণাদিভিরাত্মনোঽপৃথগ্‌ভূতৈরপৃথগ্‌ভাবৈরেষ আত্মা রজ্জুরিব সর্পাদিবিকল্পনারূপৈঃ পৃথগেবেতি লক্ষিতোঽপ্যলক্ষিতো মূঢ়ৈরিত্যর্থঃ। বিবেকিনান্তু রজ্জ্বামিব কল্পিতাঃ সর্পাদয়ো নাত্মব্যতিরেকেণ প্রাণাদয়ঃ সন্তীত্যভিপ্রায়ঃ। ইদং সর্ব্বং যদয়মাত্মেতি শ্রুতেঃ। এবমাত্মব্যতিরেকেণাসত্ত্বং রজ্জু সর্পবদাত্মনি কল্পিতানামাত্মানঞ্চ কেবলং নির্ব্বিকল্পং যো বেদ তত্ত্বেন শ্রুতিতো যুক্তিতশ্চ সোঽবিশঙ্কিতো বেদার্থং বিভাগতঃ কল্প-

---

নিবেশ হইয়াছে, সেই অভিনিবেশই তাহাকে আশ্রয় করে। যে ব্যক্তি যাহাকে আত্মভাবে গ্রহণ করে, সেই ভাবেই সেই ব্যক্তির আত্মপরিগ্রহ হয়॥ ২৯॥

অজ্ঞানী ব্যক্তিরাই আত্মাকে প্রাণাদি অনন্তভাবে গ্রহণ করিয়া থাকেন। প্রাণাদি সকলই আত্মার অপৃথগ্‌ভূত ভাব। যেমন এক রজ্জুই সর্পাদি অনন্তরূপে কল্পিত হইয়া থাকে, সেইরূপ অজ্ঞেরা প্রাণাদি অনন্তভাবে আত্মার কল্পনা করিয়া থাকে। কিন্তু তাহাতে তাহারা প্রকৃতরূপে আত্মতত্ত্ব জানিতে পারে না। আর যাহারা বিবেকী, অর্থাৎ যাহাদিগের জ্ঞানের পরিপাক হইয়া সদসদ্বিবেচনার শক্তি জন্মিয়াছে, তাঁহারা বলিয়া থাকেন, যেমন রজ্জুতেই নানাপ্রকার কল্পনা হইয়া থাকে, কিন্তু কল্পিত পদার্থ সকলই মিথ্যা, কেবল একমাত্র রজ্জুই সত্য। সেইরূপ আত্মাতে প্রাণাদি অনন্তভাবের কল্পনা হইয়া থাকে বটে, কিন্তু প্রাণাদি কোন পদার্থই আত্মাতিরিক্ত নহে। অন্যান্য শ্রুতি প্রমাণে জানা যায় যে, এই আত্মাই সর্ব্বময়, অতএব এই জগতে আত্মা ভিন্ন আর কিছুই নাই। যেমন রজ্জুতে সর্পাদি কল্পিত হয়, সেইরূপ আত্মাতে সকল পদার্থ কল্পিত হইয়া থাকে; অতএব কেবল আত্মাই নির্ব্বিকল্প। এইরূপে যে

স্বপ্নমায়ে যথা দৃষ্টে গন্ধর্ব্বনগরং যথা।
তথা বিশ্বমিদং দৃষ্টং বেদান্তেষু বিচক্ষণৈঃ ॥ ৩১ ॥

য়েৎ কল্পয়তীত্যর্থঃ। ইদমেব পরং বাক্যমদোঽন্যপরমিতি। নহ্যন-ধ্যাত্মবিদ্বেদান্ জ্ঞাতুং শক্নোতি তত্ত্বতঃ। নহ্যনাত্মবিৎকশ্চিৎক্রিয়াফল-মুপাশ্নুত ইতি হি মানবং বচনম্ ॥ ৩০ ॥

যদেতদ্বৈতস্যাঃ সত্ত্বমুক্তং যুক্তিতস্তদ্বেদান্তপ্রমাণাবগতমিত্যাহ। স্বপ্নশ্চ মায়া চ স্বপ্নমায়ে অসদ্বস্ত্বাত্মিকেঽসত্যৌ সদ্বস্ত্বাত্মিকে ইব লক্ষ্যেতে অবিবেকিভিঃ। যথা চ প্রসারিতপণ্যাপণগৃহপ্রাসাদস্ত্রীপুংজনপদব্যব-হারাকীর্ণমিব গন্ধর্ব্বনগরং দৃশ্যমানমেব সদকস্মাদভাবতাং গতং দৃষ্টম্। যথা চ স্বপ্নমায়ে দৃষ্টেঽসদ্রূপে তথাবিশ্বমিদং দ্বৈতং সমস্তমসদ্দৃষ্টং কেত্যাহ। বেদান্তেষু নেহ না নাস্তি কিঞ্চন। ইন্দ্রো মায়াভিঃ। আত্মৈবেদমগ্র আসীৎ। ব্রহ্মৈবেদমগ্র আসীৎ দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি। নতু তদ্-দ্বিতীয়মস্তি। যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূদিত্যাদিষু বিচক্ষণৈর্নিপুণতরবস্তু-

---

ব্যক্তি যুক্তি ও শ্রুতি প্রমাণদ্বারা আত্মাকে জানিতে পারেন, সেই ব্যক্তি বেদার্থের মর্ম্ম বুঝিতে পারিয়া সর্ব্বত্র নিঃশঙ্কচিত্ত হইয়া থাকিতে পারেন ॥ ৩০ ॥

যেমন স্বপ্নকালে ও মায়াবলে অসত্য বস্তুকে সত্য বলিয়া বোধ হয়, সেইরূপ অজ্ঞানীরা এই অনিত্য জগৎকে সদ্রূপে জ্ঞান করে। এই যে গন্ধর্ব্বনগর দেখিতেছ, এইক্ষণ এই নগরের গৃহসকল নানাবিধ পণ্যদ্রব্যে পরিপূর্ণ এবং প্রাসাদ সকলে নিয়ত স্ত্রী ও পুরুষগণ বিবিধ ব্যবহার করি-তেছে, এইরূপ গন্ধর্ব্বনগরও অকস্মাৎ বিনাশ পাইয়া থাকে। এই সকল প্রত্যক্ষ দৃষ্টান্তদ্বারা বেদান্তবিচক্ষণ ব্যক্তিরা এই জগৎকে অনিত্য বলিয়া জানেন। যেমন স্বপ্নদৃষ্টপদার্থ অনিত্য, মায়াময় ও অলীক এবং গন্ধর্ব্বনগরও বিনশ্বর, সেইরূপ এই জগৎ অনিত্য ও বিনশ্বর। "এই জগতে কিছুই সৎ নহে, এই সমস্ত ব্রহ্মাণ্ডই মায়াময়, জগৎ সৃষ্টির পূর্ব্বে কেবল একমাত্র আত্মাই বর্ত্তমান ছিলেন, একমাত্র ব্রহ্মই জগতের পূর্ব্ববর্ত্তী,

ন নিরোধো নচোৎপত্তির্ন বদ্ধো ন চ সাধকঃ।
ন মুমুক্ষুর্নবৈ মুক্ত ইত্যেষা পরমার্থতা ॥ ৩২ ॥

দর্শিভিরেভিঃ পণ্ডিতৈরিত্যর্থঃ। তমঃ শ্বভ্রনিভং দৃষ্টং বর্ষবুদ্বুদসন্নিভম্। নাশপ্রায়ং সুখাদ্ধীনং নাশোত্তরমভাবগমিতি হি ব্যাসস্মৃতেঃ ॥ ৩১ ॥

প্রকরণার্থোপসংহারার্থোঽয়ং শ্লোকঃ যদা বিতথং দ্বৈতমাত্মৈবৈকঃ পরমার্থতঃ সন্ তদেদং নিষ্পন্নং ভবতি। সর্ব্বোঽয়ং লৌকিকো বৈদিকশ্চ ব্যবহারোঽবিদ্যাবিষয় এবেতি। তদা ন নিরোধঃ। নিরোধনং নিরোধঃ প্রলয় উৎপত্তির্জ্জননং বদ্ধঃ সংসারী জীবঃ সাধকঃ সাধনান্মোক্ষস্ত মুমুক্ষুর্মোচনার্থী মুক্তো বিমুক্তবন্ধঃ। উৎপত্তিপ্রলয়য়োরভাবাদ্বদ্ধাদয়ো ন সন্তীত্যেষা পরমার্থতা। কথমুৎপত্তিপ্রলয়যোরভাব ইত্যুচ্যতে। দ্বৈতস্যাসত্ত্বাৎ। যত্র হি দ্বৈতমিব ভবতি। য ইহ নানেব পশ্যতি। আত্মৈবেদং সর্ব্বম্। ব্রহ্মৈবেদং সর্ব্বং একমেবাদ্বিতীয়মিদং সর্ব্বম্। যদয়মাত্মেত্যাদিনা দ্বৈতস্যাসত্ত্বং সিদ্ধম্। সতো হ্যুৎপত্তিঃ প্রলয়ো বা স্যান্নাসতঃ শশবিষাণাদেঃ। নাপ্যদ্বৈতমুৎপদ্যতে লীয়তে বা। অদ্বয়ঞ্চোৎপত্তিপ্রলয়বচ্চেতি বিপ্রতিষিদ্ধম্। যস্ত পুনর্দ্বৈতসংব্যবহারঃ স রজ্জুসর্পবদাত্মনি প্রাণাদিলক্ষণঃ কল্পিত ইত্যুক্তম্। ন হি মনোবিকল্পনায়াঃ রজ্জুসর্পাদিলক্ষণায়া

যাহারা দ্বৈতবাদী, চিরকালই তাহাদিগের ভয় থাকে, বাস্তবিক পরমাত্মার দ্বিতীয় কেহ নাই, এই জগতে "সকলই আত্মস্বরূপ" এই সকল শ্রুতি প্রমাণদ্বারা বেদান্তনিপুণ বস্তুতত্ত্বদর্শী পণ্ডিতগণ এই জগৎকে অনিত্য বলিয়া নিশ্চয় করিয়াছেন। ব্যাসস্মৃতিতেও উক্ত আছে যে, এই জগৎ তমোময় বিবরের ন্যায় ক্লেশপ্রদ, জল বুদ্বুদের ন্যায় অচিরস্থায়ী, বিনাশশীল, সুখবিহীন এবং বিনাশপরিণামী ॥ ৩১ ॥

"এই দ্বৈত জগৎ অনিত্য, কেবল একমাত্র আত্মাই সৎ। লৌকিক ও বৈদিক ব্যবহারসকল মায়াময়" যখন কোন ব্যক্তির এইরূপ নিশ্চয় হয়, তখন তাহার বিনাশ হয় না, উৎপত্তি হয় না এবং সে কখনও সংসারে আবদ্ধ হয় না, কোনপ্রকার সাধন করে না, মুক্তি ইচ্ছা করে

রজ্জ্বাং প্রলয় উৎপত্তির্বা। ন চ মনসি রজ্জুসর্পস্যোৎপত্তিঃ প্রলয়ো বা ন চোভয়তো বা তথা মানসত্বাবিশেষাদদ্বৈতস্য। ন হি নিয়তে মনসি সুষুপ্তে বা দ্বৈতং গৃহ্যতে। অতো মনোবিকল্পনামাত্রং দ্বৈতমিতি সিদ্ধম্। তস্মাৎসূক্তং দ্বৈতস্যাসত্ত্বান্নিরোধাদ্যভাবঃ পরমার্থতেতি। যদ্যেবং দ্বৈতা-ভাবে শাস্ত্রব্যাপারো নাদ্বৈতে বিরোধাৎ। তথা চ সত্যদ্বৈতস্য বস্তুত্বে প্রমাণাভাবাৎ শূন্যবাদপ্রসঙ্গঃ। দ্বৈতস্য চাভাবাৎ ন রজ্জুসর্পাদিবিকল্পনায়া নিরাস্পদত্বানুপপত্তিরিতি প্রত্যুক্তমেতৎ কথমুজ্জীবসীত্যাহ। রজ্জুরপি সর্পবিকল্পস্যাস্পদীভূতা বিকল্পিতৈবেতি দৃষ্টান্তানুপপত্তিঃ ন বিকল্পনা-ক্ষয়েঽবিকল্পিতস্যাবিকল্পিতত্বাদেব সত্ত্বোপপত্তেঃ। রজ্জুসর্পবদসত্ত্বমিতি চেৎ। ন একান্তেনাবিকল্পিতত্বাদবিকল্পিতরজ্জ্বংশবৎপ্রাক্‌সর্পাভাববিজ্ঞা-নাৎ বিকল্পয়িতুশ্চ প্রাক্‌বিকল্পনোৎপত্তেঃ সিদ্ধত্বাভ্যুপগমাদেব সত্ত্বানুপ-পত্তিঃ। কথং পুনঃ স্বরূপে ব্যাপারাভাবে শাস্ত্রস্য দ্বৈতবিজ্ঞাননিবর্ত্তকত্বম্। নৈষ দোষঃ। রজ্জ্বাং সর্পাদিবদাত্মনি দ্বৈতস্যাবিদ্যাধ্যস্তত্বাৎ কথং সুখ্যহং দুঃখী মূঢ়ো জাতো মৃতো জীর্ণো দেহবান্ পশ্যামি ব্যক্তাব্যক্তঃ কর্ত্তা ফলী সংযুক্তো বিযুক্তঃ ক্ষীণো বৃদ্ধোঽহং মমৈতদিত্যেবমাদয়ঃ সর্ব্বে আত্মন্যধ্যারোপ্যন্তে। আত্মৈতেষ্বনুগতঃ সর্ব্বত্রাভিচারাৎ যথা সর্পধারাদি-ভেদেষু রজ্জুঃ। যদা চৈবং বিশেষ্যস্বরূপপ্রত্যয়স্য সিদ্ধত্বান্ন কর্ত্তব্যত্বং শাস্ত্রেণ। অকৃতকর্ত্তৃ চ শাস্ত্রং কৃতানুকারিত্বেঽপ্রমাণম্। যতোঽবিদ্যা-ধ্যারোপিতসুখিত্বাদিবিশেষপ্রতিবন্ধাদেরাত্মনঃ স্বরূপেণানবস্থানং স্বরূপা-

---

না এবং সেই ব্যক্তি মুক্তও নহে। যাহার উৎপত্তি বা প্রলয় নাই, তাহার বন্ধন ও মোক্ষ কিছুই হইতে পারে না; এইরূপ জ্ঞানই পরমার্থ জ্ঞান। যদি বল, দ্বৈতপদার্থের উৎপত্তি বিনাশ নাই, একথা অসম্ভব। কারণ সর্ব্বপ্রকার শ্রুতিতে দ্বৈতপদার্থের অসত্ত্ব প্রতিপন্ন হইয়াছে। যে পদার্থ সৎ, তাহারই উৎপত্তি ও প্রলয় হইতে পারে। যেমন শশবিষাণের উৎপত্তি ও প্রলয় দুইই অসম্ভব, সেইরূপ অসদ্বস্তুর উৎপত্তি প্রলয় অসম্ভব এবং অদ্বৈতপদার্থ কখনও উৎপন্ন বা লীন হয় না। যাহারা দ্বৈতবাদী, তাহারা রজ্জুতে সর্প কল্পনার ন্যায় আত্মাতে প্রাণাদির কল্পনা করিয়া থাকে, কিন্তু

ভাবৈরসদ্ভিরেবায়মদ্বয়েন চ কল্পিতঃ।
ভাবা অপ্যদ্বয়েনৈব তস্মাদদ্বয়তা শিবা॥ ৩৩॥

বস্থানঞ্চ শ্রেয় ইতি। সুখিত্বাদিনিবর্ত্তকং শাস্ত্রমাত্মগুসুখিত্বাদিপ্রত্যয়করণেন নেতি নেত্যস্থূলাদিবাক্যৈরাত্মস্বরূপবদসুখিত্বাদ্যপি সুখিত্বাদিভেদেষু নানুবৃত্তোঽস্তি ধর্ম্মঃ। যদ্যনুবৃত্তস্থান্নাধ্যারোপিতসুখিত্বাদিলক্ষণো বিশেষঃ। যথোষ্ণত্বগুণবিশেষবত্যগ্নৌ শীততা তস্মিন্নির্ব্বিশেষ এবাত্মনি সুখিত্বাদয়ো বিশেষাঃ কল্পিতাঃ। যত্ত্বসুখিত্বাদিশাস্ত্রমাত্মনস্তৎসুখিত্বাদিবিশেষনিবৃত্ত্যর্থমেবেতি সিদ্ধম্। সিদ্ধস্তু নিবর্ত্তকত্বাদিত্যাগমবিদাং সূত্রম্॥ ৩২॥

পূর্ব্বশ্লোকার্থস্ত হেতুমাহ। যথা রজ্জ্বামসদ্ভিঃ সর্পধারাদিভিরদ্বয়েন রজ্জুদ্রব্যেণ সতাঽয়ং সর্প ইয়ং ধারাদণ্ডোঽয়মিতি বা রজ্জুদ্রব্যমেব কল্প্যতে। এবং প্রাণাদিভিরনন্তৈরসদ্ভিরেবাবিদ্যমানৈঃ পরমার্থতঃ। ন হ্যপ্রচলিতে মনসি কশ্চিদ্ভাব উপলক্ষয়িতুং শক্যতে কেনচিৎ। ন চাত্মনঃ প্রচলনমস্তি। প্রচলিতস্যৈবোপলভ্যমানা ভাবা ন পরমার্থতঃ সন্তঃ কল্পয়িতুং শক্যাঃ। অতোঽসদ্ভিরেব প্রাণাদিভাবৈরদ্বয়েন চ পরমার্থসতা-

---

এইমত অযুক্ত বলিয়া বোধ হইতেছে। কেবল মনে মনেই রজ্জুতে সর্প-পরিকল্পনা হইয়া থাকে, তাহাতে রজ্জুতে সর্পকল্পনার প্রলয় বা উৎপত্তি হয় না এবং রজ্জুতেও সর্পের উৎপত্তি বা প্রলয় হইতে পারে না। অতএব দ্বৈতত্ব কেবল মানসিক কল্পনামাত্র; সুতরাং পূর্ব্বোক্ত দ্বৈতপদার্থের উৎপত্তি ও প্রলয়ভাব অসঙ্গত নহে॥ ৩২॥

যেমন যখন রজ্জুতে "এই সর্প, এই জলাধারা, অথবা এই দণ্ড" ইত্যাকার জ্ঞানের নিবৃত্তি হইয়া রজ্জুস্বরূপের নিশ্চয় জ্ঞান হয়। সেইরূপ অবিদ্যাকল্পিত প্রাণাদি অনন্তভাবের অভাব হইলেই অদ্বৈত আত্মার পরমার্থতা প্রকাশ পায়। যখন মনঃ নিশ্চল থাকে, তখন কেহই তাহাতে কোন ভাব উপলক্ষিত করিতে পারে না। কিন্তু আত্মা নিশ্চল, কখনও আত্মার চাঞ্চল্য হয় না। প্রচলিত পদার্থেরই নানাপ্রকার ভাব উপলক্ষিত হয়, কিন্তু আত্মার কোনরূপ ভাবই কল্পনা করা যায় না। অতএব

নাত্মভাবেন নানেদং ন স্বেনাপি কথঞ্চন।
ন পৃথঙ্‌নাপৃথক্কিঞ্চিদিতি তত্ত্ববিদো বিদুঃ॥ ৩৪॥

অনা রজ্জুবৎ সর্ব্ববিকল্পাস্পদভূতেনায়ং স্বয়মেবাত্মা কল্পিতঃ। সদৈকস্বভাবোঽপি সংস্তে চ প্রাণাদিভাবা অদ্বয়েনেব সতাত্মনা বিকল্পিতাঃ। ন হি নিরাস্পদা কাচিৎকল্পনোপলভ্যতে অতঃ সর্ব্বকল্পনাস্পদত্বাৎ স্বেনাত্মনাঽদ্বয়স্যাব্যভিচারাৎ। কল্পনাবস্থায়ামপ্যদ্বয়তা শিবা। কল্পনা এব ত্বশিবাঃ। রজ্জুসর্পাদিবৎত্রাসাদিকারিণ্যোঽহিতাঃ। অদ্বয়তা অভয়া অতঃ সৈব শিবা॥ ৩৩॥

কুতশ্চাদ্বয়তা শিবা নানাভূতং পৃথক্ত্বমন্যস্যান্যস্মাদ্যত্র দৃষ্টং তত্রাশিবং ভবেৎ। ন হ্যত্রাদ্বয়ে পরমার্থসত্যাত্মনি প্রাণাদিসংসারজাতমিদং জগদাত্মভাবেন পরমার্থস্বরূপেণ নিরূপ্যমাণং নানাবস্ত্বন্তরভূতং ভবতি। যথা রজ্জুস্বরূপেণ প্রকাশেন নিরূপ্যমাণেন নানাভূতঃ কল্পিতঃ সর্পোঽস্তি তদ্বৎ। নাপি স্বেন প্রাণাদ্যাত্মনেদং বিদ্যতে। কদাচিদপি রজ্জুসর্পবৎ-

---

প্রাণাদিভাব সকলই অসৎ, বাস্তবিক আত্মা অদ্বয়। যেমন রজ্জু সর্পাদি বিকল্পের আস্পদ, সেইরূপ আত্মাই প্রাণাদি অনন্ত কল্পনার আধাররূপে স্বয়ং কল্পিত হইয়া থাকেন। আত্মা সর্ব্বদা একস্বভাব হইলেও তৎকর্ত্তৃক প্রাণাদিভাব কল্পিত হইয়া থাকে। নিরাশ্রয়ে কোন কল্পনাই হইতে পারে না, সুতরাং সর্ব্বকল্পনার আস্পদীভূত আত্মাই অদ্বয়; তাহাতে কোন ব্যভিচার দৃষ্ট হয় না। অতএব কল্পনাকালেও আত্মার অদ্বয়ত্ব জ্ঞান মঙ্গলকর এবং কল্পনাই অনিষ্টকর। যেমন রজ্জুতে সর্পভ্রম হইলেও সেই ভ্রমজ্ঞানই ত্রাস উৎপাদন করে, সেইরূপ আত্মাতে প্রাণাদি কল্পনাও অনিষ্টসাধন করিয়া থাকে। অতএব অদ্বৈতজ্ঞানই সর্ব্বথা শ্রেয়ঃসাধন করে॥ ৩৩॥

আত্মার কিরূপ অদ্বয়ত্বজ্ঞান মঙ্গলকর, এইক্ষণ তাহাই নিরূপণ করিতেছেন।—আত্মতত্ত্ববিদ্ পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, আত্মা আত্মস্বরূপে নানাপ্রকার নহেন। তাঁহার আত্মস্বরূপে নানাত্ব জ্ঞান শ্রেয়স্কর নহে;

বীতরাগভয়ক্রোধৈর্ম্মুনিভির্বেদপারগৈঃ।
নির্ব্বিকল্পো হ্যয়ং দৃষ্টঃ প্রপঞ্চোপশমোঽদ্বয়ঃ॥ ৩৫॥

কল্পিতত্বাদেব। তথাঽন্যোঽন্যং ন পৃথক্ প্রমাণাদি বস্তু। যথা অশ্বান্মহিষঃ পৃথগ্বিদ্যতএব অতোঽসত্বান্না পৃথগ্বিদ্যতেঽন্যোন্যং পরেণ বা কিঞ্চিদিতি। এবং পরমার্থতত্ত্বমাত্মবিদো ব্রাহ্মণা বিদুঃ। অতোঽশিবহেতুত্বাভাবাদদ্বয়তৈব শিবেত্যভিপ্রায়ঃ॥ ৩৪॥

তদেতৎ সম্যগ্দর্শনং স্তূয়তে। বিগতরাগভয়দ্বেষক্রোধাদিসর্ব্বদোষৈঃ সর্ব্বদা মুনিভির্ম্মননশীলৈর্ব্বিবেকিভির্ব্বেদপারগৈরবগতবেদার্থতত্ত্বৈর্জ্ঞানিভির্নির্ব্বিকল্পঃ সর্ব্ববিকল্পশূন্যোঽয়মাত্মা দৃষ্ট উপলব্ধো বেদান্তার্থতৎপরৈঃ। প্রপঞ্চোপশমঃ প্রপঞ্চো দ্বৈতভেদবিস্তারস্তস্যোপশমোঽভাবো যস্মিন্ স আত্মা প্রপঞ্চোপশম অতএবাদ্বয়ঃ। বিগতদোষৈরেব পণ্ডিতৈর্ব্বেদান্তার্থতৎপরৈঃ সন্ন্যাসিভিঃ পরমাত্মা দ্রষ্টুং শক্যো নান্যৈঃ রাগাদিকলুষিতচেতোভিঃ স্বপক্ষপাতদর্শনৈস্তার্কিকাদিভিরিত্যভিপ্রায়ঃ॥ ৩৫॥

পরন্তু তাহা অমঙ্গলপ্রদ। অদ্বয় আত্মাতে প্রাণাদি সংসার ধর্ম্ম নাই। তাঁহাকে জগতের আত্মস্বরূপে পরমার্থভাবে নিরূপণ করিবে। তিনি নানা বস্তুর অন্তরবর্ত্তীরূপে বিদ্যমান আছেন, যেমন রজ্জু স্বীয় আকারে প্রকাশিত হইয়াও সর্ব্বপ্রকারেই সর্পরূপে কল্পিত হয়, সেইরূপ আত্মাও স্বীয়রূপে প্রকাশ পাইয়া প্রাণাদি অনন্তভাবে কল্পিত হইয়া থাকেন। তিনি প্রাণাদিরূপে বিদ্যমান থাকেন না, কারণ কথনও তাঁহাকে রজ্জু সর্পের ন্যায় কল্পনা করায় এবং আত্মাকে পৃথগ্ভূত প্রাণাদি বস্তুর ন্যায় বিভিন্ন বলা যায় না। যেমন অশ্ব মহিষ হইতে পৃথক্, আত্মা সেইরূপ প্রাণাদি হইতে পৃথক্ নহেন॥ ৩৪॥

যাহাদিগের রাগ, দ্বেষ, ক্রোধাদি সর্ব্বপ্রকার দোষ তিরোহিত হইয়াছে এবং যাহারা বেদার্থতত্ত্বজ্ঞ, সেই সকল বিবেকী মুনিগণ নির্ব্বিকল্পক অদ্বয় আত্মাকে জানিতে পারেন। সেই আত্মতত্ত্বপরিজ্ঞান হইলে দ্বৈত প্রপঞ্চের উপশম হয়। রাগদ্বেষাদিশূন্য বেদার্থতৎপর সন্ন্যাসীরাই পর-

তস্মাদেবং বিদিত্বৈনমদ্বৈতে যোজয়েৎ স্মৃতিম্।
অদ্বৈতং সমনুপ্রাপ্য জড়বল্লোকমাচরেৎ॥ ৩৬॥
নিস্তুতির্নির্নমস্কারো নিঃস্বধাকার এব চ।
চলাচলনিকেতশ্চ যতির্যাদৃচ্ছিকো ভবেৎ॥ ৩৭॥

যস্মাৎসর্ব্বানর্থপ্রশমনরূপত্বাদদ্বয়ং শিবং অভয়ং অত এবং বিদিত্বা-দ্বৈতে স্মৃতিং যোজয়েৎ। অদ্বৈতাবগমায়ৈব স্মৃতিং কুর্য্যাদিত্যর্থঃ। তচ্চাদ্বৈতমবগম্যাহমস্মি পরং ব্রহ্মেতি বিদিত্বাঽশনায়াদ্যতীতং সাক্ষাদ-পরোক্ষাদজমাত্মানং সর্ব্বলোকব্যবহারাতীতো জড়বল্লোকমাচরেৎ। অপ্রখ্যাপয়ন্নাত্মানমহমেবংবিধ ইত্যভিপ্রায়ঃ॥ ৩৬॥

কয়া চর্য্যয়া লোকমাচরেদিত্যাহ। স্তুতিনমস্কারাদিসর্ব্বকর্ম্মবর্জ্জিত-স্ত্যক্তসর্ব্ববাহ্যৈষণঃ প্রতিপন্নপারমহংস্যপারিব্রাজ্য ইত্যভিপ্রায়ঃ। এতং

মাত্মাকে জানিতে পারেন, তদ্ভিন্ন যাহাদিগের চিত্ত রাগদ্বেষাদিদোষে কলু-ষিত হইয়াছে, সেই সকল স্বপক্ষপাতী তার্কিকেরা আত্মতত্ত্ব জানিতে পারেন না॥ ৩৫॥

যেহেতু আত্মতত্ত্ব পরিজ্ঞান হইলেই দ্বৈতপ্রপঞ্চের নিবৃত্তি হইয়া সর্ব্ব-প্রকার অনর্থেরও নিবৃত্তি হয়। অতএব সেই আত্মা অদ্বয়, সর্ব্বমঙ্গলপ্রদ ও অভয়, এইরূপে আত্মাকে জানিয়া সর্ব্বদা তাঁহাকে স্মরণ করিবে, আত্মাকে অদ্বৈতরূপে জানিতে পারিলেই "আমিই সেই পরংব্রহ্মস্বরূপ" ইত্যাকার জ্ঞান হয়। তখন সেই ব্যক্তি জড়বৎ নিশ্চেষ্ট হইয়া থাকে। ক্ষুধাপিপাসাদি কোনরূপ লৌকিক ব্যবহার থাকে না। সেই ব্যক্তি সর্ব্বলোকের অতীত হয়॥ ৩৬॥

আত্মতত্ত্ব পরিজ্ঞান হইলে সেই ব্যক্তি সর্ব্বপ্রকার লৌকিক ব্যব-হারের অতীত হয়, সে কাহাকে স্তুতি বা নমস্কার করে না এবং স্বধা শব্দপ্রয়োগাদিদ্বারা পিতৃকৃত্যাদি কোন কার্য্যেই তাহার প্রবৃত্তি হয় না। আত্মজ্ঞানী ব্যক্তি দেবপূজাদি সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করে, কেবল পারমহংস্য প্রব্রজ্যাদি ধর্ম্ম গ্রহণ করিয়া ব্রহ্মতত্ত্বানুসন্ধান করে। শ্রুতিপ্রমাণেও

তত্ত্বমাধ্যাত্মিকং দৃষ্ট্বা তত্ত্বং দৃষ্ট্বা তু বাহ্যতঃ।

বৈ তমাত্মানং বিদিত্বেত্যাদিশ্রুতেঃ। তদ্‌বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণা ইত্যাদিস্মৃতেশ্চ। চলং শরীরং প্রতিক্ষণমন্যথাভাবাৎ। অচলমাত্মতত্ত্বম্। যদা কদাচিদ্ভোজনাদিব্যবহারনিমিত্তমাকাশবদচলং স্বরূপমাত্মতত্ত্বমাত্মনো নিকেতনমাশ্রয়মাত্মস্থিতিং বিস্মৃত্যাহমিতি মন্যতে যদা তদা চলো দেহো নিকেতো যস্য সোঽয়মেবং চলাচলনিকেতো বিদ্বান্ ন পুনর্ব্বাহ্যবিষয়াশ্রয়ঃ। স চ যাদৃচ্ছিকো ভবেৎ। যদৃচ্ছাপ্রাপ্তকৌপীনাচ্ছানগ্রাসমাত্রদেহস্থিতি-রিত্যর্থঃ॥ ৩৭॥

বাহ্যং পৃথিব্যাদি তত্ত্বমাধ্যাত্মিকঞ্চ দেহাদিলক্ষণং রজ্জুসর্পাদিবৎ। স্বপ্ন-মায়াদিবচ্চাসৎ। বাচারম্ভণং বিকারোনামধেয়মিত্যাদিশ্রুতেঃ। আত্মা চ

এইরূপ প্রতিপন্ন হইয়াছে। স্মৃতিপ্রমাণে জানা যায় যে, যে ব্যক্তি আত্ম-জ্ঞানী, সেই ব্যক্তি লৌকিক কার্য্য সকল পরিত্যাগ করিয়া কেবল সেই আত্মাকেই চিন্তা করে, তাঁহাতে আত্মসমর্পণ করে এবং সর্ব্বদা সেই আত্মা-তেই একান্ত অনুরক্ত থাকে। আত্মজ্ঞানী ব্যক্তি এইরূপ বিবেচনা করে যে, সর্ব্বদাই এই দেহের অন্যথাভাব হইতেছে। অতএব দেহ চল, অর্থাৎ চিরস্থায়ী নহে এবং আত্মা সর্ব্বদাই একভাবে থাকেন, তাঁহার কখনও ভাবান্তর হয় না, পরন্ত আত্মাই অচল। দেহ ভোজনাদি ব্যবহার জন্য, কিন্তু আত্মা আকাশবৎ অচল, ভোজনাদি ব্যবহার অপেক্ষা করে না। এইরূপে আত্মজ্ঞানী ব্যক্তি দেহ ও আত্মার স্বরূপ পর্য্যালোচনা করিয়া থাকেন। আত্মতত্ত্বপরিজ্ঞানপারদর্শী বিদ্বান্ যতি ব্যক্তি যাদৃচ্ছিক, অর্থাৎ অযত্নলভ্য কৌপীনাদি আচ্ছাদন ও একগ্রাসমাত্র ভোজনাদিদ্বারা পরিতুষ্ট থাকেন। কোনরূপ উত্তম বস্ত্রপরিধান করিব বা সুস্বাদু উত্তম ভোজ্যদ্রব্য ভোজনদ্বারা রসনার পরিতৃপ্তি করিব, এজন্য ব্যগ্র হয়েন না॥ ৩৭॥

পৃথিব্যাদি বাহ্যতত্ত্ব এবং দেহলক্ষণাদি আধ্যাত্মিকতত্ত্ব পর্য্যালোচনা-দ্বারা আত্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়া আত্মপরায়ণ হইবে, কখন সেই আত্মতত্ত্ব পর্য্যালোচনা হইতে নিবৃত্ত হইবে না। যেমন রজ্জুতে সর্পজ্ঞান হয়, বাস্তবিক সেই সর্প মিথ্যা, সেইরূপ এই পৃথিব্যাদি বাহ্যপদার্থ সকলই

তত্ত্বীভূতস্তদারামস্তত্ত্বাদপ্রচ্যুতো ভবেৎ ॥ ৩৮ ॥

ইতি মাণ্ডূক্যোপনিষদর্থাবিষ্করণপরায়াং গৌড়পাদীয়-
কারিকায়াং বৈতথ্যাখ্যং দ্বিতীয়মাগম-
প্রকরণং সমাপ্তম্ ॥ ২ ॥

সবাহ্যাভ্যন্তরো হ্যজোঽপূর্ব্বোঽনপরোঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্ন আকাশবৎসর্ব্ব-গতঃ সূক্ষ্মোঽচলো নির্গুণো নিষ্কলো নিষ্ক্রিয়স্তৎসত্যং স আত্মা তত্ত্বমসীতি-শ্রুতেঃ। ইত্যেবং তত্ত্বদৃষ্ট্যা তত্ত্বীভূতস্তদারামো ন বাহ্যরমণো যথাঽতত্ত্বদর্শী কশ্চিচ্চিত্তমাত্মত্বেন প্রতিপন্নশ্চিত্তচলনমনুচলিতমাত্মানং মন্যমানস্তত্ত্বা-চ্চলিতং দেহাদিভূতমাত্মানং কদাচিন্মন্যতে প্রচ্যুতোঽহমাত্মতত্ত্বাদিদানী-মিতি। সমাহিতে তু মনসি কদাচিত্তত্ত্বভূতং প্রসন্নাত্মানং মন্যতে ইদানীমস্মি তত্ত্বীভূত ইতি। ন তথাত্মবিত্তবেৎ। আত্মন একরূপত্বাৎ স্বরূপপ্রচ্যবনাসম্ভ-বাচ্চ। সদৈবং ব্রহ্মাস্মীত্যপ্রচ্যুতো ভবেত্তত্ত্বাৎ সদাঽপ্রচ্যুতাত্মদর্শনো।

অসৎ, উহা কেবল মায়াপরিকল্পিত। স্বপ্নকালে যেমন অসত্য পদার্থকে সৎ বলিয়া বোধ হয়, সেইরূপ মায়াবলে এই অসত্য জগৎকে সত্য বলিয়া প্রতীতি জন্মে। অতএব পৃথিব্যাদি বাহ্যপদার্থ সমুদায়ই অনিত্য এবং সেই আত্মাই বাহ্য ও অভ্যন্তরবর্ত্তী অজ, অপূর্ব্ব, অনপর, অনন্তর, অবাহ্য, আকাশবৎ সর্ব্বব্যাপী, সূক্ষ্ম, অচল, নির্গুণ, নিষ্কল, নিষ্ক্রিয় এবং সত্য; এইরূপে আত্মতত্ত্ব পর্য্যালোচনাদ্বারা সর্ব্বদা আত্মপরায়ণ হইয়া থাকিবে। কদাচ পৃথিব্যাদি বাহ্য বিষয়ে অনুরাগ করিবে না। যাঁহারা আত্মতত্ত্ব-দর্শী, তাঁহারা কখনও চিত্তকে আত্মা বলিয়া জ্ঞানকরতঃ চিত্তের চাঞ্চল্যানু-ভব দৃষ্টে আত্মারও চাঞ্চল্য বোধ করিয়া আত্মতত্ত্ব পর্য্যালোচনা হইতে নিবৃত্ত হয়েন না। পরন্তু যাঁহারা সমাহিতচিত্ত, তাঁহারা "আমিই ব্রহ্মস্বরূপ" এইরূপ জ্ঞান করিয়া সর্ব্বদা সেই আত্মতত্ত্ব চিন্তনে তৎপর থাকেন। অতএব এইরূপে সর্ব্বদা আত্মপরায়ণ হইয়া অনন্যচিত্তে তত্ত্ব পর্য্যালোচনা করিলেই তাহার আত্মদর্শন হয়। তখন তাহার কোনরূপ ভেদজ্ঞান থাকে না, সর্ব্ব-

ভবেদিত্যভিপ্রায়ঃ। শুনি চৈব শ্বপাকে চ। সমঃ সর্ব্বেষু ভূতেষু ইত্যাদি-স্মৃতেঃ॥ ৩৮॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য
শঙ্করভগবতঃ কৃতৌ গৌড়পাদীয়ে আগমশাস্ত্রভাষ্যে
দ্বিতীয়প্রকরণং বৈতথ্যাখ্যং সমাপ্তম্॥ ২॥

ভূতকে সমজ্ঞান করে। সে কুক্কুর চাণ্ডালাদিকেও ঘৃণা করে না এবং দেবতাকেও ভক্তি করে না; সর্ব্বভূতে সমদর্শী হয়॥ ৩৮॥

ইতি মাণ্ডূক্যোপনিষৎকারিকায়াং দ্বিতীয়মাগমপ্রকরণ॥ ২॥

অথ গৌড়পাদীয়কারিকায়া অদ্বৈতাখ্যং তৃতীয় প্রকরণং।

ওঁ উপাসনাশ্রিতোধর্ম্মো জাতে ব্রহ্মণি বর্ত্ততে।
প্রাগুৎপত্তেরজং সর্ব্বং তেনাসৌ কৃপণঃ স্মৃতঃ ॥ ১ ॥

ওঁকারনির্ণয়ে উক্তঃ প্রপঞ্চোপশমঃ শিবোঽদ্বৈত আত্মেতিপ্রতিজ্ঞামাত্রেণ। জ্ঞাতে দ্বৈতং ন বিদ্যত ইতি চ। তত্র দ্বৈতাভাবস্তু বৈতথ্যপ্রকরণেন স্বপ্নমায়াগন্ধর্ব্বনগরাদিদৃষ্টান্তৈর্দৃশ্যত্বাদ্যন্তবত্ত্বাদিহেতুভিস্তর্কেণ চ প্রতিপাদিতঃ। অদ্বৈতং কিমাগমমাত্রেণ প্রতিপত্তব্যমাহোস্বিত্তর্কেণাপীত্যত আহ শক্যতে তর্কেণাপি জ্ঞাতুম্ তৎকথমিত্যদ্বৈতপ্রকরণমারভ্যতে। উপাস্যোপাসনাদিভেদজাতং সর্ব্বং বিতথং কেবলশ্চাত্মা অদ্বয়ঃ পরমার্থ ইতি স্থিতমতীতপ্রকরণে। যত উপাসনাশ্রিত উপাসনামাত্মনো মোক্ষসাধনত্বেন গত উপাসকোঽহং মমোপাস্যং ব্রহ্ম। তদুপাসনং কৃত্বা জাতে ব্রহ্মণি ইদানীং বর্ত্তমানোঽজং ব্রহ্ম শরীরপাতাদূর্দ্ধং

ওঙ্কারের স্বরূপ নির্ণয় হইলে যে প্রপঞ্চের উপশম হয়, তাহা প্রথম প্রকরণে উক্ত হইয়াছে। "আত্মা মঙ্গলময় ও অদ্বিতীয়" এইরূপে আত্মজ্ঞান হইলে আর দ্বৈতবুদ্ধি থাকে না, ইত্যাদিরূপে অনেকপ্রকারে প্রপঞ্চের শান্তি বর্ণিত হইয়াছে এবং দ্বিতীয় প্রকরণে স্বপ্ন, মায়া, গন্ধর্ব্বনগরাদি দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক বহু বহু হেতুবাদ ও তর্কবিতর্কদ্বারা দ্বৈতাভাব প্রতিপাদিত হইয়াছে। এই প্রকরণে ইহাই বিবেচনীয় হইবে যে, সেই অদ্বৈত জ্ঞান কি কেবল আগমমাত্রই হয়, কিম্বা তর্কদ্বারা হইয়া থাকে? এই আশঙ্কায় তর্কদ্বারা কিরূপে অদ্বৈতজ্ঞান হয়, এই প্রকরণে তাহাই নিরূপিত হইবে। পূর্ব্ব প্রকরণে উক্ত হইয়াছে যে, উপাস্য উপাসকভাব মিথ্যা, কেবল অদ্বয় আত্মাই পরমার্থ। যিনি এইরূপ বলিয়া থাকেন যে, ব্রহ্মবিজ্ঞান হইলেও উপাস্য উপাসকভাব বর্ত্তমান থাকে, অর্থাৎ ব্রহ্মকে জানিয়াও মনে করে

অতো বক্ষ্যাম্যকার্পণ্যমজাতিসমতাঙ্গতম্।
যথা ন জায়তে কিঞ্চিজ্জায়মানং সমং ততঃ॥ ২॥

প্রতিপ্রৎস্যে প্রাগুৎপত্তেশ্চাজমিদং সর্ব্বমহঞ্চ। যদাত্মকোঽহং প্রাগুৎপত্তেরিদানীং জাতো জাতে ব্রহ্মণি চ বর্ত্তমান উপাসনয়া পুনস্তদের প্রতিপৎস্য ইত্যেবমুপাসনাশ্রিতো ধর্ম্মঃ। সাধকো যেনৈবং ক্ষুদ্রব্রহ্মবিৎ তেনাসৌ কারণেন কৃপণো দীনোঽল্পকঃ স্মৃতো নিত্যাজব্রহ্মদর্শিভির্ম্মহাত্মভিরিত্যভিপ্রায়ঃ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসত ইত্যাদি শ্রুতেস্তলবকারাণাম্॥ ১॥

সবাহ্যাভ্যন্তরমজমাত্মানং প্রতিপত্তুমশক্নুবন্নবিদ্যয়া দীনমাত্মানং মন্যমানো জাতোঽহং জাতে ব্রহ্মণি বর্ত্তে তদুপাসনাশ্রিতঃ সন্ ব্রহ্ম প্রতিপৎস্য ইত্যেবং প্রতিপন্নঃ কৃপণো ভবতি যস্মাদতো বক্ষ্যাম্যকার্পণ্যমকৃপণভাবমজং ব্রহ্ম। তদ্ধি কার্পণ্যাস্পদং যত্রান্যোঽন্যৎ পশ্যত্যন্যচ্ছৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পং মর্ত্ত্যং সদ্বাচারম্ভণং বিকারো নামধেয়মিত্যাদিশ্রুতিভ্যঃ। তদ্বিপরীতং সবহ্যাভ্যন্তরমজমকার্পণ্যং ভূমাখ্যং ব্রহ্ম যৎপ্রাপ্যাবিদ্যাকৃত-

---

যে, "এই ব্রহ্ম আমার উপাস্য এবং আমি তাঁহার উপাসক, অতএব ইহার উপাসনা করিয়া ব্রহ্মবিজ্ঞান হইয়াছে এবং এক্ষণে আমি বর্ত্তমান আছি, যখন এই দেহের পতন হইবে, তখন সর্ব্বময় সনাতন ব্রহ্মকে পাইব" তাঁহাকে ব্রহ্মবিদ্ মহাত্মা যোগিগণ কৃপণ বলিয়া থাকেন। সে কখনও ব্রহ্মতত্ত্ব জানিতে পারে নাই। তাহাকে ক্ষুদ্র ব্রহ্মজ্ঞানী বলা যায়॥ ১॥

যে আত্মাকে বাহ্য ও অভ্যন্তরবর্ত্তী অদ্বৈত বলিয়া নিশ্চয় করিতে না পারিয়া আপনাকে অজ্ঞানী জ্ঞান করে, অর্থাৎ "আমি এখনও ব্রহ্মলাভে অশক্ত আছি এবং ব্রহ্মপরিজ্ঞান হইলে, তাঁহার উপাসনা করিয়া ব্রহ্মকে লাভ করিতে পারিব" এইরূপে নিতান্ত দৈন্যভাব প্রাপ্ত হয়, তাহার সেই দৈন্য নিবারণের উপায় বলিব। যাহাতে তাহারা ব্রহ্মকে পাইয়া অবিদ্যাকৃত সর্ব্বদৈন্যের নিবৃত্তি করিতে পারে, তাহাই বলিতেছি। এই উপদেশে কার্পণ্য দোষের নিবৃত্তি হইয়া সর্ব্ব সাম্যভাব প্রাপ্ত

আত্মা হ্যাকাশবজ্জীবৈর্ঘটাকাশৈরিবোদিতঃ।
ঘটাদিবচ্চ সঙ্ঘাতৈর্জ্জাতাবেতন্নিদর্শনম্॥ ৩॥

সর্ব্বকার্পণ্যনিবৃত্তিস্তদকার্পণ্যং বক্ষ্যামীত্যর্থঃ। তদজাতি অবিদ্যমানা জাতিরস্য। সমতাঙ্গতং সর্ব্বসাম্যং গতম্ কস্মাৎ। অবয়ববৈষম্যাভাবাৎ। যদ্ধি সাবয়বং বস্তু তদবয়ববৈষম্যং জায়ত ইত্যুচ্যতে। ইদন্তু নিরবয়বত্বাৎসমতাঙ্গতমিতি ন কৈশ্চিদবয়বৈঃ স্ফুটত্যতোঽজাত্যকার্পণ্যম্। সমন্ততঃ সমন্তাদ্যথা ন জায়তে কিঞ্চিদল্পমপি ন স্ফুটতি রজ্জুসর্পবদবিদ্যাকৃত দৃষ্ট্যা জায়মানং যেন প্রকারেণ ন জায়তে সর্ব্বতোঽজমেবং ব্রহ্ম ভবতি তথা তৎ প্রকারং শৃণ্বিত্যর্থঃ॥ ২॥

অজাতি ব্রহ্মাকার্পণ্যং বক্ষ্যামীতি প্রতিজ্ঞাতং তৎসিদ্ধ্যর্থং হেতুং দৃষ্টান্তং বক্ষ্যামীত্যাহ। আত্মা পরো হি যস্মাদাকাশবৎ সূক্ষ্মো নিরবয়বঃ সর্ব্বগতং আকাশবদুক্তো জীবৈঃ ক্ষেত্রজ্ঞৈর্ঘটাকাশৈরিব ঘটাকাশতুল্য উদিত উক্তঃ। স এবাকাশসমঃ পর আত্মা। অথবা ঘটাকাশৈর্যথোদিত উৎপন্নস্তথা পরো জীবাত্মভিরুৎপন্নো জীবাত্মনাং পরস্মাদাত্মন উৎপত্তির্যা শ্রূয়তে বেদান্তেষু সা মহাকাশাদ্ঘটাকাশোৎপত্তিসমানং পরমার্থত ইত্যভি-

---

হয়, যেহেতু ব্রহ্মজ্ঞানীর অবয়বের বৈষম্য থাকে না, যে বস্তু সাবয়ব, তাহার অবয়ব বৈষম্য হইয়া থাকে। আত্মা নিরবয়বপ্রযুক্ত সমতা প্রাপ্ত হইয়াছেন। তাঁহার কোন অবয়বই প্রকাশিত নাই; সুতরাং জাতি কার্পণ্যও নাই। যে প্রকার আচরণ করিলে তাহার কোন স্থানে অল্প পরিমাণেও প্রকাশ না হয়, অর্থাৎ রজ্জু সর্পাদির ন্যায় অবিদ্যাকৃত দৃষ্টিদ্বারা কোন প্রকার অল্পজ্ঞান না থাকে এবং সর্ব্বতেজোময় ব্রহ্মস্বরূপ হইতে পারে, সেই প্রকার বলিতেছি শ্রবণ কর॥ ২॥

হেতু ও দৃষ্টান্তপ্রদর্শনপূর্ব্বক পূর্ব্বপ্রতিজ্ঞাত অর্থবিবৃত করিতেছেন।— আত্মা সূক্ষ্ম, অবয়ববিহীন এবং যেমন আকাকাশ সর্ব্বগত, সেইরূপ আত্মা সর্ব্বব্যাপী। আকাশ যেমন বিভুত্বাদি গুণবিশিষ্ট, আত্মাও সেইরূপ বিভু, তাঁহারা কোনরূপ ভেদ নাই। যেমন মহাকাশ ঘটাকাশাদি নানাকারে

ঘটাদিষু প্রলীনেষু ঘটাকাশাদয়ো যথা।
আকাশে সম্প্রলীয়ন্তে তদ্বজ্জীব ইহাত্মনি॥ ৪॥
যথৈকস্মিন্ ঘটাকাশে রজোধূমাদিভির্যুতে।

প্রায়ঃ। তস্মাদেবাকাশাদ্ঘটাদয়ঃ সঙ্ঘাতা যথোৎপদ্যন্তে এবমাকাশস্থানীয়াৎপরমাত্মনঃ পৃথিব্যাদিভূতসঙ্ঘাতা আধ্যাত্মিকাশ্চ কার্য্যকারণলক্ষণা রজ্জুসর্পবদ্বিকল্পিতা জায়ন্তে। অত উচ্যতে ঘটাদিবচ্চ সঙ্ঘাতৈরুদিত ইতি। যদা মন্দবুদ্ধিপ্রতিপিপাদয়িষয়া শ্রুত্যাত্মনো জাতিরুচ্যতে জীবাদীনাং তদা জাতাবুপগম্যমানায়ামেতন্নিদর্শনং দৃষ্টান্তো যথোদিতাকাশবদিত্যাদিঃ॥ ৩॥

যথা ঘটাদ্যুৎপত্ত্যা ঘটাকাশাদ্যুৎপত্তিঃ। যথা চ ঘটাদিপ্রলয়ে ঘটাকাশাদিপ্রলয়স্তদ্বদগৃহাদিসঙ্ঘাতোৎপত্ত্যা জীবোৎপত্তিস্তৎপ্রলয়ে চ জীবানামিহাত্মনি প্রলয়ো ন স্বত ইত্যর্থঃ॥ ৪॥

সর্ব্বদেহেষ্বাত্মৈকত্বে একস্মিন্ জননমরণসুখাদিমত্যাত্মনি সর্ব্বাত্মনাং

প্রতীত হয়, সেইরূপ আত্মাও নানাবিধ জীবাকারে প্রতীতির বিষয় হয়েন। যেমন মৃত্তিকা হইতে ঘটাদি নানাপ্রকার বস্তু উৎপন্ন হয়, সেইরূপ এক আত্মা হইতে পৃথিব্যাদি নানাপ্রকার পদার্থের উৎপত্তি হইয়া থাকে। পুনরায় যেমন সেই ঘটাদির বিনাশ হইলে ঘটাকাশাদি মহাকাশে বিলীন হয়, সেইরূপ জীবাদির বিনাশ হইলেও পরমাত্মাতে লয় পায়॥ ৩॥

যেমন ঘটাদির উৎপত্তি হইলেই ঘটাকাশাদির উৎপত্তি হয় এবং সেই ঘটাদির বিনাশেই ঘটাকাশাদি মহাকাশ বিলীন হয়। সেইরূপ দেহাদির উৎপত্তি হইলেই জীবের উৎপত্তি হয় এবং সেই দেহের বিনাশেই জীব আত্মাতে লয় পায়। বাস্তবিক যেমন আকাশের উৎপত্তি ও বিনাশ নাই, সেইরূপ জীবেরও উৎপত্তি বা বিনাশ নাই। দেহাদি উপাধির উৎপত্তি প্রলয়েই জীবেরও উৎপত্তি প্রলয় প্রতীতি হয়॥ ৪॥

যদি সর্ব্ব দেহেতে আত্মার একত্ব স্বীকার কর, তাহাহইলে এক ব্যক্তির জন্ম, মরণ, সুখ অথবা দুঃখ উপস্থিত হইলে তাহাতে অন্যের জন্ম, মরণ,

ন সর্ব্বে সম্প্রযুজ্যন্তে তদ্বজ্জীবাঃ সুখাদিভিঃ ॥ ৫ ॥

তৎসম্বন্ধঃ ক্রিয়াফলসাঙ্কর্য্যঞ্চ স্যাদিতি য আহুর্দ্বৈতিনস্তান্ প্রতীদমুচ্যতে। যথৈকস্মিন্ ঘটাকাশে রজোধূমাদিভির্যুতে সংযুক্তে ন সর্ব্বে ঘটাকাশাদয়স্তদ্রজোধূমাদিভিঃ সংযুজ্যন্তে তদ্বজ্জীবাঃ সুখাদিভিঃ। নন্বেক এবাত্মা। বাঢ়ম্। নন্বু ন শ্রুতং ত্বয়া আকাশবৎসর্ব্বসঙ্ঘাতেষ্বেক এবাত্মেতি। যদি এক এবাত্মা তর্হি সর্ব্বত্র সুখী দুঃখী চ স্যাৎ। ন চেদং সাঙ্খ্যচোদ্যং সম্ভবতি। ন হি সাঙ্খ্য আত্মনঃ সুখদুঃখাদিমত্ত্বমিচ্ছতি বুদ্ধিসমবায়াভ্যুপগমাৎ সুখদুঃখাদীনাম্। ন চোপলব্ধিস্বরূপস্যাত্মনো ভেদকল্পনায়াং প্রমাণমস্তি। ভেদাভাবে প্রধানস্য পারার্থ্যানুপপত্তিরিতি চেৎ।, ন। প্রধানকৃতস্যার্থস্যাত্মন্যসমবায়াৎ। যদি হি প্রধানকৃতো বন্ধো মোক্ষোবার্থঃ পুরুষেষু ভেদেন সমবৈতি ততঃ প্রধানস্য পারার্থ্যমাত্মৈকত্বেনোপপদ্যত ইতি যুক্তা পুরুষভেদকল্পনা। ন চ সাংখ্যৈর্ব্বন্ধো মোক্ষো বার্থঃ পুরুষসমবেতোঽভ্যুপগম্যতে। নির্ব্বিশেষাশ্চ চেতনমাত্রা আত্মনোঽভ্যুপগম্যন্তে। অতঃ পুরুষসত্তামাত্রপ্রযুক্তমেব প্রধানস্য পারার্থ্যং সিদ্ধং ন তু পুরুষভেদপ্রযুক্তমিতি। অতঃ পুরুষভেদকল্পনায়াং হেতুঃ। নচান্যাৎ পুরুষ-

---

সুখ কিম্বা দুঃখ হয় না কেন? এবং এক ব্যক্তি যে ভোজনাদি ক্রিয়া করে, সেই ভোজনাদিতে সকলেরই ভোজনাদি ক্রিয়া হইতে পারে। এই আশঙ্কায় বলিতেছেন।—যেমন একটি ঘটের মধ্যভাগ ধূলি ও ধূমাদি দ্বারা আবৃত হইলে, তাহাতে সকল ঘটাকাকাশ ধূলি ও ধূমাদিদ্বারা আচ্ছন্ন হয় না। সেইরূপ এক ব্যক্তির জন্ম মরণাদিতে অন্যের জন্ম মৃত্যু হইতে পারে না, কারণ জন্ম মরণাদি সকলই উপাধিগত ধর্ম্ম বিশেষ। পূর্ব্বেই প্রতিপন্ন হইয়াছে যে, দেহাদি উপাধির জন্ম মৃত্যুতেই জীবের জন্মমৃত্যু অনুভূত হয়; সুতরাং এক ব্যক্তির জন্ম মরণে অপরের জন্ম মরণ আশঙ্কা হইতে পারে না। অতএব আত্মার একত্ব স্বীকার করিলে "এক ব্যক্তির ভোজনাদি ক্রিয়াতে, অপরের ভোজনাদির আশঙ্কাদ্বারা ব্যবস্থার

ভেদকল্পনায়াং। প্রমাণমস্তি সাংখ্যানাম্। পরসত্তামাত্রমেব চৈতন্নিমিত্তী-কৃত্য স্বয়ং বধ্যতে মুচ্যতে চ প্রধানম্। পরশ্চোপলব্ধিমাত্রসত্তাস্বরূপেণ প্রধানপ্রকৃতৌ হেতুর্ন কেনচিদ্বিশেষেণেতি। কেবলমূঢ়তয়ৈব পুরুষভেদ-কল্পনা বেদার্থপরিত্যাগশ্চ। যে ত্বাহুর্বৈশেষিকাদয় ইচ্ছাদয় আত্মসমবায়িন ইতি। তদপ্যসৎ। স্মৃতিহেতূনাং সংস্কারাণামপ্রদেশবত্যাত্মন্যসমবায়াৎ। আত্মমনঃসংযোগাচ্চ স্মৃত্যুৎপত্তেঃ স্মৃতিনিয়মানুপপত্তিঃ। যুগপদ্বা সর্ব্ব-স্মৃত্যুৎপত্তিপ্রসঙ্গঃ। ন চ ভিন্নজাতীয়ানাং স্পর্শাদিহীনানামাত্মনাং মন-আদিভিঃ সম্বোধো যুক্তঃ ন চ দ্রব্যাদ্রূপাদয়ো গুণাঃ কর্ম্মসামান্যবিশেষ-সমবায়া ভিন্নাঃ সন্তি। পরেষাং যদি হ্যত্যন্তভিন্না এব দ্রব্যাৎ স্যুরিচ্ছাদয়শ্চাত্মনস্তথাসতি দ্রব্যেণ তেষাং সম্বন্ধানুপপত্তিঃ। অযুতসিদ্ধানাং সমবায়-লক্ষণঃ সম্বন্ধো ন বিরুধ্যত ইতি চেৎ ন ইচ্ছাদিভ্যোঽনিত্যেভ্য আত্মনো নিত্যস্য পূর্ব্বসিদ্ধত্বান্নাযুতসিদ্ধত্বোপপত্তিঃ। আত্মনা যুতসিদ্ধত্বে চেচ্ছাদী-নামাত্মগতমহত্ত্ববন্নিত্যত্বপ্রসঙ্গঃ। স চানিষ্টঃ আত্মনোঽনির্ম্মোক্ষপ্রসঙ্গাৎ। সমবায়স্য চ দ্রব্যাদন্যত্বে সতি দ্রব্যেণ সম্বন্ধান্তরং বাচ্যম্। যথা দ্রব্য-গুণয়োঃ সমবায়ো নিত্যসম্বন্ধ এবেতি ন বাচ্যমিতি চেৎ। তথা সমবায়-সম্বন্ধতাং নিত্যসম্বন্ধপ্রসঙ্গাৎ পৃথক্ত্বানুপপত্তিঃ। অত্যন্তপৃথক্ত্বে চ দ্রব্যা-দীনাং স্পর্শবদস্পর্শদ্রব্যয়োরিব ষষ্ঠ্যর্থানুপপত্তিঃ ইচ্ছাদ্যুপজনাপায়বদ্গুণ-বত্ত্বে চাত্মনো নিত্যত্বপ্রসঙ্গঃ। দেহফলাদিবৎ সাবয়বত্বং বিক্রিয়াবয়বত্বঞ্চ দেহাদিবদেবেতি দোষাবপরিহার্য্যৌ। যথা ত্বাকাশস্যাঽবিদ্যাধ্যারোপিত-রজোধূমমলত্বাদি দোষয়ত্বং তথাত্মনোঽবিদ্যাধ্যারোপিতবুদ্ধ্যাদ্যুপাধি-কৃতসুখদুঃখাদিদোষবত্ত্বে বন্ধমোক্ষাদয়ো ব্যবহারিকা ন বিরুধ্যন্তে। সর্ব্ববাদিভিরবিদ্যাকৃতব্যবহারাভ্যুপগমাৎ পরমার্থানভ্যুপগমাচ্চ। তস্মা-দাত্মভেদপরিকল্পনা বৃথৈব তার্কিকৈঃ ক্রিয়ত ইতি ॥ ৫ ॥

অনুপপত্তি হয়” এই বলিয়া যাহারা দ্বৈতমত আশ্রয় করেন, তাঁহারা পরাস্ত হইলেন। বিশেষতঃ যেহেতু আত্মার জন্ম, মরণ, সুখ, দুঃখ প্রভৃতি কিছুই নাই, অতএব আত্মা এক হইলেও এক ব্যক্তির জন্ম মরণাদিতে অপরের জন্ম মরণাদি নিতান্ত অসম্ভব ॥ ৫ ॥

রূপকার্য্যসমাখ্যাশ্চ ভিদ্যন্তে তত্র তত্র বৈ।
আকাশস্য ন ভেদোঽস্তি তদ্বজ্জীবেষু নির্ণয়ঃ ॥ ৬ ॥
নাকাশস্য ঘটাকাশো বিকারাবয়বৌ যথা।
নৈবাত্মনঃ সদা জীবো বিকারাবয়বৌ তথা ॥ ৭ ॥

কথং পুনরাত্মভেদনিমিত্তব্যবহার একস্মিন্নাত্মন্যবিদ্যাকৃত উপপদ্যত ইতি। উচ্যতে। যথেহাকাশ একস্মিন্ ঘটকরকাপবরকাদ্যাকাশানাম-ল্পত্বমহত্ত্বাদিরূপাণি ভিদ্যন্তে তথা কার্য্যমুদকাহরণধারণশয়নাদিসমাখ্যাশ্চ ঘটাকাশকরকাকাশ ইত্যাদ্যাস্তৎকৃতাশ্চ ভিন্নাশ্চ দৃশ্যন্তে। তত্র তত্র বৈ ব্যবহারবিষয় ইত্যর্থঃ। সর্ব্বোঽয়মাকাশরূপাদিভেদকৃতো ব্যবহারো ন পরমার্থ এব। পরমার্থতস্ত্বাকাশস্য ভেদোঽস্তি। ন চাকাশভেদনিমিত্তো ব্যবহারোঽস্ত্যন্তরেণ পরোপাধিকৃতং দ্বারং যথৈতৎ। তদ্বদ্দেহোপাধি-ভেদকৃতেষু জীবেষু ঘটাকাশস্থানীয়েষ্বাত্মসু নিরূপণাৎ কৃতো বুদ্ধিভি-র্নির্ণয়ো নিশ্চয় ইত্যর্থঃ ॥ ৬ ॥

নন্বু তত্র পরমার্থকৃত এব ঘটাকাশাদিষু রূপকার্য্যাদিভেদব্যবহার ইতি। নৈতদস্তি যস্মাৎপরমার্থাকশস্য ঘটাকাশো ন বিকারঃ। যথা সুবর্ণস্য রুচ-কাদির্যথা বাঽপাংফেনবুদ্‌বুদহিমাদির্নাপ্যবয়বঃ। যথা চ বৃক্ষস্য শাখাদিঃ।

এক আত্মাতে অজ্ঞানবশতঃ নানাপ্রকার ভেদ বুদ্ধি হইয়া থাকে। যেমন একই আকাশ ঘটাকাশ পটাকাশাদিরূপে ক্ষুদ্রও মহৎ বলিয়া নির্ণীত হয়, বাস্তবিক আকাশের কোন ভেদ নাই। সেইরূপ নানাপ্রকার রূপ, অনেকপ্রকার কার্য্য ও নানাবিধ নামদ্বারা জীবেরও নানাপ্রকার প্রভেদ হইয়া থাকে। যেমন ঘটাকাশাদি সকলই মহাকাশের অভিন্ন সেইরূপ নানাপ্রকার জীবও সেই পরমাত্মা হইতে বিভিন্ন নহে। যেমন ব্যবহারের নিমিত্ত ঘটাকাশাদি পরিকল্পিত হইয়া থাকে, সেইরূপ ব্যবহার সাধনার্থ নানাপ্রকারে জীবের কল্পনা হয়। ৬ ॥

যেমন ঘটাকাশ মহাকাশের বিকার বা অবয়ব নহে, সেইরূপ জীবও আত্মার বিকার কিম্বা অবয়ব নহে। যেমন কুণ্ডলাদি সুবর্ণের বিকার,

যথা ভবতি বালানাং গগনং মলিনং মলৈঃ।
তথা ভবত্যবুদ্ধানামাত্মাঽপি মলিনো মলৈঃ॥ ৮॥

ন তথাকাশস্য ঘটাকাশঃ। বিকারাবয়বৌ যথা তথা নৈবাত্মনঃ পরস্য পরমার্থসতো মহাকাশস্থানীয়স্য ঘটাকাশস্থানীয়ো জীবঃ সদা সর্ব্বদা যথোক্ত দৃষ্টান্তবন্ন বিকারো নাপ্যবয়বঃ। অত আত্মভেদকৃতব্যবহারো মৃষৈবেত্যর্থঃ॥ ৭॥

যস্মাদ্যথা ঘটাকাশাদিভেদবুদ্ধিনিবন্ধনো রূপকার্য্যাদিভেদব্যবহারস্তথা দেহোপাধিজীবভেদকৃতো জন্মমরণাদিব্যবহারঃ তস্মাত্তৎকৃতমেব ক্লেশকর্ম্ম-ফলমলবত্ত্বমাত্মনো ন পরমার্থত ইত্যেতমর্থং দৃষ্টান্তেন প্রতিপিপাদয়িষন্নাহ যথা ভবতি। লোকে বালানামবিবেকিনাং গগনমাকাশং ঘনরজোধূমাদি-মলৈর্ম্মলিনং মলবন্ন গগনং মলবৎ তদ্যাথাত্ম্যবিবেকিনাম্। তথা ভব-ত্যাত্মা পরোঽপি যো বিজ্ঞাতা প্রত্যক্ ক্লেশকর্ম্মফলমলৈর্ম্মলিনোঽবুদ্ধানাং প্রত্যগাত্মবিবেকরহিতানাং নাত্মবিবেকবতাম্। ন হ্যূষরদেশস্তৃড়বৎপ্রাণ্য-ধ্যারোপিতোদকফেনতরঙ্গাদিমান্। তথা নাত্মা অবুধারোপিতক্লেশাদি-মলৈর্ম্মলিনো ভবতীত্যর্থঃ॥ ৮॥

ফেন, বুদ্বুদ ও হিমাদি জলের এবং শাখাপল্লবাদিকে বৃক্ষের অবয়ব বলিয়া থাকে, সেইরূপ ঘটাকাশ মহাকাশের এবং জীব আত্মার বিকার কিম্বা অবয়ব বলিয়া স্বীকার করা যায় না। অতএব জীবেতে যে আত্মভেদ ব্যবহার, তাহা মিথ্যা॥ ৭॥

যেমন ঘটাকাশাদির ভেদ বুদ্ধিদ্বারা তাহার রূপ কার্য্যাদির ভেদ ব্যবহার করে। সেইরূপ দেহোপাধিক জীবের ভেদ বুদ্ধিদ্বারা তাহার জন্ম মরণাদি ব্যবহার করিয়া থাকে। তাহাতে আত্মাতে ক্লেশ কর্ম্মরূপ মলিনতা বোধ করে। বাস্তবিক আত্মা নির্ম্মল, তাহাতে কোনরূপ মল সম্পর্ক নাই। যেমন বালকেরা অজ্ঞানবশতঃ মেঘ, ধূলি ও ধূমাদিদ্বারা আকাশকে মলিন জ্ঞান করে, সেইরূপ অজ্ঞানীরা আপন অবিবেকবশতঃ দেহের জন্ম মরণাদিদ্বারা আত্মাকে মলিন জ্ঞান করে। যেমন আকাশ

মরণে সম্ভবে চৈব গত্যাগমনয়োরপি।
স্থিতৌ সর্ব্বশরীরেষু আকাশেনাবিলক্ষণঃ॥ ৯॥
সঙ্ঘাতাঃ স্বপ্নবৎ সর্ব্বে আত্মমায়াবিসর্জ্জিতাঃ।
আধিক্যে সর্ব্বসাম্যে বা নোপপত্তির্হিবিদ্যতে॥ ১০॥

পুনরপ্যুক্তমেবার্থং প্রপঞ্চয়তি ঘটাকাশজন্মনাশগমনাগমনস্থিতিবৎসর্ব্ব-শরীরেষ্বপ্যাত্মনো জন্মমরণাদিরাকাশেনাবিলক্ষণঃ প্রত্যেতব্য ইত্যর্থঃ॥ ৯॥

ঘটাদিস্থানীয়াস্তু দেহাদিসঙ্ঘাতাঃ স্বপ্নদৃশ্যদেহাদিবন্মায়াবিকৃতদেহাদি-বচ্চাত্মমায়াবিবর্জ্জিতা আত্মনো মায়াঽবিদ্যা তয়া প্রত্যুপস্থাপিতা ন পর-

---

নির্ম্মল, মেঘাদি তাহার ধর্ম্ম নহে। সেইরূপ আত্মাও নির্ম্মল, সুতরাং জন্ম-মরণাদি আত্মার ধর্ম্ম নহে॥ ৮॥

যেমন ঘটাকাশের উৎপত্তি, বিনাশ ও গমনাগমনাদিদ্বারা আকাশের উৎপত্তি, বিনাশ ও গমনাগমনাদি স্বীকার করিয়া থাকে। সেইরূপ শরীরের জন্ম, মরণ ও গমনাগমনাদিদ্বারা আত্মার জন্ম, মরণ ও গমনাগমনাদি কল্পনা করে। (যেমন ঘটাকাশেরই উৎপত্তি বিনাশাদি হইয়া থাকে, সেইরূপ দেহেরই জন্ম মরণাদি হয়। বাস্তবিক আকাশও যেমন উৎপত্তিবিনা-শাদিবিহীন, আত্মাও সেইরূপ জন্মমরণাদিরহিত। কেবল জীবই মর-ণের পর সুকৃতি ফলে স্বর্গে গমন করে ও দুষ্কৃতির অনুরোধে নরক ভোগ করিয়া ধর্ম্মাধর্ম্মের ফলস্বরূপ স্বর্গ নরকাদির ভোগাবসানে আগমনপূর্ব্বক জন্মগ্রহণ করে এবং যাবৎ ভোগ থাকে, তাবৎ ইহলোকে অবস্থিতি করিয়া পুনর্ব্বার পরলোকে গমন করে। কিন্তু আত্মার এইরূপ ইহলোকে ও পরলোকে গমনাগমনাদি হয় না)॥ ৯॥

দেহাদির সত্যত্ব প্রযুক্ত অদ্বৈতানুপপত্তি হইতে পারে, এই আশঙ্কায় বলিতেছেন।—এই দেহাদি স্বপ্নদৃষ্ট দেহাদির ন্যায় অসত্য ও মায়াকল্পিত এবং বিকৃত দেহাদি যেমন মায়াদ্বারা স্থাপিত হয়, সেইরূপ এই দেহও অবিদ্যারূপ মায়াদ্বারা প্রতিষ্ঠিত রহিয়াছে। বাস্তবিক এই দেহ অসার, ইহার কোন শক্তিই নাই। তির্য্যগাদির দেহ হইতে দেবাদি দেহের

রসাদয়ো হি যে কোষা ব্যাখ্যাতাস্তৈত্তিরীয়কে।
তেষামাত্মা পরো জীবঃ খং যথা সম্প্রকাশিতঃ॥ ১১॥

মার্থতঃ সন্তীত্যর্থঃ। যদ্যাধিক্যমধিকভাবস্তির্য্যগ্দেহাদ্যপেক্ষায়া দেবাদি-কার্য্যকরণসঙ্ঘাতানাং যদি বা সর্ব্বেষাং সমতৈব নৈষামুপপত্তিসম্ভবঃ সম্ভাব প্রতিপাদকো হেতুর্ব্বিদ্যতে। নাস্তি হি যস্মাত্তস্মাদবিদ্যাকৃতা এব পর-মার্থতঃ সন্তীত্যর্থঃ॥ ১০॥

উৎপত্ত্যাদিবর্জ্জিতস্যাদ্বয়স্যাত্মতত্ত্বস্য শ্রুতিপ্রমাণকত্বপ্রদর্শনার্থং বাক্যান্যুপন্যস্যন্তে। রসাদয়োঽন্নরসময়ঃ প্রাণময়ঃ ইত্যেবমাদয়ঃ কোশা ইব কোশা অস্যাদেরিবোত্তরোত্তরস্যাপেক্ষয়া বহির্ভাবাৎ পূর্ব্বস্য ব্যাখ্যাতা বিস্পষ্টমাখ্যাতাস্তৈত্তিরীয়কশাখোপনিষদ্বল্যাং তেষাং কোশানামাত্মা যেনাত্মনা পঞ্চাপি কোশা আত্মবন্তোঽন্তরতমেন। স হি সর্ব্বেষাং জীবন-নিমিত্তত্বাজ্জীবঃ। কোঽসাবিত্যাহ। পর এবাত্মা যঃ পূর্ব্বং সত্যং জ্ঞান-মনন্তং ব্রহ্মেতি প্রকৃতঃ। যস্মাদাত্মনঃ স্বপ্নমায়াদিবদাকাশাদিক্রমেণ

পূজ্যতমত্ব থাকিলেও তাহাতে গুণের কোন আধিক্য নাই, উহাও তির্য্য-গাদির দেহের ন্যায় অসত্য। কেবল অজ্ঞানীরাই দেবতাদিগের দেহের আধিক্য জ্ঞান করে, বিবেক দৃষ্টিতে বিবেচনা করিয়া দেখিলে তির্য্যগা-দির দেহ হইতে দেবাদির দেহে কিছুই বিশেষ অনুভূত হইবে না। তির্য্য-গাদির দেহও যেমন পাঞ্চভৌতিক, দেবাদির দেহও সেইরূপ পাঞ্চ-ভৌতিক; সুতরাং কোন ইতর বিশেষ নাই। আর যদি সকল দেহই সমান বিবেচনা কর, তাহাতে কোন অনুপপত্তি দেখিতেছি না। অতএব দেহের সত্যত্ববোধে অদ্বৈততত্ত্বের হানি হইতে পারে না॥ ১০॥

ইতিপূর্ব্বে আত্মার উৎপত্তি বিনাশাদি নাই, ইহা পুনঃ পুনঃ উক্ত হইয়াছে, এইক্ষণ উক্ত বিষয়ে শ্রুতি প্রমাণ প্রদর্শন করিতেছেন।—তৈত্তি-রীয় শ্রুতিতে অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময় এই পঞ্চকোষ বর্ণিত আছে। এই সকল কোষ উত্তরোত্তরের অভ্যন্তরবর্ত্তী, অর্থাৎ অন্নময় কোষের অভ্যন্তরে প্রাণময়, প্রাণময়ের অভ্যন্তরে মনোময়

দ্বয়োর্দ্বয়োর্ম্মধুজ্ঞানে পরং ব্রহ্ম প্রকাশিতম্।
পৃথিব্যামুদরে চৈব যথাকাশঃ প্রকাশিতঃ ॥ ১২ ॥

রসাদয়ঃ কোশলক্ষণাঃ সম্ভাতা আত্মমায়াবিসর্জ্জিতা ইত্যুক্তম। স আত্মাঽস্মাভির্যথা খং তথেতি সম্প্রকাশিতঃ। আত্মা হ্যাকাশবদিত্যাদি-শ্লোকৈঃ। ন তার্কিকপরিকল্পিতাত্মবৎ পুরুষবুদ্ধিপ্রমাণগম্য ইত্যভি-প্রায়ঃ ॥ ১১ ॥

কিঞ্চাধিদৈবমধ্যাত্মশ্চ তেজোময়োঽমৃতময়ঃ পুরুষঃ পৃথিব্যাদ্যন্তর্গতো-যো বিজ্ঞাতা পর এবাত্মা ব্রহ্ম সর্ব্বমিতি দ্বয়োর্দ্বয়োরদ্বৈতক্ষয়াৎ পরংব্রহ্ম প্রকাশিতম্। কেত্যাহ ব্রহ্মবিদ্যাখ্যং মধ্যমৃতং অমৃতত্বং মোদনহেতু-ত্বাদ্বিজ্ঞায়তে যস্মিন্নিতি মধুব্রাহ্মণং তস্মিন্নিত্যর্থঃ। কিমিবেত্যাহ পৃথিব্যামুদরে চৈব যথৈক আকাশোঽনুমানেন প্রকাশিতো লোকে তদ্ব-দিত্যর্থঃ ॥ ১২ ॥

কোষ, মনোময়ের অভ্যন্তরে বিজ্ঞানময় এবং বিজ্ঞানময়ের অভ্যন্তরে আনন্দময়। এইরূপে পূর্ব্ব পূর্ব্বকোষ পর পর কোষের অভ্যন্তরবর্ত্তী; কিন্তু উক্ত পঞ্চকোষেরই অভ্যন্তরবর্ত্তী আত্মা। এই আত্মাই পঞ্চকোষের অধীশ্বর। আত্মাদ্বারাই পঞ্চকোষকে জীবিত বলিয়া থাকে। সেই আত্মা আকাশের ন্যায় স্বয়ং প্রকাশিত হয়েন। তিনিই নিত্য, তাঁহার কোন কালেও উৎপত্তি বা বিনাশ হয় না, কেবল পঞ্চকোষেরই উৎপত্তি ও বিনাশ হইয়া থাকে। ঐ আত্মাদ্বারাই প্রাণীগণ জীবিত থাকে, অতএব সেই আত্মাকেই জীব বলে, বাস্তবিক আত্মা ও জীব পৃথক্ পদার্থ নহে ॥ ১১ ॥

জীব ও পরমাত্মার ঐক্য বিষয়ে তৈত্তিরীয় শ্রুতির মর্ম্মার্থ প্রদর্শন করিতেছেন।—আমি মনুষ্য, আমি প্রাণী, আমি জ্ঞানী, আমি কর্ত্তা ও আমি ভোক্তা, এই পঞ্চপ্রকার বুদ্ধির আশ্রয় যে সাক্ষি চৈতন্য তিনিই ব্রহ্ম; সুতরাং জীব আর পৃথক্ বলিয়া প্রতীতি হইতেছে না। উভয়েরই ঐক্য প্রতিপন্ন হইতেছে। "যেমন পৃথিবীর উদরেও আকাশ প্রকাশিত হয়, সেইরূপ আধ্যাত্মিক, আধিদৈবিক, তেজোময়, অমৃতময় ইত্যাদি সর্ব্ব-

জীবাত্মনোরনন্যত্বমভেদেন প্রশস্যতে।
নানাত্বং নিন্দ্যতে যচ্চ তদেবং হি সমঞ্জসম্ ॥ ১৩ ॥
জীবাত্মনোঃ পৃথক্ত্বং যৎ প্রাগুৎপত্তেঃ প্রকীর্ত্তিতম্।

যদ্যুক্তিতঃ শ্রুতিতশ্চ নির্দ্ধারিতং জীবস্য পরস্য চাত্মনোরনন্যত্বমভেদেন প্রশস্যতে স্তূয়তে শাস্ত্রেণ ব্যাসাদিভিশ্চ। যচ্চ সর্ব্বপ্রাণিসাধারণং স্বাভাবিকং শাস্ত্রবহিস্কৃতৈঃ কুতার্কিকৈর্ব্বিরচিতং নানাত্বদর্শনং নিন্দ্যতে। ন তু তদ্দ্বিতীয়মস্তি। দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি। উদরমন্তরং কুরুতে। অথ তস্য ভয়ং ভবতি। ইদং সর্ব্বম্ যদয়মাত্মা। মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতীত্যাদিবাক্যৈশ্চান্যৈশ্চ ব্রহ্মবিদ্ভিঃ। যচ্চৈতত্তদেবং হি সমঞ্জসং ঋজ্ববোধং ন্যাষ্যমিত্যর্থঃ। যাস্তু তার্কিকপরিকল্পিতাঃ কুদৃষ্টয়স্তা অনৃজো নিরূপ্যমাণা ন ঘটানাং প্রাঞ্চন্তীত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

নন্বু শ্রুত্যাপি জীবপরমাত্মনোঃ পৃথক্ত্বং যৎ প্রাগুৎপত্তেরুৎপত্ত্যর্থোপনিষদ্বাক্যেভ্যঃ। পূর্ব্বং প্রকীর্ত্তিতং কর্ম্মকাণ্ডে। অনেকশঃ কামভেদত

প্রকারেই ব্রহ্ম প্রকাশিত হইতেছেন”। ইত্যাদি বৃহদারণ্যক শ্রুতির প্রমাণে জীব ও আত্মার ঐক্য জানা যায় ॥ ১২ ॥

ব্যাস, পরাশরাদি পরমাত্মদর্শী মুনিগণ জীবাত্মা ও পরমাত্মার অভেদরূপে বর্ণন করিয়াছেন। আর শাস্ত্রার্থ পরিজ্ঞান পরাঙ্মুখ কুতার্কিকেরা যে আত্মাকে প্রত্যেক ব্যক্তিসাধারণ বলিয়া পৃথক্ পৃথক্ কল্পনাকরে, সেই তার্কিকসকলকে নিন্দিতরূপে প্রমাণ করিয়াছেন।—“যাহারা ব্রহ্মের দ্বিতীয় স্বীকার করে, তাঁহারা সর্ব্বদা ভীত হইয়া থাকেন” ইত্যাদি নানাবিধ শ্রুতি প্রমাণবলে যে ব্রহ্মজ্ঞানীরা ব্রহ্মের নানাত্ব বাদিদিগের মত নিন্দা করিয়া থাকেন, তাঁহারাই শ্রেষ্ঠ। যাহারা অজ্ঞানমোহিত হইয়া জীব ও আত্মার ভেদজ্ঞান করে, তাহারা নিশ্চয় পাপী। এইরূপে ব্যাসাদি মুনিগণ জীবাত্মভেদবাদি দিগকে ভূরি ভূরি নিন্দা করিয়াছেন ॥ ১৩ ॥

যদি বল, শ্রুতির উৎপত্তি প্রকরণে কর্ম্ম কাণ্ডীয় শ্রুতিতে জীবাত্মা ও পরমাত্মার পৃথক্ত্ব উক্ত আছে, অতএব কর্ম্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডীয় বাক্যের

ভবিষ্যদ্বৃত্ত্যা গৌণং তন্মুখ্যত্বং হি ন যুজ্যতে ॥ ১৪ ॥

ইদং কামোঽদঃকাম ইতি। পরশ্চ সদাধরপৃথিবীদ্যামিত্যাদিমন্ত্রবর্ণৈঃ তত্র কথং কর্ম্মজ্ঞানকাণ্ডবাক্যবিরোধে জ্ঞানকাণ্ডবাক্যার্থস্যৈবৈকত্বস্য সামঞ্জস্যমবধার্য্যত ইতি। অত্রোচ্যতে যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যথাঽগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গাঃ। তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ। তদৈক্ষত তত্তেজোঽসৃজতেত্যাদ্যুৎপত্ত্যর্থোপনিষদ্বাক্যেভঃ প্রাক্ পৃথক্ত্বং কর্ম্মকাণ্ডে প্রকীর্ত্তিতং যত্তন্ন পরমার্থং কিন্তর্হি গৌণম্। মহাকাশঘটাকাশাদিভেদবৎ। যথৌদনং পচতীতি ভবিষ্যদ্বৃত্ত্যা তদ্বৎ। ন হি ভেদবাক্যনাং কদাচিদপি মুখ্যভেদার্থত্বমুপপদ্যতে। স্বাভাবিকাবিদ্যাবৎ প্রাণিভেদদৃষ্ট্যনুবাদিত্বাদাত্মভেদবাক্যানাম্। ইহ চোপনিষৎসুৎপত্তিপ্রলয়াদিবাক্যৈর্জ্জীবপরমাত্মনোরেকত্বমেব প্রতিপিপাদয়িষিতম্। তত্ত্বমসি অন্যোঽসাবন্যোঽহমস্মীতি ন স বেদেত্যাদিভিঃ। অত উপনিষৎস্বেকত্বং শ্রুত্যা প্রতিপাদয়িষিতং ভবিষ্যতীতি ভাবিনামেকবৃত্তিমাশ্রিত্য-লোকে ভেদদৃষ্ট্যনুবাদো গৌণ এবেত্যভিপ্রায়ঃ। অথবা তদৈক্ষত তত্তেজোঽসৃজতেত্যাদ্যুৎপত্তেঃ প্রাগেকমেবাদ্বিতীয়মিত্যেকত্বং প্রকীর্ত্তিতম্। তদেব চ তৎসত্যং স আত্মা তত্ত্বমসীত্যেকত্বং ভবিষ্যতীতি তাং ভবিষ্যদ্বৃত্তিমপেক্ষ্য যজ্জীবাত্মনোঃ পৃথকৃত্বং যত্র কচিদ্বাক্যে গম্যমানং তদ্গৌণম্। যথৌদনং পচতীতি তদ্বৎ ॥ ১৪ ॥

বিরোধ হেতু কেবল জ্ঞানকাণ্ডীয় শ্রুতি বাক্যদ্বারা জীব ও পরমাত্মার ঐক্য হইতে পারে না। ইহার উত্তর এই যে, কর্ম্মকাণ্ডীয় শ্রুতিতে যে জীব ও পরমাত্মার পার্থক্য উক্ত আছে, তাহা গৌণ পার্থক্য; প্রকৃত পক্ষে জীব ও পরমাত্মার বিভিন্নতা নাই। যেমন মহাকাশ ও ঘটাকাশাদি আপাততঃ পৃথক্ বলিয়া বোধ হয়, বাস্তবিক তাহাদিগের বিভিন্নতা নাই, সেইরূপ জীব ও আত্মার বিভিন্নভাব যথার্থ নহে। যেমন অন্নপান করিতেছে, এইস্থলে অন্ন শব্দের গৌণ অর্থ হইয়া থাকে, কারণ তণ্ডুলাবস্থাতে অন্নের সম্ভব নাই; সুতরাং অন্নের গৌণ অর্থ স্বীকার করিতে হয়, সেইরূপ জীব ও আত্মার পৃথকত্ব গৌণ ॥ ১৪ ॥

মৃল্লোহবিস্ফুলিঙ্গাদ্যৈঃ সৃষ্টির্যা চোদিতাঽন্যথা।
উপায়ঃ সোঽবতারায় নাস্তি ভেদঃ কথঞ্চন ॥ ১৫ ॥

নমু যদ্যুৎপত্তেঃ প্রাগজং সর্ব্বমেকমেবাদ্বিতীয়ং তথাপ্যুৎপত্তেরূর্দ্ধং জাতমিদং সর্ব্বং জীবাশ্চ ভিন্না ইতি। নৈবম্ অন্যার্থত্বাদুৎপত্তিশ্রুতীনাম্। পূর্ব্বমপি পরিহৃত এবায়ং দোষঃ। স্বপ্নবদাত্মমায়াবিসর্জ্জিতাঃ সঙ্ঘাতাঃ ঘটাকাশোৎপত্তিভেদাদিবজ্জীবানামুৎপত্তির্ভেদাদিরিতি। ইত এবোৎপত্তিভেদাদিশ্রুতিভ্য আকৃষ্যেহ পুনরুৎপত্তিশ্রুতীনামৈদম্পারম্পর্য্যপ্রতিপিপাদয়িষোপন্যাসঃ। মৃল্লোহবিস্ফুলিঙ্গাদিদৃষ্টান্তোপন্যাসৈঃ সৃষ্টির্যা চোদিতা প্রকাশিতা অন্যথা চ স সর্ব্বঃ সৃষ্টিপ্রকারো জীবপরমাত্মৈকত্ববুদ্ধ্যবতারায়োপায়োঽস্মাকম্। যথা প্রাণসংবাদ বাগাদ্যাসুরপাপ্মবেধাদ্যাখ্যায়িকা কল্পিতা প্রাণবৈশিষ্ট্যবোধাবতারায় তদপ্যসিদ্ধমিতি চেৎ ন শাখাভেদেষন্যথা চ প্রাণাদিসম্বাদশ্রবণাৎ। যদি হি বাদঃ পরমার্থ এবাভূদেকরূপ এব সম্বাদঃ সর্ব্বশাখাস্বশ্রোষ্যদ্বিরুদ্ধানেকপ্রকারেণ নাশ্রোষ্যৎ। শ্রূয়তে তু তস্মান্ন তাদর্থ্যং সম্বাদশ্রুতীনাম্। তথোৎপত্তিবাক্যানি প্রত্যেতব্যানি। কল্পসর্গভেদাৎ সম্বাদশ্রুতীনাঞ্চ প্রতিসর্গমন্যথাত্বমিতি চেন্ন। নিষ্প্রয়োজনত্বাদ্যথোক্তবুদ্ধ্যবতারপ্রয়োজনব্যতিরেকেণ। ন হ্যন্যপ্রয়োজনবত্ত্বং সম্বাদোৎপত্তিশ্রুতীনাং শক্যংকল্পয়িতুম্। তথাত্বপ্রতি-

---

যদি বল, সৃষ্টিবিষয়ক শ্রুতিতে জানা যায় যে, সৃষ্টির পূর্ব্বেই একমাত্র অদ্বিতীয় সনাতন ব্রহ্ম ছিলেন, কিন্তু সৃষ্টির পরে নানাপ্রকার জীব হইয়া থাকে, অতএব অদ্বৈতমতের বিরোধ দেখাযায়, তথাপি সৃষ্টি বিষয়ক শ্রুতির অন্য প্রকার অর্থ দ্বারা জীব ও আত্মার ঐক্য প্রতিপন্ন হইতেছে। মৃত্তিকা, লৌহ ও বিস্ফুলিঙ্গাদি দৃষ্টান্ত দ্বারা যে সৃষ্টিপ্রকার উক্ত হইয়াছে, তাহাও জীব ও আত্মার একত্ব প্রতিপাদনার্থ জানিবে, অতএব কোনরূপেও জীব ও আত্মার ভেদ হইতে পারে না; সুতরাং অদ্বৈতমতেরও বিরোধ নাই। যেমন স্বপ্নকালে নানাপ্রকার অলীক পদার্থের দর্শন হয়, সেইরূপ এই জগতে নানাপ্রকার জীব ও দেখা যায় এবং ঘটাকাশ ও মহাকাশের যেরূপ

আশ্রমাস্ত্রিবিধা হীনমধ্যমোৎকৃষ্টদৃষ্টয়ঃ।
উপাসনোপদিষ্টেয়ং তদর্থমনুকম্পয়া ॥ ১৬ ॥

পত্তয়ে ধ্যানার্থমিতি চেন্ন। কলহোৎপত্তিপ্রলয়ানাং প্রতিপত্তেরনিষ্টত্বাৎ। তস্মাদুৎপত্ত্যাদিশ্রুতয় আত্মৈকত্ববুদ্ধ্যবতারায়ৈব নান্যর্থাঃ কল্পয়িতুং যুক্তাঃ। অতো নাস্ত্যুৎপত্ত্যাদিকৃতো ভেদঃ কথঞ্চন ॥ ১৫ ॥

যদি পর এবাত্মা নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাব একঃ পরমার্থঃ সন্নেকমেবাদ্বিতীয়মিত্যাদিশ্রুতিভ্যোঽসদন্যৎকিমর্থেয়মুপাসনোপদিষ্টা। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ। য আত্মাঽপহতপাপ্মা স ক্রতুং কুর্ব্বীত। আত্মেত্যেবোপাসীতেত্যাদিশ্রুতিভ্যঃ। কর্ম্মাণি চাগ্নিহোত্রাদীনি। শৃণু তত্র কারণম্। আশ্রমা আশ্রমিণোঽধিকৃতাঃ। বর্ণিনশ্চ মার্গগাঃ। আশ্রমশব্দস্য প্রদর্শনার্থত্বাত্রিবিধাঃ। কথং হীনমধ্যমোৎকৃষ্টদৃষ্টয়ঃ। হীনা নিকৃষ্টা মধ্যমা উৎকৃষ্টা চ দৃষ্টির্দর্শনসামর্থ্যঞ্চ যেষাং তে মন্দমধ্যমোত্তম বুদ্ধিসামর্থ্যোপেতা ইত্যর্থঃ। উপাসনোপদিষ্টেয়ং তদর্থং মন্দমধ্যমদৃষ্ট্যা শ্রমাদ্যর্থং

প্রভেদ, জীব ও আত্মার প্রভেদও সেইরূপ জানিবে। ইহাই সৃষ্টি বিষয়ক শ্রুতির অর্থ ॥ ১৫ ॥

পরমব্রহ্মের অদ্বৈতত্ব প্রতিপাদনদ্বারা সৃষ্টি বিষয়ক শ্রুতির বিরোধ নিবারণ করিয়া এইক্ষণ উপাসনাবিধির বিরোধের পরিহার করিতেছেন।— ইতি পূর্ব্বে নানাপ্রকার শ্রুতিপ্রমাণ ও যুক্তি প্রদর্শনদ্বারা প্রমাণীকৃত হইয়াছে যে, নিত্য বুদ্ধ মুক্তস্বভাব একমাত্র সচ্চিদানন্দময় ব্রহ্মই সৎ এবং ব্রহ্মাতিরিক্ত সকলই অসৎ। এইক্ষণ এই আশঙ্কা হইতে পারে যে, যদি একমাত্র ব্রহ্মই সৎ এবং অন্য সমুদায়ই অসৎ হইল, তাহাইলে "সর্ব্বদা আত্মানুসন্ধান করিবে", "আত্মধ্যানে সর্ব্বপাপ বিনষ্ট হয়", "সর্ব্বদা যজ্ঞানুষ্ঠান করিবে", "অবশ্য আত্মার উপাসনা করিবে" এবং "অগ্নিহোত্রাদি যজ্ঞ অবশ্য কর্ত্তব্য" ইত্যাদি নানা শ্রুতিতে উপাসনার উল্লেখ করিলেন কেন? ইহার উত্তর এই যে, জগতে ত্রিবিধ অধিকারী আছে, যথা নিকৃষ্টাধিকারী, মধ্যমাধিকারী ও উত্তমাধিকারী। উক্ত ত্রিবিধ অধি-

স্বসিদ্ধান্তব্যবস্থাসু দ্বৈতিনো নিশ্চিতা দৃঢ়ম্।
পরস্পরং বিরুধ্যন্তে তৈরয়ং ন বিরুধ্যতে ॥ ১৭ ॥

কর্ম্মাণি চ। ন চাত্মৈক এবাদ্বিতীয় ইতি নিশ্চিতোত্তম দৃষ্ট্যর্থং দয়ালুনা বেদেনানুকম্পয়া সন্মার্গগাঃ সন্তঃ কথমিমামুত্তমামেকত্বদৃষ্টিং প্রাপ্নুযুরিতি। যন্মনসা নম নুতে যেনাহুর্ম্মনোমতং তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি। নেদং যদিদমুপাসতে তত্ত্বমসি আত্মৈবেদং সর্ব্বমিত্যাদিশ্রুতিভ্যঃ ॥ ১৬ ॥

শাস্ত্রোপপত্তিভ্যাবমধারিতত্বাৎ অদ্বয়াত্মদর্শনং সম্যগ্দর্শনং তদ্বাহ্যত্বান্মিথ্যাদর্শনমন্যৎ। ইতশ্চ মিথ্যাদর্শনং দ্বৈতিনাং রাগদ্বেষাদিদোষাস্পদত্বাৎ কথং সিদ্ধান্তব্যবস্থাসু স্বসিদ্ধান্তরচনানিয়মেষু কপিলকণাদবুদ্ধাদিদৃষ্ট্যনুসারিণো দ্বৈতিনো নিশ্চিতাঃ। এবমেবৈষ পরমার্থো নান্যথেতি তত্র তত্রাহনুরক্তাঃ প্রতিপক্ষঞ্চাত্মনঃ পশ্যন্তস্তং দ্বিষন্তইত্যেবং রাগদ্বেষোপেতাঃ স্বসিদ্ধান্তদর্শননিমিত্তমেব পরস্পরমন্যোন্যং বিরুধ্যন্তে।

কারীর মধ্যে যাঁহারা উত্তমাধিকারী, তাঁহারা উপাসনা করেন না। বুদ্ধির তাবতম্যই উক্তপ্রকার অধিকারিভেদের কারণ। যাহাদিগের বুদ্ধি সংসারে, আশক্ত আছে, তাহারা নিকৃষ্ট অধিকারী, যাহাদিগের বুদ্ধি মধ্যমাবস্থা প্রাপ্ত হইয়াছে, তাহারা মধ্যমাধিকারী এবং যাঁহারা ব্রহ্মবিজ্ঞান লাভকরিয়াছেন, তাঁহারা উত্তমাধিকারী। উত্তমাধিকারিদিগের কোনপ্রকার উপাসনার আশ্যক নাই এবং যাহারা মধ্যম ও অধমাধিকারী তাহাদিগের উপাসনা আবশ্যক। অতএব পরম কৃপালু বেদ অনুকম্পা করিয়া মধ্যম ও অধমাধিকারীদিগের নিমিত্তে উপাসনার উপদেশ করিয়াছেন ॥ ১৬ ॥

শাস্ত্রপ্রমাণ ও যুক্তিদ্বারা অবধারিত হইয়াছে যে, অদ্বৈত আত্মজ্ঞানই যথার্থ জ্ঞান। তদ্ভিন্ন বাহ্য পদার্থ সকলের মিথ্যাত্ব প্রযুক্ত দ্বৈতজ্ঞানকে প্রকৃতজ্ঞান বলা যায় না। দ্বৈতবাদিদিগের রাগদ্বেষাদি নানাবিধ দোষ দেখা যায়। অতএব কপিল, কণাদ, বুদ্ধ প্রভৃতি বিবিধ মতাবলম্বীরা স্ব স্ব সিদ্ধান্ত বিষয়ে নানাপ্রকার বিরোধ করিয়া থাকেন। কপিলাদিরা আপন আপন মতসংস্থাপনার্থ আপন আপন মতকে প্রধান বলিয়া জ্ঞান

অদ্বৈতং পরমার্থো হি দ্বৈতং তদ্ভেদ উচ্যতে।
তেষামুভয়থা দ্বৈতং তেনায়ং ন বিরুধ্যতে ॥ ১৮ ॥

তৈরন্যোন্যবিরোধিভিরস্মদীয়োঽয়ং বৈদিকঃ সর্ব্বানন্যত্বাদাত্মৈকত্বদর্শন-পক্ষো ন বিরুধ্যতে। যথা স্বহস্তপাদাদিভিঃ। এবং রাগদ্বেষানাস্পদ-ত্বাদাত্মৈকত্ববুদ্ধিরেব সম্যগ্‌দর্শনমিত্যভিপ্রায়ঃ ॥ ১৭ ॥

কেন হেতুনা তৈর্নবিরুধ্যত ইত্যুচ্যতে। অদ্বৈতং পরমার্থো হীতি। যস্মাদ্‌দ্বৈতং নানাত্বমস্যাদ্বৈতস্য ভেদস্তস্য কার্য্যমিত্যর্থঃ। একমেবাদ্বিতী-য়ম্। তত্তেজোঽসৃজতেতি শ্রুতেঃ। উপপত্তেশ্চ। স্বচিত্তস্পন্দনাভাবে সমাধৌ মূর্চ্ছায়াং সুষুপ্তৌ চাভাবাৎ। অতস্তদ্ভেদ উচ্যতে দ্বৈতম্। দ্বৈতি-নাস্তু তেষাং পরমার্থতশ্চোভয়থাপি দ্বৈতমেব। যদি চ তেষাং ভ্রান্তানাং দ্বৈতদৃষ্টিরস্মাকমদ্বৈতদৃষ্টিরভ্রান্তানাং তেনায়ং হেতুনাস্মৎপক্ষো ন বিরুধ্যতে তৈঃ। ইন্দ্রো মায়াভিঃ। ন তু তদ্‌দ্বিতীয়মস্তীতিশ্রুতেঃ। যথা মত্ত-

---

করিয়া অপরাপরমতের প্রতি দ্বেষাদির বশীভূত হইয়া পরস্পরমতের প্রতি নানাপ্রকার দোষারোপ করিয়া থাকেন। কিন্তু আমাদিগের এই অদ্বৈত বৈদিক মতকে কেহই বিরুদ্ধ বলিতে পারেন না। যেমন কোন ব্যক্তিই আপন হস্ত পদাদির প্রতি অবিশ্বাস করিতে পারে না, সেইরূপ অদ্বৈত বৈদিক মতের প্রতি কেহ দোষারোপ করিতে পারে না। অতএব রাগ-দ্বেষাদিশূন্য অদ্বৈত আত্মজ্ঞানই যথার্থ জ্ঞান বলিয়া প্রতিপন্ন হইল ॥ ১৭ ॥

পূর্ব্বশ্লোকে উক্ত হইয়াছে যে, অদ্বৈত আত্মজ্ঞান বিরুদ্ধ নহে, এইক্ষণ সেই অবিরুদ্ধতার হেতু নিরূপণ করিতেছেন।—যেহেতু নানাবিধ শ্রুতি-প্রমাণে জানা যায় যে, অদ্বৈতই পরমার্থ এবং দ্বৈত সেই অদ্বৈতের কার্য্য। যখন চিত্তনিস্পন্দ হইয়া সমাধি উপস্থিত হয়, তখন দ্বৈত বুদ্ধি থাকে না এবং মূর্চ্ছাকালে সুষুপ্তিসময়েও দ্বৈতের অভাব দেখা যায়। অতএব যাহারা দ্বৈতবাদী, তাহারা ভ্রান্ত; কিন্তু আমরা অদ্বৈতবাদী, আমাদিগের ভ্রম নাই। কারণ শ্রুতিতে উক্ত আছে যে, পরমাত্মার দ্বিতীয় নাই। যাহারা দ্বৈত বাদী, তাহারাও চিন্ময় পরমব্রহ্মকে পরমার্থরূপে স্বীকার করে; সুতরাং আমাদিগের অদ্বৈত বৈদিক মত সর্ব্বদা অবিরুদ্ধ ॥ ১৮ ॥

মায়য়া ভিদ্যতে হ্যেতন্নান্যথাজং কথঞ্চন।
তত্ত্বতো ভিদ্যমানে হি মর্ত্ত্যতামমৃতং ব্রজেৎ ॥ ১৯ ॥

গজারূঢ় উন্মত্তং ভূমিষ্ঠং প্রতি গজারূঢ়োঽহং বাহয় মাং প্রতীতি ব্রুবাণমপি তং প্রতি ন বাহয়ত্যবিরোধবুদ্ধ্যা তদ্বৎ। ততঃ পরমার্থতো ব্রহ্ম চিদাত্মৈব দ্বৈতিনাম্। তেনায়ং হেতুনাস্মৎপক্ষো ন বিরুধ্যতে তৈঃ ॥১৮॥

দ্বৈতমদ্বৈতভেদ ইত্যুক্তদ্বৈতমপ্যদ্বৈতবৎ পরমার্থসদিতি স্যাৎ কস্যচিদাশঙ্কেত্যত আহ। যৎপরমার্থসদদ্বৈতং মায়য়া ভিদ্যতে হ্যেতত্তৈমিরিকানেকচন্দ্রবদ্রজ্জুঃ সর্পাদিধারাদিভির্ভেদৈরিব ন পরমার্থতো নিরবয়বত্বাদাত্মনঃ। সাবয়বং হ্যবয়বান্যথাত্বেন ভিদ্যতে। যথা মৃদ্ঘটাদিভেদৈঃ। তস্মান্নিরবয়বমজং নান্যথা কথঞ্চন কেনচিদপি প্রকারেণ ন ভিদ্যতে ইত্যভিপ্রায়ঃ। তত্ত্বতো ভিদ্যমানে হ্যমৃতমজমদ্বয়ং স্বভাবতঃ সন্মর্ত্ত্যতাং ব্রজেৎ। যথাঽগ্নিঃ শীততাম্। তচ্চানিষ্টং স্বভাববৈপরীত্যগমনম্। সর্ব্ব-

---

কেহ এইরূপ আশঙ্কা করেন যে, যদি দ্বৈত অদ্বৈতের কার্য্য বলিয়া উক্ত হইল, তবে অদ্বৈত যেমন পরমার্থ সৎস্বরূপ, সেইরূপ দ্বৈতও পরমার্থ সৎস্বরূপ হইল না কেন? এই আশঙ্কায় বলিতেছেন।—যিনি পরমার্থ সৎস্বরূপ অদ্বৈত, তিনিই মায়া বলে নানারূপে বিভিন্ন হয়েন। যেমন ঐন্দ্রজালিকেরা এক চন্দ্রকে অসংখ্য চন্দ্ররূপে দেখায়, সেইরূপ সৎস্বরূপ অদ্বৈত মায়া বলে নানারূপে বিভক্ত হইয়া থাকেন এবং যেমন একমাত্র রজ্জুতে সর্প ও জলধারাদি নানাপ্রকার ভ্রান্তি হয়, সেইরূপ এক ব্রহ্মেতে নানাপ্রকার ভ্রান্তি হইয়া থাকে। বাস্তবিক আত্মা নিরবয়ব, তাঁহার কোন ভেদ হইতে পারে না, কেবল সাবয়বেরই ভেদ দেখা যায়। মৃত্তিকা সাবয়ব, তাহার ভাবান্তর হয়, অতএব ঘটাদিরূপে তাহারই ভেদ হইতে পারে। কিন্তু আত্মা নিরবয়ব, তাঁহার ভাবান্তর হইতে পারে না; সুতরাং ভেদও অসম্ভব। বাস্তবিক তিনি অজ ও অদ্বয়, মায়া বলেই মর্ত্ত্যভাব প্রাপ্ত হয়েন। যেমন মায়াবলে অগ্নিও শীতল বোধ হয়, সেইরূপ আত্মাকেও মর্ত্ত্য বলিয়া জ্ঞান হয় ॥ ১৯ ॥

অজাতস্যৈব ভাবস্য জাতিমিচ্ছন্তি বাদিনঃ।
অজাতো হ্যমৃতো ভাবো মর্ত্ত্যতাং কথমেষ্যতি ॥ ২০ ॥
ন ভবত্যমৃতং মর্ত্ত্যং ন মর্ত্ত্যমমৃতস্তথা।
প্রকৃতেরন্যথাভাবো ন কথঞ্চিদ্ভবিষ্যতি ॥ ২১ ॥
স্বভাবেনামৃতো যস্য ভাবো গচ্ছতি মর্ত্ত্যতাম্।

প্রমাণবিরোধাৎ। অজমব্যয়মাত্মতত্ত্বং মায়য়ৈব ভিদ্যতে ন পরমার্থতঃ। তস্মান্ন পরমার্থসদ্দ্বৈতম্ ॥ ১৯ ॥

যে তু পুনঃ কেচিদুপনিষদ্ব্যাখ্যাতারো ব্রহ্মবাদিনো বাবদূকা অজাতস্যৈবাত্মতত্ত্বস্যামৃতস্য স্বভাবতো জাতিমুৎপত্তিমিচ্ছন্তি পরমার্থত এব তেষাং জাতং চেত্তদেব মর্ত্ত্যতামেষ্যত্যবশ্যম্। স চাজাতো হ্যমৃতভাবঃ স্বভাবতঃ সন্নাত্মা কথং মর্ত্ত্যতামেষ্যতি ন কথঞ্চন মর্ত্ত্যত্বস্বভাববৈপরীত্যমেষ্যতীত্যর্থঃ ॥ ২০ ॥

যস্মান্ন ভবত্যমৃতং মর্ত্ত্যলোকেনাপি মর্ত্ত্যমমৃতং তথা ততঃ প্রকৃতেঃ স্বভাবস্যান্যথাভাবঃ স্বতঃ প্রচ্যুতির্ন কথঞ্চিদ্ভবিষ্যতি। অগ্নেরিবৌষ্ণ্যস্য ॥ ২১ ॥

যস্য পুনর্বাদিনঃ স্বভাবেনামৃতো ভাবো মর্ত্ত্যতাং গচ্ছতি পরমার্থতো

কোন কোন উপনিষদ্ব্যাখ্যাতা বাবদূক ব্রহ্মবাদীরা অজাত আত্মারও উৎপত্তি স্বীকার করেন। বাস্তবিক যিনি অজাত, কখনও তিনি মর্ত্ত্যভাব প্রাপ্ত হইতে পারেন না। জাত পদার্থের মরণ ধর্ম্ম সম্ভব; কিন্তু অজাত যে পদার্থ, তাহার জন্ম নাই, তাহার মরণও নাই। আত্মা অজাত, অতএব তাঁহার মর্ত্ত্যভাব স্বীকার করা যায় না ॥ ২০ ॥

কখনও অমৃত পদার্থ মর্ত্ত্য হইতে পারে না এবং মর্ত্ত্যপদার্থ অমৃত হয় না। যেহেতু কোনরূপেও প্রকৃতির অন্যথা হইতে পারে না। যাহার যে স্বভাব, সেই স্বভাবের বৈপরীত্য হওয়া অসম্ভব। যে পদার্থের যে স্বভাব, সেই পদার্থের সেইরূপ স্বভাবই প্রকাশ পাইয়া থাকে ॥ ২১ ॥

ব্রহ্ম স্বভাবতঃ অমর্ত্ত্য হইয়াও মর্ত্ত্যভাব প্রাপ্ত হয়েন। যেহেতু তিনিই কার্য্যকারণস্বরূপ। একমাত্র ব্রহ্মই উৎপত্তির পূর্ব্বে কারণরূপে অমর্ত্ত্য

কৃতকেনামৃতস্তস্য কথং স্থাস্যতি নিশ্চলঃ ॥ ২২ ॥
ভূততোঽভূততো বাপি সৃজ্যমানে সমা শ্রুতিঃ।
নিশ্চিতং যুক্তিযুক্তঞ্চ যত্তদ্ভবতি নেতরৎ ॥ ২৩ ॥

জায়তে তস্য প্রাগুৎপত্তেঃ সভাবঃ স্বভাবতোঽমৃত ইতি প্রতিজ্ঞা মৃষৈব। কথং তর্হি কৃতকেনামৃতস্তস্য স্বভাবঃ কৃতকেনামৃতঃ স কথং স্থাস্যতি নিশ্চলোঽমৃতস্বভাবতয়া ন কথঞ্চিৎস্থাস্যতি আত্মা জাতিবাদিনঃ সর্ব্বদা-ঽজং নাম নাস্ত্যেব সর্ব্বমেতন্মর্ত্ত্যম্। অতোঽনির্মোক্ষপ্রসঙ্গ ইত্যভি-প্রায়ঃ ॥ ২২ ॥

নন্বজাতিবাদিনঃ সৃষ্টিপ্রদিপাদিকা শ্রুতির্ন সঙ্গচ্ছতে প্রামাণ্যম্। বাঢ়ং বিদ্যতে সৃষ্টিপ্রতিপাদিকা শ্রুতিঃ। সা ত্বন্যপরা উপায়ঃ সোঽব-তারায়েত্যবোচাম। ইদানীমুক্তেঽপি পরিহারে পুনশ্চোদ্যপরিহারৌ বিব-ক্ষিতার্থং প্রতি সৃষ্টি শ্রুত্যক্ষরাণামানুলোম্যবিরোধাশঙ্কামাত্রপরিহারার্থৌ। ভূততঃ পরমার্থতঃ সৃজ্যমানে বস্তুনি অভূততো মায়য়া বা মায়াং বিনেব সৃজ্যমানে বস্তুনি সমা তুল্যা সৃষ্টিশ্রুতিঃ। ননু গৌণমুখ্যয়োর্ম্মুখ্যে শব্দার্থ-প্রতিপত্তির্যুক্তা ন অন্যথা সৃষ্টেরপ্রসিদ্ধত্বান্নিষ্প্রয়োজনত্বাচ্চেত্যবোচাম।

থাকেন এবং উৎপত্তির পর সেই ব্রহ্মই কার্য্যরূপে মর্ত্ত্যভাব আশ্রয় করেন। অতএব রূপভেদে একব্রহ্মের মর্ত্ত্যামর্ত্ত্যত্ব উভয় ভাবই অবিরুদ্ধ বলিয়া প্রতিপন্ন হইতেছে; সুতরাং যাঁহারা বলিয়া থাকেন যে, "অমর্ত্ত্যও মর্ত্ত্য হয় না, এবং মর্ত্ত্যও অমর্ত্ত্য হয় না" তাঁহাদের এই প্রতিজ্ঞা বৃথা হইল। যাহার অমৃতত্ব কাল্পনিক, সে কখনও নিশ্চল থাকিতে পারে না, অর্থাৎ যদি আত্মার অমৃতত্ব যথার্থই না হইল, তবে মোক্ষ অসম্ভব হইতে পারে ॥২২॥

দ্বৈতবাদী বলিতে পারেন, যখন ভূত অর্থাৎ পরমার্থ এবং অভূত অর্থাৎ মায়া, উভয় হইতেই মায়াভিন্ন, অর্থাৎ প্রকৃত বস্তুর উৎপত্তি সম্বন্ধে তুল্যপ্রমাণ্য বিদ্যমান রহিয়াছে, তখন উহার প্রমাণ্য কিরূপে সঙ্গত হইতে পারে? ইহা স্বীকার করিতেছি, তাদৃশ শ্রুতি আছে বটে এবং যদি আত্মা কার্য্যরূপে উৎপন্ন না হয়, তবে ঐরূপ সৃষ্টিবিষয়ক

নেহনানেতি চাম্নায়াদিন্দ্রো মায়াভিরিত্যপি।
অজায়মানো বহুধা মায়য়া জায়তে তু সঃ ॥ ২৪ ॥

অবিদ্যা সৃষ্টিবিষয়ৈব সর্ব্বা গৌণী মুখ্যা চ সৃষ্টিঃ ন পরমার্থতঃ। সবাহ্যাভ্যন্তরোহ্যজ ইতি শ্রুতেঃ। তস্মাচ্ছ্রুত্যা নিশ্চিতং যদেকমেবাদ্বিতীয়মজমমৃতমিতি যুক্তিযুক্তঞ্চ। যুক্ত্যা চ সম্পন্নং তদেবেত্যবোচাম পূর্ব্বৈর্গ্রন্থৈঃ তদেব শ্রুত্যর্থো ভবতি নেতরৎ কদাচিদপি ॥ ২৩ ॥

কথং শ্রুতিনিশ্চয় ইত্যাহ। যদি হি ভূত এব সৃষ্টিঃ স্যাত্ততঃ সত্যমেব নানা বস্থিতি তদভাবপ্রদর্শনার্থমাম্নায়ো ন স্যাৎ। অস্তি চ নেহ নানাস্তি কিঞ্চনেত্যাদিরাম্নায়ো দ্বৈতভাবপ্রতিষেধার্থঃ। তস্মাদাত্মৈকত্বপ্রতিপত্ত্যর্থা কল্পিতা সৃষ্টিরভূতৈব প্রাণসম্বাদবৎ। ইন্দ্রো মায়াভিরিত্যভূতার্থপ্রতিপাদকেন মায়াশব্দেন ব্যপদেশাৎ। ননু প্রজ্ঞাবচনো মায়াশব্দঃ সত্যম্। ইন্দ্রিয়প্রজ্ঞয়া অবিদ্যাত্বেন মায়াত্বাভ্যুপগমাদদোষঃ। মায়াভিরিন্দ্রিয়প্রজ্ঞাভিরবিদ্যারূপাভিরিত্যর্থঃ। অজায়মানো বহুধা বিজায়ত ইতি শ্রুতেঃ।

শ্রুত্যুক্তিও অযুক্ত হইয়া পড়ে। কিন্তু দেখিতে হইবে যে, ঐ শ্রুতিতে যখন অদ্বৈতমতের পোষকতাই উক্ত হইয়াছে, (দ্বৈতমতের নহে) তখন ঐস্থলে সৃষ্টিশব্দের গৌণার্থই মুখ্যার্থরূপে গ্রহণপূর্ব্বক শ্রুতির যুক্তিযুক্ত তাৎপর্য্যার্থ যে মায়াময় সৃষ্টি, ইহাই বুঝিতে হইবে। কখনই লৌকিক মুখ্যার্থ গ্রহণ করিতে হইবেনা। লৌকিকার্থ সত্য হউক্, তাহা নিষ্প্রয়োজন বলিয়া কখনই শ্রুতির তাৎপর্য্য নহে। শ্রুতির মতে সৃষ্টিমাত্রই মায়াময়, কিছুই সত্য নহে ॥ ২৩ ॥

আরও দেখ, যদি পূর্ব্বোক্ত শ্রুত্যর্থ অদ্বৈতমতের অনুকূল না হইবে, তবে এই "জগতে কিছুই নানা, অর্থাৎ বহুবিধরূপে বর্ত্তমান নহে" এইরূপ দ্বৈত প্রতিকূল শ্রুতিও দৃষ্ট হইতেছে কেন? অথচ উহার প্রতিষেধক শ্রুত্যন্তরও দৃষ্ট হইতেছে না কেন? "ইন্দ্র মায়াদ্বারা" ইত্যাদি যে শ্রুতি রহিয়াছে, উহাও অবিদ্যা বিষয়কই দৃষ্ট হইতেছে। অতএব সৃষ্টিশব্দে শ্রুতিতে কল্পিত সৃষ্টিকেই উদ্দেশ করা হইয়াছে। আরও দেখ, "অজায়মান, অর্থাৎ উৎপত্তি বিহীন, একমাত্র আত্মা মায়াযোগে বহুধা উৎপন্ন হইতেছেন"

সম্ভূতেরপবাদাচ্চ সম্ভবঃ প্রতিষিধ্যতে।
কোম্বেনং জনয়েদিতি কারণং প্রতিষিধ্যতে ॥২৫॥

তস্মান্মায়য়ৈব জায়তে তু সঃ। তু শব্দোঽবধারণার্থঃ। মায়য়ৈবেতি। ন হ্যজায়মানত্বং বহুধা জন্ম চৈকত্র সম্ভবতি। অগ্নাবিব শৈত্যমৌষ্ণ্যঞ্চ। ফলবত্ত্বাচ্চাত্মৈকত্বদর্শনমেব শ্রুতিনিশ্চিতোঽর্থঃ। তত্র কো মোহঃ কঃ শোকঃ একত্বমনুপশ্যত ইত্যাদিমন্ত্রবর্ণাৎ। মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতীতি নিন্দিতত্বাচ্চ সৃষ্ট্যাদিভেদদৃষ্টেঃ ॥ ২৪ ॥

অন্ধতমঃ প্রবিশন্তি যে সম্ভূতিমুপাসত ইতি শ্রুতেঃ সম্ভূতেরুপাস্যত্বাপবাদাৎ সম্ভবঃ প্রতিষিধ্যতে। ন হি পরমার্থতঃ সম্ভূতায়াং সম্ভূতৌ তদপবাদ উপপদ্যতে। নন্বু বিনাশেন সম্ভূতেঃ সমুচ্চয়বিধ্যর্থঃ সম্ভূত্যপবাদঃ। যথা-ঽন্ধন্তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে ইতি। সত্যমেব দেবতাদর্শনস্য সম্ভূতিবিষয়স্য বিনাশশব্দবাচ্যস্য কর্ম্মণঃ সমুচ্চয়বিধানার্থঃ সম্ভূত্যপবাদঃ। তথাপি বিনাশাখ্যস্য কর্ম্মণঃ স্বাভাবিকাজ্ঞানপ্রবৃত্তিরূপস্য মৃত্যোরতিতরণার্থত্ববদ্দেবতাদর্শনকর্ম্মসমুচ্চয়স্য পুরুষসংস্কারার্থস্য কর্ম্মফলরাগপ্রবৃত্তিরূপস্য সাধ্যসাধনৈষণাদ্বয়লক্ষণস্য মৃত্যোরতিতরণার্থত্বম্। এবং হ্যেষণাদ্বয়লক্ষণাদবিদ্যায়া মৃত্যোরতিতীর্ণস্য বিরক্তস্যোপনিষচ্ছাস্ত্রার্থালোচনপরস্য নান্ত-

---

এইরূপ শ্রুতিও বিদ্যমান রহিয়াছে। যদি উহা মায়াময় সৃষ্টিরই পরিপোষক না হইবে, তবে "অজায়মান বস্তু বহুধা জাত হইতেছে" এই বাক্যার্থ অগ্নির শত্য ও উষ্ণতা উভয় বিরুদ্ধ ধর্ম্মের ন্যায় অসম্ভব বোধ হইতেছে। অতএব একত্ব প্রদর্শনই শ্রুতির প্রকৃত তাৎপর্য্যার্থ বলিয়া গ্রহণ করিতে হইবে। ২৪ ॥

আরও দেখ, যিনি সম্ভূতি, অর্থাৎ কার্য্যরূপ হিরণ্যগর্ভাখ্য শ্রেষ্ঠ দেবতার উপাসনা করেন, তিনি গাঢ়তম অন্ধকারে প্রবেশ করিতেছেন। কার্য্যরূপ দেবতার উপাসনা সম্বন্ধে এইরূপ নিন্দাবাদ রহিয়াছে। ঐ নিন্দা কি উৎপত্তির প্রতিষেধক নহে? কে ইহাকে উৎপাদন করে? শ্রুতির আর এক সাকাঙ্ক্ষোক্তিও কি কারণের প্রতিষেধক হইতেছে না? এতদ্দারা অবিদ্যা জনিত নষ্ট বস্তুর যে কেহ জনয়িতা নাই, এই অভিপ্রায়ই

স এষ নেতি নেতীতি ব্যাখ্যাতং নিহ্নুতে যতঃ।
সর্ব্বমগ্রাহ্যভাবেন হেতুনাঽজং প্রকাশতে ॥ ২৬ ॥

রীয়কী পরমাত্মৈকত্ববিদ্যোৎপত্তিরিতি পূর্ব্বভাবিনীমবিদ্যামপেক্ষ্য পশ্চাদ্ভাবিনী ব্রহ্মবিদ্যাঽমৃতত্বসাধনা একেন পুরুষে সম্বধ্যমানা অবিদ্যয়া সমুচ্চীয়ত ইত্যুচ্যতে। অতোঽন্যার্থত্বাদমৃতত্বসাধনং ব্রহ্মবিদ্যামপেক্ষ্য নিন্দার্থ এব ভবতি সম্ভূত্যপবাদঃ। যদ্যপ্যশুদ্ধিবিয়োগহেতুরতন্নিষ্ঠত্বাৎ। অতএব সম্ভূতেরপবাদাৎ সম্ভূতেরাপেক্ষিকমেব সত্ত্বমিতি পরমার্থসদাত্মৈকত্বমপেক্ষ্যামৃতাখ্যঃ সম্ভবঃ প্রতিষিধ্যতে। এবং মায়ানির্ম্মিতস্যৈব জীবস্যাবিদ্যয়া প্রত্যুপস্থাপিতস্যাবিদ্যানাশে স্বভাবরূপত্বাৎ পরমার্থতঃ কো ন্বেনং জনয়েৎ। ন হি রজ্জ্বামবিদ্যারোপিতং সর্পং পুনর্ব্বিবেকতো নষ্টং জনয়েৎ কশ্চিৎ। তথা ন কশ্চিদেনং জনয়েদিতি কো ন্বিত্যাক্ষেপার্থত্বাৎ কারণং প্রতিষিধ্যতে। অবিদ্যোদ্ভূতস্য নষ্টস্য জনয়িতৃ কারণং ন কিঞ্চিদস্তীত্যভিপ্রায়ঃ। নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিদিতি শ্রুতেঃ ॥ ২৫ ॥

সর্ব্ববিশেষপ্রতিষেধেনাথাতোঽদেশো নেতি নেতীতি প্রতিপাদিতস্যাত্মনো দুর্ব্বোধ্যত্বং মন্যমানা শ্রুতিঃ পুনঃ পুনরুপায়ান্তরত্বেন তস্যৈব-প্রতিপিপাদয়িষয়া যদ্যদ্ব্যাখ্যাতং তৎসর্ব্বং নিহ্নুতে। গ্রাহ্যং জনিমদ্বুদ্ধিবিষয়মপলপত্যর্থাৎ স এব নেতি নেতীত্যাত্মনোঽদৃশ্যতাং দর্শয়ন্তী শ্রুতি রূপায়স্যোপেয়নিষ্ঠতামজানত উপায়ত্বেন ব্যাখ্যাতস্যোপেয়বদ্গ্রাহ্যতামা ভূদিত্যগ্রাহ্যভাবেন হেতুনা কারণেন নিহ্নুত ইত্যর্থঃ। ততশ্চৈবমুপা-

---

স্পষ্ট ব্যক্ত হইতেছে। যেহেতু এই জগতের কোন বস্তুই কোথা হইতেও উৎপন্ন হয় নাই, শ্রুতিতে এইরূপও স্পষ্ট উক্তি বিদ্যমান রহিয়াছে ॥২৫॥

শ্রুতি আত্মার অতিদুর্জ্ঞেয়ত্ববশতই তাহার অদৃশ্যতা জ্ঞাপনার্থ পুনঃ পুনঃই দৃশ্য কল্পিত বস্তু হইতে তাহার বিশেষত্ব দেখাইতে যাইয়া "সেই আত্মা এই নয়, সেই আত্মা এই নয়", এইরূপ উক্তিপূর্ব্বক যে স্বকৃত ব্যাখ্যানের প্রতিষেধ করিয়া গিয়াছেন, তদ্দ্বারাই অজস্বভাব আত্মার প্রকৃতস্বরূপ ব্যক্ত হইয়াছে ॥ ২৬ ॥

সতো হি মায়য়া জন্ম যুজ্যতে নতু তত্ত্বতঃ।
তত্ত্বতো জায়তে যস্য জাতং তস্য হি জায়তে ॥ ২৭ ॥

য়স্যোপেয়নিষ্ঠতামেব জানত উপেয়স্য চ মিত্যৈকরূপত্বমিতি তস্য সবাহ্যাভ্যন্তরমজমাত্মতত্ত্বং প্রকাশতে স্বয়মেব ॥ ২৬ ॥

এবং হি শ্রুতিবাক্যশতৈঃ সবাহ্যাভ্যন্তরমজমাত্মতত্ত্বমদ্বয়ং ন ততোঽন্যদস্তীতি নিশ্চিতমেব। তদ্যুক্ত্যা চাধুনৈতদেব পুনর্নির্দ্ধার্য্যত ইত্যাহ। তত্রৈতৎ স্যাৎ সদা গ্রাহ্যমেব চেদসদেবাত্মতত্ত্বমিতি। তন্ন কার্য্যগ্রহণাৎ। যথা সতো মায়াবিনো মায়য়া জন্মকার্য্যং এবং জগতো জন্মকার্য্যং গৃহ্যমাণং মায়াবিনমিব পরমার্থং সন্তমাত্মানং জগজ্জন্ম মায়াস্পদমেব গময়তি। যস্মাৎ সতো হি বিদ্যমানাৎ কারণাৎ মায়ানির্ম্মিতস্য হস্ত্যাদিকার্য্যস্যেব জগজ্জন্ম যুজ্যতে। নাসতঃ কারণাৎ নতু তত্ত্বত এবাত্মনো জন্ম যুজ্যতে। অথবা সতো বিদ্যমানস্য বস্তুনো রজ্জ্বাদেঃ সর্পাদিবন্মায়য়া জন্ম যুজ্যতে ন তু তত্ত্বতো যথা তথাঽগ্রাহ্যস্য তস্যাপি সত এবাত্মনো রজ্জুসর্পবজ্জগদ্রূপেণ মায়য়া জন্ম যুজ্যতে। ন তু তত্ত্বত এবাজস্যাত্মনো জন্ম। যস্য পুনঃ পরমার্থসদজমাত্মতত্ত্বং জগদ্রূপেণ জায়তে বাদিনো ন হি তস্যাজং জায়ত ইতি শক্যং বক্তুং বিরোধাৎ। ততস্তস্যার্থাজ্জাতং জায়ত ইত্যাপন্নম্। ততশ্চানবস্থাপাতাজ্জায়মানত্বেন। তস্মাদজমেকমেবাত্মতত্ত্বমিতি সিদ্ধম্ ॥ ২৭ ॥

এইপ্রকার শ্রুতিবাক্যসমূহদ্বারা আত্মা যে অদ্বয়, তদ্ভিন্ন অন্য কিছুই নাই, ইহাই নিশ্চিত হইল, তথাপি তদীয়যুক্তি বলে অধুনা সেই আত্মাই নির্ণীত হইতেছে।—সৎস্বরূপ আত্মার মায়াতেই যে জন্ম হয়, তাহাই যুক্তিযুক্ত বোধ হইতেছে, বাস্তবিক সৎপদার্থের জন্ম নাই। যাঁহারা আত্মার জন্ম স্বীকার করেন, তাঁহাদের মতে "জাতই জন্মিতেছে", এইরূপ অর্থ বুঝিতে হইবে; নতুবা অজের জন্ম হয়, এই বিরোধ দৃষ্ট হইতেছে। কারণ যিনি অজায়মান, তাঁহার আবার জন্ম কি? এতদ্দ্বারা আত্মা যে এক এবং জন্মরহিত, তাহাই সিদ্ধ হইল ॥ ২৭ ॥

অসতো মায়য়া জন্ম তত্ত্বতো নৈব যুজ্যতে।
বন্ধ্যাপুত্রো ন তত্ত্বেন মায়য়া বাপি জায়তে ॥ ২৮ ॥
যথা স্বপ্নে দ্বয়াভাসং স্পন্দতে মায়য়া মনঃ।
তথা জাগ্রদ্দ্বয়াভাসং স্পন্দতে মায়য়া মনঃ ॥ ২৯ ॥
অদ্বয়ঞ্চ দ্বয়াভাসং মনঃ স্বপ্নে ন সংশয়ঃ।

অসদ্বাদিনামসতো ভাবস্য মায়য়া তত্ত্বতো বা ন কথঞ্চন জন্ম যুজ্যতে। অদৃষ্টত্বাৎ ন হি বন্ধ্যাপুত্রো মায়য়া তত্ত্বতো বা জায়তে তস্মাদসদ্বাদো দূরত এবানুপপন্ন ইত্যর্থঃ ॥ ২৮ ॥

কথং পুনঃ সতো মায়য়ৈব জন্মেত্যুচ্যতে। যথা রজ্জ্বাং বিকল্পিতঃ সর্পো রজ্জুরূপেণাবেক্ষ্যমাণঃ সন্ এবং মনঃ পরমার্থবিজ্ঞপ্ত্যাত্মরূপেণা-বেক্ষ্যমাণং সৎ গ্রাহ্যগ্রাহকরূপেণ দ্বয়াভাসং স্পন্দতে স্বপ্নে মায়য়া রজ্জা-মিব সর্পঃ। তথা তদ্বদেব জাগ্রজ্জাগরিতে স্পন্দতে মায়য়া মনঃ স্পন্দত ইবেত্যর্থঃ ॥ ২৯ ॥

রজ্জুরূপেণ সর্প ইব পরমার্থত আত্মরূপেণাদ্বয়ং সত্তদ্দ্বয়াভাসং মনঃ স্বপ্নে ন সংশয়ঃ। ন হি স্বপ্নে হস্ত্যাদি গ্রাহ্যং গ্রাহকং চক্ষুরাদিদ্বয়ং

অসদ্বাদিদিগের পক্ষে অসদ্বস্তুর জন্ম কি বাস্তবিক? অথবা মায়াকল্পিত, কোনরূপই সঙ্গত বলিয়া বোধ হইতেছে না, কারণ বন্ধ্যাপুত্রের জন্ম বাস্তবিক অথবা মায়াকল্পিত কোনপ্রকারই দৃষ্ট হইতেছে না। অতএব অসদ্বাদীর মত একান্তই অগ্রাহ্য বলিয়া বোধ হইতেছে ॥ ২৮ ॥

কিরূপে কেবল মায়াদ্বারাই সতের উৎপত্তি অনুভূত হয়, তাহা দেখাইতেছেন।—যেমন রজ্জুতে বিকল্পিত সর্প রজ্জুরূপে দৃষ্ট হইয়াও দ্বৈত-বৎ প্রতিভাত হয় এবং যেমন মনঃ স্বপ্নকালে মায়াদ্বারা গ্রাহ্যবস্তুর অগ্রা-হকরূপে দ্বৈতবৎ আভাসমান হয়, সেইরূপ জাগ্রদবস্থায় মন একমাত্র মায়াদ্বারাই দ্বৈতবৎ প্রতিভাত হইতেছে ॥ ২৯ ॥

রজ্জুরূপে সর্পবৎ অদ্বয় মনঃ স্বপ্নযোগে যে দ্বৈতবৎ প্রতিভাত হয়, তাহার আর সংশয় নাই। আর জাগ্রদবস্থায়ও যে সেই মনঃ অদ্বৈত

অদ্বয়ঞ্চ দ্বয়াভাসং তথা জাগ্রন্ন সংশয়ঃ ॥ ৩০ ॥
মনোদৃশ্যমিদং দ্বৈতং যৎ কিঞ্চিৎ সচরাচরম্।
মনসো হ্যমনীভাবে দ্বৈতং নৈবোপলভ্যতে ॥ ৩১ ॥
আত্মসত্যানুবোধেন ন সঙ্কল্পয়তে যদা।
অমনস্তাং তদা যাতি গ্রাহ্যাভাবে তদগ্রহম্ ॥ ৩২ ॥

বিজ্ঞানব্যতিরেকেণাস্তি। জাগ্রদপি তথৈবেত্যর্থঃ। পরমার্থসদ্বিজ্ঞান-মাত্রাবিশেষাৎ ॥ ৩০ ॥

রজ্জুসর্পবদ্বিকল্পনারূপং দ্বৈতরূপেণ মন এব যুক্তম্। তত্র কিং প্রমাণ-মিত্যন্বয়ব্যতিরেকলক্ষণমনুমানমাহ। কথং তেন হি মনসা বিকল্প্যমানেন দৃশ্যং মনোদৃশ্যমিদং দ্বৈতং সর্ব্বং মন ইতি প্রতিজ্ঞা। তদ্ভাবে ভাবাত্তদ-ভাবেঽভাবাৎ। মনসো হ্যমনীভাবে নিরুদ্ধে বিবেকদর্শনাভ্যাসবৈরা-গ্যাভ্যাং রজ্জ্বামিব সর্পে লয়ঙ্গতে বা সুষুপ্তে দ্বৈতং নৈবোপলভ্যত ইত্য-ভাবাৎ সিদ্ধং দ্বৈতস্যাসত্ত্বমিত্যর্থঃ ॥ ৩১ ॥

কথং পুনরয়ং মনীভাব ইতি উচ্যতে। আত্মৈব সত্যমাত্মসত্যং মৃত্তি-কাবৎ। বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি শ্রুতেঃ

হইলেও দ্বৈতবৎ আভাসমান হইয়া থাকে, তাহারও কোন সংশয় নাই ॥ ৩০ ॥

এই চরাচরের সকল বস্তুই দ্বৈতরূপ, একমাত্র মনের দর্শনীয়; কারণ উহা মনেরই বিকল্পনামাত্র। বিবেকদর্শন অভ্যাস ও বৈরাগ্যদ্বারা মনঃ নিরুদ্ধ, অর্থাৎ তাদৃশ বিকল্পনা হইতে ক্ষান্ত হইলে রজ্জুতে সর্পের তিরো-ভাবের ন্যায় দ্বৈতজ্ঞানও বিলীন হইয়া যায় ॥ ৩১ ॥

মনের অমনীভাব অথবা নিরোধ শব্দে যাহা অধুনা উক্ত হইল, তাহার স্বরূপ কথিত হইতেছে।—যখন আত্মাই একমাত্র সত্য; তদ্ভিন্ন সমস্তই মিথ্যা, মনের এইরূপ বোধ জন্মে, তখনি সঙ্কল্পনীয় বাহ্যবস্তুর অভাবে দাহ্য কাষ্ঠাদির অভাবে অগ্নির জ্বলন ধর্ম্মের ন্যায়, মনঃ স্বতঃই সঙ্কল্প হইতে বিরত হয়। গ্রাহ্যবস্তুর অভাবে মনের এই সঙ্কল্পশূন্য অবস্থাকেই অমনীভাব কহে

অকল্পকমজং জ্ঞানং জ্ঞেয়াভিন্নং প্রচক্ষতে।
ব্রহ্ম জ্ঞেয়মজং নিত্যমজেনাজং বিবুধ্যতে॥ ৩৩॥

তস্য শাস্ত্রাচার্য্যোপদেশমন্ববোধ আত্মসত্যানুবোধঃ। তেন সঙ্কল্প্যাভাবাত্তন্না ন সঙ্কল্প্যতে। দাহ্যাভাবে জ্বলনমিবাগ্নেঃ। যদা যস্মিন্ কালে তদা তস্মিন্ কালে। অমনস্তামমনোভাবম্ যাতি গ্রাহ্যাভাবে তন্মনোঽগ্রহং গ্রহণবিকল্পনাবর্জ্জিতমিত্যর্থঃ॥ ৩২॥

যদ্যসদিদং দ্বৈতং কেন সমঞ্জসমাত্মতত্ত্বং বিবুধ্যত ইতি উচ্যতে। অকল্পকং সর্ব্বকল্পনাবর্জ্জিতং অত এবাজং জ্ঞানং জ্ঞপ্তিমাত্রং জ্ঞেয়েন পরমার্থসতা ব্রহ্মণা ভিন্নং প্রচক্ষতে কথয়ন্তি ব্রহ্মবিদঃ। ন হি বিজ্ঞাতুর্ব্বিজ্ঞাতের্ব্বিপরিলোপোবিদ্যতেঽগ্ন্যুষ্ণবৎ। বিজ্ঞানমানন্দং ব্রহ্ম। সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্মেত্যাদিশ্রুতিভ্যঃ। তস্যৈব বিশেষণং ব্রহ্ম জ্ঞেয়ং যস্য স্বস্থং তদিদং ব্রহ্ম জ্ঞেয়ং ঔষ্ণ্যস্যেবাগ্নিবদভিন্নম্। তেনাত্মস্বরূপেণাজেন জ্ঞানে-

---

এবং শাস্ত্র ও গুরূপদেশদ্বারা ইহাই সম্পাদিত হইয়া থাকে যে, একমাত্র আত্মাই সত্য॥ ৩২॥

যদি দ্বৈত সমস্তই মিথ্যা বলিয়া নিশ্চিত হইল, তবে কাহার আত্মতত্ত্বের বোধ হইতেছে? সত্য, কিন্তু সঙ্কল্পবর্জ্জিত যে অজ, অর্থাৎ নিত্যজ্ঞান, ব্রহ্মবিৎপণ্ডিতেরা তাহাকে জ্ঞেয় পরমব্রহ্ম হইতে স্বতন্ত্র বলিয়া উক্ত করেন নাই, কারণ "ব্রহ্মবিজ্ঞানও আনন্দস্বরূপ" এইরূপ শ্রুতিদ্বারাই তাহা প্রমাণীকৃত হইতেছে। জ্ঞানমাত্রের অবস্থানেও বোধের লোপ হইতেছে না, কারণ কাষ্ঠাদি দাহ্যবস্তুর অভাবে কখনও অগ্নির উষ্ণতা লুপ্ত হয় না। অগ্নির উষ্ণতা যেমন অগ্নি হইতে পৃথগ্‌ভূত নহে, সেইরূপ বিজ্ঞান ও বিজ্ঞেয় একই পদার্থ বলিয়া গণ্য করিতে হইবে। অতএব বলিতেছেন, জ্ঞানই জ্ঞেয়স্বরূপ অভিন্ন আত্মাকেই দর্শন করিয়া থাকে। যেমন সূর্য্যদেব আপনাহইতে প্রকাশ পান, সেইরূপ আত্মাও আত্মাকেই অনুভব করেন, জ্ঞানান্তর অপেক্ষা করেন না॥ ৩৩॥

নিগৃহীতস্য মনসো নির্ব্বিকল্পস্য ধীমতঃ।
প্রচারঃ স তু বিজ্ঞেয়ঃ সুষুপ্তেঽন্যো ন তৎসমঃ॥ ৩৪॥
লীয়তে হি সুষুপ্তে তন্নিগৃহীতং ন লীয়তে।

নান্যং জ্ঞেয়মাত্মতত্ত্বং স্বয়মেব বিবুধ্যতে অবগচ্ছতি নিত্যপ্রকাশস্বরূপ ইব সবিতা। নিত্যবিজ্ঞানৈকরসঘনত্বান্ন জ্ঞানান্তরমপেক্ষ্যত ইত্যর্থঃ॥ ৩৩॥

আত্মসত্যানুরোধেন সঙ্কল্পমকুর্ব্বৎ বাহ্যবিষয়াভাবে নিরিন্ধনাগ্নিবৎ-প্রশান্তং নিগৃহীতং নিরুদ্ধং মনো ভবতীত্যুক্তম্। এবঞ্চ মনসো হ্যমনীভাবে দ্বৈতাভাবশ্চোক্তঃ। তস্যৈবং নিগৃহীতস্য নিরুদ্ধস্য মনসো নির্ব্বিকল্পস্য সর্ব্বকল্পনাবর্জ্জিতস্য ধীমতো বিবেকবতঃ প্রচরণং প্রচারো যঃ স তু প্রচার-বিশেষেণ জ্ঞেয়ো যোগিভিঃ। ননু সর্ব্বপ্রত্যয়াভাবে যাদৃশঃ সুষুপ্তিস্থস্য মনসঃ প্রচারস্তাদৃশ এব নিরুদ্ধস্যাপি প্রত্যয়াভাবাবিশেষাৎকিং তত্র বিজ্ঞেয়মিতি। অত্রোচ্যতে নৈবম্ যস্মাৎ সুষুপ্তেঽন্যঃ প্রচারোঽবিদ্যা-মোহতমোগ্রস্তস্যান্তর্লীনানেকানর্থপ্রবৃত্তিবীজবাসনাবতো মনস আত্ম-সত্যানুবোধহুতাশবিপ্লুষ্টাবিদ্যাদ্যনর্থপ্রবৃত্তিবীজস্য নিরুদ্ধস্যান্য এব প্রশান্ত সর্ব্বক্লেশরজসঃ স্বতন্ত্রঃ প্রচারঃ। অতো ন তৎসমঃ। তস্মাদ্যুক্তঃ স বিজ্ঞাতুমিত্যভিপ্রায়ঃ॥ ॥ ৩৪॥

প্রচারভেদে হেতুমাহ। লীয়তে হি যস্মাৎ সর্ব্বাভিরবিদ্যাদিপ্রত্যয়-বীজবাসনাভিঃ সহ তমোরূপমবিশেষরূপং বীজভাবমাপদ্যতে তদ্বি-

---

পূর্ব্বোক্তরূপ নিরুদ্ধ সর্ব্বকল্পনাবর্জ্জিত বিবেকবান্ মনের প্রচরণ কেবল যোগিরাই বিশেষরূপে জানিতে পারেন। ঐ প্রচরণ নিদ্রিতা-বস্থায় মনের প্রচরণের অনুরূপ নহে। আত্মতত্ত্বের বোধ জন্মিলে এবং অবিদ্যাদি বিলুপ্ত হইলে সর্ব্বপ্রকারে প্রশান্ত মনের যে প্রচরণ, তাহা সুষুপ্তাবস্থায় মনের প্রচরণ হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। অতএব সেই বিশেষাবস্থায় মনঃ জ্ঞানক্রিয়াতে সমর্থ থাকে॥ ৩৪॥

অধুনা মনের প্রচরণ ভেদের কারণ বলিতেছেন।—নিদ্রিতাবস্থায় মনঃ নিরুদ্ধ হইয়াও অবিদ্যাস্বরূপ বাসনাদির সহিত অবিশেষজ্ঞানভাব

তদেব নির্ভয়ং ব্রহ্ম জ্ঞানালোকং সমন্ততঃ ॥ ৩৫ ॥
অজমনিদ্রমস্বপ্নমনামকমরূপকম্।
সকৃদ্বিভাতং সর্ব্বজ্ঞং নোপচারঃ কথঞ্চন ॥ ৩৬ ॥

বেকবিজ্ঞানপূর্ব্বকং নিরুদ্ধং নিগৃহীতং সৎ ন লীয়তে তমোবীজভাবং নাপদ্যতে তস্মাদ্‌যুক্তঃ প্রচারভেদঃ সুষুপ্তস্য সমাহিতস্য মনসঃ। যদা গ্রাহ্যগ্রাহকাবিদ্যা কৃতমলদ্বয়বর্জ্জিতং তদা পরমদ্বয়ং ব্রহ্মৈব তৎসংবৃত্তমিত্যতস্তদেব নির্ভয়ম্। দ্বৈতগ্রহণস্য ভয়নিমিত্তস্যাভাবাৎ। শান্তমভয়ং ব্রহ্ম। যদ্বিদ্বান্ন বিভেতি কুতশ্চন। তদেব বিশেষ্যতে জ্ঞপ্তির্জ্ঞানমাত্মস্বভাবচৈতন্যং তদেব জ্ঞানমালোকঃ প্রকাশো যস্য তদ্ব্রহ্ম জ্ঞানালোকং বিজ্ঞানৈকরসঘনমিত্যর্থঃ। সমন্ততঃ সমন্তাৎ সর্ব্বতো ব্যোমবন্নৈরন্তর্য্যেণ ব্যাপক মিত্যর্থঃ ॥ ৩৫ ॥

জন্মনিমিত্তাভাবাৎসবাহ্যাভ্যন্তরমজম্। অবিদ্যানিমিত্তং হি জন্ম রজ্জুসর্পবদিত্যবোচাম। সা চাবিদ্যাত্মসত্যানুবোধেন নিরুদ্ধা যতোঽজং অত এবানিদ্রম্ অবিদ্যালক্ষণাঽনাদিমায়া নিদ্রা স্বাপাৎ প্রবুদ্ধোঽদ্বয়স্বরূপেণাত্মনা অতোঽস্বপ্নম। অপ্রবোধকৃতে হ্যস্য নামরূপে প্রবোধাচ্চতে রজ্জুসর্পবদ্বিনষ্টে ন নাম্নাঽভিধীয়তে ব্রহ্ম রূপ্যতে বা ন

প্রযুক্ত তমোরূপ বীজভাব প্রাপ্ত হইয়া লীন হইয়া যায়। কিন্তু নিরুদ্ধাবস্থায় বিবেক ও বিজ্ঞান একত্রীভূত থাকিয়া লীন হয় না, অর্থাৎ তমোরূপ বীজভাব প্রাপ্ত হয় না; সেইহেতু অবিদ্যাকৃত গ্রাহ্য গ্রাহকরূপ মলদ্বয় বর্জ্জিত হইয়া জ্ঞানমাত্র চৈতন্যস্বরূপ নির্ভয়রূপে সর্ব্বত্র বিরাজমান হয়েন ॥ ৩৫ ॥

এ পর্য্যন্ত যতদূর বলা হইয়াছে, তাহাদ্বারা বক্ষ্যমাণরূপে আত্মার স্বরূপ নির্ণীত হইতেছে।—আত্মা অজ, অর্থাৎ অবিদ্যাজনিত জন্মাদিরহিত; যেহেতু তিনি অজ, অতএব অনিদ্র, অর্থাৎ অবিদ্যালক্ষণ মায়ার অতীত। যেহেতু তিনি অদ্বয় স্বরূপ, অতএব সদা প্রবুদ্ধ, অর্থাৎ চৈতন্যময় এবং অস্বপ্ন। কোনরূপ নামদ্বারা অভিহিত নহেন, অর্থাৎ নামরূপাদিদ্বারা তাঁহাকে

সর্ব্বাভিলাপবিগতঃ সর্ব্বচিন্তাসমুত্থিতঃ।
সুপ্রশান্তঃ সকৃজ্জ্যোতিঃ সমাধিরচলোঽভয়ঃ ॥ ৩৭ ॥

কেনচিৎপ্রকারেণেত্যনামকমরূপকঞ্চ তৎ। যতো বাচো নিবর্ত্তন্ত ইত্যাদিশ্রুতেঃ। কিঞ্চ সকৃদ্বিভাতং সদৈব বিভাতং সদা ভারূপমগ্রহণান্যথাগ্রহণাবির্ভাবতিরোভাববর্জ্জিতত্বাৎ। গ্রহণাগ্রহণে হি রাত্র্যহনী তমশ্চাবিদ্যালক্ষণং সদাঽপ্রভাতত্বে কারণং তদভাবাৎ নিত্যচৈতন্যভারূপত্বাচ্চ যুক্তং সকৃদ্বিভাতমিতি। অতএব সর্ব্বঞ্চ তৎ জ্ঞস্বরূপঞ্চেতি সর্ব্বজ্ঞম্। নেহ ব্রহ্মণ্যেবম্বিধে উপচরণমুপচারঃ কর্ত্তব্যঃ। যথাঽন্যেষামাত্মস্বরূপব্যতিরেকেণ সমাধানাদ্যুপচারঃ। নিত্যশুদ্ধবুদ্ধস্বভাবাদ্‌ব্রহ্মণঃ কথঞ্চন ন কথঞ্চিদপি কর্ত্তব্যসম্ভবোঽবিদ্যানাশে ইত্যর্থঃ ॥ ৩৬ ॥

অনামকত্বাদ্যুক্তার্থসিদ্ধয়ে হেতুমাহ। অভিলপ্যতেঽনেনেতি অভিলাপো বাক্করণং সর্ব্বপ্রকারস্যাভিধানস্য তস্মাদ্বিগতঃ। বাগত্রোপলক্ষণার্থা সর্ব্ববাহ্যকরণবর্জ্জিত ইত্যেতৎ। তথা সর্ব্বচিন্তাসমুত্থিতঃ চিন্ত্যতেঽনয়েতি চিন্তা বুদ্ধিস্তস্যাঃ সমুত্থিতোঽন্তঃকরণবিবর্জ্জিত ইত্যর্থঃ। অপ্রমাণো হ্যমনাঃ শুভ্র ইতি শ্রুতেঃ। অক্ষরাৎপরতঃ পরঃ। যস্মাৎ সর্ব্ববিষয়বর্জ্জিতঃ অতঃ সুপ্রশান্তঃ। সকৃজ্জ্যোতিঃ সদৈব জ্যোতিরাত্মচৈতন্যস্বরূপেণ সমাধিঃ সমাধিনিমিত্তপ্রজ্ঞাবগম্যত্বাৎ। সমাধীয়তেঽস্মিন্নিতি বা সমাধিঃ। অচলোঽবিক্রিয়ঃ। অতঃ এবাভয়ো বিক্রিয়াভাবাৎ ॥ ৩৭ ॥

নিরূপণ করা যায় না। অতএব তিনি আবির্ভাবতিরোভাববর্জ্জিত বলিয়া সদা প্রকাশমান, সর্ব্বময় এবং জ্ঞানস্বরূপ। তাঁহাকে উপচার, অর্থাৎ আত্মব্যতিরিক্ত ভাবান্তরদ্বারা ঈদৃশ বলিয়া নিরূপণ করিতে পারা যায় না ॥ ৩৬ ॥

তাঁহাকে কোনপ্রকার বাক্য বা নামদ্বারা ব্যক্ত করা যায় না। তিনি বুদ্ধ্যাদি অন্তঃকরণরহিত; কারণ শ্রুতিতে তিনি অপ্রমাণ, অমনাঃ ও শুভ্র বলিয়া আখ্যাত হইয়াছেন। তিনি সুপ্রশান্ত; কারণ সর্ব্বপ্রকার

গ্রহো ন তত্র নোৎসর্গশ্চিন্তা যত্র ন বিদ্যতে।
আত্মসংস্থস্তদা জ্ঞানমজাতি সমতাং গতম্ ॥ ৩৮ ॥

যস্মাদ্‌ব্রহ্মৈব সমাধিরচলোভয় ইত্যুক্তং অতো ন তত্র তস্মিন্ ব্রহ্মণি গ্রহো গ্রহণং উপাদানং নোৎসর্গ উৎসর্জ্জনং হানং বা বিদ্যতে। যত্র হি বিক্রিয়া তদ্বিষয়ত্বং বা তত্র হানোপাদানে স্যাতাং ন তৎ দ্বয়মিহ ব্রহ্মণি সম্ভবতি। বিকারহেতোরন্যস্যাভাবান্নিরবয়বত্বাচ্চ। অতো ন তত্র হানোপাদানে ইত্যর্থঃ। চিন্তা যত্র ন বিদ্যতে। সর্ব্বপ্রকারৈব চিন্তা ন সম্ভবতি। যত্রামনস্ত্বং কুতস্তত্র হানোপাদানে ইত্যর্থঃ। যদৈবাত্মসত্যানুবোধো জাতস্তদৈবাত্মসংস্থং বিষয়াভাবাদগ্ন্যুষ্ণবদাত্মন্যেব স্থিতং জ্ঞানম্। অজাতি জাতিবর্জ্জিতম্। সমতাং গতং পরং সাম্যমাপন্নম্ভবতি যদাদৌ প্রতিজ্ঞাতমতো বক্ষ্যাম্যকার্পণ্যমজাতিসমতাং গতমিতি। ইদং তদুপপত্তিতঃ শাস্ত্রতশ্চোক্তমুপসংহ্রিয়তে। অজাতিসমতাং গতমিত্যেতস্মাদাত্মসত্যানুবোধাৎ কার্পণ্যবিষয়মন্যৎ। যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাঽস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণ ইতি শ্রুতেঃ। প্রাপ্যৈতৎ সর্ব্বঃ কৃতকৃত্যো ব্রাহ্মণো ভবতীত্যভিপ্রায়ঃ ॥ ৩৮ ॥

ইন্দ্রিয়ের অগ্রাহ্য ও বিষয়বর্জ্জিত। তিনি চৈতন্যস্বরূপে নিয়ত জ্যোতির্ম্ময় এবং একমাত্র মনঃসংযমজনিত প্রজ্ঞাদ্বারাই বিজ্ঞেয় অতএব তিনি সমাধি এবং বিকারশূন্য হইয়া অচলনামে আখ্যাত হয়েন ॥ ৩৭ ॥

সেই ব্রহ্মের উপাদান বা উৎসর্গ নাই, কারণ তিনি নির্ব্বিকার ও নিরবয়ব বলিয়াই তাঁহার উপদান সম্ভব হয় না। তিমি অমনাঃ বলিয়া পূর্ব্বেই উক্ত হইয়াছেন, অতএব তাঁহাতে কোনরূপ চিন্তার অবকাশ নাই। যখন জ্ঞানরূপে আত্মসত্তার অববোধ জন্মে, তখন আপনিই আপনাতে সংস্থিত থাকেন। যেমন অগ্নির উষ্ণতা অভিন্নভাবে অগ্নিতেই অবস্থান করে, সেইরূপ জাতিরহিত আত্মা সমতা লাভ করেন, অর্থাৎ তিনি আপনিই আপনাতে প্রকাশ পান ॥ ৩৮ ॥

অস্পর্শযোগো বৈ নাম দুর্দ্দর্শঃ সর্ব্বযোগিভিঃ।
যোগিনো বিভ্যতি হ্যস্মাদভয়ে ভয়দর্শিনঃ ॥ ৩৯ ॥
মনসো নিগ্রহায়ত্তমভয়ং সর্ব্বযোগিনাম্।
দুঃখক্ষয়ঃ প্রবোধশ্চাঽপ্যক্ষয়া শান্তিরেব চ ॥ ৪০ ॥

যদ্যপীদমিত্থং পরমার্থতত্ত্বং অস্পর্শযোগো নামায়ং সর্ব্বসম্বন্ধাখ্যস্পর্শ-বর্জ্জিতত্বাদস্পর্শযোগো নাম বৈ স্মর্য্যত প্রসিদ্ধ উপনিষৎসু। দুঃখেন দৃশ্যত ইতি দুর্দ্দর্শঃ সর্ব্বৈর্যোগিভির্ব্বেদান্তবিজ্ঞানরহিতৈঃ সর্ব্বযোগিভিরাত্মসত্যানু-বোধায়াসলভ্য এবেত্যর্থঃ। যোগিনো বিভ্যতি হ্যস্মাৎসর্ব্ব মলবর্জ্জিতাদ-প্যাত্মনাশরূপমিমং যোগং মন্যমানা ভয়ং কুর্ব্বন্তি অভয়েঽস্মিন্ ভয়দর্শিনো ভয় নিমিত্তাত্মনাশদর্শনশীলা অবিবেকিন ইত্যর্থঃ ॥ ৩৯ ॥

যেষাং পুনর্ব্রহ্মস্বরূপব্যতিরেকেণ রজ্জুসর্পবৎকল্পিতমেব মন ইন্দ্রিয়াদি চ ন পরমার্থতো বিদ্যতে তেষাং ব্রহ্মস্বরূপাণামভয়ং মোক্ষাখ্যা চাক্ষয়া শান্তিঃ স্বভাবত এব সিদ্ধা নান্যায়ত্তা নোপচারঃ কথঞ্চনেত্যবোচাম। যে ত্বতোঽন্যে যোগিনো মার্গগা হীনমধ্যমদৃষ্টয়ো মনোঽন্যদাত্মব্যতিরিক্ত-মাত্মসম্বন্ধি পশ্যন্তি তেষামাত্মসত্যানুবোধরহিতানাং মনসো নিগ্রহায়ত্তভয়ং সর্ব্বেষাং যোগিনাম্। কিঞ্চ দুঃখক্ষয়োঽপি। ন হ্যাত্মসম্বন্ধিনি মনসি প্রচলিতে দুঃখক্ষয়োঽস্ত্যবিবেকিনাম্। কিঞ্চাত্মপ্রবোধোঽপি মনোনি-গ্রহায়ত্ত এব। তথাঽক্ষয়াপি মোক্ষাখ্যা শান্তিস্তেষাং মনো নিগ্রহায়-ত্তৈব ॥ ৪০ ॥

তিনি উপনিষদে অস্পর্শযোগ অর্থাৎ সর্ব্বপ্রকার সম্বন্ধ বর্জ্জিত বলিয়া উক্ত হইয়াছেন। বেদান্তবিজ্ঞানরহিত যোগিগণ অতিক্লেশেও তাঁহাকে জানিতে পারে না। উক্ত যোগিগণ যোগমার্গকে আত্মবিনাশক শঙ্কা করিয়া অভয় হইলেও অবিবেকবশতঃ তাহা হইতে ভয়দর্শন করিয়া থাকেন ॥৩৯॥

সকল যোগিই চিত্তের সম্যক্ সংযমনদ্বারা সেই অভয় ব্রহ্মকে আয়ত্ত করিতে পারেন। যোগদ্বারা আত্মসত্তার বোধ জন্মিলেই দুঃখনাশ

উৎসেক উদধের্যদ্বৎ কুশাগ্রেণৈকবিন্দুনা।
মনসো নিগ্রহস্তদ্বদ্ভবেদপরিখেদতঃ ॥ ৪১ ॥
উপায়েন নিগৃহ্নীয়াদ্বিক্ষিপ্তং কামভোগয়োঃ।
সুপ্রসন্নং লয়ে চৈব যথা কামো লয়স্তথা ॥ ৪২ ॥

মনোনিগ্রহোপি তেষাং উদধেঃ কুশাগ্রেণৈকবিন্দুনা উৎসেচনেন শোষণব্যবসায়বৎ ব্যবসায়বতামনবসন্নান্তঃকরণানামনির্ব্বেদাদপরিখেদতোভবতীত্যর্থঃ ॥ ৪১ ॥

কিমপরিখিন্নব্যবসায়মাত্রমেব মনোনিগ্রহ উপায়ো নেত্যুচ্যতে। অপরিখিন্নব্যবসায়বান্ সন্ বক্ষ্যমাণেনোপায়েন কামভোগবিষয়েষু বিক্ষিপ্তং মনো নিগৃহ্নীয়াৎ নিরুন্ধ্যাৎ আত্মন্যেবেত্যর্থঃ। কিঞ্চ লীয়তেঽস্মিন্নিতি সুষুপ্তো লয়স্তস্মিন্ লয়ে চ সুপ্রসন্নং আয়াসবর্জ্জিতমপি ইত্যেতৎ নিগৃহ্নীয়াদিত্যনুবর্ত্ততে সুপ্রসন্নঞ্চেৎ কস্মান্নিগৃহ্যত ইতি উচ্যতে। যস্মাদ্যথা কামোঽনর্থহেতুস্তথা লয়োঽপি। অতঃ কামবিষয়স্য মনসো নিগ্রহবল্লয়াদপি নিরোদ্ধব্যমিত্যর্থঃ ॥ ৪২ ॥

এবং অবিবেকের লোপ হইয়া প্রবোধের উদয় হয়। পরন্তু তাহাহইলেই অক্ষয়া শান্তি, অর্থাৎ মোক্ষলাভ করা যায় ॥ ৪০ ॥

কুশাগ্রদ্বারা এক এক বিন্দু করিয়া সমুদ্র সেচন করিতে যেমন ব্যবসায়ীর ক্লেশ হয় না, প্রশস্তমনা ব্যক্তির মনের নিগ্রহও সেইরূপ অক্লেশে সম্পাদিত হইয়া থাকে। কারণ যাহার অন্তঃকরণ অবসন্ন নহে, তাহার কোন কার্য্যেই নির্ব্বেদ উপস্থিত হয় না ॥ ৪১ ॥

একমাত্র ক্লেশব্যবসায়ই চিত্তবিনিগ্রহের উপায় নহে। বক্ষ্যমাণ উপায়দ্বারাও চিত্তকে বিষয়ভোগবাসনা হইতে স্বয়ংই নিবৃত্ত করিবে। লয়কালে অর্থাৎ সুষুপ্তি সময়েও সুপ্রসন্ন অর্থাৎ আয়াসরহিত মনকে নিগ্রহ করিবে। মন সুপ্রসন্ন হইলেও যেখানে কাম, সেইখানেই লয় পায়। অতএব কাম ও লয় এই দুই অনর্থহেতু হইতেই তুল্যরূপে মনকে নিগৃহীত করিতে হয় ॥ ৪২ ॥

দুঃখং সর্ব্বমনুস্মৃত্য কামভোগান্নিবর্ত্তয়েৎ।
অজং সর্ব্বমনুস্মৃত্য জাতং নৈব তু পশ্যতি ॥ ৪৩ ॥
লয়ে সম্বোধয়েচ্চিত্তং বিক্ষিপ্তং শময়েৎ পুনঃ।
সকষায়ং বিজানীয়াৎ সমপ্রাপ্তং ন চালয়েৎ ॥ ৪৪ ॥

কঃ স উপায় ইতি উচ্যতে সর্ব্বং দ্বৈতং অবিদ্যাবিজৃম্ভিতং দুঃখমেবেত্যনুস্মৃত্য কামভোগাৎ কামনিমিত্তো ভোগ ইচ্ছাবিষয়ঃ তস্মাদ্ বিপ্রসৃতং মনো নিবর্ত্তয়েৎ বৈরাগ্যভাবনয়া ইত্যর্থঃ। অজং ব্রহ্ম সর্ব্বমিত্যেতৎ শাস্ত্রাচার্য্যোপদেশতোঽনুস্মৃত্য তদ্বিপরীতং দ্বৈতজাতং নৈব তু পশ্যতি। অভাবাৎ ॥ ৪৩ ॥

এবমনেন জ্ঞানাভ্যাসবৈরাগ্যদ্বয়োপায়েন লয়ে সুষুপ্তে লীনং সম্বোধয়েন্মনঃ। আত্মবিবেকদর্শনেন যোজয়েৎ। চিত্তং মন ইত্যনর্থান্তরম্। বিক্ষিপ্তঞ্চ কামভোগেষু শময়েৎ পুনঃ। এবং পুনঃ পুনরভ্যস্যতো লয়াৎ সম্বোধিতং বিষয়েভ্যশ্চ ব্যাবর্ত্তিতং নাপি সাম্যাপন্নং অন্তরালাবস্থং সকষায়ং সরাগং বীজসংযুক্তং মন ইতি বিজানীয়াৎ। ততোঽপি যত্নতঃ

মনোনিগ্রহের উপায় এই,—অবিদ্যাপরিকল্পিত সকল বস্তুকেই দুঃখহেতু জ্ঞান করিয়া কামভোগ, অর্থাৎ ইচ্ছার বিষয় হইতে মনকে নিবৃত্ত করিবে। বিষয়বৈরাগ্যই এইরূপ জ্ঞানের কারণ. ঐরূপ চিন্তা করিলে দ্বৈতজ্ঞান আপনাহইতেই তিরোহিত হইয়া যায় ॥ ৪৩ ॥

এইরূপে জ্ঞানাভ্যাস ও বৈরাগ্য, এই দুই উপায় অবলম্বন করিয়া সুষুপ্তিলীন মনকে প্রবুদ্ধ করিবে। তৎপরে বিষয়ানুরক্ত মনকে শান্ত, অর্থাৎ বিষয়ভোগ হইতে নিবৃত্ত করিবে। পুনঃ পুনঃ অভ্যাসদ্বারা বিষয় হইতে ব্যাবৃত্ত এবং সুষুপ্তি হইতে সম্বোধিত মনঃকেও সমভাবপ্রাপ্ত বলিয়া বোধ করিবে না, বিষয় ও সুষুপ্তি এই উভয়ের মধ্যস্থিত বাসনারূপ বীজসংযুক্ত বলিয়া জানিবে। যখন মন বিষয় হইতে ব্যাবৃত্ত ও সুষুপ্তি হইতে প্রবোধিত হয়, তখনও তাহাতে সংসারের বীজস্বরূপ বাসনা থাকে। বাসনা পরিত্যক্ত না হইলে মন সমতাপ্রাপ্ত হয় না। অতএব যত্নপূর্ব্বক

নাস্বাদয়েৎ সুখং তত্র নিঃসঙ্গঃ প্রজ্ঞয়া ভবেৎ।
নিশ্চলং নিশ্চরৎ চিত্তং একীকুর্য্যাৎ প্রযত্নতঃ ॥ ৪৫ ॥
যদা ন লীয়তে চিত্তং ন চ বিক্ষিপ্যতে পুনঃ।
অনিঙ্গনমনাভাসং নিষ্পন্নং ব্রহ্ম তত্তথা ॥ ৪৬ ॥

সাম্যমাপাদয়েৎ। যদা তু সমপ্রাপ্তং ভবতি সমপ্রাপ্ত্যভিমুখী ভবতীত্যর্থঃ। ততস্তৎ ন বিচালয়েৎ বিষয়াভিমুখং ন কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪৪ ॥

সমাধিৎসতো যোগিনো যৎ সুখং জায়তে তন্নাস্বাদয়েৎ তত্র ন রজ্যেতেত্যর্থঃ। কথং তর্হি নিঃসঙ্গঃ নিস্পৃহঃ প্রজ্ঞয়া বিবেকবুদ্ধ্যা যদুপলভ্যতে সুখং তদবিদ্যাপরিকল্পিতং মৃষৈবেতি বিভাবয়েৎ। ততোঽপি সুখরাগান্নিগৃহ্নীয়াৎ ইত্যর্থঃ। যদা পুনঃ সুখরাগান্নিবৃত্তং নিশ্চলস্বভাবং সন্নিশ্চরদ্বহির্নিগচ্ছদ্ভবতি চিত্তং ততস্ততো নিয়মোক্তোপায়েন আত্মন্যেবৈকীকুর্য্যাৎ প্রযত্নতঃ। চিৎস্বরূপসত্তামাত্রমেবাপাদয়েদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

যথোক্তেন নিগৃহীতং চিত্তং যদা সুষুপ্তে ন লীয়তে ন চ পুনর্বিষয়েষু বিক্ষিপ্যতে অনিঙ্গনমচলং নিবাতপ্রদীপকল্পম্। অনাভাসং ন কেনচিৎ

মনের সমতা সম্পাদন করিবে; যখন সমতাপ্রাপ্ত হইবে, অথবা তৎপ্রাপ্তির অভিমুখী হইবে, তখন আর উহাকে বিষয়ে প্রেরণ করিবে না ॥ ৪৪ ॥

সমাধিলাভেচ্ছুক যোগিদিগের যে সুখোদয় হইয়া থাকে, তাহারা তাহাতে আসক্ত হয়েন না। প্রজ্ঞা, অর্থাৎ বিবেক বুদ্ধিবলে উপলব্ধ সুখকেও যোগীরা অবিদ্যাকল্পিত বলিয়া মিথ্যাজ্ঞান করিয়া থাকেন। অতএব উহারা নিগৃহীত, অর্থাৎ বিষয়তৃষ্ণা হইতে বিরত থাকিতে পারেন। সুখাসক্তিনিবৃত্ত নিশ্চলস্বভাব মনঃ যখনই আবার বাহ্যবিষয়ে প্রধাবিত হয়, তখনই পূর্ব্বোক্ত উপায়দ্বারা মনকে নিয়ন্ত্রিত করিয়া যত্নপূর্ব্বক আত্মাতেই সংযুক্ত করেন ॥ ৪৫ ॥

পূর্ব্বোক্তরূপ অভ্যাসদ্বারা যখন চিত্ত আর সুষুপ্তিতে লীন হয় না এবং বিষয়েতে বিচলিত হয় না, তখন নিবাতপ্রদেশস্থ প্রদীপের ন্যায় নিশ্চল হইয়া থাকে এবং কোনপ্রকার কল্পিত বিষয়ভাবে অবভাসিত হয়

স্বস্থং শান্তং সনির্ব্বাণং অকথ্যং সুখমুত্তমম্।
অজমজেন জ্ঞেয়েন সর্ব্বজ্ঞং পরিচক্ষতে ॥ ৪৭ ॥
ন কশ্চিজ্জায়তে জীবঃ সম্ভবোঽস্য ন বিদ্যতে।
এতত্তদুত্তমং সত্যং যত্র কিঞ্চিন্ন জায়তে ॥ ৪৮ ॥

ইতি গৌড়পাদীয়কারিকায়ামদ্বৈতাখ্যং
তৃতীয়প্রকরণম্ ॥ ৩ ॥

কল্পিতেন বিষয়ভাবেনাবভাসতে ইতি। যদৈবং লক্ষণং চিত্তং তদা নিষ্পন্নং ব্রহ্ম ব্রহ্মস্বরূপেণ নিষ্পন্নং চিত্তং ভবতীত্যর্থঃ ॥ ৪৬ ॥

কিঞ্চ ন নির্গতা অলাতাত্তে আভাসা গৃহাদিবদ্ দ্রব্যত্বাভাবযোগতঃ। দ্রব্যস্য ভাবো দ্রব্যত্বং তদভাবো দ্রব্যত্বাভাবঃ দ্রব্যত্বাভাবযোগতো দ্রব্যত্বাভাবযুক্তের্ব্বস্তুত্বাভাবাদিত্যর্থঃ। বস্তুনো হি প্রবেশাদি সম্ভবতি নাবস্তুনঃ ॥ ৫০ ॥

বিজ্ঞানেঽপি জাত্যাদ্যাভাসাস্তথৈব স্যুরাভাসস্যাবিশেষতস্তুল্যত্বাৎ। কথং তুল্যত্বমিত্যাহ অলাতেন সমানং সর্ব্ববিজ্ঞানস্য সদা প্রচলত্বন্তু বিজ্ঞানস্য বিশেষঃ। জাত্যাদ্যাভাসা বিজ্ঞানেঽচলে কিং কৃত্বা ইত্যাহ।

অলাত নিস্পন্দ হইলেও তাহার স্পন্দন অলাত ভিন্ন অন্যত্র গমন করে না, অলাতেই লীন হইয়া যায়। কারণ উহাকে অন্য কোথা হইতে আসিতে, কি অন্য কোথাও যাইতে প্রত্যক্ষ করি না ॥ ৪৯ ॥

গৃহ হইতে বহির্গমনের ন্যায় ঐ স্পন্দন যে অলাত হইতে নির্গত হইয়া অন্যত্র গমন করে না, কি করিতে পারে না, তাহার হেতু বলিতেছেন।—যখন ঐ স্পন্দন দ্রব্য নহে, অর্থাৎ যখন উহাতে বস্তুত্বসংযোগ নাই, তখন উহার গমনাদিও নাই। বস্তুর গমনাদি সম্ভাবনা হয়, কিন্তু ধর্ম্মের তাহা সম্ভব হয় না। (বিজ্ঞান সম্বন্ধে জাত্যাদির আভাস বা স্পন্দন অবিকল এইরূপ বটে) ॥ ৫০ ॥

যখন বিজ্ঞান স্পন্দিত হইতে থাকে, তখনও জাত্যাদির আভাস বিজ্ঞান ভিন্ন আর অন্য কোথাহইতেও বিজ্ঞানে আগমন করে না। আর নিস্পন্দ হইলেও বিজ্ঞান ভিন্ন বিষয়ান্তরে প্রবেশ করে না ॥ ৫১ ॥

ন নির্গতা বিজ্ঞানাত্তে দ্রব্যত্বাভাবযোগতঃ।
কার্য্যকারণতাভাবাদ্‌যতোঽচিন্ত্যাঃ সদৈব তে ॥ ৫২ ॥
দ্রব্যং দ্রব্যস্য হেতুঃ স্যাদন্যদন্যস্য চৈব হি।

কার্য্যকারণতাভাবাৎ জন্যজনকত্বানুপপত্তেরভাবরূপত্বাদচিন্ত্যাস্তে যতঃ সদৈব। যথাঽসৎসু ঋজ্বাদ্যাভাসেষু ঋজ্বাদিবুদ্ধির্দৃষ্টাঽলাতমাত্রে তথাঽসৎস্বেব জাত্যাদিষু বিজ্ঞানমাত্রে জাত্যাদিবুদ্ধির্মৈষবেতি সমুদায়ার্থঃ ॥ ৫১-৫২ ॥

অজমেকমাত্মতত্ত্বমিতি স্থিতং তত্র যৈরপি কার্য্যকারণভাবঃ কল্প্যতে তেষাং দ্রব্যং দ্রব্যস্যান্যস্যান্যদ্ধেতুঃ কারণং স্যান্ন তু তস্যৈব তৎ। নাপ্যদ্রব্যং কস্যচিৎকারণং স্বতন্ত্রং দৃষ্টং লোকে। ন চ দ্রব্যত্বং ধর্ম্মাণা-

---

বিজ্ঞানগত আভাস মাত্রেরও বস্তুত্ব না থাকা হেতু জাত্যাদির প্রতীতিরূপ বিজ্ঞানাভাসও বিজ্ঞান ভিন্ন অন্যত্র গমন করে না। অলাতের ন্যায় বিজ্ঞানও সম্পূর্ণ নিশ্চল। এমত অবস্থায় কার্য্যকারণভাবের অনুপপত্তি হেতু বিজ্ঞানের আভাসমাত্রই মিথ্যা হইল, অর্থাৎ উহা একান্তই অচিন্ত্য ও অসৎ বলিয়া বোধ হইতেছে ॥ ৫২ ॥

পূর্ব্ব পূর্ব্বোক্ত যুক্তিদ্বারা আত্মা অদ্বিতীয় এবং অজ বলিয়াই স্থির হইল। যাঁহারা সেই আত্মাতে কার্য্যকারণ ভাবের কল্পনা করেন, তাঁহাদের মতে ঘটাদি দ্রব্যই দ্রব্যান্তরের কারণ হয় এবং তদ্ব্যতিরিক্ত শুক্লপীতাদি ধর্ম্মও ধর্ম্মান্তরের কারণ হইয়া থাকে, বাস্তবিক কখনও দ্রব্যাদি শুক্লত্বাদি ধর্ম্মের কারণ বলিয়া গৃহীত হইতেছে না। আর লোকেও দ্রব্য ভিন্ন অন্যকিছুই কাহারও কারণরূপে স্বতন্ত্র দৃষ্ট হইতেছে না। অথবা দ্রব্যের ধর্ম্ম শুক্লত্বাদির প্রকারান্তরও সম্ভবে না। যদি বল, আত্মাও দ্রব্য, তবে কেন না তাহার কার্য্যত্বস্বীকার করিবে? তাহা অগ্রাহ্য, আত্মা নির্গুণ বলিয়া তাহার দ্রব্যত্ব সিদ্ধি হইতে পারে না, অথবা সমবায়ী বলিয়াও তাহার দ্রব্যত্ব স্বীকার করা যায় না, কারণ তাহাতে অন্যোন্যাশ্রয় দোষ ঘটে, অথবা আত্মার প্রকারান্তরভাবও কল্পনা করিতে পারি না, যাহাতে

দ্রব্যত্বমন্যভাবো বা ধর্ম্মাণাং নোপপদ্যতে ॥ ৫৩ ॥
এবং ন চিত্তজা ধর্ম্মাশ্চিত্তং বাপি ন ধর্ম্মজম্।
এবং হেতুফলা জাতিং প্রবিশন্তি মনীষিণঃ ॥ ৫৪ ॥
যাবদ্ধেতুফলাবেশস্তাবদ্ধেতুফলোদ্ভবঃ।

মাত্মনামুপপদ্যতেঽন্যত্বং বা। কুতশ্চিদ্‌যেনান্যকারণত্বং কার্য্যত্বং বা প্রতিপদ্যেত। অতোঽদ্রব্যত্বাদনন্যত্বাচ্চ ন কস্যচিৎ কার্য্যং কারণং বাত্মেত্যর্থঃ ॥ ৫৩ ॥

এবং যথোক্তেভ্যো হেতুভ্যঃ আত্মবিজ্ঞানস্বরূপমেব চিত্তমিতি। ন চিত্তজা বাহ্যধর্ম্মা নাপি বাহ্যধর্ম্মজং চিত্তম্। বিজ্ঞানস্বরূপাভাসমাত্রত্বাৎ-সর্ব্বধর্ম্মাণাম্। এবং ন হেতোঃ ফলং জায়তে নাপি ফলাদ্ধেতুরিতি হেতুফলয়োরজাতিংহেতু ফলা জাতিং প্রবিশন্তি অধ্যবস্যন্তি। আত্মনি হেতুফলয়োরভাবমেব প্রতিপদ্যন্তে ব্রহ্মবিদ ইত্যর্থঃ ॥ ৫৪ ॥

যে পুনর্হেতুফলয়োরভিনিবিষ্টাস্তেষাং কিং স্যাদিত্যুচ্যতে। ধর্ম্মাধর্ম্মাখ্য-

---

কার্য্যের উৎপত্তি স্বীকার করা যাইতে পারে। কারণ আত্মা সৎ বলিয়া একরূপেই প্রতিভাত হইতেছেন; সুতরাং তাঁহার ভাবান্তর সংঘটিত হইতে পারে না। অতএব আত্মা যে কোন কার্য্যের কারণ হইতে পারে, ইহা কোনরূপে প্রতিপন্ন হইতেছে না। ॥ ৫৩ ॥

পূর্ব্ব প্রদর্শিত হেতুদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, চিত্ত আত্মবিজ্ঞান স্বরূপ, অর্থাৎ আপনিই আপনাকে অনুভব করেন। সেই চিত্ত হইতে বাহ্যধর্ম্ম ঘটাদির উৎপত্তি হয় না, অথবা স্বয়ংও কোন বাহ্যধর্ম্ম হইতে জাত হয়েন না। শুক্লত্বাদি সমস্ত বাহ্যধর্ম্মই বিজ্ঞানের আভাসমাত্র। এই নিমিত্তই মনীষাসম্পন্নবিদ্বদ্‌গণ কার্য্যকারণের ও অজাতিত্ব সংস্থাপনের যত্ন করিতেছেন, অর্থাৎ হেতু হইতে ফলের এবং ফল হইতেও হেতুর উৎপত্তি হয় না, ইহাই প্রমাণ করিতে চাহেন। তাঁহারা আত্মাতে যে কার্য্যকারণভাবের অভাব, তাহাই প্রতিপন্ন করিতেছেন ॥ ৫৪ ॥

হেতু হইতে ফলের এবং ফল হইতে হেতুর উৎপত্তি এই উভয়ই বাস্ত-

ক্ষীণে হেতুফলাবেশে নাস্তি হেতুফলোদ্ভবঃ ॥ ৫৫ ॥

যাবদ্ধেতু ফলাবেশঃ সংসারস্তাবদায়তঃ।

ক্ষীণে হেতুফলাবেশে সংসারং ন প্রপদ্যতে ॥ ৫৬ ॥

হেতোরহংকর্ত্তা মম ধর্ম্মাধর্ম্মৌ তৎফলং কালান্তরে ক্বচিৎপ্রাণিনিকায়ে জাতো মোক্ষ ইতি যাবদ্ধেতুফলয়োরাবেশো হেতুফলাগ্রহ আত্মন্যধ্যারোপণং তচ্চিত্ততেত্যর্থঃ। তাবদ্ধেতুফলয়োরুদ্ভবো ধর্ম্মাধর্ম্ময়োস্তৎফলস্য চানুচ্ছেদেন প্রবৃত্তিরিত্যর্থঃ। যদা পুনর্ম্মন্ত্রৌষধিবীর্য্যেণেব গ্রহাবেশো যথোক্তাদ্বৈতদর্শনেনাবিদ্যোদ্ভূতহেতুফলাবেশোপনীতো ভবতি তদা তস্মিন্ ক্ষীণে নাস্তি হেতুফলোদ্ভবঃ ॥ ৫৫ ॥

যদি হেতুফলোদ্ভবস্তদা দোষ ইত্যুচ্যতে যাবৎসম্যগ্‌দর্শনেন হেতুফলাবেশো ন নিবর্ত্ততেঽক্ষীণঃ সংসারস্তাবদায়তো দীর্ঘো ভবতীত্যর্থঃ। ক্ষীণে পুনর্হেতুফলাবেশে সংসারং ন প্রপদ্যতে কারণাভাবাৎ ॥ ৫৬ ॥

বিক মিথ্যা। তবে মোক্ষার্থিগণ "আমি ধর্ম্মাধর্ম্মের কর্ত্তা, ধর্ম্মাধর্ম্ম আমার, উহারা ভাবী সুখদুঃখরূপ ফলের হেতু, কালান্তরে সেইফল ফলিবে, জীব সমুদায় পুনঃ পুনঃ জন্ম পরিগ্রহ করিয়া অবশ্য একদিন মুক্ত হইবে" ইত্যাদি হেতু ফলের আগ্রহ দেখাইয়া উহাকে যে আত্মাতে আরোপ করেন, উহা কেবল আভাসমাত্র। যেপর্য্যন্ত এই কার্য্যকারণ ভাবের আবেশ থাকে, সেই পর্য্যন্ত ধর্ম্মাধর্ম্মের এবং তাহার ফলেরও উচ্ছেদ না হইয়া প্রবৃত্তিই হইতে থাকে। মন্ত্রৌষধি প্রয়োগে গ্রহাবেশের ন্যায় একদা অদ্বৈত দর্শন বলে অবিদ্যাজনিত হেতু ফলের আগ্রহ দ্রবীভূত হইলে তদীয় ক্ষীণাবস্থায় আর হেতু ফলের উৎপত্তি থাকে না ॥ ৫৫ ॥

যতদিন পর্য্যন্ত হেতুফলের আবেশ দূর না হইবে, ততকাল সংসারও দীর্ঘভাবে থাকিবে। হেতুফলের আগ্রহ ক্ষয় প্রাপ্ত হইলে সংসারেরও অসারতা বোধ হইবে, কারণ হেতুর অভাবে কার্য্যেরও লোপ হইয়া থাকে। হেতু ফলের আগ্রহই সংসারের কারণ, যদি হেতুফলের আগ্রহ বিনাশ হয়, তবে আর সংসার কিরূপে থাকিবে? ॥ ৫৬ ॥

সংবৃত্যা জায়তে সর্ব্বং শাশ্বতং নাস্তি তেন বৈ।
সদ্ভাবেন হ্যজং সর্ব্ব মুচ্ছেদস্তেন নাস্তি বৈ ॥ ৫৭ ॥
ধর্ম্মা য ইতি জায়ন্তে জায়ন্তে তে ন তত্ত্বতঃ।
জন্মমায়োপমন্তেষাং সা চ মায়া ন বিদ্যতে ॥ ৫৮ ॥

নন্বজাদাত্মনোঽন্যন্নাস্ত্যেব তৎকথং হেতুফলয়োঃ সংসারস্য চোৎপত্তি-বিনাশাবুচ্যেতে ত্বয়া। শৃণু সংবৃত্যা সংবরণং সংবৃতিরবিদ্যাবিষয়ো লৌকিকব্যবহারস্তয়া সংবৃত্যা জায়তে সর্ব্বং তেনাবিদ্যাবিষয়ে শাশ্বতং নিত্যং নাস্তি বৈ। অত উৎপত্তিবিনাশলক্ষণঃ সংসার আয়ত ইত্যুচ্যতে। পরমার্থ-সদ্ভাবেন ত্বজং সর্ব্বমাত্মৈব যস্মাৎ। অতো জাত্যভাবাদুচ্ছেদঃ তেন নাস্তি বৈ কস্যচিদ্ধেতুফলাদেরিত্যর্থঃ ॥ ৫৭ ॥

যেঽপ্যাত্মনোঽন্যে চ ধর্ম্মা জায়ন্তে ইতি কল্প্যন্তে ত ইত্যেবংপ্রকারা যথোক্তা সংবৃতির্নির্দ্দিশ্যত ইতি। সংবৃত্যৈব ধর্ম্মা জায়ন্তে ন তে তত্ত্বতঃ পরমার্থতো জায়ন্তে। যৎপুনস্তৎসংবৃত্যা জন্ম ধর্ম্মাণাং যথোক্তানাম্। যথা

এস্থলে প্রশ্ন হইতে পারে যে, যখন আত্মা ভিন্ন আর কিছুই সৎ নহে, তখন আবার সংসারের উৎপত্তি বিনাশ শব্দ কাহাকে লক্ষ্য করিয়া ব্যবহার করিতেছ। ইহার উত্তর এই যে, সংবৃতি, অর্থাৎ অবিদ্যাজনিত লৌকিক ব্যবহার আশ্রয় করিয়াই এইরূপ উক্তি করিয়াছি, সত্যরূপে গ্রহণ করিয়া এইরূপ উক্তি করি নাই। জাতির অভাব স্বীকার করিয়াই হেতু ফলেরও অভাব স্বীকার করিয়া থাকি ॥ ৫৭ ॥

ঘটাদি ধর্ম্মের বাস্তবিকই জন্ম নাই, তবে যে ঘটাদির উৎপত্তি হয় বলিয়া উল্লেখ করা হইয়াছে, উহা কেবল কল্পিত উৎপত্তি মাত্র গ্রহণ করিয়াই ব্যবহার করা হইয়াছে। অবিদ্যাকল্পিত ধর্ম্মেরই উৎপত্তি হয়, নতুবা পরমার্থতঃ কোন ভাবেরও উৎপত্তি নাই। ঐ সকল কল্পিত ভাবের উৎপত্তিকে মায়ার অনুরূপ বলিয়া বুঝিতে হইবে। যেমন মায়ারও বিদ্যমানতা নাই, (উহা অসৎ অথচ অসতেরই নামমাত্র), সেইরূপ কল্পিত ধর্ম্মাদির জন্মও অসতের নামান্তর মাত্র সন্দেহ নাই ॥ ৫৮ ॥

যথা মায়াময়াদ্বীজাজ্জায়তে তন্ময়োঽঙ্কুরঃ।
নাঽসৌ নিত্যো ন চোচ্ছেদী তদ্বদ্ধর্ম্মেষু যোজনা॥ ৫৯।
নাজেষু সর্ব্বধর্ম্মেষু শাশ্বতাশাশ্বতাভিধা।
যত্র বর্ণা ন বর্ত্তন্তে বিবেকস্তত্র নোচ্যতে॥ ৬০॥

মায়য়া জন্ম তথা তন্মায়োপমং প্রত্যেতব্যম্। মায়া নাম বস্তু তর্হি নৈবং সা চ মায়া ন বিদ্যতে মায়েত্যবিদ্যমানস্যাখ্যেত্যভিপ্রায়ঃ॥ ৫৮॥

কথং মায়োপমত্বেষাং ধর্ম্মাণাং জন্মেত্যাহ। যথা মায়াময়াদাম্রাদিবীজাজ্জায়তে তন্ময়ো মায়াময়োঽঙ্কুরো নাসাবঙ্কুরো নিত্যো ন চোচ্ছেদো বিনাশী বা। অভূতত্বাদেব ধর্ম্মেষু জন্মনাশাদিযোজনাযুক্তিঃ; ন তু পরমার্থতো ধর্ম্মাণাং জন্ম নাশো বা যুজ্যত ইত্যর্থঃ॥ ৫৯॥

পরমার্থতস্ত্বাত্মস্বজেষু নিত্যৈকরসবিজ্ঞপ্তিমাত্রসত্তাকেষু শাশ্বতোঽশাশ্বত ইতি বা নাভিধা নাভিধানং প্রবর্ত্তত ইত্যর্থঃ। যত্র যেষু বর্ণ্যন্তে যৈরর্থাস্তে বর্ণাঃ শব্দা ন প্রবর্ত্তন্তেঽভিধাতুং প্রকাশিতুং ন প্রবর্ত্তেন্ত

ঐন্দ্রজালিকেরা মায়া অর্থাৎ (ভেল্কী) দ্বারা যে আম্রাদির বীজ প্রদর্শন করে, সেই মায়াময় বীজ হইতে যেমন মায়াময় অঙ্কুরাদির উৎপত্তি দৃষ্ট হয়, অথচ ঐ বীজ বা অঙ্কুরাদি যেমন যথার্থ নহে এবং বিনাশশীলও নহে, কারণ মিথ্যা বলিয়াই তাহাদের উৎপত্তি ও বিনাশ স্বীকার করা যায় না, সেইরূপ ঘটাদি ধর্ম্মসম্বন্ধেও মিথ্যা বলিয়া তাহার উৎপত্তি, বিদ্যমানতা বা বিনাশ কিছুই নাই, ইহা অবশ্যই বলিতে হইবে॥ ৫৯॥

যে আত্মা পরমার্থ, নিত্য, অজ, অদ্বিতীয় এবং আপনিই আপনাকে জানিতেছেন, তাঁহার সম্বন্ধে নিত্যানিত্য কোন শব্দই প্রযুক্ত হইতে পারে না। যাঁহাকে শব্দ প্রয়োগ পূর্ব্বক নির্দ্দেশ করা দুঃসাধ্য, তাঁহাকে জানিতে হইলে কেবল "তিনি এইরূপ" এই প্রকার চিন্তারই আবশ্যক দেখিতেছি, তাঁহাকে নিত্য বা অনিত্য বলিয়া উক্তি করা যুক্তিযুক্ত নহে, কারণ শব্দ তাঁহার অর্থ প্রকাশ করিতে পারে না, একমাত্র বিবেকই তাঁহাকে

যথা স্বপ্নে দ্বয়াভাসং চিত্তং চলতি মায়য়া।
তথা জাগ্রদ্দ্বয়াভাসং চিত্তং চলতি মায়য়া ॥ ৬১ ॥
অদ্বয়ঞ্চ দ্বয়াভাসং চিত্তং স্বপ্নে ন সংশয়ঃ।
অদ্বয়ঞ্চ দ্বয়াভাসং তথা জাগ্রন্ন সংশয়ঃ ॥ ৬২ ॥
স্বপ্নদৃক্ প্রচরন্ স্বপ্নে দিক্ষু বৈ দশসু স্থিতান্।
অণ্ডজান্ স্বেদজান্ বাপি জীবান্ পশ্যতি যান্ সদা ॥৬৩॥

ইত্যর্থঃ। ইদমেবমিতি বিবেকো বিবেক্তৃতা তত্র নিত্যোঽনিত্য ইতি নোচ্যতে। যতো বাচো নিবর্ত্তন্ত ইতি শ্রুতেঃ ॥ ৬০ ॥

যৎপুনর্ব্বাগ্‌গোচরত্বং পরমার্থতোঽদ্বয়স্য বিজ্ঞানমাত্রস্য তন্মনসঃ স্পন্দনমাত্রং ন পরমার্থত ইত্যুক্তার্থৌ শ্লোকৌ ॥ ৬১-৬২ ॥

ইতশ্চ বাগ্‌গোচরস্যাভাবো দ্বৈতস্য স্বপ্নান্ পশ্যতীতি স্বপ্নদৃক্ প্রচরন্ পর্য্যটন্ স্বপ্নে স্বপ্নস্থানে দিক্ষু বৈ দশসু স্থিতান্ বর্ত্তমানান্ জীবান্ প্রাণি-

---

প্রকাশ করিতে সমর্থ। শ্রুতিতেও উক্ত হইয়াছে যে, সেই ব্রহ্ম হইতে শব্দ সকল নিবৃত্ত হয়, অর্থাৎ শব্দ সকল প্রযুক্ত হইয়াও তাঁহার স্বরূপ প্রকাশ করিতে সমর্থ নহে ॥ ৬০ ॥

যে মায়া বলে অর্থাৎ অবিদ্যাবশতঃ চিত্ত স্বপ্নযোগে দ্বৈতবৎ আভাসমান হইয়া সঞ্চারিত হয়, জাগরিতেও সেই মায়া দ্বারাই দ্বৈতভাব আভাসমান হইয়া সঞ্চরণ করে। পরমার্থতঃ অদ্বয় আত্মা যে বাক্য প্রয়োগের বিষয়ীভূত বলিয়া বোধকরিয়া থাকে, তাহা কেবল মায়ার স্পন্দনমাত্র, উহা প্রকৃত নহে ॥ ৬১ ॥

বস্তুতঃ অদ্বয় চিত্তই যে স্বপ্নে দ্বৈতানুভব করে, তাহার আর সংশয় নাই এবং জাগ্রৎকালেও সেই অদ্বয় চিত্তই যে দ্বৈত অনুভব করিয়া থাকে তাহাও নিঃসন্দেহ ॥ ৬২ ॥

স্বপ্ন দর্শনকারী ব্যক্তি স্বপ্ন কালে সঞ্চরণ করিতে করিতে দশদিকে যে সকল অণ্ডজ, স্বেদজ ইত্যাদি জীবকে সর্ব্বদা অবস্থিত দেখিতেছে,

স্বপ্নদৃক্ চিত্তদৃশ্যাস্তে ন বিদ্যন্তে ততঃ পৃথক্।
তথা তদ্দৃশ্যমেবেদং স্বপ্নদৃক্ চিত্তমিষ্যতে ॥ ৬৪ ॥
চরন্ জাগরিতে জাগ্রদ্দিক্ষু বৈ দশস্থ স্থিতান্।
অণ্ডজান্ স্বেদজান্ বাপি জীবান্ পশ্যতি যান্ সদা ॥৬৫॥
জাগ্রচ্চিত্তেক্ষণীয়াস্তে ন বিদ্যন্তে ততঃ পৃথক্।
তথা তদ্দৃশ্যমেবেদং জাগ্রতশ্চিত্তমিষ্যতে ॥ ৬৬ ॥

নোঽণ্ডজান্ স্বেদজান্ বা যান্ সদা পশ্যতীতি। যদ্যেবং ততঃ কিমুচ্যতে ॥ ৬৩ ॥

স্বপ্নদৃশশ্চিত্তং স্বপ্নদৃক্‌চিত্তং তেন দৃশ্যাস্তে জীবাঃ ততস্তস্মাৎ স্বপ্নদৃক্‌চিত্তাৎ পৃথক্ ন বিদ্যন্তে ন সন্তীত্যর্থঃ। চিত্তমেব তর্হি ন জীবাদিভেদাকারেণ বিকল্প্যতে। তথা তদপি স্বপ্নদৃক্‌চিত্তমিদং তদ্দৃশ্যমেব তেন স্বপ্নদৃশা দৃশ্যত্বদৃশ্যম্ অতঃ স্বপ্নদৃগ্‌ব্যতিরেকেণ চিত্তং নাম নাস্তীত্যর্থঃ ॥ ৬৪ ॥

জাগ্রতো দৃশ্যা জীবাস্তচ্চিত্তাব্যতিরিক্তাশ্চিত্তেক্ষণীয়ত্বাৎ স্বপ্নদৃক্‌চিত্তেক্ষণীয়জীববৎ। তচ্চ জীবেক্ষণাত্মকচিত্তং দ্রষ্টুরব্যতিরিক্তং দ্রষ্টৃদৃশ্যত্বাৎ স্বপ্নচিত্তবৎ। উক্তার্থমন্যৎ ॥ ৬৫-৬৬ ॥

উহারা স্বপ্ন দর্শনকারীর নিজ চিত্তেরই দৃশ্যমাত্র, বাস্তবিক তদ্ভিন্ন স্বতন্ত্র কোন বিদ্যমান বস্তুই নহে। সেইরূপ স্বপ্ন দর্শনকারীর চিত্তও চিত্তেরই দৃশ্য মাত্র, উহা প্রকৃত নহে। স্বপ্ন দর্শনকারী চিত্ত ব্যতিরিক্ত স্বতন্ত্র আর কোন চিত্ত থাকিতে পারে না, তদ্ব্যতিরিক্ত যাহা দৃষ্ট হয়, তাহা কখনও সত্য নহে ॥ ৬৩-৬৪ ॥

স্বপ্নাবস্থার ন্যায় জাগরিতাবস্থায়ও জাগ্রৎ চিত্ত দশদিকে যে সকল স্বেদজ অণ্ডজ প্রভৃতি জীবকে সর্ব্বদা অবস্থিত দেখিতে পায়, তাহারাও জাগরিত চিত্তেরই দর্শনীয় মাত্র। জাগ্রৎ চিত্তের দৃশ্যমাত্র ভিন্ন, তাহাহইতে স্বতন্ত্র বস্তু নহে। পূর্ব্বোক্তরূপে স্বপ্ন দর্শনকারী চিত্তের ন্যায় জাগরিতে দর্শনকারী চিত্তও চিত্তেরই দৃশ্যমাত্র, অর্থাৎ জীবদর্শনাত্মকচিত্তদ্রষ্টা, চিত্ত

উভে হ্যন্যোন্যদৃশ্যেতে কিন্তদস্তীতি চোচ্যতে ।
লক্ষণাশূন্যমুভয়ং তন্মতে নৈব গৃহ্যতে ॥ ৬৭ ॥
যথা স্বপ্নময়ো জীবো জায়তে ম্রিয়তেঽপি চ ।
তথা জীবা অমী সর্ব্বে ভবন্তি ন ভবন্তি চ ॥ ৬৮ ॥

জীবচিত্তে উভে চিত্তচেত্যে তে অন্যোন্যদৃশ্যে ইতরেতরগম্যে । জীবাদিবিষয়াপেক্ষং হি চিত্তং নাম ভবতি । চিত্তাপেক্ষং হি জীবাদিদৃশ্যম্ । অতস্তেঽন্যোন্যদৃশ্যে । তস্মান্ন কিঞ্চিতদস্তীতি চোচ্যতে চিত্তং বা চিত্তেক্ষণীয়ং বা । কিন্তদস্তীতি বিবেকিনোচ্যতে । ন হি স্বপ্নে হস্তী হস্তিচিত্তং বা বিদ্যতে তথেহাপি বিবেকিনামিত্যভিপ্রায়ঃ । কথং লক্ষণাশূন্যং লক্ষ্যতেঽনয়েতি লক্ষণা প্রমাণং প্রমাণশূন্যমুভয়ং চিত্তং চেত্যং দ্বয়ং যতঃ তন্মতে নৈব তচ্চিত্ততয়ৈব তৎ গৃহ্যতে । ন হি ঘটমতিং প্রত্যাখ্যায় ঘটো গৃহ্যতে নাপি ঘটং প্রত্যাখ্যায় ঘটমতিঃ । ন হি তত্র প্রমাণপ্রমেয়ভেদঃ শক্যতে কল্পয়িতুমিত্যভিপ্রায়ঃ ॥ ৬৭ ॥

মায়াময়ো মায়াবিনা যঃ কৃতঃ নির্ম্মিতকো মন্ত্রৌষধ্যাদিভির্নিষ্পাদিতঃ ।

হইতে পৃথক নহে, যেহেতু উহাও স্বপ্নে চিত্তের ন্যায় দর্শনকারী চিত্তের দৃশ্য হইতেছে ॥ ৬৫-৬৬ ॥

জীব ও জীবদর্শনকারী চিত্ত, ইহারা উভয়েই একে অন্যের বোধক হইতেছে । জীবাদি বিষয় যেমন চিত্তকে অপেক্ষা করে, জীবাদিপ্রত্যক্ষে চিত্তও সেইরূপ জীবাদিকে অপেক্ষা করিতেছে । তবে কেমন করিয়া তাহাদিগকে বিদ্যমান বলিয়া উক্তি করিতে চাও । অতএব বলিতেছি, জীবদর্শনকারী চিত্ত, কি চিত্তদৃশ্য জীবাদি, কিছু বিদ্যমান নহে । তবে বিবেকীরা আছে বলিয়া কেন বলিতেছেন ? তাহা নহে । যেমন স্বপ্নে হস্তী বা হস্তিচিত্ত আছে বলিয়া উক্তি করি, এস্থলেও বিবেকীরা সেইরূপেই আছে বলিয়া ব্যবহার করিয়া থাকেন ॥ ৬৭ ॥

যেমন স্বপ্ন দৃষ্ট জীব সকলের জন্ম কি মৃত্যু কিছুই হয় না, সেইরূপ বিদ্যমান মনুষ্যাদি জীবগণেরও জন্ম বা মৃত্যু কিছুই সম্ভব নহে । তাহা-

যথা মায়াময়ো জীবো জায়তে ম্রিয়তেঽপি চ।
তথা জীবা অমী সর্ব্বে ভবন্তি ন ভবন্তি চ ॥ ৬৯ ॥
যথা নির্ম্মিতকো জীবো জায়তে ম্রিয়তেঽপি বা।
তথা জীবা অমী সর্ব্বে ভবন্তি ন ভবন্তি চ ॥ ৭০ ॥
ন কশ্চিজ্জায়তে জীবঃ সম্ভবোঽস্য ন বিদ্যতে।
এতত্তদুত্তমং সত্যং যত্র কিঞ্চিন্ন জায়তে ॥ ৭১ ॥

স্বপ্নমায়ানির্ম্মিতকা অণ্ডজাদয়ো জীবা যথা জায়ন্তে ম্রিয়ন্তে চ তথা মনুষ্যাদিলক্ষণা অবিদ্যমানা এব চিত্তবিকল্পনামাত্রা ইত্যর্থঃ ॥ ৬৮ ॥ ৬৯ ॥ ৭০ ॥

ব্যবহারসত্যবিষয়জীবানাং জন্মমরণাদিঃ স্বপ্নাদিজীববদিত্যুক্তং উত্তমন্তু পরমার্থসত্যং ন কশ্চিজ্জায়তে জীব ইতি। উক্তার্থমন্যৎ ॥ ৭১ ॥

দিগের বিদ্যমানতা কেবল চিত্তেরই বিকল্পনা মাত্র, বস্তুতঃ সর্ব্বেব মিথ্যা ॥ ৬৮ ॥

যেমন ঐন্দ্রজালিকের মায়া (অর্থাৎ ভেল্কী) দ্বারা প্রদর্শিত জীব, বৃক্ষাদি বস্তুতঃ উৎপন্ন হয় না এবং নাশও পায় না, তদ্রূপ বিদ্যমান জীব বৃক্ষাদিও যথার্থতঃ জন্মিয়া থাকে না এবং ধ্বংসও প্রাপ্ত হয় না। জগতে কোন বস্তুরই বাস্তবিক জন্ম বা নাশ নাই। ঐন্দ্রজালিক জীব ও বৃক্ষাদি যেমন উৎপন্ন বা বিনষ্ট না হইয়াও উৎপন্ন ও বিনষ্টবৎ প্রতীয়মান হয়। জগতের বিদ্যমান জীব, বৃক্ষাদিও বাস্তবিক উৎপন্ন বা বিনষ্ট না হইয়াও অবিদ্যাবশতঃ উৎপন্ন ও বিনষ্ট বলিয়া বোধ হইয়া থাকে ॥ ৬৯ ॥

যেরূপে ঐন্দ্রজালিকেরা মন্ত্র ও ঔষধাদিপ্রয়োগ দ্বারা জীবসমূহ নির্ম্মিত করিয়া তাহাদিগের জন্ম ও মৃত্যু প্রদর্শন করে, সেইরূপ মায়া বলেই বিদ্যমান বস্তু সকল কেবল দেখিতেই জন্ম ও মৃত্যু প্রাপ্ত হইতেছে, বাস্তবিক জীবাদি বস্তু সকলের জন্ম বা মৃত্যু কিছুই নাই ॥ ৭০ ॥

কোন জীবই জন্মে না এবং জগতে কোন বস্তুই জন্মিয়া বিদ্যমান থাকে না, এই মতই শ্রেষ্ঠ কল্প। কেবল লৌকিক ব্যবহারেই জীবাদি বস্তুর জন্ম ও মৃত্যু পরিকল্পিত হইয়া থাকে ॥ ৭১ ॥

চিত্তস্পন্দিতমেবেদং গ্রাহ্যগ্রাহকবদ্দ্বয়ম্।
চিত্তং নির্ব্বিষয়ং নিত্যমসঙ্গন্তেন কীর্ত্তিতম্ ॥ ৭২ ॥
যোঽস্তি কল্পিতসংবৃত্যা পরমার্থেন নাস্ত্যঽসৌ।
পরতন্ত্রাভিসংবৃত্যা স্যান্নাস্তি পরমার্থতঃ ॥ ৭৩ ॥

সর্ব্বং গ্রাহ্যগ্রাহকবৎ চিত্তস্পন্দিতমেব দ্বয়ং চিত্তং পরমার্থত আত্মৈবেতি নির্ব্বিষয়ন্তেন নির্ব্বিষয়ত্বেন নিত্যমসঙ্গং কীর্ত্তিতম্। অসঙ্গো হ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ। সবিষয়স্য হি বিষয়ে সঙ্গঃ। নির্ব্বিষয়ত্বাচ্চিত্তমসঙ্গ ইত্যর্থঃ ॥ ৭২ ॥

ননু নির্ব্বিষয়ত্বেন চেদসঙ্গত্বং চিত্তস্য ন নিঃসঙ্গতা ভবতি যস্মাচ্ছাস্তা শাস্ত্রং শিষ্যশ্চেত্যেবমাদিভির্ব্বিষয়স্য বিদ্যমানত্বাৎ। নৈষ দোষঃ। কস্মাৎ যঃ পদার্থঃ শাস্ত্রাদির্ব্বিদ্যতে স কল্পিতসংবৃত্যা। কল্পিতা চ যা পরমার্থপ্রতিপত্ত্যুপায়ত্বেন সংবৃতিশ্চ সা তয়াঽস্তি পরমার্থেন নাস্ত্যঽসৌ ন বিদ্যতে। জ্ঞাতে দ্বৈতং ন বিদ্যত ইত্যুক্তম্। যশ্চ পরতন্ত্রাভিসংবৃত্যা

গ্রাহ্যগ্রাহক ভাবে যে দ্বৈতজ্ঞান হয়, উহা কেবল চিত্তের স্পন্দনমাত্র, কারণ চিত্ত নিত্য ও বিষয় রহিত। আত্মজ্ঞান ভিন্ন তাহার আর চিন্তনীয় অন্য কিছুই নাই। এইজন্যই চিত্ত অসঙ্গ অর্থাৎ বিষয়রহিত বলিয়া উক্ত হইয়া থাকে। অবিদ্যা বলে চিত্ত স্পন্দিত হইয়াই গ্রাহ্যগ্রাহক ভাব কল্পনা করে, কিন্তু তাহা চিত্তের স্বভাবসিদ্ধ গুণ নহে। আত্মচিন্তনই কেবল চিত্তের স্বাভাবিক ধর্ম্ম ॥ ৭২ ॥

যদি বল, চিত্ত নির্ব্বিষয় বলিয়াই যে তাহাকে অসঙ্গ বলিয়া স্বীকার করিতে হইবে, তাহাও সুসঙ্গত নহে। কারণ শাস্ত্র, অশাস্ত্র এবং শিষ্য ইত্যাদি সকলই চিত্তের বিষয় হইয়া থাকে; সুতরাং তাহাকে নির্ব্বিষয় বলা যায় না, ইহাও বলিতে পার না। যেহেতু শাস্ত্রাদি যে সকল পদার্থ বিদ্যমান আছে, তাহা কল্পিতমাত্র, বাস্তবিক উহা কিছুই নহে। কারণ যে পদার্থ পরতন্ত্রনিষ্পন্ন, তাহা পরমার্থ নহে। অতএব চিত্তই অসঙ্গ বলিয়া উক্ত হইয়াছে ॥ ৭৩ ॥

অজঃ কল্পিতসংবৃত্যা পরমার্থেন নাপ্যজঃ।
পরতন্ত্রোঽভিনিষ্পত্ত্যা সংবৃত্যা জায়তে তু সঃ ॥ ৭৪ ॥
অভূতাভিনিবেশোঽস্তি দ্বয়ং তত্র ন বিদ্যতে।
দ্বয়াভাবং স বুদ্ধ্বৈব নির্নিমিত্তো ন জায়তে ॥ ৭৫ ॥

পরশাস্ত্রব্যবহারেণ স্যাৎ পদার্থঃ স পরমার্থতো নিরূপ্যমাণো নাস্ত্যেব। তেন যুক্তমুক্তমসঙ্গং তেন কীর্ত্তিত মিতি ॥ ৭৩ ॥

ননু শাস্ত্রাদীনাং সংবৃতিত্বে অজ ইতীয়মপি কল্পনা সংবৃতিঃ স্যাৎ। সত্যমেবং শাস্ত্রাদিকল্পিতসংবৃত্যৈবাজ ইত্যুচ্যতে। পরমার্থেন নাপ্যজঃ। যস্মাৎ পরতন্ত্রাভিনিষ্পত্ত্যা পরশাস্ত্রসিদ্ধমপেক্ষ্য যোঽজ ইত্যুক্তঃ • স সংবৃত্যা জায়তে। অতোঽজ ইতীয়মপি কল্পনা পরমার্থবিষয়ৈনৈব ক্রমত ইত্যর্থঃ ॥ ৭৪ ॥

যস্মাদসদ্বিষয়স্তস্মাদসত্যভূতে দ্বৈতেঽভিনিবেশোঽস্তি কেবলমভিনিবেশ আগ্রহ মাত্রং দ্বয়ং তত্র ন বিদ্যতে। মিথ্যাঽভিনিবেশমাত্রঞ্চ জন্মনঃ কারণং যস্মাত্তস্মাদ্দ্বয়াভাবং বুদ্ধ্বা নির্নিমিত্তো নিবৃত্তমিথ্যাদ্বয়াভিনিবেশো যঃ স ন জায়তে ॥ ৭৫ ॥

এস্থলে ইহাও আপত্তি হইতে পারে, যদি শাস্ত্রবিশেষের কল্পনা দ্বারা অবিদ্যার অস্তিত্ব স্বীকার করা যায়; তবে শাস্ত্রান্তরের কল্পিত বলিয়া "আত্মা অজ" ইহাও অবিদ্যা কল্পিত বলি। পরমার্থতঃ আত্মা অজ নহেন এবং পরকীয় শাস্ত্রের সিদ্ধান্তানুরোধেই আত্মাকে অজ বলা হইয়াছে ॥৭৪॥

পূর্ব্বপূর্ব্ব যুক্তি ও প্রমাণদ্বারা বিষয় যে অসৎ, তাহাই প্রতিপন্ন হইয়াছে। যেহেতু বিষয়সকল অসৎ, অতএব অসত্যভূত দ্বৈতজ্ঞান কেবল অভিনিবেশ মাত্র; বাস্তবিক দ্বৈতজ্ঞাত মিথ্যা। দ্বৈতেতে মিথ্যা অভিনিবেশই জন্মের কারণ, যখন সেই দ্বৈতাভিনিবেশই মিথ্যা হইল, তখন জগতের উৎপত্তিও মিথ্যা হইল। কারণ নিমিত্ত ভিন্ন কিছুই উৎপন্ন হইতে পারে না ॥ ৭৫ ॥

যদা ন লভতে হেতূনুত্তমাধমমধ্যমান্।
তদা ন জায়তে চিত্তং হেত্বভাবে ফলং কুতঃ॥ ৭৬॥

জাত্যাশ্রমবিহিতা আশীর্ব্বর্জ্জিতৈরনুষ্ঠীয়মানাৎ ধর্ম্মাদ্দেবত্বাদিপ্রাপ্তিহেতবে উত্তমাঃ কেবলাশ্চ। ধর্ম্মাধর্ম্মব্যামিশ্রা মনুষ্যত্বাদিপ্রাপ্ত্যর্থা মধ্যমাঃ তির্য্যগাদিপ্রাপ্তিনিমিত্তা অধর্ম্মলক্ষণাঃ প্রবৃত্তিবিশেষাশ্চাধমাঃ। তানুত্তমমধ্যমাধমানবিদ্যাপরিকল্পিতান্ যদা একমেবাদ্বিতীয়মাত্মতত্ত্বং সর্ব্বকল্পনাবর্জ্জিতং জানন্ন লভতে ন পশ্যতি যথা বালৈদৃর্শ্যমানং গগনে মলং বিবেকী ন পশ্যতি তদ্বত্তদা ন জায়তে নোৎপদ্যতে চিত্তং দেবাদ্যাকারৈরুত্তমাধমমধ্যমফলরূপেণ। ন হ্যসতি হেতৌ ফলমুৎপদ্যতে বীজাদ্যভাব ইব শস্যাদিঃ॥ ৭৬॥

জাত্যাশ্রমবিহিত অনুষ্ঠীয়মান ধর্ম্ম হইতে দেবত্বাদি প্রাপ্তির যে কারণ, তাহাকে উত্তম হেতু বলা যায়, ধর্ম্মাধর্ম্মমিশ্র মনুষ্যত্বাদি প্রাপ্তির যে হেতু, তাহাই মধ্যম হেতু এবং তির্য্যগাদি প্রাপ্তির কারণীভূত অধর্ম্ম লক্ষণ যে প্রবৃত্তি, তাহাই অধমহেতু মধ্যে গণ্য হয়। উক্ত ত্রিবিধ হেতুই অবিদ্যা পরিকল্পিত। "যখন উক্ত উত্তম, মধ্যম ও অধম এইতিন প্রকার হেতুই মিথ্যা, কেবল সর্ব্বকল্পনা পরিবর্জ্জিত একমাত্র আত্মতত্ত্বই সত্য, তখন এইরূপ জ্ঞান হইয়া দ্বৈত বুদ্ধি তিরোহিত হইবে। যেমন বালকেরাই আকাশকে সমল দর্শন করে, কিন্তু বিবেকীরা কখনও আকাশকে সমল জ্ঞান করে না, সেইরূপ অজ্ঞানীরাই ত্রিবিধ হেতুকে সত্যজ্ঞান করে, জ্ঞানিগণ ঐ ত্রিবিধ হেতুকে অসৎ বলিয়া জানে, তখন আর চিত্তের উৎপত্তি হয় না, অর্থাৎ দেবত্বাদি প্রাপ্তির কারণীভূত হেতুত্রয়ের অসত্যতাজ্ঞানে দেবত্বাদি প্রাপ্তি বিষয়ে প্রবৃত্তি হইতে পারে না। কখনও হেতুর অভাবে কার্য্যের উৎপত্তি হয় না। যেমন বীজের অভাবে শস্যের উৎপত্তি অসম্ভব, সেইরূপ ত্রিবিধ কারণের অভাবে চিত্তের উৎপত্তিও হইতে পারে না॥ ৭৬॥

অনিমিত্তস্য চিত্তস্য যানুৎপত্তিঃ সমাঽদ্বয়া।
অজাতস্যৈব সর্ব্বস্য চিত্তদৃশ্যং হি তদ্যতঃ॥ ৭৭॥
বুদ্ধা নিমিত্ততাং সত্যাং হেতুং পৃথগনাপ্নুবন্।
বীতশোকং তথা কামমভয়ং পদমশ্নুতে॥ ৭৮॥

হেত্বভাবে চিত্তং নোৎপদ্যত ইতি হ্যুক্তম্। সা পুনরনুৎপত্তিশ্চিত্তস্য কীদৃশীতি। উচ্যতে পরমার্থদর্শনেন নিরস্তধর্ম্মাধর্ম্মাখ্যোৎপত্তিনিমিত্তস্যানিমিত্তস্য চিত্তস্যেতি যা মোক্ষাখ্যানুৎপত্তিঃ সা সর্ব্বদা সর্ব্বাবস্থাসু সমা নির্ব্বিশেষাঽদ্বয়া চ। পূর্ব্বমপ্যজাতস্যৈবানুৎপন্নস্য চিত্তস্য সর্ব্বস্যাদ্বয়স্যেত্যর্থঃ। যস্মাৎ প্রাগপি বিজ্ঞানাচ্চিত্তদৃশ্যং ততঃ দ্বয়ং জন্ম চ তস্মাদজাতস্য সর্ব্বস্য সর্ব্বদা চিত্তস্য সমাঽদ্বয়ৈবানুৎপত্তির্ন পুনঃ কদাচিদ্ভবতি কদাচিদ্বা ন ভবতি সর্ব্বদৈকরূপৈবেত্যর্থঃ॥ ৭৭॥

যথোক্তেন ন্যায়েন জন্মনিমিত্তস্য দ্বয়াভাবাদনিমিত্ততাঞ্চ সত্যাং পরমার্থরূপাং বুদ্ধা হেতুং ধর্ম্মাদিকারণং দেবাদিযোনিপ্রাপ্তয়ে পৃথগনাপ্নুবন্নমু-

---

পূর্ব্বশ্লোকে উক্ত হইল যে, ত্রিবিধহেতুর অভাবে চিত্তের উৎপত্তি হয় না। অতএব সেই চিত্তের অনুৎপত্তি কিরূপ, এই শ্লোকে তাহাই নিরূপণ করিতেছেন।—পরমার্থ দর্শনদ্বারা ধর্ম্মাধর্ম্মের নিবৃত্তি হইলে মোক্ষস্বরূপ যে চিত্তের অনুৎপত্তি, অর্থাৎ মোক্ষলাভ হইলে যে সর্ব্ববিষয়ে অপ্রবৃত্তি হয়, এই অপ্রবৃত্তি সর্ব্বাবস্থাতেই সমভাবে থাকে। তখন চিত্ত একরূপ অবস্থাকে আশ্রয় করে, তাহার কোনরূপ ভাবান্তর হয় না। যেহেতু ব্রহ্মবিজ্ঞানের পূর্ব্বে চিত্তই দ্বৈতভাব দর্শন করে। অতএব চিত্তের সেই অনুৎপত্তি একরূপ হইয়া থাকে। কখন বা উৎপন্ন এবং কখন বা অনুৎপন্ন এইরূপ হয় না॥ ৭৭॥

পূর্ব্বোক্ত প্রকারে জন্মের কারণীভূত দ্বৈতের মিথ্যাত্ব নিশ্চয় করিয়া কেবল পরমার্থই সত্য, এইরূপ জানিতে পারিলে দেবত্বাদি প্রাপ্তির ত্রিবিধ হেতুর প্রত্যেকের অনিত্যত্বজ্ঞান হইলে কামশোকাদি বর্জ্জিত অবিদ্যা রহিত অভয়পদ লাভ হইয়া থাকে। পরন্তু পুনর্ব্বার তাহাকে সংসারে

অভূতাভিনিবেশাদ্ধি সদৃশে তৎ প্রবর্ত্ততে।
বস্তুভাবং স বুদ্ধ্বৈব নিঃসঙ্গং বিনিবর্ত্ততে॥ ৭৯॥
নিবৃত্তস্যাপ্রবৃত্তস্য নিশ্চলা হি তদা স্থিতিঃ।
বিষয়ঃ স হি বুদ্ধানাং তৎসাম্যমজমদ্বয়ম্॥ ৮০॥

পাদদানন্ত্যক্তবাহ্যৈষণঃ সন্ কামশোকাদিবর্জ্জিতমবিদ্যাদিরহিমভয়ম্পদমশ্নুতে পুনর্ন জায়ত ইত্যর্থঃ॥ ৭৮॥

যস্মাদভূতাভিনিবেশাদসতি দ্বয়েঽদ্বয়াস্তিত্বনিশ্চয়োঽভূতানিবেশস্তস্মাদবিদ্যাব্যামোহরূপাদ্ধিসদৃশে তদনুরূপে তচ্চিত্তং প্রবর্ত্ততে। তস্য দ্বয়স্য বস্তুনোঽভাবং যদা বুদ্ধবাংস্তদা তস্মান্নিঃসঙ্গং নিরপেক্ষং সদ্বিনিবর্ত্ততেঽভূতাভিনিবেশবিষয়াৎ॥ ৭৯॥

নিবৃত্তস্য দ্বৈতবিষয়াদ্বিষয়ান্তরে চাপ্রবৃত্তস্যাভাবদর্শনেন চিত্তস্য নিশ্চলা চলনবর্জ্জিতা স্বরূপৈব তদা স্থিতির্যৈষা ব্রহ্মরূপা স্থিতিশ্চিত্তস্যা

জন্ম পরিগ্রহ করিতে হয় না। তখন অব্যয় পদলাভ করিয়া অনন্তকাল পরমানন্দভোগ হইতে থাকে এবং অবিদ্যার বিনাশ হইয়া তজ্জনিত ভয়শোকাদি বিনষ্ট হইয়া যায়॥ ৭৮॥

কখন সেই অভয়পদ প্রাপ্তি হয়? এই আশঙ্কায় বলিতেছেন।—যখন পুরুষের দ্বৈতভাবের নিবৃত্তি হইয়া অদ্বৈত বুদ্ধি স্থিরীভূত হয়, তখন পুরুষ এই জগৎকে অসারজ্ঞান করিলে তাহার চিত্ত নিঃসঙ্গরূপে প্রবৃত্ত হইয়া থাকে। কোনরূপেও আর সেই পুরুষের এই অসৎ জগতের অভিনিবেশে প্রবৃত্তি হয় না। তখনই নিত্যানন্দপ্রদ অবিদ্যাজনিতশোকমোহ-রহিত অভয়পদপ্রাপ্তি হয়॥ ৭৯॥

যিনি দ্বৈতবুদ্ধি নিবৃত্তি করিয়া বিষয় হইতে নিবৃত্ত হইয়াছেন এবং বিষয় সকলকে অসার জানিয়া আর বিষয়ান্তরে প্রবৃত্ত হয়েন না, তাঁহার চিত্ত নিশ্চলভাবে অবস্থান করে। এইরূপ চিত্তের অবস্থানকে ব্রহ্মরূপে অবস্থিতি বলে। তখন চিত্তে কেবল ব্রহ্মবিজ্ঞানরূপ রসেরই আস্বাদন হইতে থাকে। কোনরূপে তাহার চিত্ত অন্যত্র সমাশক্ত হয়

অজমনিদ্রমস্বপ্নং প্রভাতম্ভবতি স্বয়ম্।
সকৃদ্বিভাতো হ্যেবৈষ ধর্ম্মো ধাতুঃ স্বভাবতঃ॥ ৮১॥
সুখমাব্রিয়তে নিত্যং দুঃখং বিব্রিয়তে সদা।
যস্য কস্য চ ধর্ম্মস্য গ্রহেণ ভগবানসৌ॥ ৮২॥

দ্বয়বিজ্ঞানৈকরসঘনলক্ষণা। স হি যস্মাদ্বিষয়গোচরঃ পরমার্থদর্শিনাং বুদ্ধানাং তস্মাত্তৎসাম্যং পরং নির্ব্বিশেষমজমদ্বয়ঞ্চ॥ ৮০॥

পুনরপি কীদৃশশ্চাঽসৌ বুদ্ধানাং বিষয় ইত্যাহ। স্বয়মেব তৎপ্রভাতং ভবতি নাদিত্যাদ্যপেক্ষং স্বয়ং জ্যোতিঃস্বভাবমিত্যর্থঃ। সদৈব বিভাত ইত্যেতৎ। এষ এবং লক্ষণ আত্মাখ্যো ধর্ম্মো ধাতুঃ স্বভাবতো বস্তু স্বভাবত ইত্যর্থঃ॥ ৮১॥

এবমুচ্যমানমপি পরমার্থতত্ত্বং কস্মাৎ লৌকিকৈর্ন গৃহ্যতে ইত্যুচ্যতে। যস্মাৎ যস্য কস্যচিৎ দ্বয়বস্তুনো ধর্ম্মস্য গ্রহেণ গ্রহণাবেশেন মিথ্যাভিনিবিষ্ট-তয়া সুখমাব্রিয়তেঽনায়াসেনাচ্ছাদ্যত ইত্যর্থঃ। অদ্বয়োপলব্ধিনিমিত্তং হি তত্রাবরণং ন যত্রান্তরমপেক্ষতে। দুঃখশ্চ বিব্রিয়তে প্রকটীক্রিয়তে। পরমার্থজ্ঞানস্য দুর্ল্লভত্বাৎ। ভগবানসাবাত্মাঽদ্বয়ো দেব ইত্যর্থঃ। অতো

না, সর্ব্বপ্রকার কল্পনাই তিরোহিত হইয়া যায়। একমাত্র ব্রহ্মই চিত্তের বিষয়ীভূত থাকেন, ইহাই চিত্তের সাম্যাবস্থা॥ ৮০॥

যিনি পরমার্থদর্শিদিগের চিত্তের বিষয়, সেই পরমাত্মার জন্ম নাই, নিদ্রা নাই এবং স্বপ্ন নাই। তিনি স্বয়ং জ্যোতিঃস্বরূপ, অতএব তিনি স্বয়ং প্রকাশ পাইয়া থাকেন, তাঁহার প্রকাশে সূর্য্যাদির প্রকাশের অপেক্ষা নাই। তিনি সর্ব্বদা আপনজ্যোতিঃপ্রভাবে প্রকাশ পাইতেছেন। এইরূপ লক্ষণাক্রান্ত আত্মাই তত্ত্বদর্শী ব্যক্তিদিগের চিত্তের একমাত্র বিষয়॥ ৮১॥

পূর্ব্বোক্ত প্রকারে যেরূপ আত্মতত্ত্ব নিরূপিত হইল, তাহা লৌকিকে পরিগৃহীত হয় না কেন? এই আশঙ্কায় বলিতেছেন।—যেহেতু লোক সকল যে কোন দ্বৈতপদার্থের মিথ্যা অভিনিবেশে নিবিষ্ট থাকিয়া অলীক সুখে মুগ্ধ থাকে, সেই সুখই পরমাত্মাকে সমাচ্ছন্ন করিয়া রাখিয়াছে।

অস্তি নাস্ত্যস্তি নাস্তীতি নাস্তীতি নাস্তি বা পুনঃ।
চলস্থিরোভয়াভাবৈরাবৃণোত্যেব বালিশঃ ॥ ৮৩ ॥

বেদান্তৈরাচার্য্যৈশ্চ বহুশ উচ্যমানোঽপি নৈব জ্ঞাতুং শক্য ইত্যর্থঃ। আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধেতি শ্রুতেঃ ॥ ৮২ ॥

অস্তি নাস্তীত্যাদি সূক্ষ্মবিষা অপি পণ্ডিতানাং গ্রহা ভগবতঃ পরমাত্মন আবরণা এব কিমুত মূঢ়জনবুদ্ধিলক্ষণা ইত্যেবমর্থং প্রদর্শয়ন্নাহ। অস্তীতি অস্ত্যাত্মেতি বাদী কশ্চিৎ প্রতিপদ্যতে। নাস্তীত্যপরো বৈনাশিকঃ। অস্তি নাস্তীত্যপরোঽর্দ্ধবৈনাশিকঃ সদসদ্বাদী দিগ্বাসাঃ। নাস্তি নাস্তীত্যত্যন্তশূন্যবাদী। তত্রাস্তিভাবশ্চলঃ ঘটাদ্যনিত্যবিলক্ষণত্বাৎ। নাস্তিভাবঃ স্থিরঃ সদা বিশেষত্বাৎ। উভয়ঞ্চলস্থিরবিষয়ত্বাৎ সদসদ্ভাবোঽভাবোঽত্যন্তাভাবঃ। প্রকারচতুষ্টয়স্যাপি তৈরেতৈশ্চলস্থিরোভয়াভাবৈঃ সদসদাদিবাদী সর্ব্বোঽপি ভগবন্তমাবৃণোত্যেব বালিশোবিবেকী। যদ্যপি পণ্ডিতো বালিশ এব পরমার্থতত্ত্বানববোধাৎ কিমু স্বভাবমূঢ়ো জন ইত্যভিপ্রায়ঃ ॥ ৮৩ ॥

অজ্ঞানোপলব্ধি নিমিত্ত আবরণ কোন যত্ন অপেক্ষা করে না এবং সর্ব্বদা তাহাতে দুঃখ প্রকটীভূত হইতেছে। অতএব পরমার্থজ্ঞান অতিদুর্ল্লভ বিধায় বেদান্তশাস্ত্রপ্রমাণদ্বারা আচার্য্যগণ পুনঃ পুনঃ উপদেশ করিলেও ভগবান আত্মাকে সহজে কেহ গ্রহণ করিতে পারে না ॥ ৮২ ॥

"আত্মা আছেন, কি নাই" ইত্যাদি অভিনিবেশ পণ্ডিতবর্গের পক্ষেও ভগবান আত্মার আবরণ হইয়া থাকে। যাহারা অজ্ঞানমূঢ়, তাহাদিগের পক্ষে অজ্ঞানই আত্মার আবরণস্বরূপ, কোন কোন বাদীরা আত্মার অস্তিত্ব স্বীকার করে, বৈনাশিক (বিনাশবাদী) আত্মার অস্তিত্বই স্বীকার করেন না। আর যাহারা অর্দ্ধবৈনাশিক সদসদ্বাদী, তাহারা কখন আত্মার অস্তিত্বস্বীকার করেন, কখন বা আত্মার অস্তিত্বই মানেন না। আর যাঁহারা শূন্যবাদী তাঁহারা "আত্মা নাই" এই কথা বলিয়া থাকেন। ইহার মধ্যে আত্মার

কোট্যশ্চতস্র এতাস্তু গ্রহৈর্যাসাং সদা বৃতঃ।
ভগবানাভিরস্পৃষ্টো যেন দৃষ্টঃ স সর্ব্বদৃক্ ॥ ৮৪ ॥
প্রাপ্য সর্ব্বজ্ঞতাং কৃৎস্নাং ব্রাহ্মণ্যং পদমদ্বয়ম্।
অনাপন্নাদিমধ্যান্তং কিমতঃ পরমীহতে ॥ ৮৫ ॥

কীদৃক্ পুনঃ পরমার্থতত্ত্বং যদববোধাদবালিশঃ পণ্ডিতো ভবতীত্যাহ। কোট্যঃ প্রাবাদুকশাস্ত্রনির্ণয়ান্তা এতা উক্তা অস্তিনাস্তীত্যাদ্যাশ্চতস্রো যাসাং কোটীনাং গ্রহৈর্গ্রহণৈরুপলব্ধিনিশ্চয়ৈঃ সদা সর্ব্বদা আবৃত আচ্ছাদিতস্তেষামেব প্রাবাদুকানাং যঃ স ভগবান্ আভিরস্তিনাস্তীত্যাদিকোটিভিশ্চতসৃভিরস্পৃষ্টোঽস্ত্যাদিবিকল্পনাবর্জ্জিত ইত্যেতৎ। যেন মুনিনা দৃষ্টো জ্ঞাতো বেদান্তেষ্বৌপনিষদঃ পুরুষঃ স সর্ব্বদৃক্ সর্ব্বজ্ঞঃ পরমার্থপণ্ডিত ইত্যর্থঃ ॥ ৮৪ ॥

প্রাপ্যৈতাং যথোক্তাং কৃৎস্নাং সমস্তাং সর্ব্বজ্ঞতাং ব্রাহ্মণ্যং পদং স ব্রাহ্মণঃ। এষ নিত্যো মহিমেতি শ্রুতেঃ। অনাপন্নাদিমধ্যান্তম্। আদি-

---

স্থির উভয়াত্মক ইত্যাদি ভাব সকলই ভগবান আত্মাকে আবরণ করিয়া রাখে; সুতরাং তাহাতেই আত্মজ্ঞান হইতে পারে না। ৮৩ ॥

যাঁহার জ্ঞানচর্চ্চাদ্বারা লোক সকল পণ্ডিত হইতে পারে, সেই আত্মতত্ত্ব কীদৃশ? এই আশঙ্কায় বলিতেছেন।—পূর্ব্বোক্ত অস্তি নাস্তি ইত্যাদিভাব সকলের উপলব্ধি নিবন্ধন বাবদূক পণ্ডিতেরা সর্ব্বদা আবৃত রহিয়াছে, কিন্তু ভগবান্ আত্মাকে উক্ত অস্তি নাস্তি প্রভৃতি ভাব সকল স্পর্শ করিতে পারে না। যিনি সর্ব্ববিকল্পবর্জ্জিত এবং ভগবান পরমাত্মাকে জানিতে পারেন, তিনিই সর্ব্বজ্ঞ পরমার্থ পণ্ডিত ॥ ৮৪ ॥

যাঁহারা ব্রহ্মপরিজ্ঞান লাভ করিয়াছেন, তাঁহাদিগের আজীবন কর্ত্তব্য অগ্নিহোত্রাদিযাগ কর্ত্তব্য কিনা? এই আশঙ্কার নিরাস করিতেছেন।—যাঁহারা সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হইয়া উৎপত্তি, স্থিতি ও প্রলয়বিহীন অদ্বয় ব্রহ্মপদ লাভ করিয়াছেন, তাঁহারা অতঃপর আর কাহার চেষ্টা করিবেন। ব্রহ্মপরিজ্ঞান হইতে আর প্রধান পদ কি আছে? যে, তাহাতে চিত্তের শান্তি হইতে

বিপ্রাণাং বিনয়ো হ্যেষ শমঃ প্রাকৃত উচ্যতে।
দমঃ প্রকৃতিদান্তত্বাদেবং বিদ্বাঞ্ছমং ব্রজেৎ॥ ৮৬॥
সবস্তু সোপলম্ভঞ্চ দ্বয়ং লৌকিকমিষ্যতে।
অবস্তু সোপলম্ভঞ্চ শুদ্ধং লৌকিকমিষ্যতে॥ ৮৭॥

মধ্যান্তা উৎপত্তিস্থিতিলয়া অনাপন্না অপ্রাপ্তা যস্যাদ্বয়পদস্য ন বিদ্যন্তে তদনাপন্নাদিমধ্যান্তং ব্রাহ্মণ্যং পদম্। তদেব প্রাপ্য লব্ধ্বা কিমতঃ পরস্মাদাত্মলাভাদূর্দ্ধমীহতে চেষ্টতে নিষ্প্রয়োজনমিত্যর্থঃ। নৈব তস্য কৃতেনার্থ ইত্যাদিগীতাস্মৃতেঃ॥ ৮৫॥

বিপ্রাণাং ব্রাহ্মণানাং বিনয়ো বিনীতত্বং স্বাভাবিকং যদেতদাত্মস্বরূপেণাবস্থানম্। এষ বিনয়ঃ শমোঽপ্যেষ এব প্রাকৃতঃ স্বাভাবিকোঽকৃতক উচ্যতে। দমোঽপ্যেষ এব প্রকৃতিদান্তত্বাৎ স্বভাবত এব চোপশান্তরূপত্বাদ্ব্রহ্মণঃ। এবং যথোক্তং স্বভাবোপশান্তং ব্রহ্ম বিদ্বাঞ্ছমং উপশান্তিং স্বাভাবিকীং ব্রহ্মস্বরূপেণাঽবতিষ্ঠত ইত্যর্থঃ॥ ৮৬॥

এবমন্যোঽন্যবিরুদ্ধত্বাৎসংসারকারণানি রাগদ্বেষদোষাস্পদানি প্রাবাদুকানাং দর্শনানি। অতো মিথ্যাদর্শনানি তানীতি তদ্যুক্তিভিরেব দর্শ-

---

পারে। যখন ব্রহ্মবিজ্ঞানই সর্ব্বোত্তম বলিয়া প্রতিপন্ন হইল, তখনই ব্রহ্মবিজ্ঞানিদিগের অগ্নিহোত্রাদিযাগ নিষ্প্রয়োজন বোধ হইতেছে॥ ৮৫॥

ব্রহ্মস্বরূপে অবস্থানই ব্রহ্মবিজ্ঞানী পণ্ডিতগণের বিনয় এবং ইহাই প্রকৃত শম। চিত্ত ব্রহ্মবিষয়ে যে শান্তিলাভ করে, তাহাকেই অকৃত্রিম শম বলা যায়। উহাতে স্বভাবের দমন হয় বলিয়াই তাহাকে দমও বলিয়া থাকে। যাহার স্বরূপে অবস্থিত হইলেই শমদমাদি হয়, সেই পরব্রহ্মকে, জানিতে পারিলেই পণ্ডিতগণ শুভপদ প্রাপ্ত হইতে পারেন॥ ৮৬॥

পূর্ব্বোক্তপ্রকারে পরস্পর বিরুদ্ধ বাদিদিগের সংসারের কারণ সকল রাগদ্বেষাদি দোষে পরিদূষিত আছে, সেই সকলের মিথ্যাত্ব প্রদর্শন করিয়া অস্তি নাস্তি ভাব বর্জ্জিত রাগদ্বেষাদিশূন্য স্বভাবশান্ত অদ্বৈত ব্রহ্ম দর্শনই সম্যক দর্শন, ইহা প্রতিপন্ন হইয়াছে। এইক্ষণ স্বকর্ত্তব্য প্রক্রিয়া

অবস্ত্বনুপলম্ভঞ্চ লোকোত্তরমিতি স্মৃতম্।
জ্ঞানং জ্ঞেয়ঞ্চ বিজ্ঞেয়ং সদা বুদ্ধৈঃ প্রকীর্ত্তিতম্॥ ৮৮॥

য়িত্বা, চতুষ্কোটিবর্জ্জিতত্বাদ্রাগাদিদোষানাস্পদং স্বভাবশান্তমদ্বৈতদর্শনমেব সম্যগ্দর্শনমিত্যুপসংহৃতম্। অথেদানীং স্বপ্রক্রিয়াপ্রদর্শনার্থ আরম্ভঃ সবস্তু সংবৃতিঃ। সতা বস্তুনা সহ বর্ত্তত ইতি সবস্তু। তথা চোপলব্ধিরুপ-লম্ভঃ তেন সহ বর্ত্তত ইতি সোপলম্ভঃ। সোপলম্ভঞ্চ শাস্ত্রাদিসর্ব্বব্যবহা-রাস্পদং গ্রাহ্যগ্রাহকলক্ষণং দ্বয়ং লৌকিকং জাগরিতমিত্যেতৎ। এবং-লক্ষণং জাগরিতমিষ্যতে বেদান্তেষু। অবস্তু সংবৃতেরপ্যভাবাৎ। সোপ-লম্ভং বস্তুবৎ উপলম্ভনমুপলম্ভোঽসত্যপি বস্তুনি তেন সহ বর্ত্তত ইতি সোপলম্ভঞ্চ। শুদ্ধং কেবলং প্রতিবিবিক্তং জাগরিতাৎ স্থূলাৎ লৌকিকং সর্ব্বপ্রাণিসাধারণত্বাদিষ্যতে স্বপ্ন ইত্যর্থঃ॥ ৮৭॥

অবস্ত্বনুপলম্ভঞ্চ গ্রাহ্যগ্রহণবর্জ্জিতমিত্যেতল্লোকোত্তরম্। অতএব লোকাতীতম্। গ্রাহ্যগ্রহণবিষয়ো হি লোকঃ তদভাবাৎ সর্ব্বপ্রবৃত্তিবীজং সুষুপ্তমিত্যেতদেবং স্মৃতং সোপায়ম্পরমার্থতত্ত্বং লৌকিকম্। শুদ্ধং

দ্বারা অবস্থাত্রয়ের উপন্যাসপূর্ব্বক সেই অবস্থাবধারণার্থ অবস্থাদ্বয় প্রদ-র্শন করিতেছেন।—লৌকিক ব্যবহারে দুইটী অবস্থা প্রসিদ্ধ আছে, সবস্তু অর্থাৎ সমুদায় বস্তুরই গ্রহণ হইয়া থাকে, ইহাকে জাগ্রদবস্থা বলে। এই অবস্থায় সকলই প্রত্যক্ষীভূত হয়। অপর অবস্থা সোপলম্ভ, অর্থাৎ বস্তু মাত্রেরই উপলব্ধি হইয়া থাকে, ইহার নাম স্বপ্নাবস্থা। জাগ্রদবস্থায় সকল বস্তুর গ্রহণ ও উপলব্ধি দুইই হয়, কিন্তু স্বপ্নাবস্থায় বস্তুর গ্রহণ হয় না, কেবল উপলব্ধি মাত্র হইয়া থাকে॥ ৮৭॥

পূর্ব্বশ্লোকে জাগ্রৎ ও স্বপ্ন এই অবস্থাদ্বয় কীর্ত্তন করিয়া এইক্ষণ সুষুপ্তি অবস্থা প্রদর্শন করিতেছেন।—সুষুপ্তি অবস্থাতে বস্তুর গ্রহণ বা উপলব্ধি কিছুই হয় না এবং গ্রাহ্যগ্রাহকভাবও থাকে না, অতএব এই অবস্থা লোকাতীত। সুষুপ্তিকালে গ্রাহ্যগ্রাহকভাব থাকে না, সুতরাং ইহা সর্ব্বপ্রবৃত্তির বীজস্বরূপ বলিয়া প্রসিদ্ধ আছে। এই অবস্থাতে স্থূল কিম্বা সূক্ষ্ম কোন বস্তুই বিষয়ীভূত হয় না এবং ইন্দ্রিয় প্রয়োজন কিম্বা

জ্ঞানে চ ত্রিবিধে জ্ঞেয়ে ক্রমেণ বিদিতে স্বয়ম্।
সর্ব্বজ্ঞতা হি সর্ব্বত্র ভবতীহ মহাধিয়ঃ॥ ৮৯॥

লৌকিকং লোকোত্তরং ক্রমেণ যেন জ্ঞানেন জ্ঞায়তে তজ্জ্ঞানং, জ্ঞেয়মেতান্যেব ত্রীণি। এতদ্ব্যতিরেকেণ জ্ঞেয়ানুপপত্তেঃ। সর্ব্বপ্রাবাদুককল্পিতবস্তুনোঽত্রৈবান্তর্ভাবাদ্বিজ্ঞেয়ং পরমার্থসত্যং তুর্য্যাখ্যমদ্বয়মজমাত্মতত্ত্বমিত্যর্থঃ। সদা সর্ব্বদৈতল্লৌকিকাদিবিজ্ঞেয়ান্তং বুদ্ধৈঃ পরমার্থদর্শিভির্ব্রহ্মবিদ্ভিঃ প্রকীর্ত্তিতম্॥ ৮৮॥

জ্ঞানে চ লৌকিকাদিবিষয়ে জ্ঞেয়ে চ লৌকিকাদৌ ত্রিবিধে চ পূর্ব্বং লৌকিকং স্থূলম্ তদভাবেন পশ্চাচ্ছুদ্ধং লৌকিকম্। তদভাবেন লোকোত্তরমিত্যেব ক্রমেণ স্থানত্রয়াভাবেন পরমার্থসত্যে তুর্য্যেঽদ্বয়েঽজেঽভয়ে বিদিতে স্বয়মেবাত্মস্বরূপমেব সর্ব্বজ্ঞতা। সর্ব্বশ্চাসৌ জ্ঞশ্চ সর্ব্বজ্ঞস্তদ্ভাবঃ সর্ব্বজ্ঞতা ইহাস্মিঁল্লোকে ভবতি মহাধিয়ো মহাবুদ্ধেঃ। সর্ব্বলোকাতিশয়বস্তুবিষয়বুদ্ধিত্বাদেবংবিদঃ সর্ব্বত্র সর্ব্বদা ভবতি। সকৃদ্বিদিতে

বাসনাত্মক কোনরূপ উপলব্ধিই হইতে পারে না। তত্ত্বদর্শী ব্রহ্মবিৎপণ্ডিতগণ সর্ব্বদা জ্ঞান, জ্ঞেয় ও বিজ্ঞেয় ইহাই কীর্ত্তন করিয়া থাকেন। যাহাদ্বারা শুদ্ধ, লৌকিক ও লোকোত্তর বিষয় সকল জানা যায়, তাহাই জ্ঞান, লৌকিক ও লোকোত্তর এইত্রিবিধ বিষয় জ্ঞেয় এবং তুরীয় ব্রহ্ম অদ্বয় অজ পরমাত্মাই বিজ্ঞেয়॥ ৮৮॥

জ্ঞান ও ত্রিবিধ জ্ঞেয় বিষয় ক্রমতঃ পরিজ্ঞাত হইলেই সেই মহাবুদ্ধি ব্যক্তির সর্ব্বজ্ঞতা স্বয়ং উৎপস্থিত হইয়া থাকে। প্রথমতঃ লৌকিক বিষয় পরিজ্ঞাত হয়, অর্থাৎ অগ্রে লৌকিক স্থূল বিষয়ের জ্ঞান হইয়া সেই লৌকিক স্থূলবিষয়ের অভাব হইলে শুদ্ধলৌকিকের পরিজ্ঞান হইয়া থাকে। অনন্তর শুদ্ধলৌকিকের অভাবে লোকাতীত বিজ্ঞেয়ের জ্ঞান হয়। এইরূপে ক্রমতঃ স্থানত্রয়ের অভাব হইয়া পরমার্থ সত্য অজ অদ্বয় পরমাত্মতত্ত্ব পরিজ্ঞান হইলেই সর্ব্বজ্ঞতা লাভ হইয়া থাকে। সেই মহাবুদ্ধি ব্যক্তির ইহ লোকে কিছুই অপরিজ্ঞাত থাকে না। এই জ্ঞান যে, একবার মাত্র হয়, তাহা নহে; সর্ব্বদা সর্ব্ববিষয়ের জ্ঞান বিদ্যমান থাকে॥ ৮৯॥

হেয়জ্ঞেয়াপ্যপাক্যানি বিজ্ঞেয়ান্যগ্রযাণতঃ।
তেষামন্যত্র বিজ্ঞেয়াদুপলম্ভস্ত্রিষু স্মৃতঃ॥ ৯০ ॥

স্বরূপে ব্যভিচারাভাবাদিত্যর্থঃ। নহি পরমার্থবিদো জ্ঞানোদ্ভবাভিভবৌ স্তো যথাঽন্যেষাং প্রাবাদুকানাম্॥ ৮৯॥

লৌকিকাদীনাং ক্রমেণ জ্ঞেয়ত্বেন নির্দ্দেশাদস্তিত্বাশঙ্কা পরমার্থতো মাভূদিত্যাহ। হেয়ানি চ লৌকিকাদীনি ত্রীণি জাগরিতস্বপ্নসুষুপ্তান্যাত্মন্যসত্ত্বেন রজ্জ্বাং সর্পবদ্ধাতব্যানীত্যর্থঃ। জ্ঞেয়মিহ চতুষ্কোটিবর্জ্জিতং পরমার্থতত্ত্বম্। আপ্যান্যাপ্তব্যানি ত্যক্তবাহ্যৈষণাত্রয়েণ ভিক্ষুণা পাণ্ডিত্যবাল্যমৌনাখ্যানি সাধনানি। পাক্যানি রাগদ্বেষমোহাদয়ো দোষাঃ কষায়াখ্যানি পক্তব্যানি। সর্ব্বাণ্যেতানি হেয়জ্ঞেয়াপ্যপাক্যানি বিজ্ঞেয়ানি ভিক্ষুণা উপায়ত্বেনেত্যর্থঃ। অগ্রযাণতঃ প্রথমতস্তেষাং হেয়াদীনামন্যত্র বিজ্ঞেয়াৎ পরমার্থসত্যং বিজ্ঞেয়ং ব্রহ্মৈকং বর্জ্জয়িত্বা। উপলম্ভনমুপলম্ভোঽবিদ্যাকল্পনামাত্রম্। হেয়াপ্যপাক্যেষু ত্রিম্বপি স্মৃতো ব্রহ্মবিদ্ভির্ন পরমার্থসত্যতত্রয়াণামিত্যর্থঃ॥ ৯০॥

জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্ত্যাত্মক ত্রিবিধ লৌকিকভাব পরিত্যাগ করিবে। কারণ উক্ত ত্রিবিধ লৌকিকভাব বাস্তবিক আত্মাতে বিদ্যমান নাই, অতএব উহা রজ্জুতে সর্পজ্ঞানের ন্যায় সর্ব্বথা পরিহার্য্য। অস্তিত্বাদি ভাবচতুষ্টয় শূন্য পরমার্থতত্ত্বই জ্ঞেয়। বাহ্যব্যাপার পরিত্যাগ করিয়া পাণ্ডিত্যমৌনাদি সাধন সকল অবশ্য আশ্রয় করিবে, অর্থাৎ বেদান্তশাস্ত্রের তাৎপর্য্য পরিচিন্তনদ্বারা অদ্বিতীয় ব্রহ্মবস্তুর বিচারপূর্ব্বক দম্ভ, দর্প, অহঙ্কারাদি পরিত্যাগ করিয়া যুক্তিসহকারে শ্রুত্যর্থানুসন্ধানদ্বারা নিদিধ্যাসন করিবে এবং যাহাতে রাগদ্বেষাদি পরিপাক পায়, তাহাই করিতে হইবে। এই সকল কার্য্যই প্রথমতঃ ব্রহ্মতত্ত্ব লাভের উপায় বলিয়া নিশ্চয় করিবে। ব্রহ্মবিজ্ঞান ব্যতিরেকে উক্ত কার্য্য সকল কেবল অবিদ্যার কল্পনা মাত্র। ব্রহ্মজিজ্ঞাসু না হইয়া তৎসাধনানুসন্ধান নিষ্প্রয়োজন। অতএব রজ্জুতে সর্পজ্ঞানের ন্যায় সংসারের অস্তিত্বজ্ঞান পরিত্যাগ করিয়া পরমার্থসত্য ব্রহ্মতত্ত্বানুসন্ধান অবশ্য কর্ত্তব্য॥ ৯০॥

প্রকৃত্যাকাশবজ্জ্ঞেয়াঃ সর্ব্বে ধর্ম্মা অনাদয়ঃ।
বিদ্যতে ন হি নানাত্বং তেষাং ক্বচন কিঞ্চন ॥ ৯১ ॥
আদিবুদ্ধাঃ প্রকৃত্যৈব সর্ব্বে ধর্ম্মাঃ সুনিশ্চিতাঃ।
যস্যৈবম্ভবতি ক্ষান্তিঃ সোঽমৃতত্বায় কল্পতে ॥ ৯২ ॥

পরমার্থতস্তু প্রকৃত্যা স্বভাবত আকাশবদাকাশতুল্যাঃ সূক্ষ্মনিরঞ্জনসর্ব্বগতত্বে সর্ব্বে ধর্ম্মা আত্মনো জ্ঞেয়া মুমুক্ষুভিরনাদয়ো নিত্যাঃ। বহুবচনকৃতভেদাশঙ্কাং নিরাকুর্ব্বন্নাহ। ক্বচন কিঞ্চন কিঞ্চিদণুমাত্রমপি তেষাং ন বিদ্যতে নানাত্বমিতি ॥ ৯১ ॥

জ্ঞেয়তাপি ধর্ম্মাণাং সংবৃত্যৈব ন পরমার্থত ইত্যাহ আদীতি। যস্মাদাদৌ বুদ্ধা আদিবুদ্ধাঃ প্রকৃত্যৈব স্বভাবত এব। যথা নিত্যপ্রকাশস্বরূপঃ সবিতৈবং নিত্যবোধস্বরূপা ইত্যর্থঃ। সর্ব্বে ধর্ম্মাঃ সর্ব্ব আত্মানঃ। নচ তেষাং নিশ্চয়ঃ কর্ত্তব্যোঽনিত্য নিশ্চিত স্বরূপা ইত্যর্থঃ। ন সন্দিহ্যমানস্বরূপা এবং নৈবঞ্চেতি যস্য মুমুক্ষোরেবং যথোক্তপ্রকারেণ সর্ব্বদা বোধনিশ্চয়নিরপেক্ষতা আত্মার্থং বা। যথা সবিতা নিত্যং প্রকাশান্তরনিরপেক্ষঃ স্বার্থং পরার্থঞ্চেত্যেবম্ভবতি। ক্ষান্তির্ব্বোধকর্ত্তব্যতানিরপেক্ষতা সর্ব্বদা স্বাত্মনি সোঽমৃতত্বায়ামৃতভাবায় কল্পতে। মোক্ষায় সমর্থো ভবতীত্যর্থঃ ॥৯২॥

ইতিপূর্ব্বে যে অস্তিত্বাদি ভাববর্জ্জিত পরমাত্মতত্ত্ব উক্ত হইয়াছে, সেই সূক্ষ্ম নিরঞ্জন সর্ব্বগত পরমাত্মতত্ত্ব স্বভাবতঃ আকাশবৎ নিত্য ; মুমুক্ষু ব্যক্তিরাই উহা জানিতে পারেন। কখন তাহার নানাত্ব হয় না ॥ ৯১ ॥

যেমন সূর্য্য স্বভাবতঃ প্রকাশস্বরূপ, সেইরূপ পরমাত্মা নিত্যবোধ স্বরূপ। বাস্তবিক তাঁহাকে কেহ জানিতে পারে না, তিনি স্বয়ংই পরিজ্ঞাত হইয়া থাকেন। যেমন সূর্য্য স্বয়ংই প্রকাশিত হয়েন, তিনি কিছুই অপেক্ষা করেন না, সেইরূপ আত্মা স্বয়ং প্রতিভাসিত হইয়া থাকেন। যে ব্যক্তির এইরূপ বোধেরকর্ত্তব্যতা নিশ্চিত আছে, সেইব্যক্তি মুক্তিপদ পাইতে পারে ॥ ৯২ ॥

আদিশান্তা হ্যনুৎপন্নাঃ প্রকৃত্যৈব সুনির্বৃতাঃ।
সর্ব্বে ধর্ম্মাঃ সমাভিন্না অজং সাম্যং বিশারদম্ ॥ ৯৩ ॥
বৈশারদ্যন্তু বৈ নাস্তি ভেদে বিচরতাং সদা।
ভেদনিম্নাঃ পৃথগ্বাদাস্তস্মাত্তে কৃপণাঃ স্মৃতাঃ ॥ ৯৪ ॥

তথা নাপি শান্তিকর্ত্তব্যতাত্মনীত্যাহ। যস্মাদাদিশান্তা নিত্যমেব শান্তা অনুৎপন্না অজাশ্চ প্রকৃত্যৈব সুনির্বৃতাঃ সুষ্ঠু পরস্বাভাবা নিত্যমুক্ত-স্বভাবা ইত্যর্থঃ। সর্ব্বে ধর্ম্মাঃ সমাশ্চাভিন্নাশ্চ সমাভিন্না অজং সাম্যং বিশারদং বিশুদ্ধমাত্মতত্ত্বং যস্মাত্তস্মাচ্ছান্তির্ম্মোক্ষো বা নাস্তি কর্ত্তব্য ইত্যর্থঃ ন হি নিত্যৈকস্বভাবস্য কৃতং কিঞ্চিদেব স্যাৎ ॥ ৯৩ ॥

যে যথোক্তপরমার্থতত্ত্বং প্রতিপন্নাস্ত এবাকৃপণা লোকে কৃপণাস্ত্বন্যে ইত্যাহ। যস্মাদ্ভেদনিম্না ভেদানুযায়িনঃ সংসারানুগা ইত্যর্থঃ। কে পৃথগ্বাদাঃ পৃথক্ নানা বস্ত্বিত্যেবং বদনং যেষাং তে পৃথগ্বাদাদ্বৈতিন ইত্যর্থঃ। তস্মাত্তে কৃপণাঃ ক্ষুদ্রাঃ স্মৃতা যস্মাদ্বৈশারদ্যং বিশুদ্ধির্নাস্তি তেষাম্ভেদে বিচরতাং দ্বৈতমার্গেঽবিদ্যাকল্পিতে সর্ব্বদা বর্ত্তমানানামিত্যর্থঃ। অতো যুক্তমেব তেষাং কার্পণ্যমিত্যভিপ্রায়ঃ ॥ ৯৪ ॥

আত্মার শান্তিসাধনও কর্ত্তব্য নহে, যেহেতু আত্মা নিত্যই শান্তিগুণ সম্পন্ন, অতএব তাঁহার শান্তিসাধন নিষ্প্রয়োজন। সেই আত্মা অনুৎপন্ন, কখনও তাঁহার উৎপত্তি হয় না এবং স্বভাবতই আত্মা নিত্যমুক্তস্বভাব, অতএব তাঁহার সকল ধর্ম্মই তুল্য ও অভিন্ন। যেহেতু আত্মতত্ত্ব অজ, সাম্য এবং বিশুদ্ধস্বভাব; সুতরাং তাঁহার শান্তি বা মোক্ষ কিছুই হইতে পারে না। যে বস্তু নিত্য মুক্তস্বভাব, তাঁহার কর্ত্তব্য কিছুই নাই ॥ ৯৩ ॥

যাঁহারা যথোক্ত পরমার্থতত্ত্ব প্রাপ্ত হইয়াছেন, তাঁহারাই অকৃপণ, তদ্ভিন্ন সমুদায়ই কৃপণ। যাহারা ভেদজ্ঞানে সংসারের অনুগমন করিয়া নানাপ্রকার বস্তু স্বীকার করে, সেই সকল দ্বৈতবাদীরা অতি ক্ষুদ্রাশয়। ভেদবাদিদিগের কদাচ অন্তঃকরণের বিশুদ্ধি হয় না; সুতরাং তাহাদিগের কার্পণ্যই যুক্ত ॥ ৯৪ ॥

অজে সাম্যে তু যে কেচিদ্ভবিষ্যন্তি সুনিশ্চিতাঃ।
তে হি লোকে মহাজ্ঞানাস্তচ্চ লোকো ন গাহতে ॥ ৯৫ ॥
অজেপ্যজমসংক্রান্তং ধর্ম্মেষু জ্ঞানমিষ্যতে।
যতো ন ক্রমতে জ্ঞানমসঙ্গং তেন কীর্ত্তিতম্ ॥ ৯৬ ॥

যদিদং পরমার্থতত্ত্বমমহাত্মভিরপণ্ডিতৈর্বেদান্তবহিষ্ঠৈঃ ক্ষুদ্রৈরল্পজ্ঞৈরনবগাহ্যমিত্যাহ। অজে সাম্যে পরমার্থতত্ত্বে এবমেবেতি যে কেচিৎ স্ত্র্যাদয়োঽপি সুনিশ্চিতা ভবিষ্যন্তি চেত্ত এব হি লোকে মহাজ্ঞানা নিরতিশয়তত্ত্ববিষয়কজ্ঞানা ইত্যর্থঃ। তচ্চ তেষাং বর্ত্ম তেষাং বিদিতং পরমার্থতত্ত্বং সামান্যবুদ্ধিরন্যো লোকো ন গাহতে নাবতরতি ন বিষয়ী করোতীত্যর্থঃ॥ সর্ব্বভূতাত্মভূতস্য সর্ব্বভূতহিতস্য চ। দেবা মার্গেঽপি মুহ্যন্তি হ্যপদস্য পদৈষিণঃ॥ শকুনীনামিবাকাশে গতির্নৈবোপলভ্যত ইত্যাদি স্মরণাৎ ॥ ৯৫ ॥

কথং মহাজ্ঞানত্বমিত্যাহ। অজেষনুৎপন্নেষচলেষু ধর্ম্মেষ্বাত্মস্বজমচলঞ্চ জ্ঞানমিষ্যতে সবিতরীবৌষ্ণ্যং প্রকাশশ্চ যতস্তস্মাদসংক্রান্তমর্থান্তরে জ্ঞানমজমিষ্যতে। যস্মান্ন ক্রমতেঽর্থান্তরে জ্ঞানস্তেন কারণেনাসঙ্গং তৎ কীর্ত্তিতমাকাশকল্পমিত্যুক্তম্ ॥ ৯৬ ॥

যাহারা অতিনীচাশয়, বেদান্তপরাঙ্মুখ, পণ্ডিতাভিমানী ও অল্পজ্ঞানসম্পন্ন, তাহারা কদাচ পরমার্থতত্ত্ব জানিতে পারে না। ইহ লোকে যাঁহার অজ ও সাম্য পরমার্থতত্ত্ব নিশ্চিত হইয়াছে, তাঁহারাই মহাত্মা। যদি স্ত্রীগণও পরমার্থতত্ত্বে নিশ্চিত হইতে পারেন, তাহাহইলে তাঁহারাও ইহলোকে মহাত্মা বলিয়া গণ্য হইয়া থাকেন। যাঁহারা একমাত্র পরমার্থতত্ত্বস্বরূপ পন্থা আশ্রয় করেন, তাঁহারাই সেই পরমার্থতত্ত্ব জানিতে পারেন, সামান্যবুদ্ধি বিষয়াশক্তচিত্ত ব্যক্তি কখন তাহা জানিতে পারে না। শাস্ত্রান্তর প্রমাণে জানা যায় যে, দেবগণও অগতির গতিস্বরূপ সর্ব্বভূতাত্ম সর্ব্বপ্রাণিহিতৈষী পরমাত্মার পথে মোহিত হয়েন ॥ ৯৫ ॥

অচঞ্চল আত্মাতে যে জ্ঞান হয়, তাহাও অচঞ্চল, অর্থাৎ একবার আত্মতত্ত্বপরিজ্ঞান হইলে আর সেই জ্ঞানের অন্যথা হয় না। যেমন দিবা-

অণুমাত্রেঽপি বৈধর্ম্ম্যে জায়মানেঽবিপশ্চিতঃ।
অসঙ্গতা সদা নাস্তি কিমুতাবরণচ্যুতিঃ॥ ৯৭॥
অলব্ধাবরণাঃ সর্ব্বে ধর্ম্মাঃ প্রকৃতিনির্ম্মলাঃ।
আদৌ বুদ্ধাস্তথামুক্তা বুদ্ধ্যন্ত ইতি নায়কাঃ॥ ৯৮॥

ইতোঽন্যেষাং বাদিনামণুমাত্রেঽল্পেঽপি বৈধর্ম্ম্যে বস্তুনি বহিরন্তর্ব্বা জায়মানে উৎপদ্যমনেঽবিপশ্চিতোঽবিবেকিনোঽসঙ্গতাঽসঙ্গত্বং সদা নাস্তি কিমু বক্তব্যমাবরণচ্যুতির্ব্বন্ধনাশো নাস্তীতি॥ ৯৭॥

তেষামাবরণচ্যুতির্নাস্তীতি ব্রুবতাং স্বসিদ্ধান্তেঽভ্যুপগতং তর্হি ধর্ম্মাণামাবরণং নেত্যুচ্যতে। অলব্ধাবরণাঃ অলব্ধমপ্রাপ্তমাবরণমবিদ্যাদিবন্ধনং যেষাং তে ধর্ম্মা অলব্ধাবরণা বন্ধনরহিতা ইত্যর্থঃ। প্রকৃতিনির্ম্মলাঃ স্বভাবশুদ্ধা আদৌ বুদ্ধাস্তথা মুক্তা যস্মান্নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবাঃ। যদ্যেবং কথং তর্হি বুদ্ধ্যন্ত ইত্যুচ্যতে। নায়কাঃ স্বামিনঃ সমর্থা বোদ্ধুং

করের উষ্ণতা ও প্রকাশ সেই সূর্য্যকে পরিত্যাগ করিয়া অন্যত্র যায় না, সেইরূপ আত্মজ্ঞান বিষয়ান্তরে সংক্রান্ত হয় না। যেহেতু আত্মজ্ঞান অন্য বিষয়ে সংক্রান্ত হয় না, অতএব এইজ্ঞানকে অসঙ্গ বলিয়া কীর্ত্তন করেন॥ ৯৬॥

যদি অবিবেকিদিগের জ্ঞান কিঞ্চিন্মাত্রও অন্যবিষয়ে আক্রান্ত হয়, তাহাহইলে তাহাদিগের সেই জ্ঞানকে অসঙ্গ জ্ঞান বলা যায় না এবং কখনও তাহাদিগের বন্ধনমুক্তি হইতে পারে না। যাহাদিগের জ্ঞান ক্ষণকালের জন্যেও যদি আত্মাকে পরিত্যাগ করিয়া বিষয়েতে ধাবিত হয়, তাহাহইলে তাহারা সংসারবন্ধন হইতে মুক্ত হইতে পারে না॥ ৯৭॥

যাঁহারা বলিয়া থাকেন, অবিবেকিদিগের সংসারের বন্ধন বিচ্যুতি হয় না। তাঁহারা আপনসিদ্ধান্তদ্বারাই প্রতিপন্ন করিয়াছেন যে, সকল ধর্ম্মই অবিদ্যাজনিত, সংসারবন্ধনরহিত, স্বভাবতঃ শুদ্ধ এবং নিত্য বুদ্ধ মুক্তস্বভাব। যাহারা সেই ধর্ম্মের স্বামী, তাঁহারাই জানিতে পারেন যে, যেমন নিত্য প্রকাশস্বরূপ সূর্য্য সর্ব্বদা প্রকাশ পাইয়া থাকেন এবং যেমন

ক্রমতে ন হি বুদ্ধস্য জ্ঞানং ধর্ম্মেষু তাপিনঃ।
সর্ব্বে ধর্ম্মাস্তথা জ্ঞানং নৈতদ্বুদ্ধেন ভাষিতম্ ॥ ৯৯ ॥

বোধশক্তিমৎস্বভাবা ইত্যর্থঃ। যথা নিত্যপ্রকাশস্বরূপোঽপি সবিতা প্রকাশত ইত্যুচ্যতে যথা বা নিত্যনিবৃত্তগতয়োঽপি নিত্যমেব শৈলাস্তিষ্ঠন্তীত্যুচ্যতে তদ্বৎ ॥ ৯৮ ॥

যস্মান্ন হি ক্রমতে বুদ্ধস্য পরমার্থদর্শিনো জ্ঞানং বিষয়ান্তরেষু ধর্ম্মেষু ধর্ম্মসংস্থং সবিতরীব প্রভা। তাপিনঃ তাপোঽস্যাস্তীতি তাপী তস্য সন্তাপবতো নিবন্তরস্যাকাশকল্পস্যেত্যর্থঃ। পূজাবতো বা সর্ব্বে ধর্ম্মা আত্মনোঽপি তথা জ্ঞানবদেবাকাশকল্পত্বান্ন ক্রমন্তে কচিদপ্যর্থান্তর ইত্যর্থঃ। যদাদাবুপন্যস্তং জ্ঞানেনাকাশকল্পেনেত্যাদি তদিদমাকাশকল্পস্য তাপিনো বুদ্ধস্য তদনন্যত্বাদাকাশকল্পং জ্ঞানং ন ক্রমতে কচিদপ্যর্থান্তরে। তথা ধর্ম্মা ইতি আকাশমিবাচলমবিক্রিয়ং নিরবয়বং নিত্যমদ্বিতীয়মসঙ্গমদৃশ্যমগ্রাহ্যমশনায়াদ্যতীতং ব্রহ্মাত্মতত্ত্বম্। ন হি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যত

স্থিতিশীল ও গমনশক্তি রহিত পর্ব্বত সদা অবস্থিতি করে। সেইরূপ আত্মা স্বয়ংই সর্ব্বদা প্রকাশ পাইয়া থাকেন ॥ ৯৮ ॥

পরমার্থদর্শী তত্ত্বজ্ঞানিদিগের জ্ঞান বিষয়ান্তরেতে সংক্রামিত হয় না। যেমন সূর্য্যের প্রভা সূর্য্যকে পরিত্যাগ করিয়া অন্য কোন পদার্থ আশ্রয় করে না, সর্ব্বদা সূর্য্যেতেই থাকে, সেইরূপ পরমার্থতত্ত্বজ্ঞান বিষয়ান্তর পরিত্যাগ করিয়া পরমাত্মাতেই থাকে। পূর্ব্বেই উক্ত হইয়াছে যে, পরমার্থজ্ঞান আকাশকল্প, অতএব সেই আকাশকল্প জ্ঞানের অন্য বিষয়ে অবকাশই হইতে পারে না; সুতরাং পরমার্থদর্শীর বিষয়ান্তরে আশক্তি হয় না, ইহাই প্রতিপন্ন হইল। শ্রুতিপ্রমাণেও জানা যায় যে, ব্রহ্মাত্মতত্ত্ব আকাশের ন্যায় অচল, অক্রিয়, নিরবয়ব, নিত্য, অদ্বিতীয়, অসঙ্গ, অদৃশ্য, অগ্রাহ্য এবং ক্ষুৎপিপাসাদির অতীত। যাঁহারা উক্তরূপ ব্রহ্মতত্ত্বপরিজ্ঞান লাভ করিয়াছেন, তাঁহাদিগের সেই জ্ঞানের কদাচ বৈপরীত্য হয় না। পরমার্থতত্ত্বপরিজ্ঞান হইলে জ্ঞাতা, জ্ঞেয় ও জ্ঞান ইহাদিগেরও ভেদ থাকে না। কিন্তু বুদ্ধেরা ইহা স্বীকার করেন না ॥ ৯৯ ॥

দুর্দ্দর্শমতিগম্ভীরমজং সাম্যং বিশারদম্।
বুদ্ধা পদমনানাত্বং নমস্কুর্ম্মো যথা বলম্॥ ১০০॥

ইতি শ্রীগৌড়পাদাচার্য্যকৃতা মাণ্ডূক্যো-
পনিষৎকারিকা সম্পূর্ণা।

ইতিশ্রুতেঃ। জ্ঞানজ্ঞেয়জ্ঞাতৃভেদরহিতং পরমার্থতত্ত্বমদ্বয়মেতন্ন বুদ্ধেন ভাষিতম্। যদ্যপি বাহ্যার্থনিরাকরণং জ্ঞানমাত্রকল্পনা চাদ্বয়বস্তুসামীপ্য-মুক্তম্। ইদন্তু পরমার্থতত্ত্বমদ্বৈতং বেদান্তেষ্বেব বিজ্ঞেয়মিত্যর্থঃ॥ ৯৯॥

শাস্ত্রসমাপ্তৌ পরমার্থতত্ত্বস্তুত্যর্থং নমস্কার উচ্যতে। দুর্দ্দর্শং দুঃখেন দর্শনমস্যেতি দুর্দ্দর্শম্। অস্তিনাস্তীতি চতুষ্কোটিবর্জ্জিতত্বাৎ দুর্বিজ্ঞেয়-মিত্যর্থঃ। অত এবাতিগম্ভীরং দুঃপ্রবেশং মহাসমুদ্রবদকৃতপ্রজ্ঞৈঃ অজং সাম্যং বিশারদম্। ঈদৃক্ পদমনানাত্বং নানাত্ববর্জ্জিতং বুদ্ধা অবগম্য তদ্ভূতাঃ সন্তো নমস্কুর্ম্মস্তস্মৈ পদায়। অব্যবহার্য্যমপি ব্যবহারগোচর-মাপাদ্য বলং যথা শক্তীত্যর্থঃ॥ ১০০॥

অজমপি জনিয়োগং প্রাপদৈশ্বর্য্যযোগা-
দগতি চ গতিমত্তাম্প্রাপদেকং হ্যনেকম্।
বিবিধবিষয়ধর্ম্মগ্রাহি—মুগ্ধেক্ষণানাং
প্রণতভয়বিহন্তৃ ব্রহ্ম যত্তন্নতোঽস্মি॥ ১॥
প্রজ্ঞাবৈশাখবেধক্ষুভিতজলনিধের্ব্বেদনাম্নোঽন্তরস্থং
ভূতান্যালোক্য মগ্নান্যবিরতজননগ্রাহঘোরে সমুদ্রে।
কারুণ্যাদুদ্দধারামৃতমিদমমরৈর্দুর্লভং ভূতহেতো-
র্যস্তংপূজ্যাভিপূজ্যং পরমগুরুমমুং পাদপাতৈর্নতোঽস্মি॥ ২॥

শাস্ত্রসমাপ্তিতে পরমার্থতত্ত্বের নমস্কার কর্ত্তব্য বিবেচনায় নমস্কারপূর্ব্বক স্তব করিতেছেন।—পরমার্থতত্ত্বকে দুর্দ্দর্শ, অস্তিনাস্তি ইত্যাদি ভাবচতুষ্টয়-বর্জ্জিত, অতিদুর্ব্বিজ্ঞেয়, অতিগম্ভীর অর্থাৎ মহাসমুদ্রের ন্যায় অকৃতজ্ঞ-

যৎপ্রাজ্ঞালোকভাসা প্রতিহতিমগমৎ স্বান্তমোহান্ধকারো
মজ্জোন্মজ্জচ্চ ঘোরে হ্যসকৃদুপজনোদন্বতি ত্রাসনে মে।
যৎপাদাবাশ্রিতানাং শ্রুতিশমবিনয়প্রাপ্তিরগ্রাহ্যমোঘা
তৎপাদৌ পাবনীয়ৌ ভবভয়বিনুদৌ সর্ব্বভাবৈর্নমস্যে ॥ ৩॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য
শ্রীশঙ্করভগবতঃ কৃতাবাগমশাস্ত্রবিবরণে অলাত শান্ত্যাখ্যং
চতুর্থপ্রকরণং সমাপ্তম্ ॥ ৪ ॥

দিগের দুষ্প্রবেশ্য, অজ, সাম্য, বিশুদ্ধ ও নানাত্ববিহীন জানিয়া যথাশক্তি তাহাকে নমস্কার করি ॥ ১০০ ॥

শ্রীগৌড়পাদাচার্য্যকৃত মাণ্ডূক্যোপনিষৎকারিকার
ভাষার্থ সম্পূর্ণ ॥

ইতি অথর্ব্ববেদীয় মাণ্ডূক্যোপনিষৎ
সমাপ্ত ॥ ৪ ॥